

ଶ୍ରୀମଦ୍ଭଗବତ

ଅଶ୍ଵାସ୍ତରି.



ମନ୍ଦିଳ ସ୍କୁଲ ହାଉସ ॥ ୭୪/୧, ମହାଦ୍ୱାରା ଗାନ୍ଧୀ ରୋଡ, କଲିଙ୍ଗପଟ୍ଟନାୟକ୍ରିଷ୍ଣନାଥ୍, ଓଡ଼ିଶା-୭୫୨୦୦୨୫

প্রথম প্রকাশ  
১লা বৈশাখ ১৩৭১ সন  
প্রকাশকা  
দোলা মণ্ডল  
৭৮/১ মহাজ্ঞা গান্ধী রোড  
কলকাতা-৯  
প্রচন্দ শিল্পী  
শ্রীগণেশ বসু  
হাওড়া-৪  
ব্রক  
স্ট্যান্ডার্ড' ফটো এন্ড্রেডিং কোং  
রমানাথ মজুমদার স্ট্রীট  
কলকাতা-৯  
প্রচন্দ মুদ্রণ  
ইলেক্ট্রন হাউস  
৬৪ সৌতারাম ঘোষ স্ট্রীট  
কলকাতা-৯  
মুদ্রক  
শ্রীবৎশীধর সিংহ  
বাণী মুদ্রণ  
১২ নরেন সেন স্কোয়ার  
কলকাতা-৯।

**অফুল্লত কালপ্রবাহের প্রোত্তে**



# ଅନୁରାତ



বাড়িতে তিনজনায় কোনো ঘর ছিল না, সম্পত্তি নতুন একখনা বানানো  
হয়েছে, বলতে পারা যায় গৌতম স্পেশাল প্রায় চারদিকই খোলা, আর  
সবদিকেই আড়েনৌর্দে বৃহৎ বৃহৎ একটা করে জানলা বসানো, যার ফলে  
ঘরটাকে যেন হাওয়ায় উড়িয়ে নিয়ে যায়। মা কখনো কোনো সময় হাঁফাতে  
হাঁফাতে উঠে আসতে পারলে মেজেয় পা ছড়িয়ে বসে পড়ে বলে, আঃ !  
তোর ঘরটা যেন জাহাজের ডেক রে গৌতম ঠিক সমুদ্রের হাওয়া বয়।

মা কখনো জাহাজের ডেক দেখেছে কি না অথবা সমুদ্রের হাওয়া খেয়েছে  
কিনা জানা নেই গৌতমের, তবু মা ওই কথাই বলে। গৌতম বলে,  
আমার ঘর মানে ? ঘরতো তোমারি মাদার। দয়া করে এই অধম পৃষ্ঠা-  
টাকে থাকতে দিয়েছ, তাই স্মৃথ করছি।

মা বলে, হাড় জালিয়ে ছাড়া কথা কইতে জানিস না তুই !  
তা গুটা হয়তো গৌতমের মুদ্রাদোষ, অন্তের হাড় জালিয়ে মজা পাওয়া।  
তবে ‘স্মৃথ করা’ কথাটা সত্যি। শুয়ে স্মৃথ আছে ঘরটায়। সংসার থেকে  
বিচ্ছিন্ন এই ঘরটায় উঠে এসে গৌতমের মনে হয়, যেন কলকাতার  
বাইরে কোথায় চলে এসেছে। লোডশেডিংহলে তো (যেটা রোজ রাতেই  
হয়) আরোই মনে হয়। চারিদিক মধুর অঙ্ককারে ডুবে যায়, অথচ অক্ষয়াৎ  
পাথার দুর্কণি থেমে গেলেও মাথা ঘুরতে শুরু করে না। মায়ের ভাষায় ঘরে  
‘সমুদ্রের হাওয়া’। বিশেষ করে এখন, এই সময়। মা বলে ভালসময়  
ঘরটা হয়েছে। চৈত্রবৈশাখ হাওয়ার মাস !

চৈত্রবৈশাখে! কখন আসে-যায় গৌতমের ঠিক খেয়াল নেই, তবে খেয়াল  
আছে এখন এপ্রিল চলছে। তার মানে এপ্রিলটা হাওয়ার মাস।...  
বিশেষ করে ভোরের সময়। চারদিক থেকে হাওয়া এসে এসে যেন গায়ের  
উপর ভালবাসার হাত বুলিয়ে দিয়ে যায়। কিন্তু সব গোলাপেই কাটা,  
সব মধুতেই ছল, ভাবলো গৌতম, রবিবারের সকালের আমেজময় শুম-

টাকে সাতসকালে খোয়াতে বসে। আজকাল কৌ তাড়াতাড়ি আকাশে  
আলোফোটেরে বাবা! আর আকাশে ফোটা মানেই তো চোখে ফোটা!

ঘুমচোখে বালিশের তলা থেকে ঘড়িটা বার করে তেরছ। চোখে একবার  
দেখে নিলো, মাই গড়! মাত্র চারটে পঁয়তাল্লিশ! ব্যাপার কৌ, বন্ধ হয়ে  
বসে আছে না কি? চোখ থেকে সরিয়ে কানের ওপর ধরলো। ঘড়িকে।  
না তো! টিক টিক তো করেই চলেছে।

তার মানে শুই চারটে পঁয়তাল্লিশই! অথচ—

এখনি ঘর দিবিয় আলো আলো হয়ে গেছে, একটু পরেই আলোয় ভরে  
যাবে। ..কিন্তু? কিন্তু আমি এখনো অন্তত পুরো চারটি ঘণ্টা ঘুমোবো।  
সংকল্প করলো গৌতম।

দেখা যাচ্ছে এই শেষবাত্রেই কারেণ্ট অফ হয়ে বসে আছে।

অতএব জানলার পালাদের বন্ধ করে দিয়ে, দিন কে রাত করে ফেলার  
কৌশল খাটানো যাবে না।

অথচ ছুটির দিনটাকে তারিয়ে উপভোগ করতে আর কি উৎকৃষ্টতর উপায়  
আছে সকালের ঘুমটাকে যতটা সন্তুষ্টেনেলস্বাকরে নিয়ে গিয়ে দিনটাকে  
ছেট করে ফেলা ছাড়া? গৌতমের অন্তত এর থেকে উৎকৃষ্টতর কেনো  
উপায় জানা নেই ছুটি উপভোগের। বাবার মতো তো ‘পাগল’ নয় সে।

বাবার ছুটির দিনের পদ্ধতি হচ্ছে, সেই দিনেই অধিক ভোরে উঠে পড়া,  
এবং সারা সপ্তাহের জমানো নানাবিধি বিচ্ছি সব খুঁটিনাটি কাগজগুলো  
নিয়ে বসা। এমনও দেখা গেছে—সারা সপ্তাহ খবরের কাগজগুলো ভালো—  
করে পড়া হয় না বলে, সার্বাদনের জমানো কাগজগুলোও বাবা তন্ত্রজ্ঞ  
করে পড়তে গুছিয়ে নিয়ে বসেছে। আরো কত কৌ-ই সব করে নিয়ে  
বাজারে যায়। আর বৃহৎ থলিতে এয়ে নিয়ে আসে তাদের পেট ফাটো  
ফাটো অবস্থা করে তুলে। এইসব বাবদই বাবাকে ‘স্কু চিলে’ হেড় অফিসে  
গোলমাল ইত্যাদি বলে থাকে গৌতম।

তবে একটা স্মৃবিধি বাবার ছুটির দিনের সঙ্গে গৌতমের ছুটির সংঘর্ষ ঘট-  
বার বিপদ নেই। গৌতমের ব্যাক্সের চাকরি সংসারের আর দশজনের

মতোই, ছুটির হিসেব। বাবা দ্বিজোন্তমের ছুটি একটা বেমকানিনে। সপ্তাহের ওঁচা দিন বুধবার হচ্ছে ইঞ্জিনীয়ার দ্বিজোন্তম বোসের ছুটির বার। বিদ্যে-সাধ্য থাকলে কি হবে, আর উচ্চপদস্থ হলেই বা কি হবে, অফিসটা হচ্ছে কারখানার, আর প্রতিদিন হাজিরা দিতে হয় শহর ছাড়িয়ে এক শিল্পাঞ্চলে। অফিসের গাড়ি অবশ্য আসে কিন্তু কখন আসে? জানা নেই গৌতমের। বুধবার ছাড়া সকালে ঘুম ভেঙে উঠে কোনোদিনই বাবাকে দেখতে পায় না সে। শুনেছে—বাবাকে ঠিক ছাটার সময় ‘শালথে’য় সেই কারখানার গেট-এ গিয়ে পৌছতে হয়।

উঃ! ভাবা যায় না।

কিন্তু বন্ধ চোখের পাতাতেও আলোর আভাস লাগলে ঘুমের বিচ্চ ঘটে এই এক অসুবিধে গৌতমের। কী আর করা—মাথার তলা থেকে বালিশ-টাকে টেনে নিয়ে চোখের উপর চাপা দিয়ে, ঘটাচারেকের সংকল্প নিয়ে পাশ ফিরল গোত্তম। দিনকে রাত করার এও এক কৌশল।...কিন্তু কে ভেবেছিল মিনিট কয়েক পরেই ঝুঁবি ছড়মুড়িয়ে ঘরে ঢুকে পড়ে গৌতমের ‘সংকল্পের’ ওপর হাতুড়ি বসিয়ে দিয়ে বলে উঠতে আসবে। এই ছোড়দা, হয়েছে! আর পড়ে থাকতে হবেনা। ঘুমের তেরোটা বেজে গেল তোর। এই ভোর সকালে তোর সেই পাজী বন্ধুটা এসে ডাকাডাকি করছে তোকে।

পাজী বন্ধু!

রেগেটেগে বালিশ চাপার মধ্যে থেকেই খিঁচিয়ে উঠে গৌতম, দিলি তো ছুটির ভোরটা মাটি করে? যা বেরো দূর হয়ে যা। আমার কোনো পাজী বন্ধু নেই।

না নেই!

ঝুঁবি ভেঙিয়ে বলে, তোর বন্ধুরা সব গুণের অবতার! এই সময় যে লোক ভজলোকের বাড়িতে এসে কলিংবেল ঠুকে বাড়ির লোকের ঘুম ভাঙিয়ে বন্ধুকে ডাকতে আসে, তাকে পাজী বলবো না তো কি মহামানব বলবো? ছঃ! বাবা হেন মামুষও না বলে পারেন নি, কৌ সব বন্ধু

গৌতমের ! এই কি বেড়াতে আসার সময় ? আশ্চর্য !

বালিশটা চোখ থেকে সরাতে হলো ।

বাবা কখনো কারো সম্পর্কে মন্তব্য করেছে অথবা অন্ত্যের ব্যাপারে নাক  
গলিয়েছে, এ দৃষ্টান্ত বিরল । উঠে বসে বলে উঠলো গৌতম, বাবা বাড়ি  
আছে এখনো ?

এখনো আছেন ! এঙ্গুনি বেরোবেন । গাড়ি এসে গেছে ।

গৌতম খাটের ধারে পা ঝুলিয়ে বসে কড়াগলায় বললো, পাজীটা আর ছু-  
মিনিট পরে আসতে পারলো না ?

ছোড়দা ! দেখলি ?

কৌ দেখলাম ?

নিজেও ‘পাজী’ বললি ।

ঠিকই বলেছি । কোন্ উল্লুকটা এসেছে ? নাম বলেছে ?

কে জিগ্যেস করতে গেছে ? দেখিও নি । বাবা বললো কুবি গৌতমকে  
ডেকে দিগে—মরতে মরতে আসতে হলো ।

বেশ ! চমৎকার ! ধর কোনো মার্ডারার এই ভাবে ডেকে নিয়ে গেল, আর  
যাওয়ামাত্র ঘ্যাচকরে পেটের মধ্যে একখানা ছোরা ঢুকিয়ে দিলো ।

আঃ ছোড়দা, সকালবেলা অপয়া অপয়া কথা বলবি না বলছি । আমি আর  
একবার শুতে যাচ্ছি, ঘুমিয়ে পড়লে দুঃস্ময় দেখবো ।... বললাম না তোর  
সেই পাজী বন্ধুটা । হাড় কুচ্ছিত হাড়গিলের মতো চেহারা ঠাঙ্গার মতো  
চ্যাঙ্গা । আগে তো কতই আসতো ।

গৌতম খাটের তলায় রাখা চার্টটার মধ্যে পা ঢুকিয়ে, আলনা থেকে  
তোয়ালেটা নিয়ে বাথরুমের দিকে এগোচ্ছিল, ঘাড় ফিরিয়ে বললো, তবে  
যে বললি দেখিসই নি ।

ওই বারান্দা থেকে একবার চোখ ফেলেছিলাম ! এ সময় কে জালাতে  
এলো দেখতে ।... তা তুই কি ভাবছিস যে বাবা তোর থেকে বোকা ? না  
বুঝে সুবে ঘরে ডেকে নিয়ে বসাবেন ?

গৌতম ভাবল তা ঠিক ! ভাবতে চেষ্টা করল, কে হতে পাবে ? কে আছে

তার হাড়গিলের মতো চেহারার বন্ধু ? কুবির কথাটা ফ্যালনা নয়।  
তাদের বিচক্ষণ বাবা—না দেখেশুনে কাউকে ঘরে বসাবে না। যাই হোক  
মুখটা তো ধূয়ে আমি।

ঘরের সঙ্গেই অ্যাটাচড় বাথরুম, গৌতমের ভবিষ্যৎ জীবনের ছবি স্থারণ  
করে। কুবি যার জন্যে রেগে রেগে বলে, রাম না হতেই রামায়ণ !

এখন কুবি ওর পিছনে একটা লুকুম ছুঁড়ে দিলো বেশী দেরি করবি না  
বলছি, মহাশয় ব্যক্তিটি বসতে চাইছিলেন না রাস্তায় দাঢ়িয়েছিলেন, বাবা  
বললেন, বন্ধু তো ঘুমোচ্ছে, ডেকে তুলতে সময় লাগবে—যাকগে আমি  
কিন্তু আবার ঘুমোতে যাচ্ছি।

চলে গেল হড়মুড়িয়ে।  
কিন্তু ঘুমোতেই গেল কী ?

গৌতম ব্রাশে টুথপেষ্ট লাগাতে লাগাতে মনে মনে হাসল, যাচ্ছিস তো  
বসবার ঘরের ওপর নজর পাততে ! যা তোমার কৌতুহল সিস্টার চিরদিনই  
আমার বন্ধুদের নাড়িনক্ষত্র আমার থেকে তুমি বেশী জানো।

গৌতমের পক্ষে যতটা শীগগির সন্তুষ্য, ততটা শীগগির নেমে এসেছিল,  
তবু ততক্ষণে চিন্তাতোষ অস্থির হয়ে উঠে পড়ে রাস্তায় গিয়ে দাঢ়িয়েছিল।  
দেখে গৌতমও বেরিয়ে এলো। এখন তো যথেষ্ট আলো ফুটেছে, চিন্তাতোষের  
সেই চিরপরিচিত অস্থির ভঙ্গিটা চোখে পড়ল। এই ভঙ্গিটাই চিন্তাতোষ।  
সব সময়ই যেন ভয়ঙ্কর কোনো একটা জরুরি কাজ ওকে তাড়া করে  
ফিরছে।

গৌতম অবাক গলায় বললো, তুই ? আর কুবি বললো—  
'কুবি' নামটা সর্বজনবিদিত। চিন্ত গৌতমের দিকে তৌক্ষ দৃষ্টি হেনে  
বললো, কী বললো কুবি ?

থাক, সে আর তোর শুনে কাজ নেই।

বুঝেছি কী বলেছে। ওসবে আমি কেঘার করিনা। তো—এতক্ষণ লাগলো  
তোর ঘূম ভাঙতে ?

বাঃ ! শুধুই ঘূর্ম ভাঙতে না কি ? মুখ-টুখ ধূতে হবে না ?

তা বটে । চিত্তর স্বর কঠোর কঠিন । তা সাবান পাউডার সেন্ট এসবের  
পর্ব মিটেছে ?

মারবো থাঙ্গড় ! কী বাজে বাজে বকছিস !...গৌতম বললো, দীর্ঘ বিরতির  
পর হঠাতে এই মিড্নাইটে উদয় হবার হেতু ?

মিড্নাইট !

তাছাড়া আবার কী ? এখনো চারঘণ্টা ঘুমোতাম !

হ্যাঁ ! তোমার মতো নাড়ুগোপালের মুখে অবশ্য এই কথাটাই মানায়  
অথচ—

আচ্ছা আচ্ছা ভেতরে এসে বসবি আয়, শুনি কী ব্যাপার !

চিত্ত গন্তীর ভাবে বললো, আর ভেতরে গিয়ে বসবার সময় নেই । যেতে  
যেতে বলবো—

যেতে যেতে ?

মাথায় আকাশ ভেঙে পড়ে গৌতমের !

এরকম আচমকা কোথায় আবার যেতে হবে রে বাবা ! অথচ চিত্ত যখন  
একবার কথাটা ঘোষণা করেছে, যেতে হবেই অবধারিত । জানে তো  
চিত্তকে । এবং এই রাস্তা খেকেই যেতে হবে সেটাও প্রায় অবধারিত ।  
তবু অনেকদিন পরে দেখা, স্বভাবটা কিছু পাণ্টাতেও পারে ।

সেই আশায় তাড়াতাড়ি বলে উঠলো, তা এককাপ চাও তো যেতে হবে রে  
বাবা ! শট ! তো সেরে এসেছিস বলে মনে হচ্ছে না । তবে ইত্যবসরে যদি  
বিয়ে করে থাকিস তো আজানা—

থাম ! বাজে কথা রাখ । একদিন সকালে মা না খেলে মাঝ্য মরে না ।  
নষ্ট করার মতো সময় নেই !

তা আমাকেও একটু যেতে দিবি না শালা ?

না খেলে মৃত্যু অবধারিত ?

প্রায় ।

বলে হাসে গৌতম ।

গুলি মারো এমন বদ অভ্যাসে। ঠিক আছে কোনো চূলোয় ভাড়ের চা  
খেয়েই প্রাণ বাঁচাস।

চিন্ত প্রায় ক্ষিপ্ত।

নাঃ! গৌতমের আজ আর ছাড়ান নেই।

তবু গৌতম যাকে বলে ‘করণ বচন’ সেইভাবে বলে। তার থেকে এক  
বারটি দুকে আয় নাবাব। দু’মিনিটের ব্যাপার। ফান্দারের জন্যে অনেক-  
ক্ষণ আগেই রাঙ্গাঘর চালু হয়ে গেছে। আশা করছি চা রেডি।

তোর বাবাকে তো একটু আগে অফিসকারে চেপে চলে যেতে দেখলাম।  
দেখলি!

গৌতম স্বাস্ত্র নিশ্চাস ফেলে বলল, বাঁচা গেল! তবে চলে আয় প্লীজ,—  
চিন্ত তৈল্পন্দৃষ্টিতে তাকিয়ে বলল, ছোটলোকের মতো কথা কেন? বাঁচা  
গেল মানে?

না মানে ব্যাপারটা তোকে ঠিক বোঝাতে পারব না। ভদ্রলোক বাড়িতে  
থাকলেই আমি কেমন আনইজি ফৌল করি। যাক চলে আয় কুইক!  
না!

চিন্ত আর একবার ওর দিকে কঠোর দৃষ্টি হেনে বলল, চায়ের জন্যে জীবন-  
মরণ, দেখলে মেজাজ ধারাপ হয়ে যায় আমার। যাবি কি যাবি না বলে  
দে ব্যস।

চিন্ত পা চালাতে শুরু করে।

আঃ! এই চিন্ত কী হচ্ছে?... গৌতম বলে উঠলো বাড়িতে একবার বলে  
আসতে দিব তো?

বলতে হবে না। তোর বোন কোথাও না কোথাও কান পেতে বসে আছে।  
খুব সন্তুষ্ট ! তবু মাকে বলে না এলে চেঁচামেচি লাগাবে। মানে আঘাত  
লাগবে তো?

ওই ছুতোয় নিজের প্রাণটা ও বাঁচিয়ে আসবি বোধহয়!

ধ্যেৎ! কী যে বলিস? তোকে বাদ দিয়ে? যাবো আর আসবো। কিন্তু  
ভাই—

গৌতম লজ্জা লজ্জা ভঙ্গিতে গালে একটু হাত বুলিয়ে বলে, দাঢ়িটা একটু  
কামাতে দিবি না ? আর জামাটা একটু পালটাতে—

চিন্ত উল্টোমুখো হয়েছিল, ঘুরে দাঢ়িয়ে কড়া গলায় বলল, যখন তোর  
নিজের বৌকে পোড়াতে শুশানে যাবি, তখন ভালো করে সেভ করে লক্ষ্মী-  
চিকনের পাঞ্জাবি গায়ে চড়িয়ে যান।

গৌতম একটু থমকালো ।

এ আবার কোন্ ব্যাপারের সঙ্গে ?

তবে এও ভাবলো, না ঘাবড়ালেও চলবে, চিন্তৰ কথার ধরনই এইরকম ।  
বন্ধু-বন্ধুর আত্মায় পরিচিত যে কারুর সম্পর্কে ও অনায়াসে বলতে পাবে  
যে, তাকে কোথায় পাবি ? এই তো সকালে তাকে পুড়িয়ে এলাম ।

কোনো বন্ধু কিছুদিন আড়ডায় অনুপস্থিত হচ্ছে দেখে সে বিষয়ে কথা হচ্ছে  
চিন্ত ফট করে বলে উঠলো, ‘আসছে না কেন ?’ এই নিয়ে মাথা ঘামাচ্ছিস ?  
শুনিস নি কিছু ?

না তো ! কেউ তো কিছু শোনে নি । কৌ হয়েছে তার ?

চিন্ত হঠাতে ভারী বিষণ্ণ হয়ে গেছে, না শুনে থাকিস তো, নাই বা শুনলি ।  
কিন্তু তা তো হয় না । না শুনে কে ছাড়ে ? শোনা হয় ।

শিউড়ি না সোমড়া কোথায় যেন গিয়েছিল সে পিসির ছেলে না মাসির  
মেয়ের বিয়েতে, সেই রাত্তিরেই কলেরায়—

স্তুক হয়ে গেছে সবাই, স্তন্ত্রিত হয়ে থেকেছে কতক্ষণ, তারপর প্রশ্ন উঠেছে  
চিন্ত কোথা থেকে খবর পেল !...তার উত্তরে কড়া ধিক্কারবাণী । বন্ধুর  
মুখ বাঁচনের খবর কি খবরের কাগজে পড়ে জানতে হয় ? না রেডিও  
শুনে ? ঘোগাযোগ রাখতে হয় ।

পরে যখন সেই বন্ধু এসে হাজির হয়েছে চিন্ত বিনা লজ্জায় বলে উঠেছে,  
মরিস নি ? আশ্চর্য ! মরাই উচিত ছিল তোর । লজ্জা থাকে তো ট্রাম  
লাইনে গলা পাতগে যা । জলজ্যান্ত বেঁচে থেকে তুই বাইশদিন আড়ডায়  
আসিস নি ! ছিঃ !

এই স্বভাব চিন্তৰ । বেশ কিছুকাল দেখাসাংক্ষণ না হলেই চিন্ত তাকে

খরচের খাতায় ফেলে দেয়। বল্গে, তোদের কি ধারণা শালা এখনো বেঁচে আছে? ওদের বাড়ির লোক আমাদের হু'চক্ষে দেখতে পারে না বলেই কাঁধ দিতে ডাকে নি।

তবে বেশ কিছুকাল চিন্ত নিজেই মো-পান্তি হয়ে গিয়েছিল। হঠাৎ আজ এই অসময়ে আকস্মিক আবির্ভাব। গৌতমকে এই তোর সন্ধানে ছড়িয়ে বার করে নিয়ে যাবার চেষ্টার কারণটা কি না বুবালেও, ওই ‘পোড়ানো’ শব্দটায় তেমন শিহরিত হলো না।...আংক্ষেপের ভাব করে বলল হায়! পোড়াতে নিয়ে যাবার মতোও যদি একটা বৌজুটতো!...সে যাক, আমরা কি তাহলে কারো বৌকে পোড়াতে যাচ্ছি?

যা ইচ্ছে ভাবতে পারিস। তবে জামা পাণ্টানো, দাঢ়ি কামানো, এসব সৌখ্য ইচ্ছে ত্যাগ করো মানিক। মাকে বলে আসতে হয় তো যাও এক মিনিটের জন্মে। আমি এগোচ্ছি। হ্যাঁ ভালো কথা বেশী করে কিছু টাকা সঙ্গে নে।

টাকা! ঠিক আছে। কৌআশ্চর্য! এই একটা মিনিট দাঢ়া! কোন দিকে এগোলি কিরে এসে জানতে পারবো? যা তোর হাঁটা। ছেলেবেলার মতো দৌড় রেস দেব?

চিন্ত দাঢ়ালো। প্যান্টের পকেট থেকে একটা সিগারেট বার করলো। অন্য পকেট থেকে একটা দেশলাই। বার করেই কানের কাছে তুলে ধরে নেড়ে দেখে রাস্তায় ফেলে দিয়ে জুতোর চাপে পিষে ফেলেই, হঠাৎ চমকে উঠে হেঁট হয় সেই খালি বাঞ্ছটা থেকেই একটা তলাভাঙ্গা কাটি বার করে নিয়ে হাত আড়াল করে সিগারেটটা ধরিয়ে বেজার গলায় বললো, ছটার ট্রেনটা তো গেল। দেখা যাক বাসে ঘাণ্যা ঘায় কিম। এসপ্লানেড থেকে অনেক বাসটাস ছাড়ে—

ট্রেন হারানো। বাস ধরা।

তার মানে অন্তত এই দণ্ডে শাশানে যেতে হচ্ছে না। কিন্তু কোথায় যেতে হচ্ছে তাও তো বলছে না।

বলবেও না।

গৌতমের জানা আছে। ছাত্রজীবনে হঠাত হঠাতই এরকম কাজ করিয়ে  
নিতে বাধ্য করতো চিন্ত। হয়তো বা কলেজে ঢোকবার মুখে বলে উঠলো,  
এই চুকতে হবে না—বেরিয়ে আয়।  
বেরিয়ে আসবো ?

হঁয়া ! হঁয়া ! কী হবে বাজে বাজে কতকগুলো মুখস্থ বুলি কপচানো শুনে ?  
ফরনাথিং সময় নষ্ট। চলে আয়।

আমোঘ আদেশ !

চলে তো এলাম, কিন্তু যাবো কোথায় ?  
ধরে নে জাহানামে।

আশ্চর্য ! যেতেই হতো। ভিতরে প্রবল অনিচ্ছা নিয়েও কেন কে জানে  
গৌতম ঠিকই চিন্ততোষ সেন নামের ছেলেটার সঙ্গে সঙ্গে বেরিয়ে  
আসতো।

এমন অনেকদিনই দেখা গেছে কলেজের দারোয়ানের কাছে খাতাপত্র  
গচ্ছিত রেখে গৌতম বোস নামের আরামপ্রিয় ছেলেটা কড়া রোদ্দুরে  
চিন্তঘোষের পিছুপিছু হাওড়া কি শেয়ালদা কোনো একটা স্টেশনে গিয়ে  
হাজির হয়েছে।

প্যান্টের পকেটে হাত চুকিয়ে যা ছিল মুঠোয় ভরে বার করে নিয়ে হাত  
ছড়িয়ে গুণে নিতে নিতে বলে উঠতো চিন্ত, তোর কাছে কী আছে রে ?  
আমার কাছে ? বিশেষ কিছুই তো—

গৌতমও প্যান্টের পকেট তল্লাস করে হয়তো ধলতো মাত্র সাতটাকা  
পঞ্চাশ—

এনাফ্ ! ওতেই হবে, ফেরা হবে। আমারতো আরো কর।

আর তারপর অন্যাসে টিকিটের কাউন্টারের সামনের লম্বা কিউ ভেদ  
করে কেমন করেই যেন কিউর সামনে দাঁড়িয়ে পড়ে কাউন্টারের মধ্যে  
হাত গলিয়ে বলতো এই পয়সায় ছজনে কতদূর পর্যন্ত যাওয়া যায় মশাই  
বলুন তো ?

এরকম প্রশ্নের মধ্যে উত্তর আশা করায়ায় না, প্রায়ই বিরক্ত উত্তর আসতো,

কোথায় যাবেন সেটাই বলুন না ?

গন্তব্যস্থল বলে কিছু নেই—

খেঁকিয়ে প্রশ্ন, কৌ নেই ?

মানে বিশেষ কোনো যাবার জায়গা নেই। জাস্ট একটু বেরিয়ে পড়া।

এই টাকার মধ্যে দুটো টিকিট দিয়ে দিন ঘেদিকের হোক।

তবু কাজ হতো না। টিকিটবাবু দেওয়ালে টাঙানো নোটিশ বোর্ড দেখতে দেখতে, মাইল পিছু কত ভাড়া সেটা জেনে নিতে বলতো নোটিশ থেকে। অবশেষে হয়ত একটা ব্যবস্থা। একবার শুধু এক টিকিটবাবু তেরছা চোখে তাকিয়ে ব্যঙ্গের গলায় বলে উঠেছিল, হঠাৎ দেবদাস শ্রীকান্তর যুগ থেকে খসে পড়েছেন না কি মশাই ? সে যুগ আর নেই বুঝলেন ? শুতে আর কেউ কাবু হয় না এখন।

টিকিট নিয়ে বেরিয়ে আসবার পর গৌতম বলেছিল, হলো তো ? কেমন একখানা থাপ্পড় ঝাড়ল।

চিরহেসে উঠে বলেছিল, গুটাই তো মজা ! থাপ্পড় খুঁজতেই তো বেরোনো ! একসপিরিয়েল জমছে।

ক্লাশ কামাই করে এমন অন্তুত অভিজ্ঞতা সঞ্চয়ের মধ্যে কোনো মজা খুঁজে পেত না গৌতম, তবু আশ্চর্য, চিন্তৰ প্রভাব থেকে মুক্ত হতেও পারতো না। সে যখনি জোর দিয়ে বলতো, ‘কৌ বোকার মতো বসে বসে কতক-গুলো বকবকানি শুনবি ? বেরিয়ে আয় ‘উল্লুক—’ নিরূপায়ের নিশাস ফেলে বেরিয়েই আসতো গৌতম।

পরে অনেক সময় ভেবেছে গৌতম কেন আমি নিজের ইচ্ছের বিরক্তে কাজ করি ! আর এরকম বোকামি করব না। ডাকতে এলে সোজা বলে দেবো তোর ইচ্ছে হয় যা শালা, আমি যাচ্ছি না। তোদের বংশে কেউ কখনো গ্র্যাজুয়েট নেই, তুই প্রথম গ্র্যাজুয়েট হচ্ছিস, যেমন তেমন করে পাশ করতে পারলেই চলে যাবে। আমার তো তা নয়, রেজান্ট ভালো করতে না পারলে বাড়িতে মুখ দেখাতে পারবো না। আর ভবিষ্যতের বারোটা বেজে যাবে।

কিন্তু ভেবেছে ওই মনে মনেই ।

আর চিন্ত ডাক দেওয়ামাত্রই ভবিতব্যের হাতে আত্মসমর্পণের মতো নিজেকে ওর হাতে নিক্ষেপ করেছে ।

তারপর সারাদিন ওর সঙ্গে রোদে ঘুরেছে, মেঠো রাস্তায় হেঁটে হেঁটে পায়ে ব্যথা ধরিয়েছে আর জুতোর তলা কষিয়েছে । বিছিরি বিছিরি অজ পাড়াগাঁয়ে মাছিপড়া, ময়রার দোকানে বসে তেলেভাজা জিলিপি আর টকটক রসগোল্লা খেয়েছে, ইষ্টিশানের খোড়োচালার চায়ের দোকানে নিমপাতার পাঁচন ‘চা’ খেয়েছে, এবং দিনশেষে ঘতটা সন্তু কম পরসায় বাড়ি ফেরার জন্য ঘতটা সন্তু কষ্ট করেছে ।

ফিরে এমে প্রত্যেকবারই মনে মনে কানমূলতো গৌতম উঃ । এই শেষ ! আর নয় !...কৌ অবস্থা মাথা ধরে জ্বর হয়ে উঠেছে গা-হাত-পায়ে বাথা, সারিডন কি নোভালজিন্ খেতে হয়েছে, আর তার সঙ্গে মায়ের বকুনি খেতে হয়েছে অফুরন্ত ।

বাবার কাছ থেকে অবশ্য কথনো নয় ।

মা নিজে বকেছে যত পেরেছে, কিন্তু বাবার চোখ থেকে যথাসাধ্য আড়াল করেছে ছেলেকে । বাবার সামনে দশঘণ্টা বেড়িয়ে আসা ছেলের সম্বন্ধে অনায়াসে হালকা গলায় বলেছে, এতক্ষণে আসা হলো বাবুর ? কোন্কালে বেরিয়েছিলি ।...তবুও ক্লাশ কামাইয়ের ঘটনাটা মাকে সবদিন বলতে পারতো না গৌতম । মা ধিক্কার দিত । বলতো, বকু কি তোর আপিসের ‘বস্’ না নষ্টরের গুরু ? সে যা বলবে শুনতেহবে ? টিকি ধরে টান দিলেই যেতে হবে ? লজ্জা পেয়েছে গৌতম কিন্তু লাভ কিছু হয় নি, এমনও হয়েছে কোনোদিন ছুটির বাবে সকালবেলাই এসে ঢেকেছে—মা বলেছে, ওমা সেকি ! এখন বেরোচ্ছিস ফিরবি কথন ?

গৌতম তখন চিন্তার তীব্র ইচ্ছার কবলে কবলিত, তাই বলেছে, ঠিক নেই ।  
তোমরা খেয়ে নিও ।

সে আবার কৌ ! খাবি কোথায় ?

সে যা হয় হবে ।

এ আবার কৌ কথা ! ওই বেআকেলে বাটিগুলে বন্ধুটা যে কোথা থেকে  
জুটল ছাই !

তখন গৌতম রেগে উঠেছে, মাকে বকেছে। অথচ মনে মনে যেন চিন্তার  
বিরুদ্ধেও বিদ্রোহী হয়ে উঠেছে।...অভিজ্ঞত একটা মানসিকতায় চলেছে  
তখন গৌতম।

কিন্তু যখন কলকাতা থেকে মাত্র মাইলকয়েক দূরে কোনো এক অজ পাড়া-  
গেঁয়ে গিয়ে পড়তো ? চিন্তার সঙ্গে সঙ্গে ঘুরতে ? তখন কি আর সেই  
বিদ্রোহ থাকতো ? তা তো ঠিক বলা যায় না।...তখন তো অন্য একরকম  
গভীর অনুভূতির স্বাদে চিন্তকে নিজের থেকে অনেক বড় অনেক উচু  
মনে হয়েছে। চিন্তার জানার জগতের প্রিন্থি, চিন্তার দেশ আর দেশের  
দারিদ্র মানুষ সম্পর্কে তৌত্র চেতনা, সমাজ ব্যবস্থার অপরিসীম অবিচারের  
বিরুদ্ধে প্রচণ্ড আক্রমণ, শোষণ শোষক আর শোষিতদের নিয়ে অগ্রিগর্ভ  
আলোচনা, দেখে আর শুনে নিজেকে তুচ্ছাতিতুচ্ছ মনে হয়েছে গৌতমের।...  
সে যেন এক মন্ত্রমুঞ্জ গৌতম।

ঘুরতে ঘুরতে চিন্ত বুঝিয়েছে গ্রামের দারিদ্র্য কত ভয়াবহ বন্ধ ! দেখিয়েছে  
কা সামাজ্য, কত যৎসামাজ্য উপকরণে জীবনযাত্রা নির্বাহ করতে পারে এরা  
তাও জোটে না। কিছু মোটা চাল, একটুকরো আকড়া কি গামছা, আর  
মাথার উপর একটু খড়, এইটুকু থাকলেই এরা ভাবে ‘সব আছে।’...

অথচ ...চিন্ত তৌত্রভাষায় বক্তৃতা করেছে—গ্রামের এই নিরন্ম মানুষদের  
গ্রামের কনলেই শহরের মানুষ গাড়ি চড়ে, ডানলোপিলোর গদিতে শোয়,  
আর ...খেয়ে উপছে ডাষ্টবীনে ফেলে।... সিনেমার পর্দায় দারিদ্র্যের ছবি  
দেখে ‘আহা’ করেই আমাদের কর্তব্য শেষ হয় অথবা বাল, দেশের অবস্থা  
একটা উদয়াত্তি করা ঠিক নয়, বিদেশীরা দেখবে !

অভিজ্ঞত গৌতম তখন ভেবেছে, উঃ ! চিন্ত কত জানে। অথচ চিন্তদের  
সাতপুরুষে নাকি ব্যবসাদার। চিন্ত যাদের সমাজের শক্ত বলে মনে করে।  
চিন্ত একটা আশ্রয় !

চিন্তার প্রতি তাই তখন ক্ষতজ্জ্বল হয়েছে গৌতম নামের ঝাশ পালানো

ছেলেটা । ভাগিয়ে জোর করে টেনে এনেছিল, তাই না এত জানতে আর বুঝতে পারলো গৌতম । গৌতমের চিত্তলোকের একটা বন্ধ জানলা খুলে দিচ্ছে চিন্তা ।

অথচ কিছুদিন পরেই আবার বখন চিন্ত কোথাও যেতে ডেকেছে তখন গৌতম আতঙ্কিত হয়েছে, অস্বস্তিরোধ করেছে । এ-যেন অন্তুত একটা টানা-পোড়েনের খেলা ।

তাই বলে চিন্ত যে একেবারেই ভেসে যেতো তা নয় । কয়েকজন তার বিশেষ প্রিয় অধ্যাপক ছিলেন, চিন্ত তাঁদের ক্঳াশে অনুপস্থিত থাকার কথা ভাবতেই পারতো না । এবং দেখা যেত পরীক্ষার রেজাল্টে তার নাম প্রথম সারিতে । যদিও সকলেই জানতো—চিন্তর কাছে ভাল রেজাল্ট তো দূরের কথা পাশফেলেরই কোনো পার্থক্য নেই । ফেল করলেও কিছু এসে যাবে না শুরু ।

বন্ধুরা বলেছে, সারাক্ষণ তো ভূতের শাশুড়ির শান্তির খাটুনি খেটে বেড়াস, পড়িস কখন রে রাঙ্কেল ?

চিন্ত উন্নত দিয়েছে পড়ার জন্যে অনেকটা সময় দিতে হবে, এটা একটা কুসংস্কার ।

বাজে কথা রাখ । কত রাত অবধি পড়িস ? না কি হোল্ মাইট ?

তাহলেই হয়েছে । রাত্তির নাড়ে দশটা বাজলেই বাড়ির মেন সুইচ অফ । অঁয়া ।

ঠাঁ জ্যাঠামশাহীয়ের মতে স্থষ্টিকর্তা রাতটাকে স্থষ্টি করেছেন কাজের জন্যে নয় ঘুমের জন্যে । নচেং ইচ্ছে করলে তো তিনি চবিশঘণ্টাই সূর্য ব্যাটাকে খাটিয়ে মারতে পারতেন । রাত বলে কিছু থাকতো না, শুধু দিনই থাকতো । এম এ-তে ফাঁষ্টক্লাশ সেকে শু পেয়েছিল চিন্ত, কিন্তু সে খবর পাবার আগেই চিন্ত হঠাৎ হাওয়া হয়ে গেছিল । চিন্তকে কোথাও দেখা যায় না ।

টেঁশলো না কি ?

আরে ছি ছি । অস্মুখ-টমুখ করেছে হয়তো । যদিও চিন্তকে কেউ কোনো-দিন অস্মুখে পড়তে দেখেনি । তবু মানুষের শরীর তো । যা এলোপাথাড়ি

ঘোরে ।

গৌতমের এনার্জি কম, বলল ওর একটা ফোন নম্বর আছে না ।

ধুত্তোর ফোন নম্বর । ওর বাড়িটা তো কলকাতার মধ্যেই না কি ?

জগদীশ আর শুভ্রত চিন্তর বাড়ি পর্যন্ত ধাওয়া করেছিল । তবে রেজান্ট যা  
পেয়েছিল ধারণার বাইরে ।

চিন্তর কাঁকা বলেছিল, অস্থথ ? ও ছেলের অস্থথ করবে ? ওকে আজ  
কবর দিলে কাল সেই মাটি ফুঁড়ে গাছ গজাবে ।

চিন্তর বাবা বলেছিলেন, খবর ? মেটা তো তোমাদেরই জানবার কথা !  
তোমরা তার বন্ধু ।

‘বন্ধু’ শব্দটা এমন করে উচ্চারণ করেছিলেন, যেন এরা ওঁর ছেলের  
মাথাটা চিবিয়ে খেয়ে শেষ করে দোষ ঢাকতে স্থাকামি করে খবর নিতে  
এসেছে ।

‘তবু এরা বোকার মতো বলে ফেলেছিল, জানলে আর খবর নিতে আসবো  
কেন ? বাড়ির লোককে জানিয়ে যায় নি ? কোথায় যেতে পারে ?

বুটঝামেলা কথা বাড়াচ্ছ কেন বাপু ? ‘কোথায় যেতে পারে’ এককথায়  
এর উত্তর হয় ?

জগদীশের না কি সুখে এসেছিল, ‘আপনাদের ছেলে । নির্খেঁজ হয়ে গেল  
খোঁজ করবেন না ?’ কিন্তু করা হয় নি, ঠিক সেই সময় হঠাৎ চিন্তর জ্যাঠা-  
মশাই ঘরে ঢুকে এসে চিবিয়ে চিবিয়ে বলেছিলেন ওর কাছে বুঝি কিছু  
পাওনা-টাওনা আছে তোমাদের ?

কী বিশ্রী মফস্বলী মফস্বলী ধরন লোকটার ।

তা শুধু ওঁর কেন সবকটারই ।

জগদীশ যতন্ত্র দেখেছে বুঝেছে যে সংসারে কর্তা কর্তা বুড়োধাড়ি ভাট্টয়েরা  
একত্র থাকে, আর তাদের মধ্যে গলাগলি ভাব, তারা কখনো সভা হয়  
না। মফস্বলীভাব থাকবেই তাদের । যাকগে মরঞ্জকগে, তবে কখনো বিরক্তি-  
কর তাই এরা বিরক্ত গলাতেই বলল, পাওনা মানে ?

তা ধার কর্জ করে থাকতে পারে তোমাদের কাছে । কত পাওনা আছে ?

উপযুক্ত প্রমাণ দাখিল করতে পার তো মিটিয়ে দেওয়া যাবে ।

ওরা ভারী অপমানবোধ করেছিল ।

কড়া চোখে তাকিয়ে বলেছিল, টাকা পাওনা না থাকলে, বন্ধ-বন্ধুর খোঁজ নিতে আসে না ?

কথাটা স্মৃত বলেছিল । স্মৃত আগে কোনো কথা বলে নি । কিন্তু বললো ভঙ্গিটা কড়া করে ।

জ্যাঠামশাই কিন্তু বিচলিত হন নি । তেমনি চিবিয়ে চিবিয়েই বলেছিলেন, আসে বুঝি ? জানা ছিল না ।

চমৎকার !

দুজনেই ধিকারের গলায় বলেছিল, আপনাদের জানা জগতের ধারণা তাহলে এই ?

জ্যাঠামশাই মধুর গলায় বলেছিলেন, তাছাড়া কি ? আর জানা জগতের ছাড়া অজানা জগতের কথা বলবো কি করে বাপু ?

ওরা ফিরে এসে বলেছিল, গোট-এ বাঘের মতো একটা কুকুর বাঁধা, তাই আর কিছু বললাম না, নাহলে আচ্ছা করে শুনিয়ে দিয়ে আসতাম বুড়ো ঘুংঘুকে । বলা যায় না বাপ করে বাঘার চেনটা খুলে দিতে পারে । মনে হলো খবর জানে । বলবে না ।

গৌতম ভেবেছিল ভাগ্যস আমিও ওদের সঙ্গে যাই নি ।...

তারপর গৌতম ব্যাক্ষের এই চাকরিটা পেয়ে গিয়েছিল । পেতে বেগ পেতে হয় নি, খুঁটির জোর ছিল ।

অতঃপর গৌতমের জন্যে তিনতলায় এই ঘরখানা বানানো হয়েছে । এবং কনে খোঁজা হচ্ছে । মাঝে মাঝেই ঝুঁড়ি মারফত খবরটিকে কানে আসে । তবে মনের মতো মেয়ে না কি বিশ্বভূবনে নেই । মা বলেছে আমার চোখে একটু ধরলে তবে তো গৌতমকে দেখতে বলবো ! তা একটা ও তো চোখে ধরছে না ।

এই সব ঝামেলায় চিন্তিতোষ নামের অস্তিত্বটা গৌতমের মন থেকে প্রায় মুছেই গিয়েছিল । হঠাতে এই অশনিপাত ।

অথচ এখন এই মুহূর্তে সেই ছাত্রজীবনের মতোই নিরূপায়ের ভূমিকা নিয়ে  
আত্মসমর্পণ করে ফেলা ছাড়া আর কিছু ভাবতে পারছে না গৌতম।

সেই তখন-তখন যে কুবি বলতো ‘তোর ওই বদ্ধুটা নির্ধার্ণ যাহুমন্ত্র জানে  
ছোড়দ্বা। নহিলে ওকে দেখলেই তুই বোকা হয়ে যাস কেন?’ সে কথাটার  
নিশ্চয় কোনো ভিং আছে। সত্যি তাৰ অনিষ্ট সঙ্গেও এমন অস্তুত  
আত্মসমর্পণ কেন?

মাকে বলার সময় মনে মনে বলল, শালা উলুক, নিরুদ্দেশ হয়ে গিয়েছিলি  
বেঁচেছিলাম! আবার উদয় হতে এলি কেন?...

মুখে বলল, তোমৰা বসে থেকো না, খেয়ে নিও, কখন ফিরবো ঠিক নেই।  
মায়ের হাঁ মুখ বুজতেই চায় না। এই এখন ভোরবেলা বেরোচ্ছিস, আৱ  
আমাদের থেয়ে নিতে বলছিস?

তাই তো বলছি।

বলি যাচ্ছিস কোথায়?

জানি না।

ওমা! কী সর্বনেশে কথা, পুলিস-টুলিশ আসে নি তো?

কুবি বলল, তোমার মাথাখানা ফ্রেমে বাঁধিয়ে রাখার মতো মা। পুলিসের  
কথা ও মনে পড়ল তোমার? ছোড়দ্বাৰ সেই পাজী বদ্ধুটা এসেছে আবার  
এতদিন পৰে।

এ-কথাটা অবশ্য সহা কৱল না গৌতম।

বললো, মারবো চাঁচি! বড় সাহস বেড়ে গেছে না?

ঠিক আছে বলব না; তা চা-টা থেয়ে যাবি তো?

সময় হবে না।

ও ছোড়দ্বা দোহাই তোৱ পায়ে পড়ি। এক মিনিট—

না না! চললাম।

চলে এলো গৌতম বেজাৱ মনে।

সত্যি, চা না থেয়ে বাড়ি থেকে বেরোনোৱ কথা ভাবতে পাৱে কেউ?

চলে আসতে আসতে শুনতে পেলো কুবি চেঁচিয়ে চেঁচিয়ে বললো, দেখো

মা কজা করে ফেলোর মতো লোক শীগগির না আনলে, তোমার এই ছেট ছেলেটার আদায় থাকবে না ।

মা বললো, তাহলে তো আরোই আদায় থাকবে । ছঁঁঁঁঁ । বড় ছেলেকে দিয়েই হাড়েহাড়ে টের পাচ্ছি ।

মাৰ জবাৰ্টা অবশ্য শুনতে পেল মা গৌতম ।

বড় ছেলে প্রতি শনিবার সন্ধ্যাবেলা বৌ নিয়ে শুণুৱাড়ি যায়, ফেরে রবিবারের সন্ধ্যোয় ।

মা বলে, ‘শনিপুঁজো’ দিতে যাচ্ছে তোদের ‘বড়দা’ ।’

এসপ্ল্যানেড থেকে বাস ছেড়ে কতখানিটা ঘেন গিয়েই যে হঠাত এমন গ্রাম গ্রাম গন্ধ এসে যেতে পারে এটা এখন প্রায় ভুলেই গিয়েছিল গৌতম । কলকাতার কত কাছে এখনো ছড়ানো ছিটোনো আছে বোপ-জঙ্গল খানা-ডোবা । হঠাত চট করে চোখে পড়ে যায় পুকুরঘাট থেকে উঠে আসছে কলসী কাঁথে বৌ, হাট হাট করে গুরু তাড়াচ্ছে থানপুরা শুটকি বিধবা । গুরুর পাল নয়, একটা গুরু । হাড়-পাঞ্জাৰা সার । তবু হয়তো বা শুই গুরুটা থেকে বুড়ির অন্ন সংস্থান হয় । ঘেটুকু দুধ হয় তাতেই জল চেলেচেলে কলকাতার দৰে বেচে, আৱ মাঠে জঙ্গলে চাৰিয়ে খুঁচা কমায় ।...অথবা কোনো গেৱশ্বাড়ির বুড়ি মা পিসি, সংসারের মূলকেন্দ্ৰিয়াৰ দখল হাত থেকে খেপড়েছে তাই এই সব আদাড়ে কাজগুলো করে বেড়িয়ে নিজেৰ প্ৰয়োজনীয়তা বজায় রাখতে চেষ্টা কৰে ।

গৌতমের চুলুনি আসছে, এৱ মধ্যে থেকেই কানে এলো ট্ৰ্যানজিস্টাৱে গান হচ্ছে ।...কোথায় বাজছে ? বাসেৱ মধ্যেই, না কি বাইৱে রাস্তায় টাঙ্কায় ।

রাস্তাতেই, বোধহয় ধাৱে-পাশে কোনো চায়েৱ দোকানে ।...মিলিয়ে গেল শব্দটা । গান কখন হয় ?

হিন্দি গান ? কটা বেজেছে ?...শয়তানটা ঘড়িটা পৰ্যন্ত নেবাৱ সময় দিল না । পাশেৱ লোকটাকে কি জিগ্যেস কৱবে গৌতম, মশাই কটা বেজেছে ?

নাঃ । যদিও লোকটার হাতে একটা ঘড়ি বাঁধা রয়েছে, কিন্তু লোকটার পরনে একটা ময়লা পায়জামা আর তত্ত্বিক ময়লা একটা রং জ্বলা হাফশার্ট। কোলের ওপর তারের জালের চুপড়িতে একচুপড়ি ডিম ।...  
এতক্ষণ গৌতম বাসের সমস্তটা লক্ষ্য করে দেখল । সহযাত্রীরা প্রায় সকলেই একই শ্রেণীর । ত্রুটি একজন মাত্র মেয়েলোক । (হঁয়। মেয়েলোক ছাড়া আর কোনো বিশেষণ মনে এলো না গৌতমের । )

ওই আবোল-তাবোল করে পরা ভাজভাঙা লাট খাওয়া ছাপা শাড়ি জড়ানো আধাবুড়িদের কি গৌতম ‘মহিলা’ বলবে ?

নিজেকে খুব বিড়গ্রিত মনে হলো গৌতমের । যেন এদের সঙ্গে একাসনে বসে ওর প্রেসটিজ নষ্ট হয়ে যাচ্ছে । ভাগিয়ে কোনো চেনা লোক নেই ।  
আমরা কোথায় যাচ্ছি ?

চিন্তর মুখ জানলার বাইরে ।

গৌতম আর একটু জোরে বলল । এই চিন্ত, কোথায় যাচ্ছি আমরা ?

চিন্ত এখন মুখ ফেরাল । গৌতমকে একবার দেখে নিয়ে বলল, বলেছি তো জাহানামে ।

বেশ ! উন্নম জায়গা ।

বলে গৌতম হাই তুলল ।

সেইট্র্যানজিস্টার বাজা টিনের চালা চায়ের দোকানটাকে মনে পড়ল ।...

একটা মাঝারিনামের ও মাঝারিনামের নার্সিং হোমের সামনে গেট-এ ঢোকবার মুখে সুত্রত আর জগদৌশের প্রায় কপালে শিং বেরোবার অবস্থায় মুখোমুখি দেখা হয়ে গেল । জগদৌশ বেরোচ্ছে সুত্রত চুকছে । স্বাভাবিক নিয়মে ছজনের মুখ থেকেই একটি সঙ্গে একটি শব্দই উচ্চারিত হলো,  
তুই ! এখানে ?

জগদৌশ একটু ছ্যাবলা হাসি হেসে বলল, আর কেন ! কৃতকর্মের ফল ।

কিন্তু তোর তো—

আমার কথা রাখ—

সুত্রত কঠোর গলায় বললো, ক'দিন আগে যেন তোর বিয়ের নেমন্তন্ত্র খেয়ে  
এলাম ?

জগদীশ ভান দেখিয়ে মাথা চুলকোলো, এত হ্যানস্তা করিস না ভাই,  
'ক-মাস' বল ?

বলতে ঘেঁষা আসছে ।

কাঁটায় কাঁটায় ঠিক আছে কিন্তু ভাই ! ইয়ে তোরা নেমন্তন্ত্র খেয়েছিস  
এগারই আগস্ট, আর গত পরশু ছিল—

থাম, চুপ কর রাঙ্কেল ! এ-যুগে যে এরকম গাড়োল থাকে তা জানতাম  
না ।

জগদীশ ফের মাথা চুলকোনোর ভান করে বলে, বৌও ওই কথাই  
বলেছে—

ওঁ ! তিনি বোধহয় এইমাত্র পৃথিবীতে পড়েছেন ?

সুত্রত স্বর আরো কঠোর ।

জগদীশ বলল, ওই তো মজা ! ওরা সব সময় ইনোসেটের রোল প্লে করে  
ঘান। যাকগে যা হয়ে গেছে গেছে, তুই তো আর মানে তোর তো আর—  
আমার কথা বাদ দে ।

এসেছিস তো দেখছি কোনো সোক্রেট নাকি ?

আবার ছ্যাবলা হাসি হাসে জগদীশ ।

ঘূঢ় মেরে নাক ফাটিয়ে দেব ।

দে, তাই দে । কথার জবাব দেওয়ার থেকে সেটাই যদি সোজা হয়—

সুত্রত বলল, অসভ্য মতো কথা বলিস কেন ? এসেছি জননীর তাড়মায় ।  
মামাতো দিদি রয়েছে কৌ একটা অপারেশন কেস । অনেক দিন নার্সিং  
হোমে আছে । মা বকাবকি করছে । বলছে এ যুগের আমরা না কি  
মানবিকতা বা মনুষ্যত্বের ধার ধারিনা, কর্তব্যবোধের বালাই নেই—

জগদীশ বললো, তাহলে তুই ততক্ষণ কর্তব্য সেরে আয়, আমি এই একটা  
ওয়ুধ নিয়ে আসি ।

সুত্রত থমকে বলল, ওঁ ! তুই আবার এসে চুকবি ?

বাঃ ! দুকবো না ? ঘট্টবাজতে তো দেরী রয়েছে । বাজবার পর তুজনে  
একসঙ্গেই বেরোবো ।

একটু ব্যস্ত ভঙ্গি জগদীশের ।

সুব্রত বললো, তুই থাকিস বাবা ঘট্টবাজার অপেক্ষায় আমি জাস্ট একবার  
দেখা করেই কেটে পড়ব ।

জগদীশ খুব নিরীহ গলায় বললো, কী বললি ? মামাতো ‘দিদি’ ? শুঃ !  
বুড়ি বুঝি ?

বুড়ি ? কে বলেছে ? আমার থেকে বছর তিন চারেকের বড় মাত্র ।

জগদীশ ব্যগ্রগলায় বললো, তবে ‘বোর’ লাগবার কিছু নেই ভাই, এটুকু  
সময় ম্যানেজ করে ফেল । অনেক কথা আছে যেতে যেতে হবে । সেই  
তো বিয়ের সময় শেষ দেখা । আমারও আর আড়ায় দেওয়া হয়ে ওঠেনি,  
তুইও বোধহয়—

আমি ‘বোধহয়’ কি জ্ঞে ?

সুব্রত বললো, তোদের মতো উচ্ছন্ন গেছি আমি ? আশচর্য ! যে কটা  
ফাসির দড়ি গলায় পরলো, সব কটাই খতম হলো !

তা’ ফাসির দড়ি গলায় পরা মানেই তো মরা-রে সুব্রত !...যাক থাকবি  
নিশ্চয় । এই এলাম বলে—

বাস্তভঙ্গিতে চলে গেল জগদীশ ডাক্তারের দেওয়া প্রেসক্রিপশনটা হাতে  
নিয়ে । বেশী দামী নার্সিং হোমে রাখতে আসে নি বৌকে, যাতে সামর্থ্যের  
বেশী না হয়ে যায় । কিন্তু এখন দেখছে হরেদেরে হাঁটি জল । ওষ্ঠ পথে  
এটায় গুটায় রাশিরাশি টাকা উড়ে যাচ্ছে । অথচ গোলমেলে কেস নয়,  
সাধারণই । ডাক্তারের তারিখ নির্দেশের ভুলে দিন তিনেক আগে এসে  
পড়ায় মেয়াদটা বেড়ে গেছে বেচারী শিখার । শিখা তাই রেগে রেগে  
বলে, ভুল না হাতো ! ইচ্ছাকৃত ভুল নির্ধারণ নার্সিং হোমের সঙ্গে ব্যবস্থা  
আছে ।

জগদীশ চলে গেলে সুব্রত মনে মনে একটু হাসলো । ভাবলো ‘শেষ দেখা’  
কথাটা ঠিকই বলেছিস রাস্কেল ! সেই গত এগার আগস্টই তোর শেষ

হয়ে গেছে। এখন যেটা ঘুরে বেড়াচ্ছে সেটা অগদীশ সরকারের প্রেতাত্মা। ...প্রেতাত্মার সঙ্গে আর কী গল্প হবে যাহু? তোমার মধ্যে যে ‘অনেক কথা’ ছাটফটাচ্ছে। সে তো শ্রেফ বৌয়ের শ্বাকাকি পাকামি আর গদ-গদানি! শুনলে আমার ব্রেনের মধ্যে টিউমার গজিয়ে যাবে। আমি মিলিদিকে একবার দেখেই কেটে পড়ছি বাবা! তুমি তো ঘণ্টা বাজার পরও একস্টেনশান নিয়ে গিম্বির মুখশশী দেখবে। আমায় জড়ানো কেন বাবা? আমি শ্রেফ দাঢ়িয়ে দাঢ়িয়ে একটু—

কুম অম্বর মিলিয়ে পর্দা ঠেলে ধরে চুকে এলো। রোগীকে খাটের স্পীং ঘুরিয়ে আধা উচু করে রাখা হয়েছে, বুক অবধি চাদর ঢাকা। ভিতরে বোধহয় শুধু লম্বা ধরনের একটা সেমিজ পরা। রোগা রোগা ফ্যাকাসে ফর্সা হাত দুখানা বুকের শুপরি জড়ো করা।

পর্দা সরানোর সঙ্গে সঙ্গেই হাত দুটো একটু তুলে বলতে যাচ্ছিল ‘নমস্কার’, বলতে হলো না। ক্ষীণ স্বরটাকে যতটা সন্তু চড়িয়ে বলে উঠল তুই। মনে পড়েছে তাহলে?

সুব্রত চুকেই সামনে রাখা চেয়ারে বসে পড়ে বললো, যাক চিনতে পেরেছ তাহলে?

তার মানে সুব্রত যা সংকল্প করছিল তা হলো না। ‘দাঢ়িয়ে দাঢ়িয়ে একবার দেখে যাওয়ার’ চিন্তাটা এখন খুব লজ্জার বলে মনে হলো ... বস্তুতঃ নার্সিং হোমের এই ঘরের ভিতরের পরিবেশটা চট করে মনকে পাণ্টে দিতে পারে। দিলোও তাই। কাঁচের জানলায় পর্দাফেলা আধো অঙ্ককার ঘর, রোগজনোচিত খাট, শুধু শুধু গন্ধ মনটাকে কেমন দুর্বল করেদেয়। ... মিলিদিকেও অস্তুত লাগছে। মিলিদির হাত দুটো এমন খালি ছিল না কি? তা-তো মনে হচ্ছে না। আর—মিলিদির ওই চুল বাঁধাটা! রোগাটে গালের দু'পাশ দিয়ে দুটো ঝক্কচুলের বেগী ঝুলে এসেছে, আগায় কালো রিবনেরই ফাঁস। কতদিন যেন আগে মিলিদি যখন স্থুলে যেত তখন বোধহয় এইরকম দেখেছে সুব্রত। মাঝে মাঝে যখন মাঝের সঙ্গে মামার বাড়ি গিয়ে থাকতো, তখন শাদা ব্লাউজ আর কালো স্কার্ট পরা মিলিদি থাটো-

খাটো ছটো বেণী তুলিয়ে স্কুল বাসে গিয়ে উঠতো, দেখে কেমন হিংসে হিংসে লাগতো স্মৃতিৰ।...স্মৃতিৰ স্কুলটা একেবাবে বাড়িৰ পাড়ায়। নেহাত ছেলেবেলায় বাড়িৰ কাজ কৱাৰ লোক সঙ্গে কৱে দিয়ে আসতো, একটু বড় হতেই তাৰ খবৰদারি থেকে নিজেকে মুক্ত কৱে নিয়েছিল স্মৃতি। রাস্তা পার হবাৰ সময় বৌচাৰ মা যখন তাৰ জলঘঁষ্টা ঠাণ্ডা-ঠাণ্ডা হাজা হাজা হাতটা দিয়ে ক্যাক কৱে স্মৃতিৰ একটা হাত চেপে ধৰে কজা কৱে নিয়ে বলতো, ‘ও কি হচ্ছে খোকা ? ইদিক উদিক কৱনি বাবু।

এই হৃদশাময় অবস্থা কতদিন সহ কৱা যায় ?

নিজে নিজে যেতে শিখে স্মৃতি নিজেকে বেশ একখানা মাতব্বৰ ভাবতো, কিন্তু মিলিদিৰ ওই ছই বেণী তুলিয়ে স্বর্গীয় গাড়িতে চড়ে বসা দেখলে মনটা খারাপ হয়ে যেত স্মৃতিৰ।...কিন্তু তাৱপৰ কি আৱ মিলিদিকে সেভাৰে চুল বাঁধতে দেখেছে স্মৃতি ? মনে পড়ল না।

ক্লাশ নাইনে উঠলৈছ শাড়ি ধৰতে হতো মিলিদিদেৱ স্কুলে, তাৰ সঙ্গে বোধহয় চুল বাঁধাৰও কিছু নিয়মকানুন ছিল। আৱ স্কুল ফাইগ্যাল দিয়েই তো বিয়ে হয়ে গিয়েছিল মিলিদিৰ। কত রকম সাজগোজ কৱতো, দেখে স্মৃতিৰ বিৱক্তি আসতো, হয়তো ওই সূত্ৰে মিলিদিৰ সঙ্গে অনেকটা বিচ্ছিন্নতা এসে গেলো বলেই। স্মৃতিৰ সামাজিক পোজিশান আৱ মিলিদিৰ সামাজিক পোজিশানে তখন আকাশ-পাতাল ফাৱাক।

অতঃপৰ কে কোথায়।

মিলিদি তো তাৰ মিলিটাৰো ডাক্তাৰ বৰেৱ সঙ্গে কোথায় না কোথায় থেকেছে তখন, কদাচ কখনো মায়েৱ কাছে ঢিঁঠি আসতো, হয়তো জন্মুৰ, হয়তো উধমপুৱেৱ, হয়তো চণ্ডীগড়েৱ হয়তো বা দেৱাঞ্চনেৱ ছাপ মাৰা। তাৱপৰ তো নানা ঘটনা।

স্মৃতিৰ সামাজিক পটভূমিকায় ‘মিলি’ নামেৱ মেয়েটা একটা বিতর্কিত বিষয়। স্মৃতি ওতে উৎসাহী নয়। কী হলো মিলিদিৰ তা কানেও নেয় নি। হঠাৎই এতদিন পৱে একদিন কানে এল মিলিদি নাৰ্সিং হোমে। মা যাচ্ছে ঘন ঘন, বৌদিৰ গেল হ'একদিন, দিদি নাকি বৱেৱ বাড়ি থেকে

এসে দেখে যায় ।...তা' দেখলেই তো ভালো, রংগীর মন ভালো থাকে ।  
কিন্তু স্বৰূপরও যে এ-নাটকে ভূমিকা আছে জানা ছিল না স্বৰূপর । মা  
হঠাতে কদিন থেকে আক্রমণ করতে শুরু করেছে ।

অতো ভালবাসতো তোকে মিলি, তুইও তো পায়ে পায়ে ঘুরতিস, তা  
সে বেচারী নানান জালার ওপর রোগের জালায় মরতে বসেছে একবার  
দেখতে যেতে ইচ্ছে হয় না ।

তারপর মা ছেলেকে ছেড়ে এই যুগকে নিয়ে পড়েছিল । এমন নির্লজ্জ  
যুগও এলো ! মানুষের কর্তব্য অকর্তব্যবোধ নেই, চক্ষুলজ্জার দায় নেই,  
ম্লেচ্ছ-মরতা ছেদ্দা ভালোবাসার বালাই নেই, নেই হৃদয়ের কোনো বক্ষন ।  
থাকবার মধ্যে আছে কৌ ? না, শুধু প্রেমে পড়া আর ভাব করা ! মা-  
বাপের মুখে চুনকালি দিয়ে অখণ্টে অপথ্যে একটা বিয়ে করা ।

আরো কত কীই বলেছে না এই যুগকে । উঠতে বসতে বলে ।

এই বাক্য যন্ত্রণার শ্বেতই স্বৰূপকে এই মিসেস ব্যানার্জির নার্সিং হোমে  
ঠেলে নিয়ে এসেছে ।...খুব অনিচ্ছা সত্ত্বেই এসেছিল ।

এখানে এসে মিলিদির খালি হাত রোগামুখ আর ছটো বেগী যেন হঠাতে  
স্বৰূপকে অনেকটা পিছিয়ে নিয়ে এলো । আর কিনা স্বৰূপ 'মিলিদি  
কেমন আছো ?' এই সাধারণ সহজ প্রশ্নটার বদলে বলে উঠল, এ কী  
মিলিদি, কৌভাবে চুল বেঁধেছ ?

সাধে আর মা যুগের হেলেমেয়েদের সম্পর্কে এতসব মন্তব্য করে ? এই  
কি রংগীকে প্রশ্ন ?

মিলিদি কিন্তু আকস্মিক অমন ধাপছাড়া প্রশ্নে অবাক হলো না । শুধু  
একটু হেসে ইশারায় নার্সকে দেখাল ।

অর্থাৎ কারুকার্যটা ওরই ।

হাসির পর বললো মিলি, খুব ভালো লাগছে তোকে দেখে । কতদিন যে  
কোনো ভালো লোক আসে না !

একটা আলগা ঔদাসীন্য ঝরে পড়ল মিলির গলার স্বরে ।

একসময় মিলিদি খুব ভালো গান গাইতো না ?

সুব্রত অবশ্য সে প্রশ্নের দিক দিয়ে গেল না। বললো, ভালো মোক ! ভালো  
লোক বলতে কৌ মীন করছো তুমি মিলিদি ?

এই যেমন তুই এলি !

আমি !

হো হো করে হেসে ওঠে সুব্রত।

আহা ! যদি একটা লিখিত সার্টিফিকেট দিতে মিলিদি ।

মিলি হাসল, বলল, চাস তো ফরম তৈরী করে নিয়ে আনিস একটা ! যদি  
আমার সার্টিফিকেটের কোনো মূল্য থাকে ।

নেই মানে ? সার্টিফিকেটের মূল্য হচ্ছে সার্টিফিকেট, ওর আবার শ্রেণী-  
ভেদ আছে না কি ? তোমার মনে আছে তুমি যদি কোনোদিন আমাদের  
বাড়িতে আসতে, আর আমাদের কাজকর্মের কর্ণধার মহিলাটি বলত,  
আহা, ‘মিলি খুকুর মতন মেয়ে হয় না—’ তখন তোমার মুখ আঙ্গুলী  
লাল হয়ে উঠত না ?

বাবা, খুব মনে আছে তো তোর ? কৌ যেন নাম ছিল তার ?

বোঁচার মা ।

হঁযা হঁযা ! কৌ কাজেরই ছিল। আছে এখনো ?

ছিল এয়াবৎকাল, এই কিছুদিন হলো মরে বেঁচেছে ।

মরে বেঁচেছে কেন ?

আরো বঁচলে তো আরো থাটতে হতো ।

মিলির ফাঁকাসে ফর্সা মুখে একটু রহস্যময় হাসি ছড়িয়ে পড়ল। বলল,  
তাহলে বলছিস বেঁচে যাওয়ার একটা প্রধান উপায় মরে যাওয়া ?

সুব্রত নড়ে চড়ে বসলো ।

তাকিয়ে দেখলো নিরলঙ্কার মিলিদির ছবেণী ঘেরা মুখটা যেন দেই স্কুলের  
ছাত্রী মিলিদির মতো দেখতে লাগছে। ছেলেমানুষ ছেলেমানুষ আর ভারী  
সরল ।

সুব্রত বলল, সবক্ষেত্রে তা' বলে নয় ।

কোনো কোনো ক্ষেত্রে অবশ্যই তাই । তাই না ?

শুব্রত বললো, হতে পারে ।

বলেই বললো, এখনে ‘ধূমপান নিষিদ্ধ’ নয়তো ?

মিলি একটু থতমত খেয়ে বললো, ধূমপান ? কই কাউকে তো—মানে কেউ তো, কিন্তু না, না । ডাক্তাররা তো খায় ।

ঠিক আছে । এখন আমার নামের আগে ‘ডক্টর’ বসানো যায়—  
বলে শুব্রত একটা সিগারেট বার করল ।

মিলি খুশীর গলায় বললো তোর ডক্টরেট করা হয়ে গেছে ?

ওই আর কি ?

শুনে খুব ভালো লাগলোরে ! মিলিদি হালকা হাসির ছোওয়া-লাগা গলায়  
বলল, একসময় আমারও যা দারুণ উৎসাহ ছিল । ভাবলে হাসি পায় ।

হাসি পায় ?

শুব্রত সিগারেটটা ঠোঁট থেকে নামিয়ে বললো, হাসি পাবার কী আছে ?  
পায় তো !

বোকামি ! অনেকটা তো করে ফেলেছিলে । এখন ইচ্ছে করলে তুমি এই  
বিছানায় থেকেও আরও খানিকটা এগিয়ে যেতে পারো । আমাদের  
মতো তো ল্যাবরেটরীর কাজ নয় । শুধু বইয়ের পাহাড়ের মধ্যে বসে—  
মিলিদি বললো, দূর আর হয় না ।

না হবার কী আছে ?

শুব্রত মুখ ফিরিয়ে ধোঁয়াটা উড়িয়ে দিল ।

মিলিদি বলল, আধাখাপচা জিনিস নিয়ে আবার শুরু ? সে এনার্জি নেই !  
বাঁ-হাত দিয়ে কপালের পাশের ঝুরো চুলগুলো আঙ্গে সরিয়ে দিল, আবার  
বলল, জীবনটাই আধাখাপচা । এজন্মে এই রকমই গেল আর কি !

সত্যি ! মিলিদি, তোমরা মেয়েরাই পারো এরকম কথা বলতে । ... শুব্রত  
একটু কড়া গলায় বললো, ঠিক মনে হলো দিদিমার ভাষণ শুনলাম ।

জীবনই বয়েসকে সোপাট করে ফেলেরে স্বৰূ, মিলিদি আবার পাখার  
বাতাসে ওড়া কুচো চুলকটা ঠেলে কানের পাশে পাঠিয়ে দিয়ে বললো,  
আমার তো মনে হয় যেন কত—কত বছর পার হয়ে এলাম ।

অসুখের সময় অমন অনেক বাজে ভাবনা মাথায় আসে বুখালে । . . . স্বত্রত  
উঠে গিয়ে সিগারেটের শেষাংশটুকু নিয়ে জানলার বাইরে ফেলে দিয়ে এসে  
বললো, ঘুমের শুধু-টুধু দেয় তো ? তারই রি-আকশান । ওটা ছাড়ো ।  
কী যেন সাবজেক্ট ছিল তোমার ?

মনে নেই ।

ছেলেবেলার মতো রাগ দেখাবো মিলিদি, স্বত্রত বললো, মনে আছে রাগ  
হলে আমি তোমায় কী বলে শাস্তাম ?

খুব মনে আছে । মিলি একটু হেসে উঠল, বলতিস, ভৌষণ রেগে গেছি  
আমি কিন্তু ‘তুই’ বলব বলে দিচ্ছি । রাগটা প্রধানতঃ চুল আঁচড়ে দিতে  
চেষ্টা করলেই ‘ভৌষণ’ বেড়ে যেত ।

যাক মনে আছে দেখছি ।

ছেলেবেলার কথা কেউ ভুলে যায় না রে । জীবনের শ্রেষ্ঠকাল ।

স্বত্রত একদম ভুলে গেছে যে সে ঘন্টা বাজার আগে পাশাবে ঠিক করে-  
ছিল । জগদীশের কবলে পড়বে না বলে । স্বত্রত কথার পিঠে কথা চালিয়ে  
যাচ্ছে ।

শ্রেষ্ঠকাল ! রাবিশ ! আমার তো মনে হয় সব থেকে ওয়ার্স্ট কাল । পরাধী-  
নতার চূড়ান্ত ।

মিলিদি উদাস গলায় বলল, মেয়েরা তো চির পরাধীন ।

আঃ আবার সেই পিতামহীর ভাষা ? রাগ না দেখিয়ে পারা যাচ্ছে না ।  
এই সব উইমেনস লিব-এর যুগে এরকম কথা বলতে তোর লজ্জা করা  
উচিত মিলিদি !

মিলি একটু হেসে ফেলল ।

নাঃ সত্ত্বাই রেগেছিস দেখছি । . . . আমার থিসিসটা ছিল ‘বৌদ্ধযুগের সাধারণ  
নারী’ ।

হ্যাঁ মনে পড়ছে । একদিন বোধহয় তর্ক তুলেছিলাম বিষয় নির্বাচনটা বাজে  
হয়েছে । সে যুগের সাধারণ নারীদের হাদিস তুমি পাবে কোথায় ? কেউ  
কি লিখে রেখে গেছে ? তুমি বললে, কেউ ঠিকঠাক লিখে রেখে গেলে

আৱ রিসাচেৰ বাহাহুৱী কি ?

বাবাৎ তোৱও তো কম মনে থাকে না !

মিলিদি আৰাব চুল সৱালো। মুজ্জাদোষই মনে হচ্ছে। কিন্তু এতবাবেৰ  
পৱ সুব্রতৰ চোখে পড়ল—মিলিদিৰ ঢ়টো হাতই পুৱো খালি নয়, বাঁ  
হাতে একটা সৰু ‘লোহা’ জাতীয় কৌ যেন রয়েছে।

তাৱ মানে এখনো সংক্ষাৰমুক্ত হতে পাৱে নি।

কিন্তু এই ‘বন্ধন’-টা আসে কোথা থেকে ?

সুব্রত হঠাৎ প্ৰসঙ্গ বদলাল। বললো, ঘৱটা মন্দ নয়, জানলা দিয়ে হাওয়া-  
টাওয়াৰ অনুভূতি ভুলে গেছি।

সুব্রত একট বিষণ্ণ হলো।  
সত্যি বেচাৱী !

বলল, কতদিন যেন আছো এখানে ?

মাস আড়াই হতে চলল।

‘কৌ এমন অসুখৰে বাবা—’ বলতে গিয়েও থেমে গেল সুব্রত। নিশ্চয়  
কোনো ‘মহিলা জনোচিত’ ব্যাপার। জিগ্যেস কৱা মানেই অসুবিধেয়  
পড়া, আৱ অসুবিধেয় ফেলা।...কিন্তু মিলিদিৰ কি কোনো বাচ্চা-টাচ্চা  
হয়েছিল কখনো ? কই ? ‘জীৱিত’ থাকলে তো দেখাই যেত ; যত হলৈ  
শোনাও যেত। মায়েৰ তো ভাইৰি সম্পর্কে যথেষ্ট আলোচনা, ‘আহা আহা’  
আবেগ আক্ষেপ।

যাক, তাড়াতাড়ি যাহোক একটা উত্তৰ দিয়ে দিলো, আড়াই মাস ! ও  
বাবা !

কিন্তু মুখে না বললেও প্ৰশ্নটা বোধহয় সুব্রতৰ মুখেৰ রেখায় ফুটে উঠেছিল,  
তাই মিলিদি একটু হেসে বলল, যা ভাবছিস তা’ নয়। ‘ব্যাপার গুৰুচৰণ’ !  
( ছেলেবেলোৱ এই ভাষাটা ব্যবহাৰ কৱলো মিলি। ) মেৰুদণ্ডে ঘূন ! অপ-  
ৱেশনেৰ ছুৱি খুঁচিয়ে ঘূনপোকাদেৱ বাব কৱে ফেলে দিয়ে আস্ত একটা

দেহকে লোহার থাঁচায় ভরে রেখে ফেলে রেখেছে ।

সুব্রত লজ্জিত হবার ছেলে নয় । তবু লজ্জিত না হয়ে পারল না । ইস ! নিশ্চয় এতদিনে এটা অন্তত তার জানা উচিত ছিল । মা দাদা বৌদি  
কত সময়ই তো কত কী আলোচনা করে, তার মধ্যে ‘মিলি মিলি’ শোনে  
বটে, তবে কী বাবদ তা’ কান দেয় নি ।

আর একটা অন্তুত, তেবে অবাক হলো সুব্রত আজ এই নাসিং হোমের  
ঘরে জানলা দিয়ে এসে পড়া পড়স্তবেলার আলোয় মিলিদির শীর্ণ ধ্যাকাসে  
উদাসীন উদাসীন মুখটা দেখে মিলিদির গুপর যেমন মমতা হচ্ছে, তেমন  
মমতা তো কোনোদিন অনুভব করে নি সে ! নহিলে তাকে মায়ামমতা  
করবার মতো কারণ যে আসে নি তা তো নয় ।

এখনো আকাশের আলো শেষ হয়ে যায় নি, সাপ্তাহি কমে এসেছে এই  
মাত্র, বন্ধ হয় নি তবু হঠাতে ফট করে আলো ছলে উঠল ঘরে । আর ঘটা-  
ধ্বনি শোনা গেল । শয়াগিং বেল ! তার মানে আলোটা ও বিদায়ের সঙ্কেত ।  
মিলিদি বলে উঠল যাঃ ! হয়ে গেল ।

তারপর আবার বলল এত দেরো করে এলি তুই । ...আর একদিন আসিস  
না রে !

ভারী মিনতি মিনতি গলা ।

সুব্রত আবার লজ্জিত হলো, আর সেটা ঢাকতে বলে উঠল, মাত্র এক-  
দিনই ? ছ পাঁচ দিন হলে আপ্রতি ?

আপত্তি !

মিলি হঠাতে মুখটা দেওয়ালের দিকে ফেরাল । তারপর আস্তে বলল, তুই  
এলি এত ভালো লাগলো ! যে আসে বুলিলি, যেন করণায় মরে যাচ্ছে ।  
তাকাবে ছলছলে চোখে, কথা বলবে মাখন বুলিয়ে আর অশুখের বিবরণ  
শুনতে চাওয়া ছাড়া কথা নেই । তোর সঙ্গে একটু অন্য কথা বলে মনে  
হচ্ছল বোধহয় এখনো একটা মাঝুষ আছি ।

আবার ঘটা বেজে উঠলো ।

তাড়াতাড়ি উঠে পড়ল সুব্রত । আর এখন এই সময় মিলিদি বলে উঠলো

এই স্বৰু, এলি আমাৰ কাছে, কিছু খাওয়ালাম না। ওই মৌচিসেফটা খোল  
না ভাই লক্ষ্মীটি ! আঙুৱ আছে অনেকগুলো, নে চারটি !  
চমৎকাৰ !

সুত্ৰত বলে উঠলো, আমি তোমায় নার্সিংহোমে দেখতে এলাম থালি হাতে  
আৱ কিনা তুমি আমায়—

মিলিদি বলল, থালি হাতে এলি বলেই তো চোখ জুড়িয়ে গেল। ফলেৱ  
ঠোঙা হাতে নিয়ে ঢুকলে বড় বেমানান বিছিৰী লাগতো তোকে। নে না  
ভাই চটপট। ঈস এতক্ষণে মনে পড়ল আমাৰ।

ঠিক আছে ঠিক আছে নিছি—

বলে মৌচিসেফটাৰ দৱজা খুলে ফেলে সামনেই প্লেটে পড়ে থাকা কয়েক  
থোকা আঙুৱ থেকে একথোকা তুলে নিল সুত্ৰত। টপাটপ, মুখেও পুৱে  
ফেলল গোটাকতক।

বেশ মিষ্টি নারে ?

হ্যাঁ ! খুব।

আৱ এতক্ষণ পৱে সুত্ৰত আৱও কটা আঙুৱ মুখে ফেলে যেন নেহাতই  
কথাৰ কথা এইভাৱে বলে উঠলো ফাইন। এ আঙুৱ নিয়ে এসেছে কে ?  
তোমাৰ বৱ বুঝি ?

আমাৰ বৱ ! আঙুৱ এনেছে আমাৰ বৱ ! হি হি হি স্বৰু, কৌ বললি ?

হঠাৎ ভাৱী বেমকা ভাৱে হেসে শোঠে মিলিদি। আৱ তাৱপৱেই যন্ত্ৰণায়  
মুখটা একটু কুঁচকে কাঁধটায় আঙুলোৱ ডগা বাড়িয়ে চেপে ধৰে, বাবা:  
একটু হাসবাৱও জো নেই ! অথচ—তুই এমন হাসিৱ কথা বললি—

সুত্ৰত যে একেবাৱে খেয়াল কৱেনি এটা হাসিৱ কথা তা' নয়, তবু মিলিদিৰ  
বিধৰ্ণত দাম্পত্য জীবনেৱ ছবিটাকে কোন্ অ্যাঙ্গেল থেকে নেওয়া যায় !  
তাই হঠাৎ আঙুৱ প্ৰসঙ্গ। তা হারবে না তো তাই তেমনি অবোধেৱ  
ভূমিকা নিয়ে বলে শোঠে, এতে এত হাসিৱ কৌ হলো ?

হলো না ? তুই আমাৰ জীবনেৱ খবৱ রাখিস না ?

সুত্ৰত তেলাগোলা মুখ কৱে বলে, তা জানব না কেন ? ডিভোৰ্স হয়ে

গেছে তো । কিন্তু তাতে কি ? একসময় তো এত চেনা ছিল ? অস্মথে  
দেখতে আসতে পারে না ? ওদেশে তো ডিভোর্সের পরও বার্থডের প্রেজেন-  
টেশান পাঠায়, শ্রীষ্টমাসে ফুল নিয়ে দেখা করতে আসে—  
থাম বাবা, তুই আর ওদেশ দেখাতে আসিস নি । ওদেশের দৃষ্টিভঙ্গী আর  
আমাদের—

বাঃ ! ডিভোর্সটা তো বলতে হয় ওদেশেরই অবদান । তবে ? লোকটা  
একসময় তো তোমার বর ছিল—

স্বীকৃত কি মজা দেখতে চাইছে ? না কি মিলিদির হৃদয় কন্দরটা পর্যবেক্ষণ  
করতে টর্চ ফেলে দেখছে ? হয়তো শেষেরটাই, নইলে মজা দেখবে,  
এত হৃদয়হীন হবে ?

মিলিদি আবার তেমনি বেমন্দা একটা হাসি হেসে বলল, এখন বর্বর হয়ে  
গেছে । আরো একবার বিয়ের পিঁড়িতে বসেছে যখন । দুবার ‘বর’ ।

অ্যা ?

এখবরটা তো কই শুনেছে বলে মনে পড়ছে না স্বীকৃতর ।

তাই, না চমকে পারে না । আর একটা বিয়ে করেছে সমীরণবাবু ?

বাঃ, করবে না ? মনের মতো বৌ একটা দরকার নয় ? যে বৌ পার্টিতে  
গিয়ে নাচতে পারবে, গাইতে পারবে, ড্রিঙ্ক করে বেহেশ হয়ে ড্রাইভারের  
কোলে চেপে বাড়ি ফিরতে পারবে, সকলের সামনে বরের গলা ধরে—  
বিয়ে করেছে একটা পাঞ্জাবী মেয়েকে ।

নিঃশব্দে নার্স এসে ধরে চুকলো । মুখে পাথুরে ভাব ।

শেষ ঘন্টাধ্বনির পরও টাইম ওভার হয়ে গেছে ।

গুর এই আবির্ভাবটাই যেন নৌরব গলাধাকা ।

গেট থেকে বেরিয়েই তাড়াতাড়ি পা চালাচ্ছিল স্বীকৃত বাস ধরতে তো  
বটেই জগদীশের হাত এড়াতেও । কিন্তু শেষ রক্ষা হলো না ।

বাসের জগ্নে অপেক্ষার ক্ষণে জগদীশ এসে ধরল, আছিস ? থ্যাঙ্ক গড় ।

চল অনেকদিন পরে একসঙ্গে—

শুভ্রত ভুল চাল দিতে গিয়েও সামলে নিল ।

যদি বলে, আমি এখন বাড়ির দিকে যাচ্ছি না, জগদীশ নির্ধারণ বলবে তুই  
যেদিকে যাচ্ছিস সেই দিকেই যাবো আমি ।

বলতেই পারে, কারণ মাত্র এখন সওয়া ছটা । গরমের বিকেল ।

অতএব উঠতে হলো গোল পার্কের বাসে ।

জগদীশের বাড়ি ঢাকুরিয়া, কাজেই শেষ অবধি বন্ধন ।

বন্ধন যখন এড়ানো যায় না, তখন তাকে মেনে নিতে হয় । সেটাই বৃক্ষের  
কাজ । অতএব অনেকক্ষণ অপেক্ষার পর একটা মিনিবাস পেতেই উঠে  
পড়ে শুচিয়ে বসে বলে উঠে শুভ্রত, যাক, এখন শুনি পুত্র না কল্পা ।

বাসেটামে জগদীশের সঙ্গে কথা বলা মুশকিল, অন্তের কান ফাটিয়ে নিজের  
নিভৃত অভিজ্ঞতার বিবরণ বলতে বসবে । তাই ওর দাম্পত্য জীবনের  
অভিজ্ঞতার কথা আর তোলে না । যদিও বৌভাতের নেমন্তন্ত্র থেয়ে ফিরে  
আসার সময় বন্ধুরা বলেছিল, আচ্ছা আজ তো আর জানবার কিছু নেই,  
পরে একদিন আসা যাবে তোর নতুন এক্সপ্রিয়েসের খবর নিতে ।

বিয়ের ছান্দনের মাথায় তবু তখনই জগদীশ ছ্যাবলা হাসি হাসতে শিখে  
গিয়েছিল, বলেছিল, পরশুই তো হানিমুনে যাচ্ছি বরং দিন দশেক পরে  
আসিস ।

তারপরে এই ।

জগদীশ বলল, আর বলিস কেন, কল্পা ।

তাতে কি ?

আরে আমিও তো তাই বলছি, তাতে কি ? কিন্তু গিল্লীর মন থারাপ ।

বলে, ‘এযুগে ছেলে আর মেয়ে তুই সমান ?’ ছাড়ো ও কথা । আকাশ  
পাতাল তফাত । মেয়েরা যতই লেখাপড়া শিখুক, আর চাকরিটাকরি  
করুক, অবস্থা একই ।

মহিলাটি তো দেখছি বেশ অপ্রগতিশীল ।

ওই তো । বলে কি, ছেলে বড় হলে আনন্দ, মেয়ে বড় হলে আতঙ্ক । ওর  
দিনিদের দেখছে বুঝি—বড়দির মেয়েটা বড় হয়ে গেছে বলে বড়দি বাপের

বাড়ি আসতে পায় না। নিয়ে এলে পড়ার ক্ষতি, রেখে এলে আরও ক্ষতির  
ভয়। অথচ মেজদির ছেলে একটু বড় হতেই খুব নাকি পা বেরিয়েছে  
তার। আঙ্গু ঢাখ তিমদিরের বাচ্চাটাকে নিয়ে এখন বড় হওয়ার চিন্তা।  
মাথাটা আরো বিগড়েছে ঠিক পাশের ঘরেই এক পেশেন্ট দেখে। মহিলাটি  
না কি খুবই সুন্দরী, বিয়েও হয়েছিল দামী স্বামীর সঙ্গে, কিন্তু টেঁকে নি।  
ডিভোর্স হয়ে গেছে। মিলিটারী ডাক্তার বর, মেজাজও না কি মিলিটারী  
—তা' শীলার মতে 'এই তো জীবন মেয়েদের'—  
সুব্রত হস্তাং দাঙিয়ে উঠে বলে, ইস্ একটা যে ভারী ভুল হয়ে গেছে।  
নাসিং হোমের খবরটা ছোটমাসৌকে দিয়ে যেতে হবে, নামছি এখানে।  
নেমে গেল সুব্রত।  
আশ্চর্য! মেয়েরা কেন গোয়েন্দা হয় না।

হাতে পায়ে খড়িগুঠা, তেলের বালাইহীন ধূমলা ধূসকুণ্ডি মাথা, পরনে  
ময়লা একটু গামছার টুকরো, পাঁজরের হাড় ক'থানা ( হাড় না বলে কাঁটা  
বললেই ঠিক বলা হয় ) চামড়া ফুঁড়ে বেরিয়ে আসতে চাইছে। গায়ের  
রঁটা একটু পরিষ্কার হলে বোধহয় পেটের শিরাগুলো গোণা যেত, বড়  
ময়লা বললেই বোঝা যাচ্ছে না। তাছাড়া আপাতত তার পেট বুক কিছুই  
দেখা যাচ্ছে না। ডুমুরের পাতায় চাপা পড়ে গেছে বেওয়ারিশ পঞ্চ একটা  
পান। ঢাক। পচা পুরুরের পাড় যেঁষে একগাদা থোকা থোকা ডুমুর ভর্তি  
মস্ত মস্ত ছুটো ডুমুরের ডাল, আস্ত গাছ বললেই চলে মাটিতে ঘষটে  
চেনে চেনে নিয়ে আসছিল।

অবস্থাটা বিপজ্জনক, ওই ডালের ভারে একটু যদি বেকায়দায় টাল খায়,  
নির্ধাং লাট খেয়ে ওই পচা পুরুরের মধ্যে গিয়ে পড়বে। ডুমুরের ডাল  
ছটো ছেলেটার মাথা ছাড়ানো ফলপাতা সমেত ওজনে ওর থেকে ভারী  
বৈ কম নয়। কাজেই যতটা সন্তুষ সাপটে ধরে রাখতে চেষ্টা করতে করতে  
আসে।

অতএব ওই 'ডুমুরপাতা'র ব্যাপারটা লজ্জা নিবারণার্থে নয়। নেহাত-ই

অবস্থার গতিকে। বেমকা ডালপালার হঠাৎ হঠাৎ খোঁচা ডুমুরপাতার গাছড়ে দেওয়া কর্কশ স্পর্শ আর দুপুর রোদের আগুন আগুন বোংড়ো হাওয়া ছেলেটাকে রীতিমতো বিপর্যস্ত করে তুলছে।

অথচ পুকুরটার একেবারে গা ঘেঁসে আসা ভিন্ন উপায় নেই। পুকুর পাড়ের এই সঙ্কীর্ণ পায়ে চলে চলে তৈরো হয়ে ওঠা পথটুকুর ঘাড়ের উপর এসে পড়েছে, বিছিরি রকমের কাঁটা গাছের ঝোপ।

আগাছার ঝুঁকি বেশী, অনবরত বেড়ে বেড়ে আর শুঁড় বাড়িয়ে বাড়িয়ে এই সঙ্কীর্ণ পথটুকুও গ্রাস করার চেষ্টা চালিয়ে আসছে ওই কাঁটা গাছের। লোকগুলো আছে, এবং এই পথ দিয়েই চলাচল করে, তারা যদি যেতে আসতে গাছেদের ওই আগ্রাসী ইচ্ছেটাকে অঙ্কুরেই বিনষ্ট করতে থাকে তাহলে অবস্থা অবশ্যই আয়ত্তের বাইরে চলে যায় না। কিন্তু সেটুকুই বা করছে কে ? কার এত গরজ ? কাঁটা ঝোপকে গাল দিতে দিতে পাশ কাটিয়ে পুকুরের কাণাঘেঁষে কোনো মতে পার হবে, চুকে-গেল। পথ চলতে বাধাটা বিরক্তিকর নিশ্চয় তাই বলে সেই বাধা দূর করতে আঙুল নাড়বে ? কেন ? কে ? এই জলটুভি গ্রামে কি আর কারো আঙুল নেই ? যার গরজ থাকে, সে নাড়ুক।

এই জলটুভি গ্রামে একটা বোকা আছে বটে সে হচ্ছে বেওয়ারিশ পঞ্চ। কিন্তু তার আর ক্ষমতা কত ? তার হাতিয়ার কোথায় ? মাঝে মাঝে একে ওকে বলে মরে ‘অ্যাকখান দা কাটারি ঢাওনা গো। পুকুবধারের রাস্তাটা একটুকু সাফ্ করে ফেলি। ইঁটতে চলতে কাঁটা ফোটে’...কিন্তু কে আবার তার কথায় কান দিচ্ছে ?

হাতিয়ারের অভাবেই না পঞ্চকে চারটি ডুমুরের প্রয়োজনে গাছটার অঙ্গ থেকে বড় বড় ছুটো অংশ খসিয়ে আনতে হয়েছে। গাছে উঠে তার ডালের গোড়ায় লম্বা খানিকটা দড়ি বেঁধে রেখে এসে নীচে থেকে প্রাণ-পণে টানতে টানতে মড়াৎ করে ডালটা ভেঙে পড়ে গেছে। এ-বুদ্ধিটা পঞ্চুর নিজস্ব।

অখন ভরতপুর, রাস্তায় কোথাও কোনোথানে লোকের চিহ্ন নেই তাই

পঞ্চুর এই বৌরুজ কারো চোখে পড়ে নি, পড়লে ছটে চড় চাপড় খেতে হতো নির্ধারণ। যদিও পোড়ো শীতলা মন্দিরের পিছনের জঙ্গলের ওই জঙ্গলে ডুমুর গাছগুলো বেওয়ারিশই, কিন্তু পঞ্চুও তো বেওয়ারিশ।

কঁটাবনের এলাকা ছাড়াতেই পঞ্চু থমকে দাঢ়াল পুকুরের ওপাড়ের মাঠ ধরে তুজন বাবু আসছে যেন। গালে ডুমুরপাতার ঘসটানি, তবু নিরাক্ষণ করে দেখতে চেষ্টা করল, ও! একটা তো দাদা বাবু। তাহলে দাদা বাবু ফিরে এলো আবার। আর দিদি বলতেছে কি না, আর আসবেনি। তুই দেকিস পঞ্চু। কক্ষণে আসবে নি। তা' এই পাঁচদিন পরে এলি যদি বা কারে আবার সঙ্গে জুইটে আনলি! অ্যাই! এই ভরহপুর বেলা কে ওর ভাতজল করবে শুনি? দিদির বড়ো ক্ষ্যামতা দেকেচিস তুই!

বিরক্ত হলেই পঞ্চু মনে মনে সবাইকে ‘তুই’ সম্মোধনে বা খুশী শোনাতে থাকে। এটা পঞ্চুর আশৈশবের অভ্যাস।...যাক দিদিকে খবরটা আগে ভাগে দিতে পারলে ভালো হয়। পঞ্চু একটু মোড় ঘুরে, তেমনি ভাবেই ডুমুরডালটাকে টানতে টানতে একখানা নির্লজ্জ দৈন্যের সামনে এসে দাঢ়াল।

‘নির্লজ্জ’ ভিন্ন এ দৈন্যের আর কোনো নাম দেওয়া যায় না। এমন নয় মেটে বাড়ি খড়ের চাল, কচুর ডালের বেড়া ধেরা, এমন বাড়ির অভাব আছে এখানে। বরং বলা যায় এইটাই স্বাভাবিক। জলটৃতি গ্রামে তো পাকা দালানই নেই। সবই খড় আর মাটির ঐতিহ্য বহন করছে। কিন্তু তাদের মধ্যেও তো সৌর্ষ্টব রয়েছে। পথ চলতে চলতেও দেখতে পাওয়া যায় মেটে উঠোনটি গোবরমাটি দিয়ে পরিষ্কার করে নিকোনো, মেটে দাওয়াট্টিকুতে পড়লে সিঁত্র গুঠে।

বেড়ার গায়ে বুনো ফুলের লতা, দাওয়ার ধারে তুলসীমঞ্চ, দরজার মাথার চৌকাঠে হলুদ আর সিঁত্রের ফোটা। ভূতচতুর্দশীর সন্ধ্যায় দরজায় দরজায় সিঁত্র-হলুদের ফোটা দিয়ে রাখলে রাত্রে ভূত আসে না, এটা এদের প্রায় সকলেরই জানা। কিন্তু পঞ্চু যেখানে এসে চুকল সেখানে যে কাঙ্গল এটা জানা নেই, তা চৌকাঠ দেখলেই বোৰা যাচ্ছে।...এখানের কেউ যে মেটে

দাওয়া, মেটে উঠোন নিকোতে হয় বলে জানে এমন মনে হচ্ছে না।...  
এখানে তুলসীগাছ নেই, নেই এককোণে মাচা বেঁধে লাউ-কুমড়োর লতা  
তোলা ! ডালপালা লতাপাতা ছাওয়া বেড়াটায় নেই বুনো ফুলের লতার  
বেষ্টন। শ্রীহীন হত দরিদ্র চেহারার এই বাড়িখানায়েন মালিকের অবহেলা  
আর গুদামোষ্ঠের পরাকার্ষার পরিচয় বহন করে দাঙিয়ে আছে। কিন্তু  
দাঙিয়েই কি থাকবে আর বেশীদিন ? মাটির ঘর তুচ্ছ বলেই বোধহয় তার  
অভিমান বেশী, যঙ্গের অভাব সহিতে পারে না, ধরাশয্যা নেয়।

পঞ্চর মতোই অয়েলের ছাপ মাখানো এই মাটির বাড়িটার সামনে এসে  
দাঢ়ালো পঞ্চ।...আবোল তাবোল জিনিস দিয়ে আটকে রাখা উঠোন  
ঘেরা বেড়ার দেওয়ালটার কোনোথানে একটা প্রবেশ পথ আছে, আপাতত  
যেটা বন্ধ রয়েছে বলেই বোঝা যাচ্ছে না, সেই পথটা কোথায়। কিন্তু  
পঞ্চ জানে। পঞ্চ তাকে খোলবার কৌশলও জানে।

ডুমুর ডালছুটো নামিয়ে রেখে পঞ্চ বেড়ার কোনো একটা ফাঁকের মধ্যে  
হাত গলিয়ে ভিতরে আটকানো একটুকরো আড়বাঁশ কৌশলে স্টেলে  
সরিয়ে ফেলে দরজাটা খুলল পঞ্চ ; অতঃপর সেই মুক্তদ্বারের মধ্যে দিয়ে  
এতক্ষণের বয়ে আনা জিনিস ছুটোকে টেনে ভিতরের উঠোনে নিয়ে গিয়ে  
ফেলে, ডাক দিলো দিদি ! দিদিগো !

গৌতমের ধারণা ছিল না শহর কলকাতার এত কাছে, মাত্র মাইল কয়েক  
দূরে এমন একটা জায়গা থাকতে পারে, যেখানে সহসা এসে পড়লে মনে  
হয় কেউ যেন আঢ়িকালের পৃথিবীর একটু টুকরোকে এখানে ঘটস্থাপনা  
করে রেখে দিয়েছে !

আর মাত্র ঘটাকয়েক আগেও ধারণা ছিল না তার ‘গৌতম’ নামের হত-  
ভাগাকে হঠাত ছুটির ভোরের স্থখের বিছানা ছেড়ে উঠে এসে সেখানে  
এসে দাঢ়াতে হবে।

অসতর্ক একটু স্বগতোক্তির মাধ্যমে বিস্ময়টা ব্যক্ত করল গৌতম, কানে  
যেতেই চিন্তাব বলে উঠলো, ডানার ৭ রিধি মাঝের কল্পক সেটাই কি

জানিস ? হ'সেকেও পরেই হয়তো তোকে অথবা আমাকে, অথবা পৃথিবীর যে কাউকে পৃথিবী থেকে চলে যেতে হতে পারে এই মুহূর্তে সেটা জানা নেই ।

গৌতম আর স্বগতোক্তির দিকে যায় নি ।

মুড় ভালো থাকলে হয়তো বন্ধুকে প্রশ্ন করে উঠতে পারতো, ‘আর কত-দূরে নিয়ে যাবে মোরে হে স্বল্পরী ?’

কিন্তু তেমন মুড় নেই এখন ।

রোদ চড়ে উঠেছে, রাস্তাহীন পথ ধরে হাঁটতে হাঁটতে জুতোজোড়াটা শুধু ধূলোয় গড়া বলেই মনে হচ্ছে, আর তেষ্টায় গলার মধ্যে সেই ধূলোর স্বাদ ।

বর্ষার দিনের হাঁটু বসে যাওয়া থকথকে কাদার মাঠে গরুরগাড়ির চাকার খাঁজগুলো এখন নরম ধূলোর পুরু কার্পেট । পাঁ ফেলতেই পা বসে যাচ্ছে । আর হাওয়ার মাস বলেই সেই গুঁড়ো হয়ে যাওয়া ধূলোর রাশি দস্তর-মতো একটা একটা মজার খেলা খেলে চলেছে । মাটি থেকে ধাক্কা খেয়ে উঠেছে, বাতাসে পাক থাচ্ছে, আবার থানিকদূরে আছাড় থাচ্ছে । আর পাক থেকে থেকে পথচারীর চোখে মুখে থানিকটা ঝাঁচল বুলিয়ে দিয়ে যাচ্ছে ।

গৌতম ভাবল, এইটুকুতেই কাতর হচ্ছি ! ছি ! মরুভূমিতে যখন বালির ঝড় ওঠে ? আর কেউ পথ হারায় ?

গৌতমের বাবা, ছেলেদের ছেলেবেলায় শিক্ষা দিতেন, যদি কোনো ব্যাপারে তোমার খুব কষ্ট হয়, তুমি মনে মনে ভাবতে চেষ্টা করবে, কত লোকের হয়তো এর থেকেও বেশী কষ্ট হচ্ছে । ছুরিতে আঙুল কেটে ফেলে কাঁদ-ছিস ? খোঁ ! যুক্ত গিয়ে সৈন্ধবের তো হাত পা-ই উড়ে যায় ।

গৌতমের এখনকার এই ভাবমাট্টি হয়তো সেই শৈশবের শিক্ষার ফল । শৈশবের পর আর বাবা ছেলেদের কোনো শিক্ষা উপদেশ দিতে চেষ্টা করেন নি । কেন করেন নি কে জানে ? কিন্তু একদার সেই শিক্ষাটা তো আপাতত কাজে লাগল । সকাল থেকে যে একটা খুব বিজ্ঞি লাগাটা

মনের মধ্যে পাথরের টাইয়ের মতো বসে রয়েছিল, সেটা যেন আস্তে আস্তে ওই উড়ন্ত ধূলোগুলোর মতো ধূসর হয়ে উড়ে যাচ্ছে। চারিদিক তাকিয়ে দেখতে দেখতে ভেবে অবাক হচ্ছে এখানে থাকতে পারে? যার জন্য চিন্তার্থ গৌতমকে এভাবে টেনে নিয়ে এলো।

কম বিশ্রী তো লাগছিল না।

যতক্ষণ এসেছে, মনে মনে নিজেকে একশোবার বুদ্ধ বলেছে, গাধা বলেছে, হতভাগা গাড়োল, বাঁদর নায়ের বাঁদর ইত্যাদি করে অনেক কিছুই বলেছে। অথচ সেই সব বিশেষণের উপর্যুক্ত ভাবেই বিনা বিদ্রোহে চিন্তার অনুসরণ করেছে।

ভোর ছটার ট্রেনটা ধরতে পারলে নাকি 'রাজারহালে' আসা যেত। অন্তত চিন্তার্থের এই অভিমত। কিন্তু কী আর করা। যেটা হয় নি তার জন্মে ধিক্কারবাণী হজম করা ছাড়া আর কীই বা করাযায়। অতএব সেটা হজম করতে করতেই আসা। বাস বদল করে ছ ছটো লম্বা পাড়ি দিয়েও, জীবনে যে গ্রামের নাম শোনে নি গৌতম সেই 'জলটুভি' গ্রামে এসে পৌছতে ছপুর গড়িয়ে যেতে বসেছে।

প্রাইভেট বাস, ড্রাইভারের মর্জিয়া উপর ভাগ্য। মাঝখানে কোথায় যেন একবার ড্রাইভার সাহেব হঠাত গাড়ি থামিয়ে নেমে পড়ে একটা আঁকা-বাঁকা পথ ধরে কোথায় যে ঢুকে পড়ল, আসেই না, আসেই না।

প্রতীক্ষা অসহ হয়ে ওঠায় প্যাসেঞ্জাররা নেমে পড়েছিল, গৌতমও অগত্যা। চোখে পড়ল দীর্ঘ দূরে একটা হতভাগা চেহারা চায়ের দোকানের সামনে গিয়ে ভৌড় করেছে সবাই।

চায়ের দোকান।

হোক হতভাগা চেহারার দোকান, জংশ্বর চা, তবু চাতো। এই দীর্ঘ প্রতীক্ষা ও খানিকটা সহনীয় হয়ে যাবে।

অতএব—

হাফ সার্ট খাটো ধূতি, চেক লুঙ্গি, পিঠ ঝাঁজরা গেঞ্জি, তোলা পা টিকিনের পায়জামা আর ছিটের হাওয়াই শার্ট পরা সহযাত্রীদের সঙ্গে দাঢ়িয়ে সেই

নিমের নির্যাসই খানিকটু গলায় ঢেলে নিয়েছে গৌতম নামের চা সম্পর্কে  
অতি খুঁতখুঁতে ছেলেটা ।

কুবি রেগে রেগে বলে, তোর মনের মতো চা বানানো আমার দ্বারা হবে  
না দাদা । দেখব এরপর বৌ এসে যখন নিমপাতার আরক বানিয়ে সামনে  
ধরে দেবে । চুমুক দিয়ে বলবি, ‘আঃ ! এমন নহিলে চা ।’

গৌতম বলে, তা পৃথিবীর যা নিয়ম তাই করবো, এটা আর আশ্চর্য কৌ ?  
এখন শুই চা-টা গলায় ঢেলে ভেবেছিল ‘নিমপাতার আরক’ শব্দটা চা  
সম্পর্কে ব্যবহার করা চলে দেখা যাচ্ছে ।

অভাবে স্বত্বাব নষ্ট ।

আশ্চর্য কর তাড়াতাড়ি হয় সেই নষ্টটা ।

নেহাত আভিজাতাটকুর রেশ বজায় রাখতে ফাটাচটা মোটা কাঁচের কাপ-  
ডিশটা ‘একটু ভালো করে ধূয়ে দেবার’ নির্দেশ দিয়েছিল, আর সাতবাসি  
নেড়ো বিশুট দেখে নাক কুঁচকে অত্যাখ্যান করেছে । আর কৌ করা  
যায় ?

চিন্ত অবশ্য অয়ান মুখেই কাপডিশ না ধূইয়েই খেল এবং সাতবাসি বিশুটও  
খেল । এবং তার থেকেও অয়ান মুখে ছজনের দামটাই গৌতমকে দিয়ে  
দিতে বলল ।

অনেকক্ষণ পরে ড্রাইভার এলো ।

কোনো কৈফিয়তের ধার ধারল না, মদগর্ব চালে নিজের আসনে গিয়ে  
ষ্টিয়ারিং ধরে বসল । কেউ কেউ রসমঢ়ি করতে বলতে চেষ্টা করেছিল  
দাদার এখানে শশুরবাড়ি বুঝি ? নাকি মামার বাড়িটাড়ি ?

দাদা তাদের দিকে অবজ্ঞা দৃষ্টি হেনে স্টার্ট-এর গর্জন তুলে দিলো । হয়তো  
চালকের আসনে বসলেই মাঝের মধ্যে এরকম মদগর্বভাব এসে যায় ।  
তা সেই যে আসনে যে চালকই হোক । কথাটা মনে হয়েছিল গৌতমের  
তখন । ষ্টিয়ারিং ধরার সঙ্গে সঙ্গেই এই অহমিকার সংশ্লার । হতেই হবে ।  
হলেই বা বাসচালক—এতগুলো লোকের জীবন মরণ ওর একার হাতে  
না ।

সেই তখন দেরী, খানিক পরে আবার বাস বদলের সময় গ্যায়সংগতভাবে  
কিছু দেরী। সেখানেও চায়ের দোকান ছিল, দেখে মনে হলো অপেক্ষাকৃত  
ভালো। কিন্তু তখন আর সেদিকে তাকাতে ইচ্ছে করল না গৌতমের।  
খানিক আগে খাওয়া সেই পাঁচটা তখন সারা শরীরে পাক দিচ্ছে।

চিন্ত যে এই রাস্তা এই দোকান, ডাইভারের এই বেপরোয়া ব্যবহারে  
বেশ অভ্যন্ত, তা তাকে দেখে বোঝা গিয়েছে। প্রায়ই আসে বোধহয়।  
যতদিন গৌতম শুরু থবর রাখে নি, ততদিনই কি চিন্ত কলকাতা ছাড়া?  
এইদিকেই কি তার অজ্ঞাতবাসের ভূমি?

এই যে সব চেকলুঙ্গি হাফ শাট্টেরা, এরা এগিয়ে এসে চিন্তর সঙ্গে কথা  
বলতে না এলেও মনে হচ্ছে চেনে জানে। পরিচয় যদি নাও থাকে, অপরিচিত  
নয়।

এদের নিজেদের মধ্যে কথাবার্তার সূত্রে ধরা যাচ্ছে এরা সব চাষীবাসী  
ব্যাপারী। ক্ষেত্রের শাকপুতা আনাজপাতি, কচু কুমড়ো পান পটল, ডিম  
মুরগী, এই সবে ঝোড়া বোঝাই দিয়ে শেষরাত্রের ট্রেনে অর্থাৎ বাজারগাড়িতে  
বেরিয়ে পড়ে কলকাতা অভিযুক্তে। সেখানে পৌছেই দুমদাম পাইকারদের  
হাতে সে সব নামিয়ে দিয়ে খালি ঝোড়া আর ভরা টেঁয়াক নিয়ে ফিরে  
আসে সকালের এই বাসে। সকালে সেই ভোরবেলার ট্রেন ভিন্ন বেলা  
এগারটার আগে নাকি আর এ অঞ্চলের ট্রেন নেই।

এসবই গৌতম শুরুর কথার ভগ্নাংশ থেকে জানতে পারছিল।

বাস যেখানে শেষ নিশাস নিল, সেই জায়গাটার নাম একটা অদ্ভুত শব্দ  
মাত্র।

গৌতম বলল, ‘তেঙ্গুটি’ মানে কী রে চিন্ত ?

চিন্ত বলল, বাংলাদেশের সব গ্রামের নামের মানে খুঁজতে চাইলে সুনৌতি  
চাটুয়েও হেরে যেতেন। হবে কোনো কিছুর অপভ্রংশ।

গৌতম তখন ভাবতে থাকল কোন শব্দ থেকে এটা আসতে পারে? এই  
সময় খুব খানিকটা কলরোল চলল। বাসের মাথা থেকে ঘার ঘার ঝোড়া-  
झুড়ি নামানো, ঠিকঠিক মতো চিনে নেওয়া এ তো আর নিঃশব্দে হবার

কথা নয় ।

চিত্র বলল, এবার আমাদের হাঁটতে হবে ।

হাঁটতে হবে ? সে আবার কতখানি ?

যেতে যেতেই বুঝতে পারবি ।

বাস আর যায় না ?

গেলে হাঁটতে যাব কেন ?

আরে বাবা, তোর সেই জাহান্মটা এখান থেকে আরো কতখানি সেটাই  
জানতে চাইছি ।

চিত্র বলল, মেপে দেখি নি । যেতে যেতেই জানতে পারবি ।

তা জানতে পারল বটে গৌতম নামের ‘মন্ত্রাহত’ ছেলেটা । মন্ত্র ছাড়া আর  
কি ? যাত্রমন্ত্র । একবারও তো বলতে পারছে না, দোহাই ভাই, হোমার  
সাধের জাহান্মে তুমি যাও । আমায় ছেড়ে দাও ।

হাঁটাটা অপ্রত্যাশিত বলেই আরো এত খারাপ লাগছে । ছাত্রজীবনে  
এমন অনেকবারই চিত্রের পাণ্ডায় পড়েছে বটে, কিন্তু তখন পারা সহজ  
হিল । এখন সহজ লাগছে না । তাও যদি প্রথম থেকে জানতো, মনের  
মধ্যে একটা প্রস্তুতি থাকতো ।

ভেবেছিল, বাস থামবে, সবাই নামবে, গৌতমরাও নেমে পড়ে গচ্ছব্যস্থলে  
পৌছে যাবে । তা নয় এ কী !

ধূলো উড়েছিল দুরস্তবেগে, কারণ এটা হওয়ার মাস । গলার মধ্যেটা শুকিয়ে  
কাঠ তার মধ্যেই সৌন্দা সৌন্দা ধূলোর গন্ধ । পাঞ্জী চিন্টা, অন্তত বাড়ি  
থেকে একটা ওয়াটার বটলও আনতে বলতে পারতো । ওরতো এ পরিস্থিতি  
অজানা নয় ।

না : অসহ ; লজ্জা রাখা চলছে না ।

মরৌয়া হয়ে বলে উঠলো, আশেপাশে কোথাও টিউবগুয়েল নেই ?  
টিউবগুয়েল !

চিত্র নাক ভুক্ত কুঁচকে বললো, জায়গাটা দেখে মনে হচ্ছে বুঝি মোড়ে মোড়ে  
টিউবগুয়েল বসানো আছে ?

বাঃ ! সরকারের গ্রামোফন বিভাগ থেকে তো শুনি গ্রামে গ্রামে হাজার  
হাজার নলকূপ—

গুলি মারো গ্রামোফন বিভাগে—

চিন্ত আগুন আগুন গলায় বলে উঠলো, এদিকের পাঁচখানা গ্রামের মধ্যে  
একফুট নলও দেখতে পাবি না ।

আশ্চর্য !

আশ্চর্য ? এখনো আশ্চর্য হবার বিলাসিতা আছে ?

থাকবার কথা নয় বোধহয় । কিন্তু আমার যে বেজায় তেষ্টা পেয়ে গেছে—  
পেতে দে !

দারুণ পেয়েছে ।

দারুণ নিদারুণ, যাই হোক, এখন বলে লাভ নেই । আরো খানিকটা  
হাঁটলে, তবে একটা পুকুর পাওয়া যাবে ।

পুকুর !

গৌতম যদি এতে বিদ্যুতের শক্ত্য, দোষ দেওয়া যায় কী ? দোষ দেওয়া  
গেলেও সে তৌর প্রশ্ন করলো, খাবার জন্যে পুকুরের আশ্বাস দেখাচ্ছিস ?  
পুকুরের জল খাব ?

চিন্ত তাচ্ছিল্যের গলায় বললো, তাছাড়া ? এখানে লোকের তো পুকুরই  
ভরসা । তাই কি জল খাকে ? এখনই শুকোতে শুকু করেছে । মে জুনে  
জল তো ছার কাদাও উঠবে না ।

এতক্ষণে গৌতম চড়ে গুঠে ।

বিদ্রোহের গলায় বলে শুঠে, তোর মতলবটা কি বলতো ? খুন-টুন করবার  
চেষ্টায় ভুলিয়ে নিয়ে এলি নাকি ? ‘জাহান্ম’ দেখা আমার হয়ে গেছে,  
ফিরে যাচ্ছি ।

পারিস তো যা । আমি তো যাচ্ছি না ।

গৌতম হতাশ গলায় বললো, এখানে যে সাইকেল রিকশ পাওয়া যাবে,  
তা ও তো মনে হচ্ছে না ।

চিন্ত হৌট বাঁকিয়ে একটু ব্যঙ্গ হাসলো, যাক, এতক্ষণে একটা বৃক্ষি-

সুন্দিগ্নলা লোকের মতো কথা বললি। সাইকেল রিকশ পাওয়া যায় সেই ‘তেঙ্গুটি’ ইস্ট-এ। যেদিকে বাসগুলো চলে গেল।

ওঃ। এটা বুঝি তোর তেঙ্গুটি শয়েষ্ট ?

না। এটা তেঙ্গুটির ইষ্ট শয়েষ্ট নর্থ সাউথ কিছুই না। এখানটাকে বলে ‘জলটুভি’।

দ্বিজোত্তম যখন অফিস থেকে ফিরলেন, রুবি উসখুস করলেও মায়ের চোখ-টেপা দেখে থেমে গেল, বলে বসল নাছোড়দার কথা। অথচ না বলে বসে থাকাও তো শক্ত।

অমিতা এদিকে চলে এসে স্বামীর চা জলখাবার গোছাতে গোছাতে চাপা গলায় বললেন, মাছুষটা সারাদিনের পর তেতে পুড়ে এলো, এক্ষনি ভাবনা-চিন্তার কথাটা বলতে বসছিলি কেন ? আগে চা-টা অন্তত খেতে দে।

রুবি ঠোঁট আর দু হাত উঞ্চে বললো, চমৎকার ! এই তো একটু আগে দুর্ভাবনায় কাদতে বসছিলে। কৌ করে বুঝবো তোমার কাছে কোন্টা জরুরি।

অমিতা মনে মনে বললেন, এখন বুঝবে না মা, বুঝবে পরে। কিন্তু স্বামীর চা খাওয়াটাই বেশী জরুরি বলেই কি মেয়েকে থামালেন অমিতা ? ছেলের দোষ ঢাকার উদ্দেশ্যে কি ছিল না ? চা খাওয়ার কালে যদি অমিতা দ্বিজোত্তমকে এটা ওটা কথায় কিছুক্ষণ ভুলিয়ে রাখতে পারেন এবং সেই সময়টার মধ্যে গোত্তম এসে যায়, তাহলে তো আর কোনো ব্যাপারই ঘটতে পারে না। অমিতা অনায়াসেই তাড়াতাড়ি ছেলেকে বকে উঠতে পারবেন, হঁয়ারে, সেই কোন্ কালে বেরিয়েছিলি একক্ষণে বাড়ির কথা মনে পড়লো ?

সেই কোন্ কালটা যে ঘড়ির কোন্ কাল সেটা গোলে হরিবোলে উহু থেকে যাবে, পরিস্থিতি সহজ হয়ে যাবে। অমিতা তাই মেয়েকে নিবৃত্ত করলেন। একটা মস্ত সুবিধে বড় ছেলে বড় বৌ অনুপস্থিত। অর্থাৎ দু জোড়া শ্যেনদৃষ্টির হাত থেকে রক্ষা পাওয়া গেছে। তাদের সেই দৃষ্টিলক্ষ

ମୂଳଧନକେ କାଜେ ଲାଗିଯେ ଅମିତାର ଛୋଟ ଛେଲେ ସମ୍ପର୍କେ ଯେ ସବ ତାଙ୍କୁ କଟାଙ୍ଗ, ତୌର ମନ୍ତ୍ରବ୍ୟ ନିକିଞ୍ଜ ହତେ ପାରତୋ ସେଟୀ ହତେ ପାରେ ନି । ଇତିମଧ୍ୟେ ହତଭାଗା ନିର୍ବୁଦ୍ଧିର ରାଜୀ ଛେଲେଟା ଯଦି ଏସେ ପଡ଼େ, ଓହ ପ୍ରବଳ ଏକଜୋଡ଼ା ବିରଦ୍ଧବାଦୀ ସମାଲୋଚକେର ଥପରେ ପଡ଼ିବେ ନା ।

ଯଦିଓ ଅମିତା ବଡ଼ଛେଲେର ଏହି ନିୟମିତ ସମ୍ପ୍ରାହାନ୍ତେ ବୌ ନିଯେ ଶଶ୍ର ବାଡ଼ି ଯାଓଯାକେ ‘ଶନିପୁଜୋ’ ଦିତେ ଯାଚେ ବଲେ ବ୍ୟଙ୍ଗ କରେନ, ତବୁ ଏହି ଯାଓଯାଟାଯ ମନେ ମନେ ପରମ ସ୍ଵସ୍ତି ବୋଧ କରେନ । ଛୁଟିର ଦେଡ଼ଦିନ ଅନ୍ତତଃ ଅମିତାର ଛୋଟ ଛେଲେ ଆର ମେୟେର ଗତିବିଧିର ହିସେବ କୋନୋ ବିଶେଷ ଖାତାଯ ଜମା ପଡ଼େ ନା ।

ଆଗେର ମଧ୍ୟେ ହୁ-ହୁ କରଛେ, ସାରାଦିନେର ଅନ୍ନାତ ଅଭୁତ ଛେଲେଟାର ଚେହାରାଟା ଭାବତେ ଗିଯେ ଡୁକରେ କାନ୍ଦା ଆସଛେ, ପଥେ ବେରିଯେ ଜଗତେ ଯତରକମ ବିପଦ ଘଟା ସମ୍ଭବ ସେଇଗୁଲୋ ଭୌଡ଼ କରେ ଚୋଥେର ସାମନେ ଠେଲେ ଠେଲେ ଉଠିଛେ ତାର କେନ୍ଦ୍ରବିନ୍ଦୁତେ ଗୌତମ ନାମେର ଛେଲେଟାକେ ବସିଯେ ତବୁ ହିର ଥାକତେ ଚେଷ୍ଟା ।

ଯାନବାହନେର ଦୁର୍ଘଟନାର କଥା ତୋ ଛେଡେଇ ଦାଓ, ଆରୋ କତରକମ ଡ୍ୟାବହ ସ୍ଟଟନାଓ ତୋ ଆକହାର ଘଟତେ ଦେଖଛେନ ଅମିତା । ଶୁଣଛେନ, ପଡ଼ିଛେନ ।

ବନ୍ଦୁ, ଏକାନ୍ତ ପରିଚିତ ବନ୍ଦୁ, ହଠାଂ ଡେକେ ନିୟେଗେଲ, ହୟତୋବାଡ଼ାଭାତ ପଡ଼େ ରାଇଲ, ଆର ଫିରିଲ ନା ଛେଲେ ! ହୟତୋ ଚିରତରେଇ ଲୁଣ୍ଠ ହୟେ ଗେଲ ସେଇ ପ୍ରାଣପୂର୍ବ ମୂର୍ତ୍ତିକୁ । ହୟତୋ ବା ଦୁ-ଚାରଦିନ ପରେକୋଥାଓ ତାରଲାଶ ପାଣ୍ଡ୍ୟା ଗେଲ ବିକ୍ରତ ଗଲିତ, ସନାତ୍ରେ ଅଧୋଗ୍ୟ ।

ଏଣ୍ ତୋ ବନ୍ଦୁଇ ଡେକେ ନିୟେ ଗେଲ ।

‘କାଳ’ ବନ୍ଦୁ । ଅମିତାର ବରାବରେର ବିରକ୍ତିକର ଓହ ପାଜୀ ଛେଲେଟା ! ଗୌତମକେ ଯେନ କେନା ଗୋଲାମ ବାନିଯେ ରପଟେ ବେରିଯେଛେ । ଅନେକଦିନ ଆର ଦେଖୁ ଯାଯନି ହାଡେ ବାତାସଲେଗେଛିଲ ଅମିତାର । ହଠାଂ ଆଜ ଆବାର କୋଥାଥେକେ ଉଦୟ ହୟେ ଗଲାଯ ଫାଁସ ଦିଯେ ଟେନେ ନିୟେ ଗେଲ ।

ଚା-ଟକୁ ପର୍ଯ୍ୟନ୍ତ—

ମୁଁଥେ ଓାଚିଲ ଦିଯେ ଡୁକରେ ଓଢ଼ାଟା ସାମଲେ ନିଲେନ ଅମିତା ।

ଅନିତାର ଭିତର ଥେକେ ଯେନ ଆର୍ତ୍ତନାଦ ଉଠିଛେ, ଏଟାଇ କୁଳକ୍ଷଣ । ଏଟାଇ ପରମ

অমঙ্গলের চিহ্ন। চিরকালের নিয়ম বাসিমুখে বাড়ি থেকে বেরোতে নেই।  
আমি কেন জোর করলুম না গো—

অমিতার মনে হয় বুকের মধ্যে কে যেন করাত চালাচ্ছে কেন নিজে বেরিয়ে  
দেখলাম না সেই শনি বঙ্গুটার তখন চোখ মুখের চেহারাটা কি রকম ছিল।  
খুনের চিন্তা মাথায় নিয়ে কেউ যদি—তখন কি তার চেহারায়? বৌভংসতাৰ  
রূপ কী?

আঃ ভগবান! আমি কেন এত ভয়ানক কথাগুলো ভাবছি! নিঃশ্বাসে  
প্রশ্বাসে অবিরত ঠাকুৱের নাম করতে থাকেন অমিতা কিছুতেই যেন তার  
ফাঁক দিয়ে অমঙ্গল চিন্তা উকি দিতে না পারে।

তবু অমিতা দ্বিজোন্তমের কাছে এসে বসতে চেষ্টা করলেন। বললেন, তোমাদের  
অফিস যে শুনেছিলাম কাছাকাছি কোথায় উঠে আসবে! এলে তো বাঁচা  
যায়।

দ্বিজোন্তম হাসলেন, বললেন, উঠে আসতে আমাৰ লৌলাখেলা ফুরোৰার  
সময় হয়ে আসবে। বণ্ণেল রোডে জমি যোগাড় হয়েছে, এই পর্যন্ত—  
সন্দেশটা ফেলছ কেন?

বলি ছাটো করে মিষ্টি দিও না, ছাড়বেনা তো। এ বয়সে বেশী মিষ্টি খাওয়া  
ঠিক নয়।

আচ্ছা, কাল থেকে আৱ দেবো না, আজ তো খাও।

ছাড়াছাড়া শুকনো কথা।

তবে দ্বিজোন্তম ঠিক ধৰতে পারেন না এই বেলক্ষণ!

জলের ফাসে চুমুক দিতে দিতেই প্রশ্ন করলেন দ্বিজোন্তম, এৱা বুঝি এখনো  
ফেরে নি?

বলে ফেলেই ভাবলেন, বলাটা ঠিক হলো না। অমিতাকে কতকগুলো  
কথা বলাৰ স্কোপ দেওয়া হয়ে গেল। যে কথাগুলো শ্রান্তিস্থুতকৰ নয়।  
এমনিতেও তো অধিক কথায় অনৌহা দ্বিজোন্তমের। তার উপৰ আবাৰ  
যদি সে কথা অভিযোগমূলক হয়।

অস্তকে দ্বিজোন্তম এক বাঁক অভিযোগের খাঁচাৰ দৱজা খুলে দিলেন।

অবশ্যই এখন অমিতা স্বামীর এই নেহাত সহজ প্রশ্নটারসোজাস্বজি উত্তর না দিয়ে প্রতি প্রশ্ন করতে থাকবেন, কবে তাঁর ছেলে বৌ এ সময় ফেরে? কবে ভাবে মায়েরও কথনো ছুটিছাটার দিনে সাধ হতে পারে বড় ছেলে বাড়িতে থাকুক তিনি তাই বোনে একসঙ্গে ভাত খাক।

শুনতে পাওয়া যায় শ্বশুরবাড়ি গিয়ে শালী শালাজদের নিয়ে খিয়েটার সিনেমা দেখায়। কই কথনো তো ইচ্ছে হয় না ছোট বোনটাকে কিছু করি। শাড়িটা জামাটা যদি দেয়ও কথনো, তো কথনো নিজে হাতে করে নয়, সেই বৌয়ের হাত দিয়ে। এ খেয়াল হয় না ‘দাদা’ ভালবেসে ডেকে কিছু দিলে যে আনন্দ, ‘বৌদি’ দিলে সে আনন্দের সিকির সিকিং হয় না।

আর মায়ের কথা তো বাদই দাও।

কবার বা ‘মা’ বলে ডাকে ?

কার্যকারণ স্মৃতিহীন এমন বছ প্রশ্ন উথলে ওঠে অমিতার সামাজিক সুযোগ পেলেই।

তাই আপন অসর্কতায় শক্তি হলেন দ্বিজোত্তম। কিন্তু দ্বিজোত্তমের সৌভাগ্য, অমিতা আজ একটা সহজ উত্তর দিলেন। সংক্ষিপ্ত।

বললেন, রাতের খাওয়াটা সুন্দর না খাইয়ে তো মেঘে জামাইকে ছাড়েন না বেয়ান।

অমিতার পক্ষে এটাই সংক্ষিপ্ত, এবং এটাই আমিয় গন্ধবিহীন।

দ্বিজোত্তম অতএব একটু মধুর রসের স্বাদ পাবার সুযোগ পেলেন। অথবা নিলেন। হেসে বললেন, তোমার জামাই হলেও তুমি ছাড়বে না।

অমিতা বললেন, আমার ভাগো কেমন জামাই হবে ভগবান জানেন। হয়তো মোটেই ‘গায়ে পড়া হবে না, নেহাত জামাই জামাই’ হবে। নিশ্চাস ফেললেন একটা।

দ্বিজোত্তমের আঝ অফিসে একটা সুখবর ছিল, একটা মেসিন বিগড়ে বসে-ছিল ক তদিন ধরে অকস্মাৎ কেমন চালু হয়েগেল। আর হলো দ্বিজোত্তমেরই বুদ্ধিতে। তাই মনটা একটু হালকা ছিল। তাই মুখে এসে যাচ্ছিল, তার

মানে শাশুড়ীদের কাছে ‘গায়ে পড়া’ জামাই-ই কাম্য। জামাইয়ের ‘জামাই জামাই’ হওয়াটা প্রশংসনীয় নয়! কিন্তু সামলে নিলেন। থাক, তুচ্ছ একটু পরিহাসের স্মৃতে আবার কোন্ বন্ধ খাঁচার দরজা খুলে পড়ে।

তাই অন্য প্রসঙ্গে এলেন।

বললেন, এখনকার ছেলেদের যে কী খামখেয়াল। আজ গৌতমের এক বন্ধু বেড়াতে এসেছিল—কথন জানো? আমি যখন—

অমিতা তাড়াতাড়ি উঠে পড়লেন, বললেন, গেটের শব্দ হলো মনে হলো।

ওরা বোধহয়—

চলে গেলেন সিঁড়ির দিকে।

‘শব্দ’ শোনাটা কি ছলনা মাত্র?

ভয়ঙ্কর একটা শব্দ কি শুনতে পাচ্ছেন না অমিতা? সমুদ্রের টেউ আছড়ানোর মতো? ভৌমণ জোরে ইঞ্জিন চলার মতো! আসলে সেটা ছু-ছুটো ভয়ের সংঘর্ষের শব্দ।

এক ভয় মেই ছেলেটার জন্যে, (যার কথা ভাবতে গেলেই অমিতা কেবল তার ক্ষতিবিক্ষত রক্তাক্ত মূর্তিটাই দেখতে পাচ্ছেন।) আর ভয়, এই ভয়ঙ্কর খবরটা এতক্ষণ স্বামীর কাছে চেপে রাখবার জন্যে ধিক্কত হবার।

প্রকাশ তো হয়ে যাবে।

এখনই প্রকাশ হয়ে যাবে।

উত্তম আর উত্তমের বৈ ফিরলেই উদ্বাটিত হয়ে যাবে অমিতার বাতাবরণ।  
রাত করে ফিরবে উত্তম, আর ফিরেই জিগ্যেস করবে, গেট বন্ধ করবে কিনা।

দ্বিজোত্তমের এ সময় একটু বই পড়ার সময়, তাই যখন দেখলেন গেটের শব্দটার কোনো ফসল ফললো না এবং অমিতাও ফিরে এলেন না, তখন বই নিয়ে বারান্দার চেয়ারে গিয়ে বসলেন। বুঝলেন অমিতা কোনো কাজে জুড়ে গেছেন।

এ বারান্দাটা রাস্তার ধারের নয়।

শোবার ঘর সংলগ্ন ছোট একটু বারান্দা, যেখান থেকে বাড়ির পিছনের

আট ফুট ছাড়া জমিটিকু দেখা যায়। আগে তু চারটে টুকটাক গাছ ছিল, সম্পত্তি তিনতলায় ঘর তোলা বাবদ ইট কাঠ বালি চুন ইত্যাদিরসমাধি-ক্ষেত্র হয়েছে। কিন্তু নৌচেকার ওই দৃশ্যের তারতম্যে কিছু এসে যায় না দিজোন্টমের, বাতাসটা তো আসে উপর থেকে। আসছে সেই বাতাস বড় মনোরম। বেতের চেয়ারটাকে আলোর নৌচে টেনে নিয়ে বসলেন নিশ্চিন্ত মনটি নিয়ে। জানেন ছোট পুত্রু বেড়িয়ে ফিরলেই অমিতা খাবার ডাক দেবেন। অবশ্য বেড়িয়ে ফিরতে পুত্রুরের প্রায়ই দেরী হয়। দিজোন্টমের শেষ রাত্রিতে উঠে অফিস খাবার প্রস্তুতি, তাকে অমিতা আগে খেয়ে নিতে বলেন, দিজোন্টম ইচ্ছুক হন না।

একদিন শুধু বলেছিলেন, ফাঁকা টেবিলে একা খেতে বসলে মনটা কেমন ফাঁকা ফাঁকা ঠেকে।

অমিতা বলেছিলেন, তা খেতে বসে গল্প করতেও তো দেখ না।

দিজোন্টম হেসেছিলেন, তোমরা গল্প করো আমি সেটা দেখি।

তা সবদিনই কি আর সেটা দেখতে পান দিজোন্টম।

শনি, রবি দুদিন তো উত্তম দম্পতির রুটিন অন্ত। অমিতারও মাঝে মাঝেই বাঁর ব্রত উপোস-টুপোস। তবে রবি একাই একশো এই যা। কিন্তু আজ রবি এমন নিঃসাড় কেন?

ভাবলেন দিজোন্টম, সবদিন তো বাবা ফিরলেই বেশ খানিকটা বকবক করে যায় মেয়েটা! বেশীর ভাগই সারাদিনের খবর পেশ। বাড়ির, পাড়ার, খবরের কাগজে পড়া দেশের দশের।

দিজোন্টম কখনো হাসিমুখে বলেন, এবার থামা দে, বইটা একটু পড়ি। আজ হয়তো মায়ে মেয়েয় বিশেষ কোনো রাখাই করছে।

কিছু একটা কারণভেবে মেওয়া, এটাই স্বভাব দিজোন্টমের। ডেকে হেঁকে জিজ্ঞেস করতে যান না। আজও গেলেন না। বললেন না, ‘গেট-এর শব্দ হলো বললে, কই? কে এলো?’

বইয়ের পাতাগুলো বাতাসে ফরফরিয়ে উঠতে চাইছে, কোনো ছুটো আঙুলের ডগায় চেপে ধরে। আস্তে আস্তে তলিয়ে গেলেন তার মধ্যে।

সেই ভূবে থাকা মনেও একটা শুন্দর স্নিগ্ধ অশুভ্রতি । শাস্তির, তৃপ্তির ।  
এই বাড়িটি তিনি আস্তে আস্তে গড়ে তুলেছেন স্বোপার্জিত অর্থে ।  
জমি কিনেছেন খুঁজে খুঁজে মনের মতো জায়গায় ।

তখন টাকাকড়ি বেশী ছিল না, ওরই মধ্যে ঘন্টা সন্তুষ্ট শোভা সৌন্দর্য  
বজায় রাখিবার চেষ্টা করেছেন, ক্রমশঃ আস্তে আস্তে কিছু কিছু বাড়াচ্ছেন ।  
সকলের ঘাতে স্মৃবিধে হয় । আরামে থাকে তার দিকে দৃষ্টি রেখেছেন ।  
দক্ষিণ দিকের সবচেয়ে বড় বলতে গেলে বাড়ির প্রধান ঘরটাই বড় ছেলে  
বৌয়ের নামে বানিয়েছিলেন, ছেলের বিয়ে হওয়ার পর সেটা তাদের দখলে  
চলে গেছে । এতদিনে আবার তিনতলায় তেমনি একখানা ঘর তুলেছেন  
ছোট ছেলের জন্যে । মেয়ের জন্যেও ছোট একটি ঘর বরাদ্দ আছে, যেটা  
তার মা বাপের ঘরের সঙ্গে খোলাদরজা দিয়ে যুক্ত । লেখাপড়া গান সবই  
তার নিজের ঘরে । নিজেদের জন্যে এদিকের ঘরটি যার এক কোণে মাত্র  
একটা দক্ষিণমুখী জানলা, বাকি সব উত্তরমুখী ! যে ব্যবস্থার জন্যে অমিতা  
মনে মনে একটু ক্ষুঁক ।

যখন উত্তমের বিয়ে হয় নি, উত্তম গৌতম দৃষ্টি ভাই একসঙ্গে থেকেছে, তখন  
অমিতার ‘বড় ছেলের জন্যে বড় ঘর ভালো ঘর, ভাবতে ভালো লেগেছে ।  
ছোটকে শুনিয়ে বলেছেন, ‘জোষ্টের শ্রেষ্ঠ ভাগ’ এটা শাস্ত্রের নিয়ম ।

কিন্তু এখন, শুই ঘরের মালিকানা আসা অবধি অমিতার যেন তেমন সুখ  
নেই । তবে স্বামীর কাছে সেই অ-সুখের কথা ব্যক্ত করতে লজ্জা করে ।  
যে মানুষ, স্ত্রীর স্মৃবিধে অশুভ্রতি দেখবেননা, বরং এতে তাঁকে নৌচু চোখে  
দেখবেন । অমিতার বোনেরাও তো বলেছে । জামাইবাবুর যেমন কাণ্ড !  
বাড়ির কর্তা এত কষ্ট করে বাড়ি করলেন, নিজের দিকটা, একটু দেখবেন  
তো ?

তা বোনের কথার উক্তি দিয়ে কথাটা দ্বিজোত্তমের কানে তোলায় দ্বিজোত্তম  
যৃহৃ হেসে বলেছিলেন, ‘নিজের দিকটা দেখিনি কে বলল ? এই যে পুবের  
এই ঝোলা বারান্দাটি ? যার চারদিক থেকে হাওয়া আসে । স্বেফ স্বার্থ-  
পরের মতো নিজেদের জন্যে রেখেছি না । বলতে কি শুধু দুজনের কথা

ভেবেই বানিয়েছি।'

কিন্তু অমিতা আবার কবে শুই ঘরের মধ্যে দিয়েপারহয়েলোক লোচনের আড়ালে পড়ে থাকা বারান্দাটুকুতে বসতে যান? ভোগ উপভোগ যা কিছু করতে শুই কর্তাই করেন।

আলো থাকলে পড়েন, সোডশেডিং হলে চুপচাপ ইজিচেয়ারটিতে পড়ে থাকেন। তু অবস্থাতেই মুখের রেখায় ফুটে থাকে একটি স্লিপ ছাপ। শাস্তির, পরিত্তপ্তির। তিনতলার অংশটুকু তৈরী হওয়ার পর যেন এই পরিত্তপ্তির ছাপটি বেশী পরিষ্কৃট। বড় ভাইয়ের বিয়ের পর সে একটু উদ্বাস্তু হয়ে গিয়েছিল।

হৈ চৈ ধূম ধড়াকা করে কথনো কিছু করেননা দিজোত্তম নামের মানুষটি। কারো সঙ্গে পরামর্শ করার আড়ম্বরে বেশী কথার চাষও করেন না, যা করেন প্রায় নিঃশব্দে। অথচ কার কি দরকার, কার কি ইচ্ছে বুঝও যান ঠিক

অবশ্য সংসারে, সবাইয়ের সন্তোষবিধান স্বয়ং ভগবানেরও আছে কিনা ভগবানই জানেন, তবে এই মানুষটি যেন আপন অন্তরের সন্তোষ দিয়ে সেই ‘অদৃশ্য অসন্তোষ’গুলোর শৃঙ্খলাটা অনুভবের বাইরে রাখেন। উনি জানেন জীবনকে ‘অবস্থার’ ছাঁচেই ঢালাই করতে হয়। তাঁরপর সেই জীবনের গায়ে কারুকার্য করাটা ইচ্ছে রুচির ওর অধ্যবসায়ের। খুব একটা কাব্য সাহিত্য ঘেঁষা ভালো ভালো কথা জানেন না দিজোত্তম, কিন্তু তাঁর নিজস্ব অহভূতি বলে জীবনটাকে গড়ে তোলাও একটা শিল্প-কাজের মতো।

কারো ইচ্ছের উপর জুলুম করা, কারোকে দোষারোপ করা, সংসার সদস্তরা গৃহকর্তার বশতা স্বীকার করে চলবে, এমন কথা দিজোত্তম ভাবতেই পারেন না। অমিতার সঙ্গে হয়তো তাঁর মনের স্বর মেলে না কিন্তু তার জন্যে আক্ষেপও নেই। স্বর মেলানোর চেষ্টাও করতে যান না। জানেন সৃষ্টিকর্তা যাকে যেমন গড়েছেন।

অমিতা সম্পর্কে দিজোত্তমের বিরক্তি নেই বিতৃষণও নেই, খেটা আছে

সেটা হলো একটু ‘ম্বেহ ম্বেহ করণা !’

অতএব সুখী হতে আটকায় না দ্বিজোন্তমের ।

সেই সুখী মুখটি নিয়েই তাঁর দিনরাত্রি আবর্তিত হতে থাকে ।

এখন এই নিশ্চিত বিশ্রামের সময়, সেই ছাপটির পালিশে মুখটি বড় মশগ দেখাচ্ছে । এই মশগতার ভাষা হচ্ছে—পৃথিবী কী সুন্দর । জীবন কত মধুর !

হয়তো পৃথিবীর সৌন্দর্য অঙ্গুঘ রাখবার, জীবনের মাধুর্য বজায় রাখবার ক্ষমতা মাঝুমের নিজের হাতেই থাকে, শুধু সবই সে ক্ষমতার খবর রাখে না বলেই সৌন্দর্য আর মাধুর্য হারিয়ে রিক্ত মূর্তিতে ঘুরে বেড়ায় ।

কিন্তু দুঃখ দারিদ্র্য ভাগ্যের নিষ্কর্ণতা ? বিধাতার রোষ অভিশাপ ?

আছে বৈকি । সবই আছে ।

শুধু সেগুলো যে আছে, থাকে, সেটা জানা থাকলেই হলো ! তারপর তো আছেই লড়াই । লড়বার জগ্নেই তো পৃথিবীর ভূমিতে পা রাখা । কিন্তু সে লড়াই কি মাঝুমের সঙ্গে ? না ভাগ্যদেবতার সঙ্গে ? সন্তার গভীরে যদি এই পণ থাকে ‘কিছুতেই হার মানব না !’ তবে সাধ্য কি তাঁর হারিয়ে দেন ?

অবশ্যই এতো সব কথা-টথা জানেন না—দ্বিজোন্তম নামের মাঝুষটা । শুগুলো ওঁর সহজাত । কর্মজীবনে প্রতিষ্ঠা পেয়েছেন কর্মেরই জোরে । সেই কর্ম-ক্ষেত্রে ভালবাসা আর ঈর্ষা ছট্টোই জুটেছে প্রায় সমানভাবেই । দ্বিজোন্তম একটাকে আনন্দের সঙ্গে গ্রহণ করে থাকেন, অন্যটাকে ‘প্রাপ্য পাওনা’ বলে বহন করে চলেন ।

অবশ্য মাঝুমের এই সংসারে দ্বিজোন্তমের একটাই মাত্র পরিচয়, কাজপাগল আর নির্বিরোধী । নিস্তেজ বলেই নির্বিরোধী ।

‘অনেকক্ষণ পর্যন্ত অমিতা ভগবানের কাছে প্রার্থনা করছিলেন । তাঁর বড়-ছেলের ফেরাটা যেন বিলম্বিত হয় । যেন সেই অবকাশটুকুর মধ্যে ছোট ছেলে তাঁর মুখরক্ষা করে । কিন্তু সে প্রার্থনা ভগবানের কানে পৌছচ্ছে

না দেখে হঠাতেই একসময় প্রার্থনার বিষয়বস্তু বললে গেল। কখন থেকে  
যেন অমিতা ভগবানের কাছে প্রার্থনা শুরু করলেন, বড় ছেলের ফেরাটা  
হ্রাসিত হোক। যত দেরী হবে ততই তো হারিয়ে যাওয়া ছেলেটাকে  
খুঁজতে বেরোনোর পথ বন্ধ হয়ে যাবে।

রুবি ঠায় বাইরের দিকের বারান্দায় দাঢ়িয়ে ছিল, গেট-এ চোখ ফেলে।  
একসময়ে চলে এসে মার বিছানার কাছে দাঢ়িয়ে রেংগে বলল, বাবাকে  
বলছ না-ই বা কেন ?

অমিতা বিছানাই নিয়েছিলেন, আচ্ছে উঠে বসে বললেন, কুঁকে বলে কৈ  
হবে ?

কী হবে মানে ? কিছু তো একটা করতে হবে। কোথাও ফোন-টেল  
করা, কি—

থেমে গেল।

গলাটা বুজে এলো বলেই থেমে গেল।

অমিতা প্রায় ভুকরে উঠে বললেন, কিছু করবেন না এই মাঝুষ। এতকাল  
ধরে দেখছি তো। বলবেন এত ভাবনার কী আছে ? বন্ধুর সঙ্গে গেছে,  
কোথাও গিয়ে পড়ে আটকে গেছে আর কি।

রুবি বসে পড়ে বলে, ঠিক এই সময় গগনটাও দেশে গিয়ে বসে আছে।  
আর দাদাটাও এত নির্ণজ হয়েছে ! উঃ ! ঘরজামাই হলেই ভালো ছিল  
ওর। শশুরবাড়ি যেন স্বর্গভূমি—

হোক বড় ভাই, তবু রাগের সময় মাঝুষ কাকে কী না বলে ! বিশেষ করে  
মেয়েমাঝুষ !

কিন্তু যা বলেছে রুবি সেটা কি খুব অন্যায় বলেছে ?

এই রাত এগারোটায় নিখিলবাবুর চাকর খবর দিতে এলো, ‘এ বাড়ির  
উন্নত দাদাবাবু শশুরবাড়ি থেকে ফোন করে বলতে বললেন, মাজাজ থেকে  
বৌদিয় দৰ্দি না কে এসেছেন, আজ রাতে আর শুনারা ফিরবেন না।  
কাল সকালে আসবেন।

এরপর ?

এরপর আর কৌ গতি আছে অমিতার, ‘সেই মানুষটার কাছে গিয়ে  
আছড়ে পড়া ছাড়া ?

আছড়ে গিয়ে পড়লেন সেইখানে। যেখানে ভারী হয়ে আসা রাত্রির স্তক  
গান্তীর্ঘের গায়ে বৈশাখের মেশা লাগানো এলোমেলো বাতাস দূরস্থ শিশুর  
মতো লুটোপুটি ছুটোছুটি করছে আর দ্বিজোন্তম পড়তে পড়তে হঠাত  
বন্ধ করে বইটার পাতার মধ্যে আঙুল রেখে চুপ করে বসে ভাবছেন  
বড় বেশী বয়সে বই পড়ার অভাসটা করেছি। জীবনের অনেকগুলো  
দিন ফুরিয়ে গেল।

তা মনে মনে যে চিন্তাই করুন, অমিতার ভবিষ্যৎবাণী সফল করলেন।  
স্ত্রী কন্তু দুজনকে অবাক করে দিয়ে অবাক গলায় বললেন, আমি এখন  
নিখিলবাবুর বাড়ি গিয়ে ফোন করে চলে আসতে বলব ওকে ? পাগল  
নাকি ? এসে কৌ করবে ? ‘গৌতম’ ‘গৌতম’ করে রাস্তায় রাস্তায় ডাক  
দিয়ে বেড়াবে ? এত অস্থিরহৃবার কৌ আছে ? বিপদের কথাই বা ভাবছ  
কেন ? ওই বন্ধুটির পাল্লায় পড়ে এরকমতো আগেও করেছে—কলকাতা  
ছাড়িয়ে কোথাও গিয়ে পড়েছে হয়তো।

আর বড় ছেলেকে যখন অমিতা ‘বেহায়া হতভাগা কুলাঙ্গার’ বিশেবণ  
বিভূষিত করছেন। তখন আরো অবাক হয়ে বললেন, কৌ আশচর্য ! দূর  
থেকে হঠাত আপনজন এসে পড়লে, বৌমার তো থেকে ঘাবার ইচ্ছে  
হওয়াই স্বাভাবিক। এমন তো নয় তুমি ওদের জন্যে রান্নাবান্না করে  
ঘাবার নিয়ে বসে আছ।

অমিতার বেশী রাগ আসে এই নিরন্তর ভঙ্গিতে। কড়া গলায় বলে  
গুঠেন, তা যার ‘আপনজন’ সে না হয় বসে থাকলো। এই বেহায়াটার  
বসে থাকবার কৌ দরকার ? ও চলে আসতে পারত না ?

এতে দ্বিজোন্তম একটি গম্ভীর হলেন। বললেন, কেন, শুধু বৌমারই  
আপনজন ? ওর নয় ? এই যে কুবি, ওকে কি বৌমার আপনজন বলা  
যাবে না ?

তবে নেমে অমিতার বুঝি সেই বুকচাপা ভয়েরভারটা হঠাত একটু হালকা

হয়ে যায়। বলে গুঠেন চমৎকার ! সেইটা আর এইটা এক হলো ?  
আমি তো একই দেখছি। একই তো সম্পর্ক। যাক গে আমি হয়তো  
ওসব ভালো বুঝি না। কিন্তু রাত তো অনেক হলো খাওয়া-টাওয়া হবে  
না ?

খাওয়া ।

অমিতার চেঁচিয়ে উঠতে ইচ্ছে হলো ।

তিনি যখন মনশক্ষে ছেলের ছোরাবিন্দু শরীর অথবা গাড়ির চাকার তলায়  
পিষে যাওয়া মাথার দৃশ্য দেখতে দেখতে উদ্ভাস্ত হয়ে উঠেছেন তখন এই  
মালুষটা খাওয়ার সময় উত্তীর্ণ হওয়ার কথা ভাবছে ? কী হৃদয়হীন । কী  
চক্ষুসজ্জাহীন ।

চেঁচিয়ে ওঠার ইচ্ছেটা সামলে ভারী গলায় বললেন, কুবি, তোর বাবাকে  
খেতে দিয়ে খেয়ে নিগে যা ।

দিজোন্টম বললেন, শুধু বাবাকে ? মাকে নয় কেন ?

আমি ? আমার এখন খেতে বসার মতো মনের অবস্থা দেখছি ।

দিজোন্টম একটু হাসলেন, ‘মনের অবস্থা’ তো দেখা যায় না। তবে তুমি  
না খেয়ে বসে থাকলে যদি ছেলে তাড়াতাড়ি চলে আসবে মনে কর বলার  
কিছু নেই। দে কুবি আমাকেই দিয়ে দে। আবার তো সেই ভোরবেলা—  
কিন্তু আমার তো মনে হয় পেট খালি থাকলে ভয় ভাবনা রাগ, দৃঢ় এরা  
বেশী করে চেপে ধরে। শক্রকে প্রশংস দিয়ে বাড়িয়ে লাভ কৌ ? যাকগে,  
যে যা বোঝে। কুবি দে বাবা, আমাকেই তবে দিয়ে দে ।

অমিতা ভাবলেন কী হৃদয়হীন ! কী হৃদয়হীন !

চড়া রোদ থেকে এসে নৌচু খড়ের চালা ঘরটার মধ্যেটায় কিছুই প্রায়  
দেখা যাচ্ছিল না, বলতে গেলে ঘুটঘুটে অঙ্ককার। অবশ্য তাছাড়া হবেই  
বা কৌ ? আলো আসবার পথ বলতে তো ওই নৌচু দরজাটা যাতে মাথা  
হেঁট করে ভিন্ন ঢোকা যায় না, আর তারই মুখোমুখি ও পিটের দেওয়ালে  
কয়েকটা ঘুলঘুলি ছাড়া আর কিছু নেই ।

মাথাটাকে বেশ কিছুটা হেঁট করে চুকতে হলো পাঁচ ফুট দশ ইঞ্চি গৌতমকে ।  
চিন্তকে অবশ্য অন্তটা নয় । আর ওর তো ভঙ্গিটা অভ্যন্ত ।

চুকে পড়ে প্রথমটা চোখে চোখাকা অঙ্ককার ছাড়া আর কিছু দেখতে  
পেল না গৌতম । মিনিট খানেক পরে শুই ঘুলঘুলি দিয়ে এসে পড়া  
আলোর রেখাগুলোই কাজ দিলো ।

দেওয়াল ঘেঁসা একটা সরু চোকী শ্রীহীন একটু বিছানার উপর বিছানার  
সঙ্গে প্রায় মিশে থাকা যেমেয়েটি শুদ্ধের আসার সাড়া পেয়ে একটু আগেই  
উঠে বসেছিল তার মুখটা দেখতে পেল গৌতম ।

যদিও এই অস্তুত অ-দৃষ্টিপূর্ব পরিবেশ গৌতমকে যখন ধাক্কা দিয়ে ঠেলে  
দিতে চাইছে, তবু গৌতমের মনে হলো এ মুখ আগে দেখেছে ।

আর একবার তাকাল গৌতম । এখন মনে হলো ঘুলঘুলগুলো খুব অকর্মা  
নয়, ক্রমশই যেন আলোকদানে উদারহন্ত হচ্ছে । এখন মনে হলো, হঁয়া !  
নিশ্চয় । এ মুখ আমি আগে কোথাও দেখেছি । হঁয়া ! হঁয়া ভুরুর ওপর  
শুই একটা তিল, ভৌষণভাবে মনে পড়ছে ।

কিন্তু কোথায় দেখেছি ?

চিন্ত পাজোটা তো কিছুতেই একবারও বলে নিকোথায় নিয়ে যাচ্ছে, কেন  
নিয়ে যাচ্ছে । এই মেটে দাওয়াখড়ের চাল, আবোল তাবোল জিনিস দিয়ে  
বেড়া দেওয়া বাঢ়ি বললে বাঢ়ি ঝুপড়ি বললে ঝুপড়িটায় চুকে এসে  
বলল, চল দেখবি যাকে শাশানে নিয়ে যেতে হবে । মাথাটা একটু হেঁট  
করে চুকতে হবে ।

গৌতম দাঁড়িয়ে পড়ে রক্ষ গলায় বলে উঠেছিল, সত্যিই কি মড়া ফেলে  
রেখে কলকাতায় ছুটেছিলি ?

চিন্ত উত্তর দিয়েছিল আহা পুরো মড়া হলে কি আর ফেলে রেখে যাওয়া  
যেত ? না, দরকারই হতো ? টান মেরে বেড়ার বাইরে ফেলে দিলেই তো  
কাজ চুকে যেত । জায়গাটায় আর যা কিছুর অভাব থাক শেয়াল কুকুরের  
অভাব তো নেই !

সেই কথার পর এই চুকে আসা, এবং প্রথমেই চোখে অঙ্ককার দেখা ।

କ୍ରମେ ଅନ୍ଧକାର ସଯେ ଆସାଯି ଦେଖୋ ଗେଲ ବହର ସାତାଶ ଆଟାଶେର ମତୋ ଏକ ଜୀର୍ଣ୍ଣ-ସାଙ୍ଘ୍ୟ ଶୀର୍ଷ ମହିଳା, ପରନେ ଏକଟା ବିବର୍ଣ୍ଣ ଚଲାଲେ ବ୍ଲାଉଜ, ଆର ଏକଥାନା ତେବେନି ବିବର୍ଣ୍ଣ ଛାପା ଶାଡ଼ି । ହାତ ଦୁଇନା ଶାଡ଼ା ନୟ, ସଂସାମାନ୍ୟ କିଛୁ ଆଛେ, ତବେ ମୋନା-ଟୋନା ଜାତୀୟ କିଛୁ ନୟ ଅବଶ୍ୟାଇ । ସିଂଧିତେ ସିଂଧର ଆଛେ କିନା ଦେଖିବାର ଉପାୟ ନେଇ, ଦେଖିବାର କଥା ମନେଓ ଆସେ ନି ଗୌତମେର । କିନ୍ତୁ ଭୂର୍ବ ଉପରକାର ଓଟ ତିଳଟାର ଦିକେ ତାକିଯେ ଶୃତିର ଦବଜାୟ ଧାକା ମାରିତେ ମାରିତେ, ହଠାତ୍ ମନେ ହଲୋ ଏହି ମୁଖ୍ଟୀ ଯଥନ ଦେଖେଛିଲ, ହିଁ ଭୂର୍ବ ମାରିଥାନେ ଏକଟା ବଡ଼ମତୋ ଲାଲ ଟିକଟକେ ଟିପ ଛିଲ । ହୟତୋ ବା ସେଇଜଣ୍ଠେଇ ମୁଖ୍ଟୀ ଥୁବ ଉଜ୍ଜଳ ଉଜ୍ଜଳ ଦେଖେଛିଲ ।

କିନ୍ତୁ କବେ ? କଥନ ? କୋଥାଯ ? କୋନ୍ ପରିଷ୍ଠିତିତେ ।

କିନ୍ତୁ ଦେଖେଛିଲ ନିଶ୍ଚଯ ।

କେ ସଙ୍ଗେ ଛିଲ ? ଚିନ୍ତିତ କି ?

ନା କି ଅନ୍ତ କୋଥା ? ଅନ୍ତ କୋନୋଥାନେ ?

ହଜନେର ମଧ୍ୟେ ଇନଟ୍ରୋଡ଼ିଉସ କରାବାର ଦିକ ଦିଯେଓ ଗେଲ ନା ଚିନ୍ତ, ଶୁଦ୍ଧ ମହିଳାଟିକେଇ ଉଦ୍‌ଦେଶ କରେ ବଲେ ଉଠିଲୋ, ବ୍ୟାପାର କୌ ? ଉଠେ ବସେଛ ଦେଖଛି । ଫେର ଜୀଇସେ ଉଠିଲେ ? ନାକି ପେଣ୍ଠୀ ହୟେ ବସେ ଆଛ ?

ନାମ ବୋଲା ଗେଲ ନା । ସମ୍ପର୍କରେ ନା ।

କାରଣ ପ୍ରଶ୍ନଟା ବିନା ସମ୍ବୋଧନେ ।

ଶୀର୍ଷ ମୁଖେ ଏକଟୁଥାନି ବ୍ୟଙ୍ଗ ହାସିର ଆଭାସ ଫୁଟିଯେ ଉତ୍ତର ଏଲୋ ପେଣ୍ଠୀ କି ଆଜ ନତୁନ କରେ ହୟେଛି ? କତଦିନ ଥେକେଇ ତୋ ପେଣ୍ଠୀ ହୟେ ବସେ ଘାଡ଼େର ରଙ୍ଗ ଚୁଯାଛି ।

ତବୁଓ ତୋ ଆୟାନିମିଯା !...ଚିନ୍ତ ଯେନ ଧିକାରେର ଗଲାଯ ବଲଲ, ସମେର ଅର୍ଥଚିଦେର ଏହି ରକମିହ ହୟ । ଯାକ—ଏଟାକେ ଚିନତେ ପାରଛ ?

ମହିଳା ମୃଦୁ ହେସେ ବଲଲେନ, ପାରବ ନା କେନ ? ତା ଶୁକେ ଆବାର ଏହି ଦୁର୍ଦଶାର ମଧ୍ୟେ ଟେନେ ଆନବାର କୌ ଦରକାର ଛିଲ ?

ସବସମୟ ଶୁଦ୍ଧଶା ଭୋଗ କରିତେ ହବେ, ଏଟାଇ ମାନୁଷେର ଜୀବନ ନୟ ।

ମହିଳାଟି ବଲଲେନ, ମେ ତୋ ନୟ ଦେଖିତେଇ ପାଞ୍ଚି ! ଜୀବନ ପଣ କରେଇ ଟେର

পাচ্ছি ! কিন্তু অকারণ কেন বেচারাকে কষ্ট দেওয়া ?

অকারণ কে বলল ? চিন্ত বলল, তোমার মড়াটা পোড়াবে বলে ডেকে এনেছি । একা পারি না পারি তাই সাহায্যের জন্যে ।

বন্ধুর প্রতি ভালবাসাটা দেখছি গভীর ।

চিন্ত অবসীলায় বলল, নিশ্চয় তো । তবে রাস্কেলটার সেটা বোঝাবার ক্ষমতা আছে কিনা জানি না । মোটা মাইনের চাকরি করতে করতে বুদ্ধি গেঁজিয়ে যায় শুনেছি ।

মহিলাটি মলিন গলায় বললেন, নিজে তো শেব হতে বসেছ, আবার এ বেচারাকে এর মধ্যে টেনে আনা ! দেখে কষ্ট হচ্ছে । তোমার তো সবই সহ হয়ে গেছে, এ বেচারা এখন নাইবে কোথায়, খাবে কি, আজই যদি ফিরতে না পারে শোবে কোথায় ! ছি ছি ! ভারী অন্যায় ।

চিন্ত গন্তীর হলো । গৌতমের দিকে তাকিয়ে বলল, এই শালা, এতবড় জোবনটার মধ্যে মাত্র একটা দিনের খাওয়া শোওয়ার অস্তুবিধেটা কি তোর মরণ তুল্য মনে হচ্ছে ?

ভিতরে ভিতরে হয়তো হচ্ছিল, দিশেহারা হয়েই ভাবছিল একগ্লাস পানীয় জল কৌ ভাবে চাওয়া যায়, কে দেবে, কৌ দেবে ? কিন্তু এ-প্রশ্নে একটু হেসে বলল, মরণের এক্সপ্রিয়েল নেই, কৌ করে বলব ?

অর্থাৎ সোজা উত্তরটা এড়িয়ে গেল । বলে ওঠা উচিত ছিল তো না না সে কৌ ! তুই যেখানে থাকতে পারিস, সেখানে আমি একদিনে মারা যাব ?'

মহিলাটি বলে ঘোঁষেন, যার সে এক্সপ্রিয়েল আছে, তার কথা মাঝুন । আমি বলছি মরণতুল্য নয়, মরণঅধিক । তবে কি না জানেন তো মরার বাড়া গাল নেই ? সেই ‘অধিকারটা’র পর আর কিছু গায়ে লাগে না ।

গলার স্বর ক্ষোণ, একটু যেন হাঁফিয়েই পড়ছে, তবু বলার ভঙ্গিটা মার্জিত বুদ্ধিদৈশ্ব্য ।

এ ভঙ্গী পরিচিতের আভাস নিয়ে এলো ।

স্মৃতির ঘরের তালাবন্ধ দরজাটায় হাতুড়ি পিটে চলে, কোথায় দেখেছি, কোথায় দেখেছি ।

তবু তার মধ্যে থেকেই বলে ওঠে, ঠিক আছে। তাহলে সেই গায়েনা লাগার  
চেষ্টাই করা যাক।

( হঁয়া দেখেছি...মনে করতে পারছি ..মিশ্চয় মনে করতে পারছি...)

মহিলাটি হাসলেন, তাহলে তার প্রথম পাঠ হচ্ছে—পুকুরে গিয়ে স্নান  
করে আসা।

স্নান না করে চালানো যায় কিনা, সেটাও প্রথম পাঠ হতে পারে।

আপনাকে দেখে অবশ্য মনে হচ্ছে আমিহি আপনাকে ধরে জলে চুবিয়ে  
আনি। যাক পুকুরে থেতে হবে না, জল এনে দেবে।

গৌতম চক্রিত হলো, কে এনে দেবে ?

ভয় নেই আপনার বন্ধুটি নয়। আছে লোক।

চিন্ত তাকিয়ে দেখছিল।

চিন্ত বলল, পোড়ার মুখে আজ কতদিন পরে হার্স দেখতে পাওয়া গেল  
তাই ভাবছি।

গৌতম ভাবতে চেষ্টা করল, কিন্তু এখন এদের সম্পর্কটা কী ?

মহিলাটি বললেন, তোমাকে গঞ্জনা দিচ্ছি বটে, তবু সত্ত্ব কথা স্বাকার  
করাই অনেকদিন পরে একটা জ্যান্ত প্রথিবীর মানুষ দেখে ভারী ভালো  
লাগছে। কিন্তু গৌতমবাবু, আপনি হেরে গেলেন। আমি আপনাকে দেখেই  
চিনতে পেরেছি। অথচ আপনি এতক্ষণেও—

গৌতম আর একবার তাকাল, এতক্ষণে হাতুড়িটা নামিয়ে রাখল। স্মৃতির  
ঘরের দরজাটা খুলে পড়েছে।

বলল জ্যান্ত মানুষকে চিনতে আর অসুবিধে কি ? কঙ্কাল থেকে চেনাই  
শক্ত। এতক্ষণ একখানা কঙ্কালের মধ্যে থেকে টুমু বৌদিকে আবিষ্কার  
করতে চেষ্টা করছিলাম। আসানসোলের টুমু বৌদি।

তার মানে আবিষ্কার হয়ে গেল ?

ধৰ্মস্তুপ থেকে মোহেঝোদড়ো আবিষ্কারের মতোই।

জানা গেল নাম। টুমু।

ধামটাও জানা গেল, আসানসোল। যদিও সেটা অতীতের।...কিন্তু এখানে

কেন ? কোথা থেকে যেন ফেরার পথে শ্রান্তক্রান্ত গৌতমকে দেড়দিনের জন্মে আশ্রয় নিতে হয়েছিল চিন্তর মাঝাতো না পিসতুতো দাদা আসান-সোলের মল্লিক সাহেবের বাড়ি। মল্লিক সাহেব ছিলেন না বোধহয় ট্যারে গিয়েছিলেন, কিন্তু মেমসাহেবের আতিথ্যে সে অভাব মাথা তুলতে পারে নি ।

আতিথ্য, উজ্জল্য, উচ্ছলতা প্রাণের দৈপ্তি। সবটা মিলিয়ে মনে ছাপ রাখবার মতো । যদিও বারবার বলেছিল, যা পারলাম যত্ন আত্মির চেষ্টা করলাম বাপু তবু ঠিক জানি তোমার দাদা এসেই জিগ্যেসবাদ করে করে একশো খুঁৎ বার করবেন। ‘এটা করলে ভালো করতে, গুটা করলে হতো, কখনো আসে না চিন্ত,’ এই সব ।

গৌতম অবাক হয়েছিল, এতর পরেও ?

এই রকমই তো মনে হচ্ছে । চিন্ত তোমার কি মনে হয় ? দাদাটিকে তো জানো ?

চিন্ত বলেছিল, হঁয়া, বরাবরই সতুদা একটু খুঁৎখুঁতে । তবে তোমার ব্যাপারে নয় বোধহয় টুম্ব বৌদি । পিসিমার মতে তো ‘ছেলেটা একেবারে বৌয়ের পায়ে নিজেকে বিকিয়ে দিয়েছে ।’

সে তো সব মাঘেদেরই সব ছেলেদের সম্পর্কে বদ্ধমূল ধারণা থাকে ।  
হেসেছিল টুম্ব ।

ভুরুর উপরকার তিলটা, আর তুই ভুরুর মধ্যেকার টিপটা ঝলমে উঠেছিল ।  
বৌদিকে তুই এমন হেলাফেলার ডাক নামে ডাকছিস যে চিন্ত ?

তা’ কি করবো ? বয়েসে ছোট একটা মেয়েকে কত মান্ত করা যায় ?  
শুধু টুনি বলি নি এই ঢের ।

কিন্তু এখন যেন শুধু ‘টুনি’ বলল ।

তাই মনে হলো যেন ।

বলে উঠল, এটার কিন্তু দারুণ তেষ্টা পেয়েছিল টুম্ব । ধরক দিয়ে দিয়ে  
ঠাণ্ডা করে নিয়ে এসেছি ।

তবে ? ‘বৌদি’ শব্দটা বাতিল হয়ে গেল কেন ? ইঞ্জিনীয়ার মল্লিক সাহেবের

ଶ୍ରୀର ଏମନ ଅବଶ୍ରା କେନ ?...

ତବେ କି ପୃଥିବୀର ସେଇ କୁଟିଲତମ ସ୍ଟନା ? ଯା ଚିରଦିନ ମାନୁଷେର ସମାଜ ସଂସାରକେ ଜୁଟିଲତମ କରେ ତୋଲେ ! ଚିନ୍ତ ଏତ ନୀତି ହବେ ? ଅଥିଚ ଆର କୌଈ ବା ସନ୍ତ୍ଵବ ମେ ତୋ ଭେବେ ପାଞ୍ଚା ଯାଛେ ନା ।

ଟୁମୁ ବଲଲ, ଭାଲଇ କରେଛ । ଠାଣ୍ଡା କରେ ଫେଲିବାର ଓର ଥେକେ ଉପଶୁଭ ଦୌଷ୍ୟାଇ ଆର କୌ ଆଛେ ? କିନ୍ତୁ ଜଳଟା ତୋ ଦରକାର ! ପଞ୍ଚକେ ଡାକ ଏକଟୁ ।

ଚିନ୍ତ ଡାକଲ ଓ ବାପ ପଞ୍ଚ ।

କୋଥାଯ ଯେନ ଏକଟାନା ଏକଟା ‘ଟୁକ ଟୁକ’ ଶବ୍ଦ ହଚ୍ଛିଲ, ମେଟା ଥେମେ ଗେଲ । ପଞ୍ଚ ଏସେ ଦ୍ଵାଢ଼ାଳ ସରେର ସାମନେ ।

ଟୁମୁ ବଲଲ ଏକ ଗେଲାଶ ଜଳ ଏନେ ଦିତେ ପାରିସ ପଞ୍ଚ ? ଭାଲୋ ଗେଲାଶେ । ପଞ୍ଚ ତାକିଯେ ଦେଖଲ ।

ବୁଝିଲ ଜଳ ଦରକାର ଓଇ ନତୁନ ବାବୁଟାର ଜନ୍ମେ । ଏବଂ ଏଓ ବୁଝିଲ, ଏଇ ଜନ୍ମେ ଏଥିନ କିଛୁଟା ଖାଟିତେ ହବେ ତାକେ । ତା ହୋକଗେ । ବାବୁଟାକେ ତାର ଖାରାପ ଲାଗଛେ ନା । ଦେଖିତେ ବେଶ ଚେକନାଇ ଆଛେ । ରଂଟାଓ ଗୋରା ଗୋରା । ଥାକବେ ନା ଚଲେ ଯାବେ କେ ଜାନେ । ଥାକଲେ ଭାଲୋ ହୟ ।

ଆସିଲେ ପଞ୍ଚରୁଙ୍ଗ ବୋଧହ୍ୟ ଏକଟା ‘ଜ୍ୟାନ୍ତ ଜଗତେ’ ମାନୁଷ ଦେଖେ ଭାଲୋ ଲେଗେ ଗେଛେ ! ଟୁମୁର କଥାର ଉତ୍ତରେ ପଞ୍ଚ ମାଥା ଝାକିଯେ ବଲଲ, ‘ଏନେ ଦିତେ ପାରିସ ପଞ୍ଚ ?’ ଏକଥାର ମାନେ ? ‘ଏନେ ଦେ’ ବଲତି ଜାନୋନା ? ଲୋକେର ସାମନେ ମାନ-ଏଜ୍ଞାତ ନାହିଁ ?

ବଲେଇ ଫର୍ଡିଙ୍ଗେର ମତୋ ଫସ କରେ ଚଲେଗେଲ, ଏବଂ ପ୍ରାୟ ମୁହୂର୍ତ୍ତେ ଏକଟା ଆଶର୍ଯ୍ୟ ଜିନିସ ନିଯେ ଏଲୋ । ଏକଟା ପରିଷକାର କାଂଚେର ଫାଶେ ଏକଗ୍ରାଶ ପରିଷକାରଟି ଜଳ । ତା ଏହି ପରିବେଶେ ଆଶର୍ଯ୍ୟଟି ବଲତେ ହବେ ବୈ କି । ...ଗୌତମ ତୋ ମନଶ୍ଚକ୍ଷେ ଦେଖିତେ ପାଞ୍ଚିଲ ଏକଟା ଚଟା ଓଠା କଲାଇକରା ଅଥବା କଲକପଡ଼ା ପେତଲେର ଫାଶେ ପୁକୁରେର ଘୋଲା ଘୋଲା ଜଳ ଆସଛେ ।

ଗେଲାଶଟା ହାତେ ନିଯେ ଗୌତମର ମୁଖେର ରେଖାଯେ ଅଭିବ୍ୟକ୍ତି ଫୁଟେ ଉଠିଲୋ, ମେଟା ହଚ୍ଛେ ଆନନ୍ଦ ମିଶ୍ରିତ ବିଶ୍ୱାସ ଅଥବା “ବିଶ୍ୱାସ” ମିଶ୍ରିତ ଆନନ୍ଦ ।

ଜଳଟା ଚକଟକ କରେ ଶେଷ କରେ ଫେଲେ ଗୌତମ ଗେଲାଶଟାକେ ପଞ୍ଚର ହାତେ

ফেরত দিয়ে বলল, এ জল কোথাকার রে ?

পঞ্চ গন্তীর ভাবে বলল, তেমুটির ডাকতারবাবুর বাড়ির এদারার ।

ওঁ ! তা' অতদূর থেকে আসে কি করে ?

পঞ্চ গন্তীরতর হয়ে বলল, পায়ে হেঁটে আসে না, আনে কেউ ।

ও বাবা ! এ যে কাঁচের প্লাশের পরিষ্কার জলের থেকেও অপ্রত্যাশিত ।

গৌতম নাচুগলায় বলল, কৌ-রে চিন্ত, ব্যাপার কৌ ? কাদের ছেলে ?

চিন্তণ হেসে নাচুগলায় বলল, মজার ব্যাপার ! ও কোনো কারণেই আমি শব্দটা উচ্চারণ করে না । চেনা কেউ হলে হয়তো বলতো, হতভাগা পঞ্চ থাকতে আবার কে আনতে যাবে !... তুই অচেনা বলেই—

গৌতম বলল, এখানে এই গেলাশটা কিন্তু প্রায় অপ্রত্যাশিত ।

টুছু বলল, ঠিক বলেছেন । ভাঙাফুটো মাটির ভাড় হলেই যেন খাপ খেত, তাই না ? কিন্তু মুশকিল এই এতদিনেও এই বাবুয়ানাটুকু ছাড়তে পারা যাচ্ছে না । এই লোকটার ঘাড় ধরে করিয়ে নিতে হচ্ছে । ছেলেবেলা থেকেই এই একটা রোগ আমার-- কাঁচের গেলাশ ছাড়া জল মুখে তুলতে পারি না ।...

একটি হাসল টুমু বলল, মানুষ কৌ অস্তুত জীব দেখুন ? জীবনটা হারিয়ে ফেলেও, কখনো কখনো তুচ্ছ এক একটা অভ্যাস ছাড়তে পারে না ।

গৌতম এমন বোকা নয় যে ফস করে বলে বসবে, তা জীবনটা হারিয়ে গেল কোনো বড়ের ধাক্কায় ? অথবা বলবে, আপনাকে এ পরিবেশে দেখবো, হংসপেঁপেও ভাবতে পারতাম না কোনোদিন । শুধু বলল, চিন্ত তো আমায় পানাপুরুর দেখিয়ে নিশ্চিন্ত হয়েছিল ।

পঞ্চ চলে যাচ্ছিল, চিন্ত বলল, সেই থেকে কৌ ঠুকছিস রে পঞ্চ ?

ঠুকবো আবার কৌ ! ডুমুর ছেচতেচি ।

ডুমুর ছেচতেচিস ? কৌ হবে ?

টুছু হেসে ফেলে বলল, জানো না ? ডুমুরের রস খেলে গায়ে ‘অক্ত’ হয় ।

‘অক্ত’ কথাটা যে পঞ্চের মুখের এবং এটা যে ঠাট্টা, তা বুঝতে অসুবিধে

হয়না পঞ্চুর। বিরক্ত স্বরে বলে শুঠে, তামাসা করে তো আর কোবরেজের  
কতা উড়িয়ে দিতে পার না দিদি ! কোবরেজ মোশাইকে শুদিয়েই একাজ  
করচে পঞ্চা ।

চিন্ত বলল, দাঢ়া দাঢ়া ! তেঙ্গুটির সেই ঘাড়নাড়া বুড়ো কবরেজটা না ?  
বুড়ো হলেই ঘাড় মড়ে দানাবাবু ! তোমারও নড়বে । তা'বলে অছেদার  
কিছু নেই ।

আরে বাবা অছেদা করছি না । তা'সে না থোড়ের রসের কথা বলেছিল ।  
ইয়া ইয়া এক একখানা খোড় এনে রস খাওয়াচিলি দেখেছি । তার কৌ  
হলো ।

কি হলো উগীকেই জিগ্যেস করো ।

পঞ্চুর কঠে ক্রোধের উত্তাপ ।

টুষু বলল, আর বোলো না । রোজ রোজ সেই তেঙ্গুটিতে গিয়ে—খোড়  
এনে এনে—

তেঙ্গুটিতে পঞ্চ শুভ খোড় আনতি যায় না, জল আনতি যায় ।

আহা তা তো যাস। কিন্তু রোজ রোজ যে বাসের স্টপে গিয়ে ব্যাপারীদের  
কাছ থেকে চেয়েচিষ্টে একখানা করে খোড় নিয়ে আসতিস সেটাকেমন?  
ওদের লোকসান না ?...বলল টুষু ।

পঞ্চ স্কুলগলায় বলল, ওদের ওই বোড়া বোড়া মালের মন্তে থেকে অ্যাতো-  
টুকুন একখানা নিলিই অমনি ওরা ভিকিরি হয়ে যাবে ?

ওরা যাবেনা। আমরাহবে। চাওয়া মানেই তো ভিক্ষের! ভিক্ষের জিনিসে  
কি গায়ে রক্ত হয় রে ? বরং রক্ত শুকিয়ে যায় ।

পঞ্চ বেজারগলায় বলল, তা'বেশ তো আর তো ভিক্ষের মাল চালানো হচ্ছে  
না । জঙ্গল থেকে জঙ্গলে ডুমুর নে আসা হচ্ছে ।

গৌতম শিউরে উঠে বলল, কৌ কাও ! বুনো ডুমুর ! ওসব জিনিস বিষাক্ত  
কিনা ঠিক কৌ ?

পঞ্চ অবজ্ঞাভরে বলল, পঞ্চ পাগল না, তাই না বুজেশুজে বিষ এনে খাওয়াবে।  
...কবরেজকে দেইকে আনা হয়েছে ।

ରାଗରାଗ କରେ ଚଲେ ଗେଲ ।

ଆବାର ମେହି ଠୁକ ଠୁକ ଶବ୍ଦ ଉଠିଲୋ ।

ଗୌତମ ବଲଲ, ଜଙ୍ଗଲେର ବୁନୋ ଡୁମୁର, ଶୁଣେଇ ତୋ ମାଥା ଘୁରହେ ! ଜୀବନେ ତୋ  
ଶୁଣିନି । ଚିନ୍ତ-ରେ—କାର ପ୍ରେସକୁପଶନ ! ମେ କେମନ କବରେଜ ବାବୁ । ଦେଖେଛିସ  
ତାକେ ?

ହବେ କୋଥାକାର କୋନ୍ ହାତୁଡ଼େ ଫାତୁଡ଼େ । ତା' ହୟ ନି ତୋ କିଛୁ ! ଖାଓୟା ମାତ୍ରଇ  
ଯତ୍ତୁ ନା ହଲେଏ, କ୍ରମଶ କ୍ଷତି କରେ—ଏମନେ ତୋ ହତେ ପାରେ ।

ଟୁମୁ ବଲଲ, ବିଷଓ କଥନେ କଥନେ ଅମୃତ ହୟେ ଶୁଠେ, ଏମନେ ହୟ ଗୌତମବାବୁ ।  
ଭଗବାନେର କାହେ ଓର ଓଇ ବିଶ୍ୱାସେର ସଦି କୋନୋ ମୂଲ୍ୟ ନା ଥାକେ, ତାହଲେ  
ବୁଝିବୋ କୋନୋ କିଛୁରଇ ମୂଲ୍ୟ ନେଇ ତାର କାହେ ।

ଚିନ୍ତ ହେସେ ଉଠିଲୋ, ବୋବ ଗୌତମ ! ଓଇ ଡୁମୁରେର ରସେ ଟୁମୁର 'ଅଞ୍ଜ' ହାତ୍ୟା  
ଠେକାଯ କେ !

ଜୀବନେର ଏକଟା ଦିନ ନାହାଯା ଖାଓୟା ଶୋଭାର ଅଶ୍ଵବିଧେ ଘଟିଲେଏ ଯେ ଖୁବ  
ଏକଟା କିଛୁ ଏସେ ଯାଯ ନା ତାର ପ୍ରମାଣ ପେଲ ଗୌତମ । ଆର ପେଯେ ନିଜେଇ  
ଆଶ୍ରମ୍ୟ ହୟେ ଗେଲ ।

ପଞ୍ଚୁର ସହ୍ୟୋଗିତାଯ କାଠେର ଉତ୍ତନ ଜେଳେ ଚିନ୍ତ ଚାଲଡାଲ ମୁନ ଆର ଆଲୁ  
ସହ୍ୟୋଗେ ଯେ ଏକଟା ଘାଁଟ ବାନିଯେଛିଲ ହପୁରେ, ମେ ତୋ ବେଶ ନେମେଏ ଗେଲ  
ଗଲା ଦିଯେ ।

ଏଥନ ବିକେଳ ପଡ଼େ ଏସେହେ ।

ଆବାର ମେହି ନେଶାଳାଗାନୋ ବୈଶାଥୀ ହାଓୟା ଏଲୋମେଲୋ ଖେଲେ ବେଡ଼ାଛେ ।

ଏଥନ ଯେ ସ୍ତିନ୍ଦ୍ର ଏଥନ ମନୋରମ !

ଚଲ ଏକଟୁ ଘୁରେ ଆସି—

ବଲେ ଗୌତମକେ ନିଯେ ବେରିଯେହେ ଚିନ୍ତ ।

\* \* \*

'ରାନ୍ତା' ବଲେ କୋନୋ ବନ୍ଦର ଅନ୍ତିମ ନେଇ ଅବଶ୍ୟ । ଶୁଧୁ ମାଠ ଭେଡେ ଚଲା ।

ଶୁକନୋ ମାଠ, ମାରେ ମାରେଇ କିଛୁ କାଟାବୋପ । ଆସଲେ ହୟତୋ ଏବା ସବାଇ

କାଟା ଗାଛ ନୟ, ଶୁଧୁ ବର୍ଷାର ସମୟ ସେଥାନେ-ମେଥାନେ ଯେମର ଆଗାଛା ଜନ୍ମାଯୁ,

তারাই চৈত্রের রোদে শুকিয়ে রুনো হয়ে উঠে কঁটা গাছের ভূমিকা নিয়েছে। চলতে চলতে গায়ে ঠেকলে গা ছড়ে। জামা কাপড় আটকে গেলে খোচা খেয়ে ছেড়ে।

তবু গৌস্ত্রে পড়স্তুবেলার যে একটা চিরস্তন সৌন্দর্য আছে তা যেন একটা অনাস্বাদিত স্বাদ বয়ে আনছে গৌতমের কাছে।...জীবন অতিবাহিত হয় ভয়াবহ লোকারণ্যের মধ্যে। সর্বত্র ঠেলাঠেলি ছুটোছুটি ধাকাধাকি কে আগে এগোবে তার প্রতিযোগিতা। এমনি পড়স্তু বেলায় অফিসপাড়ায় রাস্তাগুলো শুধু লোকে লোকেই যেন নারকীয়। কত রকমের লোক, সারা পৃথিবীর কিছু কিছু নমুনা যেন একজায়গায় ছেড়ে দিয়ে ‘কুলপি’ বরফের মতো ঝাঁকিয়ে চলা হয়ে চলেছে।

সেই জনাকীর্ণ কলকাতার মাঝ্যের চোখে এমন অস্তুত লোক বিরলতা যেন একটা আশ্চর্য অনিয়মের মতো।

লোক বিরল। শুধু দূরে দূরে কিছু লোককে দেখা যাচ্ছে।...গ্রাম্য পটভূমির চিরস্তন ‘দিনান্তের দৃশ্য।’ যা শত-সহস্রবার পটুয়ার পটে আঁকা হয়েছে, হয়তো চিরকাল ধরেই হবে। ছবি আঁকতে শিখলেই আঁকিয়ে কখনো একবার তার রং তুলি নিয়ে এই চিরস্তন ছবিটা কাগজে ক্যানভাসে ধরে রাখতে চেষ্টা করবে।

নিতান্তই লজ্জা নিবারণার্থে স্বল্পমাত্র একটু আকড়া পরা কালো কালো শীর্ণ শীর্ণ চেহারার কিছু মাঝুষ লাঙ্গলের ফলাখানা কাঁধে নিয়ে চলেছে একটি একটি করে।...সঙ্গে হালের বলদরা। গলায় ঘট্টি, তার থেকে একটানা একটা ঠুং ঠুং শব্দ উঠেছে।...তু-একটা রাখালছেলে তু-চারটে শীর্ণ গরুকে ঠেঙিয়ে নিয়ে চলেছে মুখে একটা অস্তুত হেট হেট শব্দ করতে করতে। ওদের প্রপিতামহের পূর্বপুরুষরাও হয়তো ঠিক এই একই শব্দ তুলে গরুদের গোয়ালে ফিরিয়ে নিয়ে যেত।

চলতে চলতে গৌতম বলল এক-একটা জায়গায় হাজার-হাজার বছরের পৃথিবী যেন ছৌজ্ হয়ে বসে আছে, কৌ বলিস ?

চিন্ত বলল, আছে, এবং শেষ পর্যন্ত ওরাই থাকবে।... সায়েন্স অনেক লাফা-

লাফি করবে। অনেক ঝড় তুলবে স্বর্গ মর্ত্য পাতাল হাতের মুঠোয় পুরে  
ফেলেছি ভেবে প্রলয়নাচন নাচবে, আর শেষ পর্যন্ত সেই প্রলয়ের আগনে  
ধৰ্মস হয়ে যাবে।...থাকবে লাঙলের ফলা, কুমোরের চাঁক, গুরুরগাড়ির  
চাঁক। আর কাঠের আগন।...এখনি তার নমুনা শুরু হয়ে গেছে।...তেল  
কয়লা বিদ্যুৎ যারা নাকি বিজ্ঞানের হাতিয়ার, তারা তো ক্রমশ জবাব  
দিতে চাইছে। মড়ারা বিদ্যুৎ চুল্লোতে পুড়তে শিখেও, ফের আবার পুরনো  
নিয়মে কাঠের আগনে দঞ্চাতে যাচ্ছে।

গৌতম শুরু তুলনা শুনে হেসে ফেলল।

বললো, তা তুই বুঝি সব পরিগাম বুঝে ফেলে এই আদি ও অকৃতিমের  
মধ্যে বাস করতে এসেছিস ?

চিন্ত বলল, তা অবশ্য নয়।

তারপর একটু খেমে বলল, টুম্বু বৌদ্ধির হিস্তি তো তোকে বলা হয় নি।

গৌতম বলল তুই তো দেখছিলাম এখন ‘বৌদ্ধি’ কথাটাকে বাহল্য বলে  
বাদ দিয়েছিস।

গুটা টুম্বুরই নির্দেশ। বলেছে, ওই বৌদ্ধি ডাকটা যেন ছেঁড়া ফুল খোপায়  
তোলার মতো লাগে চিন্ত, ওটাকে বাদ দাও। শুধু টুম্বু বললেই সাড়া  
দেবো।

কিন্তু তোর সেই দাদা ? অর্থাৎ তোর রাইভ্যাল। সে তোকে—

গাধার মতো কথা বলিসনে গৌতম ! তুইও তো তাহলে আমার আজ্ঞায়  
সমাজের মতো।...তা বলবো কি, অন্য লোক দূরের কথা, আমার নিজের মা-  
বাপই তো ভেবে টিক করে রেখেছে চিন্ত তার সতুদার বোকে ভাগিয়ে  
নিয়ে পালিয়ে গেছে।...ঘটনাকে সেই কালারেই দিয়ে রেখেছে রাঙ্কেল  
সতুদাটা। আজ্ঞায়জনেরা আর আমার মুখ দেখে না জানিস বোধহয়।

জানতাম না, এইমাত্র জানলাম। নিরন্দেশ পুত্রের খোঁজ করে বেড়াচ্ছেন  
তাই জানি।

মানুষ কত কম জানে। তুল জানতে জানতেই মনের মধ্যে শ্যাওলা ধরে  
চলে, ছ্যাঁলা জমে ওঠে। টুম্বু বৌদ্ধি আর সতুদার ঘটনা যদি শুনিস ! শ্রেফ

একটা হিন্দী ছবির প্লট ।

থেমে গেল চিন্ত ।

গৌতম বলল, একটা কোনো গোলমেলে ব্যাপার রয়েছে তা তো বুঝছি ।  
সবটা খুলে বলতে যদি আপত্তি থাকে, একটুখানি বলতে আসিসনে বাবা ।  
মাথা ধরে যায় ।

চিন্ত বলল, আপত্তি মোটেই নেই। আসলে খুলে বলবো বলেই তোকে হঠাত  
হরণ করে নিয়ে এলাম । তোকে আমার দরকার ।

তারপর বলল খুলে ।

সত্যিই কাঁচা হিন্দী ছবির প্লটের মতোই ।

সতু মল্লিক নিজে গাড়ি চালিয়ে বৌ নিয়ে বর্ধমানে এসেছিল বোনের ছেলের  
অন্তর্প্রাণশনে নেমস্তরে, ফিরতে বেলা গড়িয়ে সন্ধ্যা ।...জনবিরল রাস্তা,  
বেশ স্পৌত বাড়িয়েই চলছিল, হঠাত পথে পড়ে থাকা একটা পাথুরের  
ঁাইতে হেঁচট খেয়ে গাড়ি ঝাঁকুনি দিয়ে থেমে গেল ।

আশ্চর্য তো ! এই পথ দিয়েই সকালে গেছে । কালো চকচকে মশগ পথ  
কোথাও কোনো ঠেক থায় নি, এটা কখন কোথা থেকে ?

গাড়ির দরজা খুলে নেমে এসে দেখছে, হঠাত কোথা থেকে যেন মাটি  
ফুঁড়ে সামনে দাঢ়িয়ে পড়ল একটা লোক ! হাতে একখানা চকচকে জিনিস ।  
মেটাকে অবলৌলায় লোফালুফি করতে করতে গাড়ির দরজা চেপে ধরে  
যা বলল সে তার অর্থ হচ্ছে, তার একখানা গাড়ির খুব দরকার, ভৌমণ  
জরুরি দরকার । অতএব সাহেব যেন দয়া করে গাড়িটা তাকে উপহার  
দিয়ে নিজের ব্যবস্থা করে নেন ।...হাঁটা দিন ! ঠিক পৌছে  
যাবেন বাড়ি ।...না, না মেমসাহেবের নেমে আসার দরকার নেই, উনি  
থাকুন । ওনার কোমল শরীর হাঁটতে পারবেন কি করে ? উনাকে সময়মতো  
বাড়ি পৌছে দেওয়া হবে । হ্যাঁ সাহেবের বাড়ি সে চেনে বৈ কি ! সাহেবকে  
আর এখনের কোন শালা না চেনে ! বাড়িও চেনে !

সন্ধ্যা হয়ে গিয়েছিল, তবু চিনতে পেরেছিলেন মল্লিক সাহেব, অফিসের  
সেই পিয়নটা । কিছুদিন আগে ওক্তৃত্য আর অবাধ্যতার অপরাধে ক্ষেপে

গিয়ে যার চাকরি খেয়েছিলেন সতু মল্লিক।... ওর হাতের অঙ্গুষ্ঠা যত চকচক করছে, তার থেকে বুঝি বেশী চকচক করছে চোখ জোড়াটা।

মল্লিক সাহেব মিনতি করে বললেন, তাঁর কাছে যা কিছু আছে, টাকা-পয়সা দড়ি, মেমসাহেবের গায়ের গয়না এবং গাড়ি সব নিয়ে চলে যাক শুধু মেমসাহেবকে নামতে দিক।... লোকটা জিভ কেটে হাঁচা করে উঠলো, হি ছি। মেমসাহেবকে কখনো নামতে দেওয়া যায়? গরীব বলে কি তার শরীরে মায়া দয়া নেই? ওঁকে হাঁটাবে? মেমসাহেবকে তারা ঠিকই সময়-সুবিধেমতো গাড়ি চাপিয়ে পৌছে দেবে। সাহেব, বেশী বাকতাল্লা মারতে আসবেন না কেটে পড়ুন।...

বলেই এক ধাক্কায় সাহেবকে ঠেলে ফেলে দিয়ে গাড়িতে চড়ে বসেছিল, এবং সঙ্গে সঙ্গেই স্টার্ট দিয়েছিল।

কিন্তু মেমসাহেব?

তিনি কি বোবা কালা অঙ্ক না বুদ্ধু?

তিনি নেমে পড়লেন না? চেঁচালেন না? প্রতিরোধ করলেন না? র্যাপিয়ে গাড়ি থেকে ছিটকে বেরিয়ে এলেন না? গাড়ির তো আরো একটা দরজা ছিল?

তা ছিল?

কিন্তু সেদিকেও যে-কোনো ফাঁকে আরো একটা লোক মাটি ফুঁড়ে উঠে দাঢ়িয়েছিল, আর দরজা চেপে একই ভঙ্গিতে ছোরা নিয়ে লোফালুফি করছিল।

তবু মেমসাহেব ছুরির মুখের সামনে দিয়েই ঠেলে নামতে চেষ্টা করেছিলেন, কিন্তু লোকটা দাঁত বার করে হেসে জানিয়েছিল, কেন মিথ্যে ‘বুড়বাকি’ করছেন মেমসাহেব? কাউকেই খতম করবার ইচ্ছে তাদের নেই। শুধু মেমসাহেবকে দুদিন তাদের বাড়িতে বেড়াতে নিয়ে যেতে চায়, আর সাহেবের গাড়িখানা উপহার পেতে চায়।... তবে এতে বাধা দিতে এলে সাহেবকে খতম করা ছাড়া উপায় নেই। বুরো দেখুন তাঁর হাজব্যাণ্ডের প্রাণ তাঁর হাতে। বেশী চেল্লাচিহ্ন করতে গেলেই সাহেবের পেটে ঠেকিয়ে রাখা ছুরিটা

পেটের মধ্যে সেঁধিয়ে যাবে ।

অতঃপর গাড়ি স্টার্ট দেওয়ার মুখে সে লোকটাও গাড়িতে উঠে পড়ে । এবং মরীয়া মেমসাহেব যখন পিছনের সৌট থেকে দু'হাত দিয়ে গাড়ি চালকের গলাটা টিপে ধরতে চেষ্টা করেছিলেন, দ্বিতীয় লোকটা মেমসাহেবকে কায়দা করে ফেলে হাতমুখ বেঁধে ফেলেছিল তাঁরই পরনের শাড়িটা ছাড়িয়ে নিয়ে ।

স্তন্ত্রিত গৌতম রুদ্ধশাসে বলল, তারপর ?

তারপর ?

তারপর তারা তাদের কথা রেখেছিল, সত্যিই দিন চার-পাঁচ পরে একদিন বেশী রাতে প্রায় ঘৃতকল্প অবস্থায় সাহেবের দরজায় নামিয়ে রেখে গিয়েছিল। কি ভাগিয় চোখে পড়েছিল শুধু সাহেবেরই ।...কারণ বিনিজ্জ তিনি, একটা যেন গাড়ির শব্দ পেয়েছিলেন ।

সাহেব সেই মর্মাণ্ডিক সন্ধ্যায় কোনোমতে বাড়ি ফিরে এসে লোকজনকে জানিয়েছিলেন মেমসাহেব বর্ধমানেই রয়ে গেলেন—শরীর খারাপ হয়েছে । অত্যন্ত স্বাভাবিক ঘটনা ।

নন্দের বাড়ি নেমন্তন্ত্র গিয়ে দু'দিন থাকাটা এত বেশী স্বাভাবিক যে, ও-নিয়ে প্রশ্নই উঠতে পারে না । আর শরীর খারাপ ? সেটাও স্বাভাবিক, রেন্দুরে গরমে এতটা পথ গাড়িতে গিয়ে—

ত্রু-তিমটে দিন বোকার মতো বোঝা হয়ে বসে থেকেছে সতু মল্লিক শুধু কলঙ্ক প্রচারের ভয়ে । না দিয়েছে পুলিশে খবর, না বলেছে আঞ্চলিকজনকে ।... তিনদিন পরে কী ভেবে, চিন্তকে খবর দিয়েছিল, ‘ভীষণ বিপদ শিক্ষি চলে আয় ।

চিন্ত যেদিন এসে পৌঁছেছে সেই রাতেই টুমুকে পৌঁছে দিয়ে গেল ওরা ।

চিন্ত বলল, ‘একে তো হসপিটালে নিয়ে যেতে হয়—’

সতু বলল, এখানে তো অফিসের ডাক্তার, অফিসের হসপিটাল, জানাজানির কিছু বাকি থাকবে না, তুই ওকে অশ্রুকোথাও নিয়ে গিয়ে যা হয় কর ।

কলকাতায় ?

না না, সেখানে তো সমস্ত আঘীয় সমাজ।

বর্ধমানে ? কমলাদির বাড়ি ?

তার মানে চিন্তামেরও পিসতুতো দিদির বাড়ি।

ওরে সর্বনাশ !

তবে ?

জানি না, তুই একটা উপায় বার কর ভাই।

অবশ্য সেই ‘উপায়’টা সহৃদাই মাথা থেকে বার করল। কোনো মফস্বল  
জায়গায় নিয়ে গিয়ে নামহীন কোনো হাসপাতালে ভর্তি করে দিকগে চিন্ত  
নিজের স্ত্রী পরিচয়ে। যাহোক একটা গল্প বানিয়ে বলুক আর নার্স ডাক্তার  
সকলকে মোটাসোটা কিছু দিয়ে-ঢিয়ে—সতু অবিবেচক নয়।

সেই ‘মোটা’ অঙ্কটা চিন্তার হাতে গুঁজে দিয়েছিল প্রায় জোর করেই।

বেশী জোর করার দরকার হয় নি অবশ্য, চিন্ত তো খোকা নয়। টাকা ব্যতীত  
যে কিছুই হয় না, এবং টাকার গুণে যে সবই হয় এটা! তার অজানাও নয়।

এসব পরামর্শ হয়েছিল টুমুর আড়ালেই, তবু টুমুরকে যখন বোঝাতে চেষ্টা  
করা হলো, এখানের কলকোলাহল অস্বিধেজনক, মল্লিক সাহেবের স্ত্রী  
অসুস্থ হয়ে হাসপাতালে রয়েছেন জানলে লোকে দেখতে গিয়ে গিয়ে  
অস্থির করে তুলবে, এবং কী অস্থি, কী ট্রিটমেন্ট হচ্ছে, কোন্ ডাক্তার  
দেখছে, ইত্যাদি প্রশ্নে প্রশ্নে জর্জরিত করে তুলবে। অতএব কোনো একটা  
শাস্ত জায়গায় নিয়ে গিয়ে—যেখানে সম্পূর্ণ বিশ্রাম পাওয়া যাবে, ভর্তি  
করে দেওয়া।—

তখন টুমু বিক্ষতমুখে অস্তুত একটা হাসি হেসে বলেছিল, সবই বুঝতে পারছি।

ঠিকই বলছ। তবে একেবারে সম্পূর্ণ বিশ্রামের মতো কিছু ঔষধ যোগাড়  
করে ফেল না ছাই ভাই মিলে, সব সমস্তার সমাধান হয়ে যায়।

কিন্তু সেকথা তো সত্যি শোনা যায় না।

অতএব ওই সহজ সমাধানটা করা গেল না। সতু মল্লিকের পরিকল্পনা মতোই  
কাজ হলো। ‘বুদবুদ’ গ্রামের একটা জায়গায় নিয়ে গিয়ে চিন্ত নিজের স্ত্রী  
পরিচয় দিয়ে—টাকার বল তো ছিলই সঙ্গে।

আশৰ্য ! অমন একটা আজেবাজে জায়গাতেও, মহামহিমাস্থিতা মল্লিক  
মেমসাহেব দিবিয় সেরে উঠলেন। এবং বেশ তাড়াতাড়িই উঠলেন।

চিন্ত জানাল, সেরে উঠেছে বৌদি, গাড়ি পাঠা ও সতুনা।...আবার যথারীতি  
রানীর মতো গিয়ে নিজের জায়গায় প্রতিষ্ঠিত হোক বেচারী। অনেক বড়  
খেয়েছে অনেক কষ্ট পেয়েছে।....এও জানাল সতুনার বুদ্ধিটা মন্দ হয়নি,  
এখানে কোনো সত্য রেকর্ড থাকল না, ছদ্মনামে ছদ্ম পরিচয়ে দিবিয় চালিয়ে  
দেওয়া গেছে।

এদিকে সাহেবের বাড়ির লোকেরা জানে, মেমসাহেবের অসুস্থ হয়ে বর্ধমান  
থেকে ক্রেতায় সাহেবের ভাই তাঁকে নিয়ে কলকাতায় চলে গেছেন বড়  
ডাক্তার দেখাতে।

কলকাতায় বড় ডাক্তার দেখাতে যাওয়াটা এতই সাধারণ ব্যাপার, ও নিয়ে  
কোনো সন্দেহের প্রশ্নই ঘূঢ়ে না। সাহেব গেলেন না ? তাঁতে কি ? ওখানে  
সাহেবের ‘বাড়ি’ নয় ? সে বাড়িতে তাঁর মা নেই ? দাদা নেই ? তাছাড়া  
—মেমসাহেবেরও মা বাপ নাথাক একটা বাপের বাড়ি তো আছে। যেখানে  
ভাই-টাই আছে।

অতএব সব দিক ঠিক ঠাক।

টুপু মল্লিক আবার স্বস্থানে এসে প্রতিষ্ঠিত হোক।

কিন্তু সতু মল্লিক গাড়ি পাঠালেন না।

পাঠালেন একখানা চিঠি।

যে চিঠির সারমর্ম হচ্ছে—ইতরজনভুক্ত ধর্মিতা স্ত্রীকে নিয়ে আর আগের  
মতো আনন্দে ঘর করা এস. মল্লিকের পক্ষে সন্তুষ নয়। সবসময় মনের  
মধ্যে লেগে থাকবে একটা অশ্রুচ ভাব। যার ধর্ম নষ্ট হয়ে গেছে, পবিত্রতা  
নষ্ট হয়ে গেছে ভবিষ্যতে তার সন্তানসন্ততি দিয়ে এই পুণ্যময় সন্তোষ বংশের  
ধারা রক্ষা করাও তো সঙ্গত নয়।

অতএব ওকে কোনো হোমে বা আশ্রমে ভর্তি করে দেবার ব্যবস্থা করুক  
চিন্ত। চিন্ত তো শুধু তার মামাতো ভাই-মাত্র নয়, তার বন্ধু হিতৈষী  
বিপদ্ব্রাতা। এতটাই ব্যথন করল, বাকিটুকুও করুক। টাকার জগতে ভাবনা

নেই, সে বিষয়ে সত্ত্ব অবিবেচক হবে না।...সবশেষে লিখেছে—তাছাড়া যতই সাধারণ হই, খবর বাতাসে রটিবেই। সেই পাজী পিয়নটা না কি বাহাতুরী করে কোথায় কার কাছে কীসব গল্প করেছে।...অবশ্য লোকটা আর এখানে থাকে না। শোনা যাচ্ছে মোটরডাক্টির দলে যোগ দিয়েছে। নিশ্চয় ওর কথাকেউ বিশ্বাস করবে না। এবং উচিত শাস্তি একদিন হবেই ওর। কিন্তু তোর সতুদার মান-সম্মানের কথাটা ভাব ?

একদিকে মান-সম্মান আর কুচিরপ্রশ্ন আপরদিকে, মেহমতা ভালবাস। তবু ‘হৃদয়কেই’ দাবিয়ে রেখেছে সত্ত্ব। প্রতি নিয়ত বিঘ্ন মনে ঘর করতে হলে সেই মেহ-মমতা কি বজায় রাখা যাবে ? না; মনকে বুঝিয়ে ঠিক করেছে সত্ত্ব। চিন্ত কিছু ব্যবস্থা করে ফেলুক।

ধর্ষিতা মেয়েদের জন্যে গণ্ডগণ্ডা ‘হোম’ খোলা হয়েছে এখন, হচ্ছে রোজ রোজ। শাস্তিতে থাকতে পারবে টুঁমু। ওর জন্যে তো সর্বদাই মনোকষ্টে ভুগব আমি। তবু জানব ভালো জায়গায় আছে।

তারপর এই ‘হোম’ ! দেখলি তো !

একটু হাসল চিন্ত।

বলল, পরিশেষে সন্নির্বন্ধ অঙ্গুরোধ ছিল ‘চিঠি’টায়েম আমি টুঁমুকে দেখিয়েই ছিঁড়ে ফেলি, জগতের আর কারো চোখে না পড়ে। চিন্ত অঙ্গুরোধ রাখবে এ বিশ্বাস আছে তার সতুদার।

চিন্ত বাঙ্গ হাসি হাসল, কিন্তু সে বিশ্বাস আমি রাখি নি। একটা রাস্তে স্কাউণ্ডেলের কাছে আবার বিশ্বাসের মূল্য।

কিন্তু টুঁমুকে দেখাবার মানে ?

বাঃ, বুঝিস না ? ও যে কত ছঃসহ পরিস্থিতিতে পড়ে, কত নিরপায় হয়ে এ সিদ্ধান্ত নিয়েছে সেটা টুঁমুর জানা দরকার নয় ? তাছাড়া হতভাগ্য স্বামীর মনোবেদনা বুঝতে পেরে তার জন্যে সিম্প্যাথি ফীল্ করবে সেটাও দরকার।

গৌতম বলল, তবু ভাগ্য যে টুঁমুবোদি স্যুইসাইড ফাইড করে বসেনি।

চিন্ত হাসল। বলল, সে ভয় করে ওকে একদিন শাসিয়েছিলাম, তেমন

কিছু যদি করে বসে তো—তা সে যাক টুমু শুনে হেসে বলেছিল, শুই-সাইড করব ? তাতে তোমার ওই সতুন্দাটিকে বড় বেশী গৌরব দেওয়া হবে না কি চিত ? টুমুর জীবন হয়তো তুচ্ছই তবু এত তুচ্ছ নয় যে ওর দুর্ব্যবহারের শোধ নিতে সে জীবনটা খোয়াব ।

এটা শুভবুদ্ধির লক্ষণ ।

শুভবুদ্ধির অভাব নেই ওর । অভাব হচ্ছে স্বার্থবুদ্ধির ।...কতদিন বলেছি চলো কলকাতায় পিসিমার কাছে নিয়ে যাই, ওই কাপুরঘটার মুখোস খুলে যাক, তা রাজী হয় না । কাজে কাজেই চিত্ত হেসে ওঠে, আমি বাড়ি থেকে আউট । সকলেরই ধারণা পিসতুতো দাদার বৌয়েরসঙ্গে ‘আসনাই’ করে আমি তাকে নিয়ে ভেগে আছি । শেষ অবধি সতুদা এই রকমই হিন্ট দিয়ে বেড়িয়েছে তো ।...আমার ওপরও তো শেষ অবধি দারুণ রাগ । ওর কথামত টুমুর জন্মে হোমের ব্যবস্থা করে ফেললে সব দিক রক্ষা হতো, তাতো হলো না । গোঁয়ার চিত্ততোষ তো কারো চিত্ততোষণের ধার ধারে না । তেড়ে এসে দেখা করে বললাম, ‘যাকে রক্ষা করতে পার নি তাকে ত্যাগ করার কথা মুখে আনলে কোন্ লজ্জায় ? ঠিক আছে আমিই নিয়ে যাব । আশ্রম হোক আশ্রম হোক সে ভার আমার । তবে তোমার মতো কাপুরঘরের সঙ্গে আমার আর কোনো সম্পর্ক থাকল না ।...শুনে বুঝলি, আমায় যাচ্ছে তাই করল, বলল, বাঃ বাঃ ! দিবি একথানা বেওয়ারিশ মাল পেয়ে বাগিয়ে নেবার তালই করছিল তাহলে ? বলল—কি জানি তলে তলে এসব চিত্তবাবুরই কারসাজি কিনা ।...সাধের বৌদ্ধির ওপর মনে মনে লোভ পূর্ণে আনাগোনা করে করে তাকেও পটিয়ে—গুণ্ডা লাগিয়ে কার্যোক্তার তো জগতে নতুন নয় । তাছাড়া অবিশ্বাসের কি আছে ? চিত্ত হতভাগ ! তো চিরদিন ওই ছোটলোকদের সঙ্গেই মিশে বেড়ায় ।... বলল শ্রীমতী টুমু যদি তেমন সতীলঙ্ঘাই হতেন তো গলায় আঁচলের ফাঁস জড়িয়েও ওই কলক্ষিত জীবনটিকে শেষ করে ফেলতে পারতেন । ঘরে ফিরে এসে কেলেক্ষারি আর প্রবলেম বাঢ়াতেন না ।  
সেই চিঠিখানা যদি পড়তে চাস দেখাবো ।

গৌতম বলল, থাক বাবা ! আর সেই নোংরা লোকটার নোংরা হাতের লেখা ছুঁতে চাই না । এমনিতেই তো শুনেই মনে হচ্ছিল যেন একখানা কদর্য লেখা উপস্থাস পড়ছি । তবে শেষ চাপ্টারটা হাতে পেলাম না ।... বোধহয় দশ্মুরীর বাড়ি পড়ে আছে ।

চিন্ত বলল, নাঃ । পড়ে আছে বোধহয় স্বয়ং লেখকেরই ড্রয়ারে । বোধহয় ভেবে ঠিক করতে পারছে না ! শেষটা কৌ করা যায় ।

গৌতম বলে গুঠে, তোর ওই অদৃশ্য লেখক কৌ ভাবছে সেই জানে । তবে আমার হাতে কলম থাকলে কৌ করতাম জানিস ? তোর ওই সতুদাটিকে চাবকাতে চাবকাতে এখানে নিয়ে এসে বৌয়ের পায়ের তলায় ফেলে মাপ চাইয়ে, নাকে খৎ দিতে দিতে বৌকে মাথায় করে ফিরিয়ে নিয়ে যা ওয়াতাম । হাসিস না, আমার মনে হচ্ছে বাড়ি তো চিনি, আসানসোলে গিয়ে ওই মল্লিক সাহেবের নাকটা ঘূসিতে উড়িয়ে দিয়ে, আর ঠাঃ ঠুখানা ভেঙে গুঁড়িয়ে দিয়ে আসি । উঃ ! এত হার্টলেসলোক হয় ! এত শয়তান ।

তোর এই মনে হচ্ছে ? এদিকে—

চিন্ত হাসল, শুনছি না কি সাহেব আর শৃঙ্খ ঘরে কাটাতে পারছেন না বলে তাঁর মা কমে খুঁজছেন ।

ঁয়া !

আহা চমকাবার কৌ আছে ? পাত্রটি কি সোজা দামী ? ধনেমানে কুলে শীলে প্রভাবে প্রতিষ্ঠায় জুয়েল না একখানা ?...তার পাজী বৌটা মামাতো ঢাকুরের সঙ্গে বেরিয়ে গেছে বলে, সে বেচারা সারাজীবন হাহাকার করে কাটাবে ? আমারই ছোটখুড়ি তাঁর বোনের জন্তে চেষ্টা চালাচ্ছেন শুনে এলাম ।

বাড়ি গিয়েছিলি ?

গিয়েছিলাম । ঠিক প্রপার বাড়িটায় নয় । এদিক ওদিক আর কি । সংবাদ-দাতা আমার জামাইবাবু । সে ভদ্রলোকের মতে পৃথিবীমুদ্র সবাই ওই কুকখা বিশ্বাস করলেও তিনি করবেন না ।

কথা বলছিল একটা মাঠের মধ্যে ঝুমাল পেতে বসে ।

হৃষ্টাং খেয়াল হলো সন্ধ্যা হয়ে গেছে অনেকক্ষণ আর সারা পৃথিবীতে যেন  
জ্যোৎস্নার জোয়ার বইছে ।

কৌ আশ্চর্য ! কৌ অস্তুত সুন্দর !

গৌতমের মনে হলো একসঙ্গে এতখানি জ্যোৎস্না সে বোধহয় আগে কখনো  
দেখে নি ।... মাঠের সব এবড়ো খেবড়ো রুক্ষতা, গাছপালার শীর্ণতা রিঙ্গতা,  
সবকিছু যেন মহণ মনোরম হয়ে উঠেছে ।... গৌতমের জানা জগতের এত  
এত কাছে, এত দূরের একটা অজানা জগৎ ছিল ।

বাড়ির কাছাকাছি আসতেই পঞ্চকে দেখা গেল, তার ভঙ্গি ত্রুটি । বললো,  
তোমরা দুজনা গেছিলে কোতা ? একটা ওগা মানুষ একা বসে ভাবতেছে  
সে চিন্তে নেই ?

চিন্ত বলল, একা কেন ? তুই তো ছিলি ?

হ্যাঁ পেঁচো একটা মনিষ্যি, তার আবার থাকা ।... তার কতা কেউ শোনে ?  
তোমরাও বাড়ির বাইরে পা দেলে দিদিও আন্নাঘরে চুকে আঁঝা চাপালো ।  
সে কি আঁঝা ? কেন তুই ঝটি পাকাস নি ?

করতে দেলে তো ? বলল, আমি অঁদি, তুই বরোঁকেঁ উটিটা বেলে দে !  
... চল চল দেখি ! কৌ মুশকিল ।

আর মুশকিল । তিনি তো সব সেরে অ্যাখোন দাওয়ায় পা ঝুইলে বসে  
আচে তোমাদের তরে । জ্ঞেয়ান গম্যি একটু রাকবে তো ?

গৌতম বলল, এ তো দেখছি তোদের গার্জেন । পেলি কোথায় ?

আমরা ওকে পাই নি, বলতে গেলে ওই আমাদের পেয়েছে ।... ও আমাদের  
গার্জেন, আশ্রয়দাতা বন্ধু, বল ভরসা সব । বলব ওর কথা ।

নেহাত বাচ্চা তো ।

তাতে কি ! সাচ্চা যে !

ওরা যখন বেড়ার দরজা ঠেলে ঢুকল, দেখল সেই ভাঙ্গচোরা মেটে দাওয়ার  
ধারে খুঁটিতে হেলান দিয়ে বসে রয়েছে টুম্ব । জ্যোৎস্নায় ধোওয়া একটা  
নিসর্গচিত্রের অংশের মতোই !...

গৌতমের মনে হলো ছেলেবেলায় দেশলাইবাজ্জর ওপর ছবি দেখত, 'হুর্বাসা'র

অভিশাপ !' তাতে শকুন্তলার ভঙ্গিটা ঠিক এমনি। যেন জাগতিক জগতের  
থেকে বিছিন্ন।...অথচ একটু আগে না কি রান্না করেছে।  
নাঃ, কেউ কাউকে বকাবকি করল না।

এরা দুজনেও নিশ্চেদে এসে বসে পড়ল সেই ধূলোয় গড়া দাওয়ার ধারে।  
কারুর মুখেই কোনো কথা নেই, যেন একটা নিঃশব্দতার মাদকত্বায় আচ্ছন্ন  
হয়ে গেছে ওরা।

কতক্ষণ যেন পরে টুন্হই আস্তে বললো, পৃথিবীর যে কত সৌন্দর্য, এখানে  
না এলে বোধহয় কোনোদিনই জানতে পারতাম না।

গৌতম কিছু বলল না। শুধু তাকিয়ে রইল ওর শাস্ত মুখটার দিকে।  
জ্যোৎস্নায় যে মাঝুষকে এত কমনীয় দেখায় তাও বুঝি কখনো দেখে নি  
গৌতম।...কে ধার ধারতে যায় ওসবের ? চড়া আলো, চড়া স্বরে আড়া,  
এর নামই তো সন্ধ্যা !...

চিন্ত কথা বলল।

বলল, এটকু জানতে পারবার জন্যে অনেক দামের টিকিট কাটতে হয়েছে  
এই যা !

টুন্হ বলল, এখন মনে হয় না দার্মটা থুব বেশী দিতে হয়েছে। জৌবনেরও  
যে কতৱকম মানে থাকতে পারে, তাই কি জানা ছিল ?

রামাঘরের দাওয়ায় কোথায় যেন পড়ে ঘুমোচ্ছিল পঞ্চ, চোখ মুছতে মুছতে  
উঠে এলো। বলল, আততো পুষ্টিয়ে এলো, খাওয়া দাওয়া হবেনি ?

চিন্ত বলল, হবে। দে।

টুন্হ উঠছিল, বলছিল আমিই না হয়—

এরা বাধা দিলো, নাঃ তোমার আজ অনেক স্টেন গেছে।

টুন্হ হাসল হ্লান ক্ষীণ হাসি, হঁয়া অনেক কালিয়া-পোলাও রান্না করেছি  
তো।

সেটা কোনো কথা নয়, চিন্ত বলল, হয়তো সে স্বয়েগ পেলে স্টেন কমই  
হতো। তবে কোথায় কলকাতা থেকে ভাবতে ভাবতে আসছিলাম যে  
অবস্থায় রেখে গেছি, দুই বন্ধুতে এসেই সৎকার করে ফেলব তোমার, তা

নয়। তুমিই অতিথি সৎকার করতে লাগলে।

আজ কিন্তু আমার মোটেই দুর্বল লাগছে না। গায়ে যেন বেশ জোর পাচ্ছি।  
গৌতম তোর ভাগ্য।

এতক্ষণে গৌতম কথা বলল, আচ্ছা, রোজ তাহলে কে রাখাটাই করে ?  
তোর ওই পঞ্চ ?

না না, চিন্ত বলল, তুমুই তো করেছে এসে পর্যন্ত। কিন্তু দেখা যাচ্ছে দিন  
দিন উইক হয়ে যাচ্ছে বসলে গায়ে মাঝে না, অথচ বেশ বোঝা যাচ্ছিল  
দারূণ এ্যানিমিক হয়ে যাচ্ছে। তারপর হঠাতে সেদিন সেল্লেস হয়ে গেল,  
ডাক্তার ফাক্তারের তো বালাই নেই, ভাগ্যের হাতে সঁপে বসে থাক।  
একটি সামগ্রালে যা থাকে কপালে—বলে পরদিনই চলে গেলাম কল-  
কাতায়। একটা কিছু তো করতে হবে।... তাছাড়া মাঝে মাঝে না গেলেও  
তো চলে না। যত শর্টকাটেই চালাও, কিছু তো রসদ চাই।

তা শর্টকাটটা যে কতটা হতে পারে তা ও দেখল গৌতম। সত্যিই অভিজ্ঞতা  
একটা।

দাওয়াতেই চাঁদের আলোয় পেতে দিলো পঞ্চ তিনখানা মানকচুর পাতা  
আর তার উপর সাজিয়ে দিলো কালো কালো কটাকরে ঝটি, কিসের যেন  
ডাল একটু করে, আর পঞ্চুর সেই ‘অক্ত’ সঞ্চারি ডুমুরের তরকারি খানিকটা  
করে।...

তবে পাতের পাশের গেলাশগ্নলো পরিষ্কার কাচের।

টুমুও বসেছে ওদের সঙ্গে।

একটু হেসে বললো, মনে আছে গৌতমবাবু অনেকদিন আগে একদিন  
আপনি আমার অতিথি হয়েছিলেন ? সেবারে আপনাকে মুরগী খাওয়াতে  
পারি নি বলে খুব আক্ষেপ থেকে গিয়েছিল। অথচ আজ এই অন্তত  
ডিনার খাওয়াতে একছিটেও আক্ষেপ হচ্ছে না।... তাহলেই বুবুন জীবনের  
কতৃকম মানে থাকে, আর সে মানে হঠাতে টের পাওয়া যায়।

চিন্ত খেতে খেতে বেশ পরিতৃপ্ত মুখে বলল, তা এই বা কম কী ? প্রায়  
দিনই তো আমাদের ডিনারটা সারতে হয় মুড়ি দিয়ে। ঝটি এখানের

ଲୋକେର କାହେ ରାଜକୀୟ ଥାଏ । ଦୁର୍ଲଭ ବସ୍ତୁ । ‘ରେଶନ’-ରେ ତୋ କୋନୋ ବାଲାଇ ନେଇ । କିନ୍ତୁ କମ ଉପକରଣେ ଯେ ଏରା ଜୀବନ ଚାଲିଯେ ଥାଏ । ଦେଖେ ଦେଖେ ନିଜେ-ଦେର ଚାହିଦାଗୁଲୋ ସେଇ ଅପରାଧେର ବୋକା ହେଁ ଓଠେ । ତୁମୁ ତେଷୁଟିତେ ଗିଯେ ଚେଷ୍ଟା କରେ ଚା ଚିନି, ମିଳି ପାଉଡ଼ାର ଓହି କୃଷ୍ଣବର୍ଣ୍ଣ ଆଟାଫାଟା ଯୋଗାଡ଼ କରେ କରେ ଆନି । ମୁଡ଼ି ଥେଁ ତୋ ଆର ପେଟ ଭରାନୋ ଥାଏ ନା । ଚୋଯାଳ ବ୍ୟଥା ହେଁ ଥାଏ ।

ପଞ୍ଚ ବଲେ ଓଠେ, ତା ତୁମି ଯେ ବସେ ବସେ ଗାଲ ବେଥା କରେ ଶୁକନୋ ମୁଡ଼ି ଚିବୋବେ । ଜଳ ଆଚଢ଼ା ଦିଲେଇ ମୁଡ଼ି ଜଳ ।

ଜଳ ? ଜଳ ଦିଯେ ମୁଡ଼ି ?

ଗୌତମ ହେସେ ଓଠେ, ତେଲେର ବଦଲେ ଜଳ ?

ଏଥାନେର ଲୋକେର ଓହି ପଦ୍ଧତି । ଛ'ବେଳା ଭାତ ଖେତେ ଗେଲେ ଥରଚା ବେଶୀ ହ୍ୟାଙ୍ଗାମା ବେଶୀ । ତାହି ହୟ ପାନ୍ତାଭାତ ଥାଏ, ନୟ ମୁଡ଼ି ଥାଏ । ମାନେ ଜଳ ଦିଯେ । ଅର୍ଥାଏ ମୁଡ଼ି ପାନ୍ତା ।

ହୋ ହୋ କରେ ହେସେ ଓଠେ ଗୌତମ ।

ତୁଚ୍ଛ ଏକଟୁ କାରଣେ, ହଠାଏ ସେଇ ଏକଟା ହାଲକା ହାଓୟା ବୟେ ଥାଏ ।

ଆର ଗୌତମ ଭାବେ, ଏଥିନ ହାସଛି, କିଛୁଦିନ ଥାକତେ ହଲେ ହୟତ ଓଠେଇ ଅଭ୍ୟନ୍ତ ହୟେ ଥାବ । ଏହି ତୋ ଏହି ଅନ୍ତୁତ ଥାବାରଙ୍ଗ ତୋ ଥେଁ ଫେଲାଛି ।

ନତୁନ ବାବୁଟାକେ ପଞ୍ଚ ଖୁବ ଭାଲୋ ଲାଗଛେ ।

ଏମନତର ଗଲାଥୋଳା ହାସି ଏ ବାଡ଼ିତେ କେ କବେ ହେସେଚେ ? ଏ ତଳାଟେଇ କୋତାଓ ଆଚେ ନା କି ଏମନ ହାସି ? କେ ହାସତେ ଜାନେ ? ଆର ଓହି ନତୁନ ବାବୁଟା ଆସାଯ ଦିଦିର ମୁକ୍ଟା ସେଇ ଆଲୋ ଆଲୋ ନାଗତେଚେ ।...ଗା ତୁଲେ କାଜ କରତେଇ ତୋ ପାରଲୋ ! ମାହୁସ୍ତା ଆଗେର ଚେନା, ତା ବୋକା ବାଚେ । ଏତଦିନ ପରେ ଚେନାମାହୁସ ଦେକେ ଆଲ୍ଲାଦ ଜେଗେଚେ ।

ରାନ୍ଧାଘରେର କୋଣେ ନିଜେର ଛେଂଡ଼ା ମାତ୍ରରେ ଶୁଯେ ପଞ୍ଚ ଏଇସବ ପ୍ରଶ୍ନେ ଆଲୋଡ଼ିତ ହଞ୍ଚିଲ । ଥାବାର ଆଗେ ବେଶ ଏକଚୋଟ ଘୂମ ହେଁ ଗେଛେ, ତାହି ପଞ୍ଚ ଏଥିବ ବିନିନ୍ଦା ।

আমাদের দাদাৰাবুটা বড় কাটখোটা। দিদিৰ সাতে কতা কয় যেন চিল  
পাটকেল ছুঁড়তেচে। পেৱাগে যে মায়াদয়া নাই তা নয়, না থাকলি কি  
আৱ পতে কুইড়ে পাওয়া একটা হকী মেয়েছেলেৰ জন্মি অ্যাতো কৱতেচে!  
তিনকুলে তো কেউ নাই, দিদিৰ নকীছাড়া সোয়ামীটাও না কি ঝগড়া  
কৱে তাইড়ে দেচে, দাদাৰাবুই তো নে এসে আশ্রয় দেচে।...তবে ধাত-  
ধৱন বড় কৃকু ! কতা যেন চ্যাটাং চ্যাটাং ! বলে কিনা ‘কনে তুমি মৱবে  
তাৱ জন্মি দিন শুনতেচি।...তুমি মলে আমি হৱিৱনোট দেব !’ এসব  
বলা উচিত ? দিদিৰ যাই ‘অতাত’ মন, তাই আগ কৱেনা।...দয়াই যদি  
কৱতেচিস তো মুকে ছুটো মিষ্টি কতা কইতে কৌ হয় ?

কৌ যে হয়, সেটা আৱ এই, অবোধ গ্ৰাম্যছেলেটা কৌ বুঝবে ? কৌ কৱে  
ধৱতে পাৱবে চিত্ততোষ নামেৰ লোকটাৰ ওইটাই আত্মকাৰ হাতিয়াৰ।  
অসতৰ্ক যদি ওই হাতিয়াৱটা হাত থেকে নামিয়ে বসে কে ওকে রক্ষা  
কৱবে ?

ভাবতে ভাবতে নিজেৰ কথায় এসে যেন হারিয়ে যায় পঞ্চ !...তাৱও  
তিনকুলে কেউ নেই, কখনো ছিল কিনা তা ও জানে না। মাৰে মাৰে ভাবে  
পঞ্চ সে কি ভুঁইফোড় ? অফুট সৃতিৰ শেষ সৌম্যন্ত অবধি হাতড়াতে  
হাতড়াতে যেখানটা মনে পড়ে, পঞ্চ দেখতে পায়, চারিদিকে বিস্তৰ মাঝুৰ,  
বিস্তৰ গোলমাল, মামুষ ঢুঁটছে ইঁটছে, একে ওকে ধাকা দিয়ে চলে যাচ্ছে,  
আৱ একটা ছেট ছেলে তাৱ মধো বসে টা টা কৱে কাঁদছে।

ক্রমশ বুঝোছ পঞ্চ সেই ছেলেটাই সে !

তাৱপৰ কেমন কৱে যে সে বেঁচে রইল বড় হলো। এই এক অশ্চৰ্যৱহণ্ণ।  
নিজেৰ সম্পর্কে ব্যাখ্যা রাখে পঞ্চ আস্তাৰ নেড়ি কুকুৱণ্ণান যেমনভাৱে  
বেঁচে থাকে, বড় হয়, পঞ্চও তেমনিভাৱে এত বড়টা হয়েচে। অথচ নেহাত  
শৈশবে কেউ ওকে আশ্রয়ও দেয় নি, নিয়মিত খেতেও দেয় নি কেউ। তবু  
টিঁকে গেছে। কে জানে কোথা থেকে কোথায় এসে পড়েছে ফুটবলেৰ  
মতো লোকেৰ পায়ে পায়ে। নামও ছিল না একটা।

কত বয়েস কৌ বৃত্তান্ত তা জানে না পঞ্চ, জানবাৰ কথাও নয়। তবে স্পষ্ট

মনে থাকার কালে একবার পঞ্চুর ভাগ্য ফিরেছিল, পঞ্চুর নামকরণ হয়েছিল  
তখন।

সেই সেদিন—তেন্দুটির বাস স্টপেজের কাছে রোজ যেমন ঘূরতো তেমনি  
ঘূরছিল কিছু খাবার অথবা কিছু পাবার আশায়, হঠাৎ লাল টকটকে  
রঙের খেঁটে কাপড় পরা সর্বাঙ্গে ছাইমাথা একটা লোক বলে উঠলো, এই  
ছোড়া কোথায় থাকিস রে?

পঞ্চু মাথা নেড়েছিল, কোথাও না।

তাই বুঝি? মা বাপ নেই তোর?

পঞ্চু মাথা নাড়ল।

তোর আর কে আছে?

তাও না। আর কেউও নেই।

বাঃ বাঃ এই তো চাই! সবাই বুঝি নরে গেছে?

পঞ্চু এত জিজ্ঞেসবাদে রেগে গিয়ে বলল, কেউ তো ছিলই নাই, তো  
মরবে কি?...

ঝঁঝঁ! তুই তাহলে ভুঁইফোড়। তবে চল আমার সঙ্গে।...

‘ভুঁইফোড়’ কথাটার মানে সেই জানল পঞ্চু। যার কেউ থাকে না তাকে  
ওই কথাটা বলে।

পঞ্চু অবশ্য এককথায় রাজি হয় নি।

বলেছিল কেন যাব? যাব নি।

চল না বাবা! খেতে দেবো। রোজ রোজ পেটভরে খেতে দেবো।

পঞ্চু ঈষৎ নরম হয়েছিল, তোমায় দেকে আমার ভয় নাগতেচে!...

হা হা হা! ভয় কিসের রে? চল না। আমার সঙ্গে থাকবি।...তোরও  
কেউ নেই, আমারও কেউ নেই!...

সেইখান থেকে হাঁটতে হাঁটতে এই জলটুভি! পথে আসতে আসতে লোকটা  
বলল, কুঠি বানাতে পারিস?

পঞ্চু সবেগে মাথা নেড়েছে।

গাঁজা সাজতে পারিস?

না ! উটা কি তা জানিই না ।

আচ্ছা পা টিপতে পারিস ?

পঞ্চ বলেছিল, পারি নাই, শিটকে দেলে পেরে যাব ।

ব্যস ! ব্যস ! জীতা রহো বেটা । চল । ... নাম কি ?

নাম নাই !

ঝ্যা ! বলিস কি ? একটা নামও নেই ? এই পেন্টুলটা কে দিয়েছে ?

বাজারের লোকে ।

তারা তোকে কৌ বলে ডাকে ?

কৌ আবার বলবে ? বলে ‘এই ছোড়া ।’ তুমি যা বললে ত্যাখন ।

পথে পথে হাটে-বাজারে ঘুরে ঘুরে, কথা মন্দ শেখে নি তখনই পঞ্চ ।

লোকটা বলল, ঠিক আছে, তোকে আমি নাম দিলাম ‘বাবা পঞ্চানন ।’

শিবঠাকুরের মতন মুখটা তোর । পঞ্চ বলে ডাকব ।

পঞ্চ বলল, তুমিই তো শিবঠাকুরের মতন দেখতে । ‘আগ’ হলি তিরশূল ফুইটে মেরে ফেলবে না তো ?

লোকটা শুর মাথাটা চাপড়ে দিয়ে বলেছিল, ভয় নেই । ভয় নেই । এসব হচ্ছে ভেক্ ভেক্ । বুৰলি ? ভেক্ মানে জানিস ?

না ।

যাক ভালোই । তো ভেক্ করতে একটা চালা থাকা ও দরকার বুৰলি ?

তাই তোকে পছন্দ করলাম । ...

হাঁটতে হাঁটতে এই এখানে, এই বাড়িটায় ।

পঞ্চ ভাবল তখন এর থেকেও ভাঙচোরা ছিল । ... সাধু বলেছিল পড়ে থাকা এই ভাঙা ঘরখানাতেই সে বাসা বেঁধেছে । ভগবানের সাধন-ভজন করবে বলে । ...

তো পঞ্চ এসে তাতেই বর্তে গেল !

রাত্রে শোবার জন্যে নিশ্চিন্ত একটা আশ্রয়, ছবেলা নিশ্চিত থাণ্ড, এ আবার কবে জুটেছে পঞ্চুৱ ?

য়ার ভাঙচোরা থাকলেও, জিনিসপত্র কম ছিল না । এই যে রান্নাঘরের

সব জিনিস, এ তো সাধুরই ।...সেই সাধুর কাছেই পঞ্চ ঝটি পাকাতে  
শিখেছিল, পা টিপতে শিখেছিল, আরো কত কী-ই শিখেছিল । বাসন  
মাজা, কাপড় কাচা, ঘর পরিষ্কার করা ।

বেশ স্মরেই ছিল পঞ্চ ।

কিন্তু অভাগার ভাগ্য !

দিন-মাস বছর গুণতে জানে না, তবে কত দিন পরে যেন হঠাতে একদিন  
সকালে উঠে দেখতে পেল পঞ্চ সাধু নেই, নেই তাঁর গেরুয়া ঘোলাবুলি,  
আর ত্রিশূলটি ।

আর সবই পড়ে আছে ।

তখন পঞ্চ ভাবে নি এই যাওয়াটা একেবারে যাওয়া । ভেবেছিল কোথায়  
বেড়াতে গেছে । ক্রমশ বুলল । কদিন পরে গ্রামের কিছু লোক এসে বলল,  
সাধুটা তও ! ফেরাবি আসামী ! নিশ্চয় পুলিশ আসবে । তুই পালা ।

পঞ্চ বলল, আসবে তো কি ? পুলিশের ভয়ে পালাব কেন ? আমি কি  
চোর ?

কিন্তু পুলিশ এলো না ।

তখন কিছু লোক বলল, সাধু ছিল সিদ্ধ পুরুষ । হিমালয়ে চলে গেছে  
তপস্থা করতে ।

পঞ্চ মনমরা হয়ে থাকল কিছুদিন । তারপর আস্তে আস্তে ঠিক হয়ে যেতে  
লাগল । অবিশ্বিত গ্রামের লোকের কিস্ম সেই বাসন্টপের বাজারের লোকে-  
দের কারুরই পছন্দ হয় নি বেওয়ারিশ পঞ্চ হঠাতে এতখানি বিষয়  
সম্পত্তির ওয়ারিশান হয়ে গেল । এটা কারই বা পছন্দ হবার মতো কথা ?  
তা ‘বিষয় সম্পত্তি’ নয়ই বা কেন ?

প্রধানত একথানা মাথা গেঁজার আশ্রয় ।

বহুকালাবধি পড়ে থাকা এই কার না কার পরিত্যক্ত ভিটেখানার দিকে  
অবশ্য কারো কোনোদিন নজরই পড়ে নি । তার কারণ জায়গাটা একেবারে  
গ্রাম ছাড়ানো একটা প্রান্তে । নাম না-জানা একটা মজে যাওয়া নদীর  
সৌতার ধারে । এখানে এসে কে আর মুক্তে সম্পত্তি লাভ করার বাসনায়

বাস করতে বসবে ?

নজর পড়ল প্রথম সাধুর আবির্ভাবে ।

তাইতো, এখানে সেখানে ঘুরে বেড়ানো ওই ভদ্রমাথা ত্রিশূল হাতে লোক-টাকে ওই পোড়ো ভিট্টোতেই বাস করতে দেখা যাচ্ছ । ভোরবেলা পুরুরে চান করতে যায়, এখান সেখান ফুল তোলে, হয়তো বা পুজোপাঠ করে, তারপর কাঠের ধোঁয়া উড়িয়ে বেশ পাকসাক করে মনে হয় । উকি ঝুঁকি মেরে দেখে দেখেছে সাধুর গৃহস্থালীটিও নজরে ধরার মতো ।

বেশী নজর পড়ল কুকুর বেড়ালের সম্পর্যায়ের সেই নামপরিচয়হীন ছেলেটা এখানে আশ্রয় পাওয়ায় । সাধুকে ‘বাবা বাবা’ করে এসে ভাব জমাবার চেষ্টা করেছিল কেউকেউ পাত্রা পায়নি । রক্তবন্দু পরিহিত সাধু রক্তচক্ষে তাকিয়ে তুচ্ছতাচ্ছিল্য করে ভাগাতো ।

অতএব স্পষ্ট নজরে এলো সাধুর তিরোভাবে ।

সবাই এসে ঘরে ঢুকে দেখতে লাগল সাধু কি কি ফেলে গেছে । তা সে নেহাত কম কৌ, হিসেব করে করে দেখল, দাওয়ার ধারে টাঙানো এক গাছা দড়ি, এবং আস্ত একখানা গেরুয়া গামছা । জলজ্যাস্ত একটা বালতি, একটা টিনের মগ, রান্নাঘরে ছুঁচ্ছটো টুটোগুঠা এনামেলের প্রাশ, একটা পেতলের থালা, কিছু মাটির টাড়ি মালশা, আস্ত সুস্থ একটা কাঠের চাকি-বেলুন, আর দিবি নিকোনোচুকোনো একটা গর্ত খেঁড়া উন্মুক ! এমনকি তার পাশে জ্বালানি বাবদ বেশ কিছু শুকনো ডালপালা কাঠ-কুটো । আবার চায়ের সরঞ্জাম ।

তাছাড়া ঘরের মধ্যে বাঁশ বেঁধে মাচান বেঁধে তৈরী করা একটা শোবার চৌকৌ । এমনকি তার উপর বিছোনো একখানা শতছিদ্র কালো কম্বল । ...তার মানে হঠাতে চলে যাবার পরিকল্পনা ছিল না সাধুর, উঠোনে মাচা বেঁধে শশাগাছ লাগানোও তার সাক্ষী ।

কোনো খেয়ালে হঠাতে চলে গেছে ।

অতএব লোকটা হয় ফেরারি আসামি, নয় সাধনসিদ্ধ ‘স্বামৌ’ ।

তা সে যাই হোক, এই অগাধ সম্পত্তির মালিক হয়ে বসল কিনা ওই

অখণ্ডে ছোড়াটা। সাধু নাকি যাকে আদর করে নাম দিয়েছিল ‘পঞ্চানন’। ‘পঞ্চানন !’ আরো কিছু না। বড়জোর পঞ্চ, নচেতে পেঁচো।

দেখে শুনে লোকে বেজার হলো, ঈর্ষাতুর হলো, কিন্তু কি জানি কি ভেবে, কেউ তোড়জোড় করে পঞ্চকে তাড়াতেও চেষ্টা করল না। জিনিসগুলোও হাতাতে চেষ্টায় লাগল না। ...হয়তো পঞ্চুর মতো তাদেরও মনে হয়েছিল লোকটার এই যাওয়া একেবারে যাওয়া নয়, হঠাত একদিন আবার আবি-ভূত হবে। তখন কে তার রোষানলে পড়তে যাবে ? থাকগে মরুকগে, পেঁচোই ভোগ করুক।

ওদের মনের কথা ওরা খুলে না বললেও, চালাক পঞ্চ বেশ অনেকদিন পর্যন্ত ‘বাবা’র ফিরে আসার সম্ভাবনাযুক্ত কথাবার্তা চালাত। ...

উঠোনটা পোসকের রাকি বাবা, নোংরা দেকলে বাবা এসে আগ করবে। কাটকুটো কুইড়ে রাকি বাবা, বাবা এসে আসা করবে। ...

ক্রমশ লোকের সয়ে গেল।

পঞ্চও তার ছোট ছোট হাত ঝুটোকে কাজে লাগিয়ে লাগিয়ে বড় করে তুলতে লাগল। ...পুকুর থেকে মাটি এনে এনে দেয়াল লেপে, যেখানে যা পায় কুড়িয়ে এনে উঠোনে বেড়া দেয়। ওর বেড়ার গায়ে ভাঙা ক্যানে-স্তারার ফুটো টিন আছে, ছেঁড়াখেঁড়া চটের টুকরো আছে, বাজার থেকে কুড়িয়ে আনা ছেড়া মাছুরের অংশ আছে, আবার গাছের ডালপালা ও আছে।

তবে তেঙ্গুটির বাস স্টপেজে ঘূরে বেড়ানো ছাড়া তো উপায় নাই ! শুধু হাঁড়িকুড়ি আর জালানি থাকলেই তো পেট ভরে না ! তার ওপর অভ্যেস খারাপ হয়ে গেছে। পুরো পেট ভরাবার !

এমনি একদিন হঠাত পঞ্চুর অন্ধকার জীবনে সৃষ্টোদয় ঘটলো ! ...তেঙ্গু-টির বাস স্টপেজে, নামল ঝুটো মনিষ্য। ...হঁ। সে দিনটা পঞ্চুর চোখের ওপর ভাসছে। বাবুটি একে ওকে জিগ্যেস করছে থাকবার মতো আস্তানা একটু পাওয়া যায় কি না তু'একদিনের মতো। না ভালটাল কিছু চাই না মেহাত মাথা গেঁজবার মতো ঠাই। খড়েরচালা, টিনেরচালা, যা হোক।

কেউই বলছে না আছে ।

আজানা অচেনা একটা ‘ভদ্রলোক’, আর সঙ্গে দিব্য সুন্দর দেখতে এক ‘ভদ্রমহিলা’ এদের আবার কে আশ্রয় দিয়ে বিপাকে পড়তে যাবে বাবা । দীনদুঃখী শ্যাকড়াকানি পরা লোক হয়, তবু তাকে ভরসা করা যায় ।

অতএব কেউই ওদের বিপন্ন প্রশ্নের সত্ত্বের দিচ্ছে না ।

পঞ্চ মন দিয়ে শুনতে শুনতে আস্তে কাছ ষেঁষে এসে হঠাতে বলে উঠলো, একখান ভাঙ্গমাটির চালা আছে । তো—তোমরা হলে গে ভদ্রলোক, থাকতি পারবে ? পারলে—

চিন্ত স্বগতোক্তি করেছিল, আমরা কি আর ভদ্রলোক আছি ?

তবে এই হতক্রিমুণ্ডি ছেলেটার কথায় তেমন কানও দেয় নি । অবহেলায় জিগ্যেস করেছিল, কোথায় সেই মাটির চালা বাপ ?

আচে ! জলটুঁভিতে, তো একক হাঁটতে হবে ।

পঞ্চমনে আছে, দিদি বলে উঠেছিল, জলটুঁভি ! নামটা কৌ অন্তুত সুন্দর চলো সেখাইনেই যাই ।

সেই আসা, সেই থাকা ।

আর পঞ্চম কৃতকৃত্য হয়ে যাওয়া ।

দিদি বলেছিল, তুই-ই তাহলে বাড়ির মালিক ? তা আমরা কিন্তু ভাড়া-টাড়া দিতে পারবো না ।

বিচলিত পঞ্চ শুক হয়ে বলেছিল, হঁয়া পঞ্চম সাতকালের বাড়ি তাই মালিক ।...ভাড়ার কতা উটচে কৌ করতে ?...তোমাদের কাচে একটু থাকতি দিলিই বল্তে যাবে পঞ্চ ।

তা সত্যিই ! পঞ্চম মধ্যে সেই বল্তে যাওয়া ভাব । তবে পঞ্চ গার্জেনগিরি করতেও ছাড়ে না । জোরজোর গলায় বলে, কাঁচা ডুমুরের অস খেতে পারবে না ? বললেই হলো ? শুধু কি তোমার অসোগোল্লার অস হবে ? নাকটা টিপে ধরে খেয়ে যাও তো—গন্দো টের পাবে না ।

কত কথা ভাবতে ভাবতে রাত শেষ হবার মুখে ঘুমিয়ে পড়েছিল পঞ্চ,

হঠাতে ডাক শুনে ধড়মড়িয়ে উঠে বসল ।...দাদাৰাবু বলতেছে, এই নতুন  
দাদাৰাবু চলে যাচ্ছে-ৱে পঞ্চ । ঘূম থেকে উঠে দেখতে পাৰিব না, তাই  
তোৱে জাগিয়ে দিলাম ।...

যাঃ ! চলেই যাচ্ছে ! এখনই ।

হায় হায় । কিছুদিন থাকলে দিদিমণিৰ শৱীৱটা ভালো হয়ে যেত ।

বলল, বাজাৰ গাড়িতে যাচ্ছো বুঝি ?

তাই বোধহয় ।

আবাৰ কবে আসবে ?

গৌতম বলল, তা তো জানি না ।

তোমাৰ আসাৰ কতা তুমি জানবে না তো কি ভূতে জানবে ? তা ও দাঢ়াও  
একটুকু পেলাম করি । এসো তাড়াতাড়ি । দশদিন থাকলি ভালো হতো,  
দিদিমণি একটু সেৱে উটতো ।

ওৱা ! বেরিয়ে এসে মাঠে পড়েছে ।

এই মাঠটা থেকে বাঁক নিলেই ওই মাটিৰ ঘৰখানা আৱ দেখা যাবে না,  
চোখছাড়া হয়ে যাবে । এখন ভোৱেৰ স্মিন্তা, হাঁটাৰ কষ্ট নেই, আস্তে  
আস্তে গায়ে হাওয়া লাগিয়ে হাঁটতে পাৱলে আৱো ভালো লাগতো, কিন্তু  
দেৱী কৱলে চলবে না, ব্যাপারীদেৱ বাজাৰ গাড়িটা ধৰতে হবে ।

চিন্ত ট্ৰেনে তুলে দিতে যাচ্ছে ।

হজনেই বাঁক নেবাৰ সময় ঘাড় ঘূৰিয়ে ভাকাল, দেখল একইভাৱে বেড়াৰ  
ধাৰে দাঢ়িয়ে রয়েছে টুনু ।

এই উষাভোৱেৰ আকাশ, ওই তপোবন সদৃশ একটু মাটিৰ কুটিৰ, বেড়াৰ  
ধাৰে দাঢ়িয়ে থাকা এক কৃশনাৰীমূৰ্তি, সবটা মিলিয়ে যেন কোনো শিল্পীৰ  
হাতে আঁকা একখানা কৱণ সুন্দৱ ছবি ।...

গৌতমেৰ হঠাতে মনে পড়ে গেল সেই কতদিন যেন আগে আসানসোলেৰ  
মল্লিক সাহেবেৰ বাড়ি থেকে চলে আসাৰ সময় সাহেবেৰ লোহার গেটেৰ  
ধাৰেও দাঢ়িয়ে থাকতে দেখেছিল একখানি রমণীয় রমণীমূৰ্তি । সেও দেখে

ছবি ছবি লেগেছিল ।...কিন্তু সে ছবি 'ছবি' হয়ে থাকে নি ।...এমনি বাঁক  
নেবার সময় 'টাটা' করার ভঙ্গিতে হাত মেড়েছিল । আর বেশ চেঁচিয়ে  
বলে উঠেছিল 'আবার আসবেন ।'  
ছটে ছবিই না কি একই মেয়ের !  
কাঁ অবিশ্বাস্য !

ফিরে দেখা পর্যন্ত কেউ কোনো কথা বলে নি, বাঁক ঘোরার পর খানিকটা  
এগিয়ে চিন্তা আচমকা বলে উঠল, তুই শালা, টুম্বুটাকে বিয়ে করে ফেল ।  
গৌতম চমকে উঠল ।

যেন আচমকা একটা চাবুক খেয়েছে ।

চাবুকের জালার প্রধান অংশটা হচ্ছে অপমানের । সেই অপমানের জালাটা  
অনুভব করল গৌতম । ওর মনে হলো, চিন্ত বোধহয় গৌতমের টুম্বুর প্রতি  
হৃষ্ণুতার সন্দেহে এমন একখানা ঝাড় ব্যঙ্গ করল ।

গৌতম তাই প্রায় মারমুখী হয়ে দাঢ়িয়ে পড়ে বলে উঠল, কী ? কী বললি  
ছেটলোক ?

কিন্তু চিন্ত এই ভঙ্গিতে পরোয়া করল না, অবলীলায় বলল, এত চমকা-  
বার কী হলো ? অগ্নায় কি বলেছি ?

রাস্কেল, শুয়োর ! ভাবিস কি তুই ? যাকে যা ইচ্ছে বলবার অধিকার তোর  
আছে ?

চিন্ত তবুও দমল না, তেমনি সহজভাবেই বলল, মাথা গরম করছিস কেন ?  
আসলে তো তোকে এই কথাটা বলবার জন্মেই এখানে টেনে এনে-  
ছিলাম ।

গৌতম তবু ঠিক ধাতন্ত্র হতে পারে না, এখন ব্যঙ্গের গলায় বলে, ওঃ, তাই  
না কি ? তাহলে বল কনে দেখাতে !

যা বলিস ! হয়তো তাই । কনে দেখাতেই ! কিন্তু টুম্বুর অবস্থা দেখাতে ।  
তোর কি মনে হলো, এই ভাবেই ওর সারা জীবনটা চলতে দেওয়া হবে ?  
টুম্বু কি খুব তুচ্ছ করার মতো একটা মেয়ে ? ওর কি একটা 'জীবন' পাওয়া  
দরকার নয় ?

গৌতম একটু গুম্ফ হয়ে থেকে বলে গুঠে, তা তার জন্মে আমায় কেন ?...  
তুই-ই তো রয়েছিস ।

চিন্তও একটু গুম্ফ হয়ে থেকে বলল, সেটা হবার হলে তোকে খোসামোদ  
করতে আসতাম না ।

মা হবার কি আছে ? ও তো তোর নিজের বৈদি নয় ।

চিন্ত তৌর হলো, বলেছিলাম সে কথা ! বলেছিলাম, লোকে যখন অকারণই  
নিন্দে করে বেড়াচ্ছে, আর হতভাগা সতুনা যখন তোমায় পাকাপাকি  
ভাবেই ত্যাগ করে আবার বিয়ে করছে, তখন আমরা কেন আর এমন  
বোকার মতো একটা অস্তুত জীবন নিয়ে কাটাই ?...কানপুরে একটা  
চাকরি পাচ্ছি জানিস, বললাম চলো বিয়েটা সেরে নিয়ে চলে যাই ।...  
তা' হাসির তোড়ে উড়িয়ে দিলো আমায় ।...বলল, 'অকারণ'টা 'সকারণ'  
করে তুলতে হবে বলছ ?...তোমার সতুনার কথাকে কঁটায় কঁটায়  
মিলিয়ে ফেলাটাই দরকার ?...আর তারপর বলল, নিজেকে এত নৌচে  
নামাতে বোলো না । বরাবর তোমায় আমি নিকট আঘাতের মতোই  
দেখতে অভ্যন্ত ।...বুঝছি তোমার ঘাড়ে বোঝা হয়ে বসে আছি, ছুটি  
দেওয়া দরকার, কিন্তু এ পশ্চায় নয় ।

গৌতম বলল, আর দ্বিতীয় পশ্চাতেই বুঝি রাজী ?

চিন্ত বলল, ওকে এখনো বলি নি । তবে মনে হয় রাজী করিয়ে ফেলতে  
পারব !

গৌতম গন্তুরভাবে বলল, দানপত্র লিখে বসিস না চিন্ত, তুই নিজে তো  
ওর ভালবাসায় মরে পড়ে আছিস !

দূর থেকে স্টেশনের কোলাহলের আভাস কানে আসছিল, এই মাঠটুকু  
পার হলেই জলটুভি শেষ, রেল লাইন পড়বে ।...তবে স্টেশন জলটুভিও  
নয় তেঙ্গুটও নয়, 'নজরপুর' । তেঙ্গুটি থেকে একনজরে দেখা যায় বলেই  
এমন নাম কিনা কে জানে ।

এখন দ্রুত হাঁটতে হচ্ছে, তবু একটু থামল চিন্ত, বলল, সে কথা অস্বীকার  
করতে পারছি না, কিন্তু আমি একা মরে পড়ে থাকলেই তো চলবে না ?

সেটা তাঁর সংস্কারে বাধছে। তৃদিন বাদে ঠিক হয়ে যাবে।

নাঃ।

চিন্ত সবেগে বলে, আমি চাই না ও আমায় লোভী ভাবুক, মতলববাজ  
ভাবুক ! শ্রদ্ধা হারাক।...আমি তোকে অনুরোধই করছি গৌতম, তুই  
মনটা ঠিক করে ফেল। একে একটা মাঝুষের জীবনে দাঢ় করাতে মা  
পারা পর্যন্ত আমার স্বস্তি নেই। তোরই কি হবে স্বস্তি ?

গৌতম গন্তীর হলো, গন্তীর গলায় বলল, চিন্ত, আমার তো মা আছে,  
বাবা আছে, একটা পারিবারিক জীবন আছে—

মানছি। সেসব আমার নেই তা নয়। কিন্তু সবকিছুর ওপরে আরও একটা  
জিনিস আছে, যেটার নাম মানবিকতা। ঠিক আছে—জোর করব না।  
জানতে পারলে ট্রিলু লজ্জায় অপমানে মরে যাবে।.. তবে ভাববার জন্মে  
যদি সময় চাস, নে কটা দিন সময়। এই যে এসে গেছি।

টিকিট কাটবার সময় ছিল না, চিন্ত একটা বেগুনের খোড়ার পাশে  
জায়গা করে বসিয়ে দিলো। গৌতমকে, বেগুনগুলার হাতের মুঠোয় কিছু  
গুঁজে দিয়ে। খুদের মান্তলি টিকিট এরকম কাজ হামেশাই করে থাকে  
এরা।...

ট্রেনের চাকার শব্দের সঙ্গে চিরদিনই কোনো এক একটা কথা শুঠে, কু  
বিক বিক, কু বিক বিক, চল বাড়ি যাই, চল বাড়ি যাই আবার এসো  
আবার এসো। এমনি অনেক রকম শুনেছে গৌতম ছেলেবেলা থেকে। যত-  
ক্ষণ রেলগাড়ি চলে সেই কথাটা মাথার মধ্যে থেকে নামে না, ঘেন কোথায়  
আটকে গিয়ে পাক খেতে থাকে।... চিন্তর সেই প্রথম কথাটা তেমনি  
আটকে গিয়ে অবিচ্ছিন্ন পাক খেতে থাকে।... অথচ আশ্চর্য, তারপর  
কতো কথাই তো হলো ! তবু সেইটাই গাড়ির চাকার সঙ্গে জড়িয়ে গেল  
কেন কে জানে। গৌতমকে তাই অবিরত শুনে চলতে হচ্ছে... ‘তুই শালা  
টুহুটাকে... তুই শালা টুহুটাকে’।

নাসিং হোম থেকে বৌ নিয়ে বাড়ি ফিরবে আজ জগদীশ, গেট-এ দাঢ়িয়ে

আছে অত্যাশিত গাড়ির অপেক্ষায়। নবজাত পৌত্রকে ‘বরণ করে’ ঘরে  
নিয়ে যেতে মা আসছেন তাঁর ভাইয়ের গাড়িতে। অতএব ট্যাঙ্কী ডেকে  
চলে যাওয়া যায় না, অথচ বৌ অনেকক্ষণ থেকে ছেলেকে সাজিয়ে গুছিয়ে  
এবং নিজে সেজে বসে আছে। বলা বাহুল্য ঘামছে আর রাগছে।...ওই  
তীব্র মূর্তির সামনে বসে থাকা অস্থিতির, তাই জগদীশ গেট-এ এসে  
দাঢ়িয়েছে।

আজও সুত্রতর সঙ্গে দেখ।

একটা প্রসঙ্গ পেয়ে বাঁচল। বলে উঠলো, মাই গড়! আজও তুই? তোর  
সেই দিদি না পিসি এখনো রয়েছে এখানে?

দিদি।

সুত্রত বলল, আরো অনেকদিন থাকতে হবে। কেসটা তো তোর বৌয়ের  
মতো আদি ও অকৃত্রিম নয়।

ও হ্যাঁ, হ্যাঁ, সেদিন বলেছিলি বটে, কৌ যেন শক্ত ব্যাপার।...তো দিদি  
না ছোট বোন রে?

প্রশ্নটা নিশ্চয়ই দুবার করার মতো নয়! বললাম তো দিদি!

জগদীশ তাঁর নতুন শেখা ছ্যাবলা হাসি হেসে বলে উঠলো, আরে আমিও  
তো তাই বলেছিলাম বৌকে। তা আমার সঙ্গে তর্ক! বলে কক্ষনো দিদি  
নয়, তুমি তুল শুনেছ।

সুত্রতর কপালটা কুঁচকে গেল।

বলল, এটা হঠাৎ একটা তর্কের সাবজেষ্ট ম্যাটার হচ্ছে কেন? ব্যাপারটা  
কি?

জগদীশ একটু অপ্রতিত হলো, তবু দাত বার করে হেসে বলল, আরে,  
অন্য কিছু না, সেই ত্রিস্তুন মেয়েলি কোত্তুল; ওর মতে তুই আর আমি  
যখন সহপাঠী তখন তোর আর আমার বয়েস এক; অথচ পাশের ঘরের  
ওই পেশেন্টের চেহারা দেখলে মনে হয় বড় তো দূরের কথা আমাদের থেকে  
কম সে কম পাঁচসাত বছরের ছোট। কখনো দিদি নয়, নিশ্চয় ছোট।

সুত্রত তাঁর এই ‘বুদ্ধু’ হয়ে যাওয়া সহপাঠীটির দিকে তাকিয়ে দেখল।

মুখের রেখায় ফুটে উঠলো ব্যঙ্গ হাসি। বলল, গিন্ধীকে বলিস মনে হওয়াটাই  
সব নয়। সব মেয়ের বয়েসই কি বছরের হিসেবে বাড়ে? এমনও হতে  
পারে ছ'বছর বাদে তোর বৌকে তোর 'দিদি' বলে মনে হবে।

ঝঁঝা কো বললি? বুঝলাম না ঠিক—

বৌয়ের কাছে বলে বুঝে নিস।

স্বত্রত গটগট করে এগিয়ে গিয়ে 'পাশের পেশেটের' ঘরের দরজার পর্দা  
সরিয়ে ভিতরে এসে চুকল।

মিলিদির খাটটা আজ আরেকটু তোলা। প্রায় সোজাই বসতে পেরেছে  
আজ। সবদিনের মতো মুখের ছধারে ছটো বেনো ঝুলছে, মুখটা বৈকালিক  
প্রসাধন মার্জিত তাজা তাজা!

এটি মিলির আয়ার ডিউটির অঙ্গ। তার হাত থেকে অব্যাহতি পাবার  
উপায় নেই মিলির। স্নো পাউডার সেন্ট সব কিছু সম্ব্যবহার করতেই হবে  
তাকে এই বিকেলের দিকে।

মিলিদের এই ফ্রেশভাবটা দেখে স্বত্রত রাগের মনে হঠাত হাসি পেয়ে  
গেল। উল্লুক জগদীশটার বো ভুল বলে না... বলতে যাচ্ছিল কিছু তার  
আগেই মিলি বলে উঠলো, কা হলো?—এমন রণমূর্তিতে? কাকু সঙ্গে  
ঝগড়া করে এলি নাকি?

এলাম!

স্বত্রত বন্দে পড়ে বলল, আচ্ছা তোমার ওই পাশের ঘরের আঙ্গুলী পেশে-  
টের সঙ্গে তোমার এতো মাথামাথি হয় কখন?

মাথামাথি?... মিলি হেসে কেলে, আহা ও তো আর আমার মতো 'গাবু-  
পিল' অবস্থা নয়। হাঁটে চলে এয়ের ওষর করে বেড়ায়। আসে যখন  
তখন!

তার মানে-সকলের হাঁড়ির খবর সংগ্রহ করে বেড়ায়। আশ্চর্য, অতটুকু  
মেয়ে, কাঁ পাকা!

ওমা! পাকামির কৌ করল? বেশ তো বাচ্চা বাচ্চা কথা। আরে ও তো  
তোর বন্ধুর বৌ।

অতএব তোমার শাস্তিভঙ্গ করার দাবি আছে শুর ! বাচ্চা বাচ্চা কথা !  
হ' । তোমার কত বয়েস জিগ্যেস করে নি ?

মিলি হেসে উঠে বলে, কে বলল ?

কেউ বলে নি, আমি বলছি । করেছিল কি না ?

তা করেছিল বটে ।

কৌ বলেছিলে তুমি শুনি ?

বলেছিলাম ? আরো হাসে মিলি, বলেছিলাম তার গাছ পাথর নেই ।

হ', তাতেই মন শুঠেনি । বরকে বলেছে, তুমি আমার দিদি—একথা দেখলে  
বিশ্বাসই হয় না । আমি বলেছিলাম, তোর গিন্নাকে বলে দিস, জানে না  
বুঝি সুন্দরী মেয়েদের বয়েস বাড়ে না ।

এই সুবৃ, বড় যে ফাজিল হয়ে উঠেছিস দেখছি ।

তা কৌ করব ! এত রাগ হয়েছে ।

আহা এতে রাগের কি আছে ?

সে তুমি বুঝবে না ! টোন্ ভালো নয় ।

তুই যে দেখছি আমার থেকেও বুদ্ধিমান হয়ে উঠেছিস ।...যাক আজকাল  
এত সময় বার করছিস কোন্ ভাঙ্ডার থেকে ? ঘন ঘন আসছিস ।

কই ? দু-তিনদিন তো আসি নি ।

তা আসিস নি বটে ! তা হ্যারে আমায় দেখে গিয়ে পিসিমাকে খবরটা  
দিস না ?

হঠাৎ বুকটা চমকে শুঠে শুব্রতর । এখানেও যেন টোন্টা ভালো নয় । তবু  
অবহেলা ভাবদেখিয়ে বলে উঠলো, একথা আবার কে বলতে এলো ?

স্বয়ং পিসিমা । তোর মা জননী ।

কে ? মা ? মা এসেছিলেন ?

হ' ! অনেকদিন আসতে পারছেন না বলে তুঃখে মরে যাচ্ছিলেন । অনেক  
তোড়জোড় করে এসেছিলেন, তুই আসিস শুনে আকাশ থেকে পড়লেন ।  
বললেন, 'সেই তো একদিন ঠেলে ঠেলে পাঠিয়েছিলাম । আরও এসেছে ?  
আহা তা খবরটা দিবি তো গিয়ে ? দেখলাম বেশ বিশ্বিত এবং যেন

আহতও ।

সুত্র তকে এখন রাগী দেখাল ।

বলল, ঘুরতে ঘুরতে রাত করে ফিরি অত মনে থাকে না । এতে আহত নিহত হবার কৌ আছে ?

নাৎ তোর দেখছি আজ মেজাজ টঙ্গে । দেখতে আসতে পারেন না, মন ছটফট করে, হাঁফাতে হাঁফাতে এসেছেন । তুই আসিস-টাসিস জানলে শাস্তিতে থাকতেন । ... তোর সঙ্গেও আসতে পারতেন । পাড়ার কোনো একটা ছেলেকে ধরে এনেছেন ।

সুত্রতর হঠাৎ খুব খারাপ লাগে ।

যেন ওর কোনো একটা গোপন অপরাধই ধরা পড়ে গেছে । অথচ সত্ত্বাই কিছু অপরাধ নয় । ... সেদিন মারতাড়নায় দেখতে এসে বেচারী মিলিদির নিঃসঙ্গ অবস্থাটা অনুভব করে বড় মায়া-মায়া লেগেছিল । ... আহা সেই মিলিদি ! কত ঔজ্জ্বল্য, কত সুখ, কত প্রতিষ্ঠা । ... সেই যে বলে রামেও মেরেছে, রাবণেও মেরেছে, এ প্রায় তাই । জামাইবাবুটা না-হয় শয়তান, ভাগ্যই বা কম কৌ ? এমন একটা অস্মুখ দেবার দরকারটা কী ছিল ?

সেই মায়া মায়া মনটাই সুত্রতকে প্রায়ই এই বিকেলের দিকে এই মার্সিং হোমের দিকে টেনে নিয়ে আসে । ... সেটা বাড়িতে প্রকাশ করতে কেমন লজ ! করে যেন । তাই আর বলা হয় না ।

কিন্তু কৌ আশ্চর্য ! কারুর প্রতি একটু বাড়তি মায়া প্রকাশও সমাজে বে-আইনী ? জগদীশটার কথার স্বরে যেন একটা রহস্যের ইশারা, মা ‘আহত বিস্ত্রিত হতচকিত’ হয়তো বা আরো কত কৌ !

অথচ এই মা-ই মিলিদির কথা তুলে এ যুগের হৃদয়হীনতাকে ধিক্কার দিয়েছে । বলেছে, কত ভালবাসতিস মিলিদিকে, মিলিদি মিলিদি করে পায়ে পায়ে ঘুরতিস ! একটু মনে পড়ে না বাবা ?

তার মানে হে পুত্র কগ্না—ভালবাসো কর্তব্য করো, মায়ামতা দয়া করুণা যা কিছুই করো, গার্জেনকে জানিয়ে, দেখিয়ে । তোমার বাইরের এবং ভিতরের সমস্ত গতিবিধি, যেন তাঁদের জ্ঞানগোচরে থাকে ।

মিলিদি, আবার বলল, সেকালের মাঝুষ তো, ওদের আবার সেটিমেন্ট-ফেন্টিমেন্ট একটু বেশী ।

ঠিক আছে । আর আসবো না । তিনিই আসবেন পাড়ার ছেলেকে ধরে ।  
ওমা !

মিলিদি গালে হাত দেয় এ যে একের দেয়ে অন্যের দণ্ড ! আমি বলে হাঁ  
করে থাকি তোর জন্মে । তবু ছটো সাধারণ কথা কয়ে বাঁচি । ...নে রাগ  
রাখ কলা খা । বলে মিলি হাত বাড়িয়ে মৌটসেফের ওপরে রাখা  
ছড়া থেকে ছটো মোটাসোটা কলা এগিয়ে দেয় । রীতিমতো মোটা ।

সুব্রত বলল, নমস্তে ! এই কলা একজোড়া খাওয়া একমাত্র হনুমানজীর  
পক্ষেই সন্তুষ্ট ।

একটা নিল ।

মিলিদি বলল, অথচ দেখ আমার জন্মে এক ডজন মজুত ! কারণ আমার  
পুষ্টির দরকার ।

সুব্রত একটু গলা নামিয়ে বলল, সে পুষ্টিটা বোধহয় তোমার আয়ারই  
হচ্ছে ।

উঃ ! তুই আচ্ছা কুচুটে হয়েছিস তো আজকাল ।

মিলি হেসে ফেলে বলে, তা কী করব বল ? রোজ রোজ আমার ওপর যে  
গন্ধমাদন পর্বত চাপানো হয়, সেটার যদি শেয়ার না করি পচাফলের ভারে  
মৌটসেফ ভেঙে পড়বে যে ।

সুব্রত বলতে ঘাচ্ছিল, কে নিয়ে আসে ? সেটা বলল না । দুরিয়ে বলল,  
এই গন্ধমাদনটি চাপিয়ে চলেছে কে ?

মিলিদি রগের পাশে হাত বুলিয়ে নিয়ে বলল, দাদা ।

দাদা ! কে নৌরেন্দা ? আসে রোজ ?

এই দেখ বোকার মতো কথা । বেকার নাকি, তাই আসবে রোজ ? কাজের  
চাপে বলে নিশ্বাস ফেলার সময় নেই । তবু তার মধ্যে থেকেই মনে করে  
অফিসের পিয়নকে দিয়ে নিউ মার্কেট থেকে কিনিয়ে পাঠিয়ে পাঠিয়ে  
দেয় !

তাই বল ! দাদা শুনে তো অবাক হয়ে যাচ্ছিলাম ।

ফের সেই কুটিল কথা ? মিলি একটু উদাস গলায় বলল, তাই বা কে করে বল ? তাছাড়া—দাদাই তো সব করছে ।

কথাটা সত্যি। মিলির দাদাকে নিন্দে করা যায় না। বোনের এই রাজকীয় রোগের প্রভৃতি খরচ সবটাই তো দাদা বহন করছে। এবং প্রায়ই নার্সিং হোমের কর্তৃপক্ষকে টেলিফোন ঘোগে দরাজ ঘোষণায় জানিয়ে দিচ্ছে, টাকার জন্যে পরোয়া করি না আমি, যতদিন রাখবার দরকার বোধেন, রাখবেন ।

ডিভোর্স বোনের জন্যে এমন উদার ঘোষণা কে করে ? ব্যাচিলার নয়, বিপর্তীক নয়, সংসারী লোক। টাকার সীমা সংখ্যা নেই ? তাতে কি ? অনেকেরই তো এমন থাকে না, কে কার কত করছে ?... টাকাগুলো না কি কালো ? তাতেই বা কী ? কালোছেলের উপর কি বাপের ফর্সা-ছেলের থেকে মায়া কম হয় ? ..

নাঃ নৌরেনকে মহানুভবই বলতে হয় ।

সমীরণ যখন ডিভোর্স চেয়ে বসেছিল, তার সব বড়-বাপটা তো নৌরেনই বয়েছিল।... মিলি এক কথায় বিনা শর্তে স্বামীর প্রার্থনা পূরণ করেছিল তাই নইলে তো লড়তেও চেয়েছিল। বলেছিল, এমন পঁয়াচ কষতে পারি যাতে বাছাধনের বিয়ের শখ জন্মের মতো ঘুঁচিয়ে দিতে পারি ;

মিলিই নিযুক্ত করেছিল ।

তারপরও দাদার সাহায্যেই একটা চাকরি জুটিয়ে নিতে পেরেছিল মিলি আর দাদার হস্তক্ষেপেই একটা ‘গ্যার্কিং গার্লস হোস্টেল’ জায়গা জুটে-ছিল।

এইভাবেই জীবনটাকে গুটিয়ে নিয়েছিল মিলি, এইভাবেই চালিয়ে চলবে ঠিক করেছিল, কিন্তু বিনা মেঘে বজ্রাঘাত, ধরা পড়ল এই কঠিন ব্যাধি। অবশ্য চিকিৎসার ক্রটি হচ্ছে না, সেরেও উঠবে একদিন এ আশা দেখা দিচ্ছে। কিন্তু সেরে উঠে গিয়ে এখন নিজেকে প্রতিষ্ঠিত করবে কোথায় ? চাকরিই কি করতে পারবে আর ? পারবে হোস্টেলে থাকতে ?

কলাটা শেষ করে সুব্রত সিগারেট ধরিয়ে বলল, আজ একটা ঘটনা ঘটেছিল, ভাবছি তোমায় বলি কি না বলি।

মিলিদি বলল, বলার মতো হলে বলবি, না হলে বলবিনা। এর আর ভাবনার কৌ আছে?

আহা ‘বলবার মতো’ কিনা এটাই তো বিচার্য।

তাহলে বলেই ফেল। আমিই বিচার করি বলে ফেলে ঠিক করলি না ভুল করলি।

তাই বলছ? আচ্ছা বলেই ফেলি—

সুব্রত একটীক্ষণ ধৈঁয়া উড়িয়ে, চট করে বলে উঠলোঁ, আজ সকালে সমীরগ-  
বাবুর সঙ্গে দেখা—

মিলির বোধহয় এটা আদৌ প্রত্যাশার মধ্যে ছিল না, মিলি কি তাই হঠাত  
ভিতরে ভিতরে চমকে উঠলোঁ? ভিতরে চমকালোঁ কি না দেখা গেল না,  
তবে মুখের রংটা যে একটু বদলে গেল সেটা দৃশ্যমান।... মিলির রক্তশৃঙ্খল  
ফাঁকাসে মুখটালাল দেখাল।... কিন্তু মিলি কথা কইল একেবারে সুব্রতের  
উৎসাহের আগুনে বরফজল ঢেলে।

বলল, এই তোর মন্ত একটা ঘটনা? একই শহরে বাস করতে করতে  
হঠাতে রাস্তায় দেখা হয়ে যাওয়া, আশ্চর্যের কৌ?

সুব্রত এটা আশা করে নি।

ভেবেছিল হয় মিলিদি বলে উঠবে, ওর নাম আমার সামনে উচ্চারণ  
করিস নি। নয়তো কৌতুহল দেখাবে, কোথায় কখন কৌ অবস্থায়?

এই গাছাড়া কথায় সুব্রত প্রথমটা কথা খুঁজে পেল না, তারপর বলল,  
না ঠিক শুধু দেখা হওয়া নয়, দারুণ সৌজন্য দেখাল ভদ্রলোক।... রাম-  
বিহারীর মোড়ের কাছে বাসের জন্যে অপেক্ষা করছি, দেখি হঠাতে গায়ের  
কাছে ঘ্যাচ করে একটা গাড়ি থেমে গেল। পিছনের সৌচে কেউ নেই,  
একাই নিজে চালিয়ে যাচ্ছিল—

মিলি বলল, ছোট গাড়িটা বুঝি?

তাতো জানি না। ছোট বড় মেজ সেজ অনেক গাড়ি আছে বুঝি?

মিলি সহজভাবে বলল, হঁয়া বলে যা, ‘ন’ নতুন ফুল রাঙ্গা কনে !’ অত কিছু না ছট্টোই তো ছিল তখন। বড়টা ডাইভার চালাত। বেচে খেয়েছে হয়তো !...অবহেলার ভঙ্গিতেই বলল।

শুরুত মনে মনে হাসল।

বলল, হতে পারে। তবে এটোও একটা অ্যামবাসাড়ারই। জানলা দিয়ে মুখ বাড়িয়ে বলল, আরে শুরুত না ? কোন্দিকে যাচ্ছ ?

আমার তো ওনার এই সপ্রতিভ ভাব দেখে এই স্থান রাগ হলো, কথা বললাম না, শুধু যেদিকটায় যাব সেটা হাত নেড়ে দেখিয়ে দিলাম।...দেখি দরজা খুলে নেমে এলো। শ্রেফ আগের মতো কাঁধে হাত দিয়ে বলল, উঠে এস না। একসঙ্গে যাওয়া যাক কথা বলতে বলতে।

বাস স্টপের দাড়িয়ে থাকারা আমার এই সৌভাগ্যে বোধহয় হিংসেয়, মরে গেল। বুঝলাম, তবু বললাম, না, না, এই তো এক্সুনি বাস পেয়ে যাব।... বলল, সেতো যাবেই। তবে আমি যখন হঠাতে তোমায় পেয়ে গেলাম, একটু কথা বলতে বলতে যেতাম।...আশপাশের লোকগুলো এত তাকা-চ্ছিল, যে উঠে আসা ছাড়া গতি ছিল না।

উঠলি ?

উঠলাম, আর কী করবো। লোকেরা কী ভাববে ভেবেই ! গাড়িতে উঠিলে কিছুক্ষণ চুপচাপ, তারপর হঠাতে রাশি রাশি কথা।

মিলি অবহেলার গলায় বলল, তোর সঙ্গে আবার এত কী কথা ?

আমি তো উপলক্ষ মাত্র। নিজের কথাগুলো বলে ফেলে বাঁচার জন্যেই বলা।...তবে অধান কথা হচ্ছে উরসেই শুন্দরী তরুণী পাঞ্জাবী বৌ ওঁকে ছেড়ে দিয়ে কেটে পড়েছে।

মিলি যেন এ খবরের জন্যে প্রস্তুতই ছিল, তাই তেমনি অবহেলায় বলল, ওটা তো জানা কথাই।

বাঃ ! জানা কথাই কেন ? সমীরণবাবু তো বলতে লাগছিল এ শুধু তার ভাগ্যটাই অভিশপ্ত বলে !

মিলি ও কথার উক্তির না দিয়ে বলল, বলতে আর কী কাঠখড় লাগে বল ?

ডিভোর্স হয়ে গেছে বোধহয় ?

দরকার হয় নি। সে বঞ্চিটি বেঁচেছে। ওর নাকি আগের সত্তি বিয়ের একটা সত্ত্য বর ছিল, সে এসে হামলা করে বৈধ পঞ্জীকে জোর ফলিয়ে নিয়ে গেছে, এবং সেই মহীয়সী মহিলা স্ট্যাম্প কাগজে লিখে দিয়ে এবং লিখিয়ে নিয়ে গেছেন, এখানে তিনি এই বাংগালৌটা'র সঙ্গে 'অবৈধ' ভাবে বাস করতেন, অতএব কোনো পক্ষই আদালতের শরণ নিতে গেলে সুবিধে করতে পারবে না। পরে জানা গেছে মেয়েটা না কি নিজেই চিঠি লিখে সত্ত্য বরকে আনিয়েছিল।...

মিলি একটু হেসে বলল, বেচারা !

কে বেচারা ?

এই তোদের সমীরণবাবু।

তুমি এখনও শুকে 'বেচারা' বলতে পারছো ?

আহা, বেচারাকে বেচারা ছাড়া কী বলব ?

দেখি, সবটা শুনে কী বল। সাহেব এখন আর একটি বৈধ বিয়ে করতে কোনো গণ্ডগামের নিরক্ষর মেয়ে খুঁজছেন, জীবনটাকে নতুন ছাঁচে গড়া যায় কি না দেখতে।

কথা শেষ হতে দেয় না মিলি, আচমকা হি হি করে হেসে উঠে বলল, তোকে ঘটকালির ভার দেয় নি তো ?

শুব্রত হাসল, এত সাহস হবে না। তবে মিথ্যে বলব না যখন নাক মুছে মুছে ঝুমাল-ফুমাল ভিজিয়ে ফেলে তুঃখগাথা নিবেদন করছিল, তখন একটু মন কেমন করছিল। আসলে তো একসময়—মানে তখন তো লোকটাকে প্রায় 'হৌরো'র পর্যায়ে তুলে রেখেছিলাম।

মিলি যেন একটা কৌতুকের দৃষ্টিতে ওর দিকে তাকিয়ে দেখল, কিছু বলল না।...শুব্রত বলল, সে যাক, শুধু শুধু অনেকটা বেশী রাস্তা ঘূরিয়ে, বাড়তি তেল পুড়িয়ে নামিয়ে দেবার সময় চোরের মতো মিনমিন করে বলল, তোমার মিলিদি কেমন আছেন ?

এখন মিলি বলে উঠলো, থামা দে সবু ! আমার আবার বেশী হাসি সয়না।

থামাই দিছি, আর বিশেষ কিছু না। বললাম ‘খুব ভালো আছে’... বলল,  
‘জানি জিগ্যেস করা আমার মানায় না, তবু। শুনেছিলাম এবার বোধহয়  
নাসিং হোম থেকে ছাড়া পাবে। ডাক্তার বলেছে—

স্বত্রত আর একটা সিগারেট বার করল। হাতের তেলোতেই টুকে লাইটার  
দিয়ে জ্বালিয়ে নিয়ে বলল, বললাম, তাহলে তো আপনি আমার থেকে  
বেশী জানেন। বলে চলে এলাম। তবে দেখে বেশ খারাপ লাগছিল,  
চেহারাটা এমন বিক্রী হয়ে গেছে।

মিলি দরজার দিকে তাকাল।

কিম্বা দেরালের দিকে।

অথবা কোনোদিকেই নয়, শুধু অবহিত করে দেওয়ার গলায় বলে উঠলো,  
স্বৰূ, ফাস্ট' বেল বেজে গেছে মনে হচ্ছে—

তাই না কি ? খেয়াল করি নি তো—

স্বত্রত উঠে পড়ল।

কেউ যে নৌরব ভৎসনার দৃষ্টি নিয়ে এসে দরজায় প্রহরীর মতো ঢাঢ়াবে,  
এটা অসহ।

ও চলে যেতেই মিলি আয়াকে ডেকে বলল, বেডটা ঠিক করে দাও।  
আয়া হ্যাণ্ডেল ঘুরিয়ে ঘুরিয়ে উচু করে রাখা খাটটাকে বেড করে দিলো।  
শুয়ে পড়তে হলো না, আপনিই শুয়ে পড়া হয়ে গেল। মিলি চোখ বুজে  
চুপ করে শুয়ে রইল কিছুক্ষণ, কিছুই ভাবল না। যেন অবসর শরীর আর  
অবসাদগ্রস্ত মনটাকে নিয়ে একটা চিন্তাহীন আরামের সমুদ্রে ডুবে যাওয়া  
ছাড়া আর কোনো কিছু নেই তার জীবনে।

তারপর আস্তে আস্তে সেই তলিয়ে যাওয়া থেকে উঠে আসতে থাকে  
হালকা কুয়াশার মতো একটা অন্তুত চিন্তা... এই জীবনটাই যদি স্থায়িত্ব  
নিয়ে আয়ুর শেষ তারিখে পৌছে দেয়, কী ক্ষতি হয় তাতে? এই নিজের  
সম্পূর্ণ ভারটাকে অগ্নের হাতে ছেড়ে দিয়ে শুধু শুয়ে থাকা, শুধু অলসতার  
নেশায় নিজেকে ডুবিয়ে রাখা, এমনকি দেহটাকে পর্যন্ত শোওয়ানো

ଶ୍ରୀନୋର ଦାୟିତ୍ୱ ନେଇ, ତାର ଜଣେ ରଯେଛେ କୌଶଳୀ ଖାଟ ବିଚାନା । ଏତେ  
ତୋ ଏକ ଧରନେର ସୁଖ ।... ଚରମ ଆରାମେର ଆର ପରମ ନିଶ୍ଚିନ୍ତାର ସୁଖ ।...  
କେନ ତବେ ମିଲି ଏ ଅବସ୍ଥା ଥେକେ ମୁକ୍ତି ପାବାର ଜଣେ ଦିନ ଗୁରୁତ୍ୱ ? ଏହି  
ଆବେଶେର ଜୀବନ ଥେକେ ବେରିଯେ ପଡ଼େ ଆବାର ଆର କୋନୋ ଜୀବନେର ମଧ୍ୟେ  
ନିଜେକେ ପ୍ରତିଷ୍ଠିତ କରତେ ବସବେ ମିଲି ?... ପିସି ବଲେ ଗେହେନ, ଆର ତୋ  
ତୋର ହୋସ୍ଟେଲେ ଗିଯେ ଥାକା ହବେ ନା—ତୋର ଜଣେ ଆମାର ଘରେର ପାଶେର  
ଘରଥାନା ସାଜିଯେ ଗୁଜିଯେ ରାଖଛି । ସରଟା ଛୋଟ ବଟେ, ତବେ ହାତ୍ୟା ଆଲୋର  
ଅଭାବ ନେଇ ।... ବଡ଼ ବୌମା ବଲେଛିଲ, ଆଯା ତୋ ଏଥନ ଆରୋ କିଛିଦିନ  
ରାଖତେଇ ହବେ, ତିନତଳାର ନତୁନ ଘରଥାନାଯ ବ୍ୟବସ୍ଥା କରଲେ ହତୋ ! ଚାରିଦିକ  
ଖୋଲା ତୋ । ଆମି ବଲେ ଦିଯେଛି, ଆମି ତୋ ବାହାଚୋଦବାର ସିଂଡି ଭାଙ୍ଗତେ  
ପାରବ ନା, ତାହଲେ ମେଯେଟାକେ ଦିନାନ୍ତେ କ'ବାର ଦେଖିତେ ପାବୋ ? ଏ ଆମାର  
କାହାକାହିଇ ଥାକବେ ।...

ପିସିର ନିଜେର ମେଯେ ନେଇ, କମ ବୟସେ ମା-ମରା ଏହି ଭାଇଥିଟି ତାର ବିଶେଷ  
ଆଦରେର, ଏବଂ ଯେନ ନିଜସ୍ତ ଏକଟା ସମ୍ପଦିସନ୍ଦଶ ।... ମିଲିର ବିଯେର ସମୟ  
ପିସିଇ ସର୍ବମୟୀର ଭୂମିକା ଗ୍ରହଣ କରେଛିଲେନ ।... ବାବାକେ ମନେ ପଡ଼ିଲ ମିଲିର,  
କେମନ ଯେନ ନିରପାୟ ନିରପାୟ ଭଙ୍ଗିତେ ବଲେଛିଲେନ, ମାନଛି ଛେଲେ ଖୁବଇ  
କୃତୀ, ଅବସ୍ଥାଓ ଭାଲୋ କିନ୍ତୁ ଶୁଦ୍ଧ ଏକା ଛେଲେ, ଯା ନେଇ ବାପ ନେଇ କାକା  
ଜ୍ୟଠା ଦାଦା କେଉଁ ନେଇ, ସମସ୍ତଟା କି ତୁଇ ବେଶ ଭାଲୋ ମନେ କରଛିମ  
ମରସ୍ତତୀ ?

ପିସି ବାବାର ଏହି ଦ୍ଵିଧାକେ ପ୍ରବଳ ବେଗେ ଉଡ଼ିଯେ ଦିଯେ ବୁଝିଯେଛିଲେନ, କେଉ  
ନେଇ ସେଟାଇ ତୋ ସୁବିଧେ । ମେଯେ ଗିଯେଇ ସ୍ଵାଧୀନତାର ସୁଖ ପାବେ, କାହିଁତେବେ  
ଗୌରବ ପାବେ ।... କାରକ ମନ ରକ୍ଷାର ଆର ମାନ ରକ୍ଷାର ଦାୟ ପୋହାତେ ହବେ  
ନା ! ଏକି କମ ସୁଖ ? ମେଯେଦେର ଜୀବନେ ଏଟାଇ ତୋ କାମ୍ୟ ବାପୁ । ଭେବେ ଦେଖୋ  
ଓହି ଅତ୍ୱବଡ଼ ବାଡ଼ି, ଛ'ହଥାନା ଗାଡ଼ି, କାଜେର ଲୋକଜନ, ହାଲକ୍ୟାମାନେର  
ମାଜାନୋ ଗୋଛାନୋ, ସବକିଛୁର ମାଲିକ ହବେ ମିଲି ଏକା । ଭାଗୀଦାରେର  
ବାଲାଇ ନେଇ, ଏ ସମସ୍ତ ତୋମାର ପଛନ୍ଦ ହଜେ ନା ଦାଦା ? କେଉଁ ନେଇ କେନ,  
ଏକଟା ଦିନି ତୋ ଆଛେ ?

সে তো সত্তাতো দিদি ! গ্রামে থাকে ।

সে তো আরো ভালো । বরণ করে ঘরে তোলবার সময় করবে কম্বাবে ।  
পরে মিলির শুপর বেশী খবরদারি করতে আসবে না, স্থানে প্রস্থান  
করবে ।

সমীরগের সেই সত্তাতো বড়দিদির মুখটা হঠাত মনে পড়ল মিলির ।  
বোকাটে বোকাটে গ্রাম্য গ্রাম্য । তিনিষ যে একদা এ সংসারের ছুহিতা  
ছিলেন, সে কথা ভাবার সাহস তাঁর ছিল বলে মনে হয় নি । হয়তো সে  
বোধই ছিল না । কোন্কালে বিয়ে হয়ে তদবধি বর্ধমানের কোনো গ্রামে  
পড়ে আছেন, সংসারে কোনোদিন প্রবেশাধিকার ঘটেছে বলে  
মনে হয় নি মিলির ।

নতুন কমে মিলির কেমন অস্পষ্টি হয়েছে, চেষ্টা করেছে তাঁকে সম্যক মান  
মর্যাদা দেবার, কিন্তু কাজ করার লোকজনেরা গ্রাহমাত্র করে নি, এমন  
কি সমীরণ পর্যন্ত বলেছে, ওঁকে নিয়ে এত মাতামাতি করার কৌ আছে ।  
দিদিকে আমাদের সঙ্গে কালীঘাটে নিয়ে যাওয়া হলো সেই তো যথেষ্ট,  
আবার ওঁকে নিয়ে থিয়েটার দেখতে যেতে হবে ? পাগলামি কোরোনা ।

কোনোথানে কোনো সাদৃশ্য নেই, তবু মিলির হঠাত মনে হলো মিলি  
যেন মেই দিদির সমগ্রত্ব হয়ে গেছে ।

মিলির দাম্পত্যজীবন ভেজে যাওয়ায় পিসি যেন নিজেকে একটু অপরাধী  
অপরাধী ভেবেছে । যদিও তখন মিলির বাবা নেই, তবে মিলির দাদা বৌদি  
তো ছিল । কিন্তু সে জীবনটা ভাঙ্গ কেন ?... দাদা বলেছিল, ‘অ্যাডজাস্ট  
করবার ক্ষমতার অভাবে । ছোট থেকেই তো মিলির মধ্যে ও জিনিসটা  
নেই ।’

হয়তো তাই ।

হয়তো সমীরণ যখন প্রতিরাত্রে বেহেড মাতাল হয়ে বাড়ি ফিরতো আর  
প্রায় রোজই গাড়িতে ওই বেহায়া পাঞ্জাবী মেয়েটাকে দেখা যেত, তখনও  
মিলির অ্যাডজাস্ট করে নেওয়াই উচিত ছিল ।... কিন্তু কেউ যদি তোমাকে  
গায়ের কাছ থেকে ছুঁড়ে ফেলে দিতে চায়, যদি বলে, তোমার খতো

মোমের পুতুলকে নিয়ে ঘর করা আমার দ্বারা হবে না। তুমি আমার জীবনের শনি, আমার সুখের হস্তারক, তোমার ছায়া পর্যন্ত সহ হচ্ছে না আমার—'

তাহলে কোন্ পথ দিয়ে অ্যাডজাস্ট করা যায় ? সেই দুঃসহ দিন-রাত্রি-গুলো মনে পড়লে এখনো যন্ত্রণায় মাথার অধো ইঞ্জিন চলে যায় । ... ক্রমশ সেই মেয়েটাকে বাড়িতে নিয়ে এসে উঠেছে সমীরণ, যতদূর নয় ততদূর বেহেড কাণ্ড করেছে। ওই মেয়েটাকে দিয়ে মিলিকে অপমান করাতে চেয়েছে। আর—

বুকটা কেমন করে উঠলো মিলির ।

কিন্তু এসব তো সে কাউকে বলে বেড়ায় নি। দাদাকেও না। শুধু বলেছে ‘থাকা সন্তুষ্ট হলো না।’ তবে আর দাদা ভাববে না কেন মিলি যদি এক আডজাস্ট করে নিতে পারতো—

তবু দাদাইতো তার চাকরি ঠিক করে দিয়েছিল, থাকার ব্যবস্থাও। পিসি রেগে আঁশন হয়েছে তাতে। বলেছে, কেন তোর বাপের তৈরী বাড়িতে তোর থাকবার অধিকার নেই ? মিলি স্বেচ্ছায় নির্বাসন দণ্ড গ্রহণ করেছে। মিলি দাদা বৌদির সুখের সংসারে একটা অবাস্তুর জিনিস হয়ে থাকতে চায় নি। ... সুখের হস্তারক হতে তার বড় ঘৃণা। ...

পিসি বলেছে, তা একটা কেরানিগিরি চাকরি ছাড়া আর জুটল না ? শহরে এত ইস্কুল কলেজ, মাস্টারী করা যেত না ?

মিলির তাত্ত্ব অনৌহা ।

একটা অপরিচিত জগতের এককোণে একটু ঠাই পেয়েই হাঁফ ছেড়ে বেঁচেছিল ।

সেটাও সইল না মিলির ।

এখন মিলিকে আবার অন্ত একটা সংসারে জিজ্ঞাসার চিহ্নেরমতো বিরাজ করতে হবে। ... তবে কেন মিলি ভাবতে বসবে না, আয়ুর শেষ দিনটা পর্যন্ত যদি নার্সিং হোমের এই খাটটায় কেটে যেত। ... অবসাদের তলায় তলিয়ে গিয়ে শুধু নিজেকে তুবিয়ে রাখা, এও তো একরকম সুখ ।

অর্থচ আশ্চর্য মিলির ঘুণধরা মেরুদণ্ড না কি আবার সতেজ হবার প্রতি  
শ্রদ্ধা দিছে। তবে? তবে আর আয়ুর শেষ দিনটা নিকট হবে কী করে?

অবচেতনার স্তর থেকে চেতনার জগতে উঠিয়ে নিয়ে এলো আয়া স্বপ্নার  
ডাক, দিদি খেয়ে নিতে হবে এবার।

আবার খাটের হ্যাণ্ডেল ঘোরাচ্ছে।

কিন্তু হঠাৎ চেতনার জগতে ফিরে এসে খেয়াল হলো মিলির স্বীকৃতর সেই  
কথাটাই এতক্ষণ ধরে ভেবে চলেছিল মিলি।...‘চেহারা এত খারাপ হয়ে  
গেছে।...দেখে মায়া এলো।’...চেহারা এত খারাপ হয়ে গেছে!...মিলি  
ভাবল অত মদ খেলে চেহারা খারাপ হয়ে যাবে না?

মিলি মনকে শক্ত করে নেয়।

আশ্চর্য! তখন আর একটা কথা কোথায় যেন একটানা উচ্চারিত হয়ে  
চলে, তোমার মিলিদি কেমন আছেন?

‘তোমার মিলিদি—’

ছোড়নার ঘরে আয়নার সামনে দাঢ়িয়ে চুল আঁচড়াতে আঁচড়াতে ঝুঁবি  
নিজেকে দেখছিল নিরোক্ষণ করে। ঝুঁবিদের বাড়ির যেন সবই বিচ্ছিরি!...  
এতবড় একটা আইবুড়ো মেয়ে থাকতে মাছেলের বিয়ে বিয়ে করে পাগল।  
মাদের আমলে এমন কথা ভাবতে পারতো কেউ? হতে পারে সে ছোড়-  
নার থেকে পাঁচ-ছ বছরের ছোট, কিন্তু চবিশ বছরটাই কি কম? ছেলে-  
দের আর মেয়েদের বয়েসের হিসেব কি এক নিয়মে চলে?...অর্থচ এই  
এখন যাওয়া হচ্ছে ছোটবাবুর কনে দেখতে।

বড় ছেলের বিয়ে দিয়ে তো স্বুখের সাগরে ভাসছে মা জননী। রাতদিন  
সমালোচনা। আবার এক্ষুনি ছোট ছেলেটাকে ‘দেবৌচরণে’ উৎসর্গ করে  
দিতে ইচ্ছে করছে?

চুল আঁচড়ে জোরে জোরে মুখেম্বো ঘসতে থাকে ঝুঁবি।...আরো দু' চার  
রকম উপকরণ নিয়ে এসেছে তিনতলার এই ঘরে। তাকেও তো কনে  
দেখতে যেতে হবে। মা বলেছে খুব ভালো করে সাজবি, যেন তোকে

গুদের মেয়ের থেকে নৌরেস না দেখায়।

এটা অমিতার একটি পলিটিকস।

মুখে যাই বলুন মনের বাসনা এই ছুতোয় তাঁর মেয়েটার ও ধনি কনে দেখা হয়ে যায়।...গিল্লোর না কি একটি ‘শুপাত্র’ ভাইপো আছে।...একথা কুবি জানে না। কুবি প্রাণপনে সাজছে যাতে ভাবী বৌদির থেকে নৌরেস না দেখায়।

গৌতমের অস্ত্রপচ্ছিতিতে তাঁর এই ঘরখানাতেই কুবির বাসা।...নৌচের-তলার হিজিবিজি থেকে চলে এসে দিব্য আস্ত একখানা নির্জন ঘরে গাহাত মেলে শোওয়া বসা বইপড়া চুলবাঁধা, কম আরামের ?...গলায় পাউডার বুলোতে বুলোতে কুবি এই আলনা আরশি খাট বুকসেলফ টেবল ল্যাম্প ইত্যাদি দিয়ে সাজানো ছিমছাম ঘরখানার দিকে প্রায় ঈর্ষার দৃষ্টিতে তাকাল।...যখনই আসে তাকায় এইভাবে। আজ আরো বেশী।...এই ঘরখানায় কুবির আর কোনো আধিপত্য অধিকার থাকবে না।...কাদের না কাদের একটা মেয়ে এসে এবরের দখলদার হয়ে বসবে। হয়তো এসেই কুবির হাতের গোছানো সাজানোগুলো উপ্টে পাণ্টে নাককুঁচকে নিজের পছন্দমতো সাজাতে বসবে।...কুবির কিছুই বলবার থাকবে না।...অথচ এখন মা একখানা বই টেনে নিয়ে দেখে বাঁকা-চোরা করে রাখলে কুবি মাকে বকে দেয়।

তখন কুবির এবরে এসে একটু বসলেও নিজেকে হ্যাংলা হাংলা লাগবে।... দানার ঘবে চুকতে তো তাই মনে হয়। চুকলে কেউ কি কিছু বলে ? তা' অবশ্যই নয় তবু কুবির ভালো লাগে না !...হ্যাংলা আর বোকা বোকা লাগে নিজেকে।...

হ'দিন পরে এবরে চুকতেও তাই হবে। তাঁর ঘটাধ্বনি শোনা যাচ্ছে ! এ মেয়ে না কি সুন্দরী।...মার যেমন বুদ্ধি, রাজ্য খুঁজে সুন্দরী বৌ আনবেন ! বড় পুত্রুর তো খেঁদির পায়েই মাথা মুড়িয়ে বসে আছেন, সুন্দরী পেলে ছোট কৌ করেন দেখ। বোধহয় নৌলডাউন হয়েই থাকবে সর্বদা !

যত পারছে ফর্ম। হবার চেষ্টা করছে কুবি, আর মনে মনে এই সব আউড়ে

যাচ্ছে ।...মেয়েদের জীবন এক অস্তুত ! চিরকালের জায়গা, যার নাম  
জন্মস্থান, সেখানে পায়ের তলায় একটু মাটি নেই, জলের লতার মতো  
আলগা হয়ে ভাসছে, কবে কে এসে তোমার সেই আলগা শেকড় উপড়ে  
নিয়ে চলে যাবে ।...নিয়ে গিয়ে কোথায় রাখবে, কেমন ব্যবহার করবে  
কিছুই জানা নেই ।

এসবও ভাবছে, আবার চবিশ বছরের আইবুড়ো মেয়েকে ফেলে উন্নিশ  
বছরের ছেলের বিয়ে বিয়ে করে পাগলহওয়া দেখে রাগেওগা জ্বলছে ।...

হঠাতে পিছন থেকে আয়নার উপর একটা ছায়া পড়ল !...

বাপ করে ঘুরে দোড়াল, ছোড়দা । তুই এসময় ? শরীর ভালো আছে তো ?  
গৌতম অফিসের জামাটামা সুন্দুই বিছানায় টানটান হয়ে শুয়ে পড়ে  
বলে, ব্যাক্সে স্ট্রাইক ডিক্রেয়ার করে বসল । চলে এলাম ।

কে বসল ?

চিরদিন যারা এসব করে থাকে ।

ঝুঁবি বলল, সত্তি ? না কি, তুইও কনে দেখার দলে ভিড়ে যাবার তালে  
কেটে পড়েছিস ?

ওর মনে হলো মা বোধহয় তলে তলে—

কিন্তু গৌতম ছিটকে উঠে বসল, কৌ দেখবার তালে ?

মশাইয়ের কনে ! যাচ্ছি তো আমরা । যাবি তো বল ? বরের বন্ধু বলে  
চালিয়ে দেওয়া যাবে ।

ঝুঁবি ভাবছিল, ছোড়দা তার ‘মাজ’ নিয়ে খুব কহাত নেবে । ব্যঙ্গ করবে,  
ধিক্কার দেবে, প্রশ্ন করবে কনে দেখতে যাচ্ছে, না দেখাতে যাচ্ছে ?...

কিন্তু সেদিক দিয়ে গেল না ছোড়দা, বরং স্বভাব ছাড়া গন্তীর গলায় বলল,  
কনে দেখাদেখি বন্ধ করতে বলগে মাকে । আমি এখন বিয়ে-ফিয়ে করছি  
মা ।

শোনো কথা !

এই গান্তীর্থী ঝুঁবিকে একটু দমিয়ে দিলেও, সে তো ছাড়বার পাত্রী নয় ।  
চড়াগলায় বলল, ছ-মাস ধরে কনে থোঁজা হচ্ছে, কই এতদিন তো একথা

বলিস নি ?

গৌতম দৃঢ় হলো, আমার সঙ্গে পরামর্শ করে করে থেঁজা হয় নি।

অনুষ্ঠান করে পরামর্শসভা উদ্বোধন করা হবে না কি ? বাড়িতে পরামর্শ হচ্ছে, শুনছিস না বুঝি ? চললাম। চারটৈয়ে তাদের গাড়ি আসবে নিতে।

গৌতম বলল, রূবি, আমি বলছি—মাকে বলগে, এসব বক্ষ করতে।  
আর কিছু না।

রূবি ব্যাপারটাকে হালকা করার চেষ্টা চালায়, তাদের বলে এতক্ষণে চপর পুর তৈরো আলুসিন্ধি রেডি, কচুরির ময়দামাখা হচ্ছে—ফ্রিজে মিষ্টি মজুত !

গৌতম এখন উঠে বসল, স্থির গলায় বলল, ফাজলামি করে কোনো লাভ নেই। তুই না পারিস আমি গিয়ে বলছি মাকে। আমার পক্ষে এখন বিয়ে করা অসম্ভব।

এ ছোড়দা রূবির অচেনা।

রূবি ভয় পায়। হঠাতে বিছানার একধারে বসে পড়ে বলে শ্রেষ্ঠ, তোর কি হয়েছে বল তো ছোড়দা ?

হবে আবার কী ? যা পালা !

গৌতম ফের শুয়ে পড়ে বলে ফালতু একটা ছুটি পেলাম, ঘুমোতে দে।  
ভারী টায়ার্ড লাগছে।

এরপর আর কথা বলার সাহস হয় না রূবির। কিন্তু মাকেই বা বলবে কি ?  
নির্ধাত কিছু একটা হয়েছে। সেই সেদিনকে সেই পাজী বন্ধুটার সঙ্গে  
কোথায় যেন রান্তির কাটিয়ে আসার পর থেকেই ছোড়দার যেন অ্যাভাব। মা যে অত বকল, রাগ করল মা কেমন যেন চুপচাপ। এমনকি  
দাদা যখন উপদেশ দিতে এলো, সংসারের একটা নীতি নিয়ম আছে পারিবা-  
রিক জীবনের একটা দায়িত্ব আছে, তখনও দাদাকে ব্যঙ্গ বিজ্ঞপ করে  
খবর দেওয়ার উপায় ছিল না। ...

এ তো ছোড়দার প্রকৃতিমতো নয়।

ব্যাপারটা কী হলো ছাই !

ঝবি পিছনের দিনগুলোর দিকে তাকিয়ে মনে করে ফেলল, হঁয়া ঠিক ! ঠিক সেদিন থেকেই । সেই যেদিন সেই লক্ষ্মীছাড়া বন্ধুটার সঙ্গে র্জুট করে বেরিয়ে গেল, আর সমস্ত দিন রাত্তির আমাদের দক্ষে মেরে পরদিন কাক-তাড়ুয়ার মতো চেহারা নিয়ে ফিরল । সেই দিন থেকেই ছোড়দা'র স্বভাবটা পালটে গেছে ।...মায়ের কাছে না-হয় না ফেরার কারণটা খুলে বলল না, আমার কাছে তো পরে বলবে একদিন, ‘জানিস সেদিন কী হয়েছিল ?’ নাঃ, সেসব কিছু না । অথচ বেশ ধরা পড়ছে, কোথায় মন কোথায় মাঝুষ... ভগবান জানেন পাজৌ বন্ধুটার প্ররোচনায় পড়ে কোনো বিপ্লবী পাটি' ফাটিতে নাম লিখিয়ে এসে বসেছে কিনা ।...বন্ধুবেশী শনির প্ররোচনায় পড়েই তো উচ্ছ্বেষণ যায় মাঝুষ ! ভাবা পাপ, ছোড়দা সম্পর্কে একথা ভাব-ছেও না ঝবি যে বন্ধুটা ছোড়দাকে ভুলিয়ে অন্ত কোনো মন্দ জায়গায় নিয়ে গিয়েছিল, তবু যে চেহারা নিয়ে এসেছিল তাতে সেই সন্দেহ আসাই স্বাভাবিক ।...দাদাতে বৌদ্ধিতে কেমন যেন তাকাতাকি ও করছিল ।... আর দাদা মাকে বলেছিল, থাক বেশী খেঁচাখুঁচি করতে যেও না, শেষে হয়তো কেঁচো খুঁড়তে সাপ বেরোবে ।

হঠাতে অকারণে চোখে জল এসে গেল ঝবির ।

বৌ এসে ছোড়দাকে বদলে দেবে ভেবে আগে থেকে মন খারাপ করছিল বেচারা, এখন তো বেশ বুঝছে, শুধু শুধুই বদলে গেল ছোড়দা ।

মাঝুষ যদি হঠাতে বদলে যায়, সে তো অচেনা জনদের থেকেও অধিক অচেনা হয়ে যায় । তার মানে, ঝবি তার চিরদিনের ছোড়দাকে হারিয়ে ফেলল ।

কিন্তু অমিতা ?

অমিতা কি ‘সর্বস্ব’ হারিয়ে ফেললেন না ?

তাঁর এতদিনের লালিত স্মৃতি, সাধ, আশা ?

বড় ছেলে ছেলেবেলা থেকেই ছিল কেমন আস্তকেন্দ্রিক ‘স্বয়ং কর্তা’ পরিণত মাঝুষ-সুলভ গন্তীর । মায়ের সঙ্গে দূরস্থ তাঁর বরাবরই । বড়লোকের

বাড়ির জামাই হয়ে সে দূরত্ব বাড়িয়েই ফেলেছে। কিন্তু ছোট্টা চিরদিনই দাদার একেবারে সম্পূর্ণ বিপরীত।... এখনো সে হঠাত হঠাত মাঝের কোলে মাথা রেখে লস্থা হয়ে শুয়ে পড়ে, বলে, আচ্ছা মা তোমার মেজাজটি তো মন্দ নয়, কিন্তু গা-টা এত ঠাণ্ডা থাকে কিম্বে ?...

রুবির কাছে গল্প করে, ছেলেবেলায় জ্বর-টির হলে, কেমন হাঁ করে বসে থাকতো কতক্ষণে এসে গায়ে ঠাণ্ডা ঠাণ্ডা হাত বুলোবে মা।... খাওয়া নিয়ে আবদার করতে, রান্না পছন্দ না-হলে তাই নিয়ে ব্যাথানা করতে, যখন তখন মাকে ক্ষেপিয়ে মজা দেখতে এখনো তো বালকের মতো ছিল গৌতম।

অমিতার মনে পড়ছে যেদিন সেই ভোরবেলা বেরিয়ে গেল, তার আগের রাত্রে খেতে বসে গৌতম বলে উঠেছিল, আচ্ছা রুবি কবে যেন আমরা লাস্ট মাংস খেয়েছিলাম রে ? প্রাগৈতিহাসিক যুগে বোধহয়, তাই না ?

শুনে দ্বিজোন্তম হেসেছিলেন। বলেছিলেন, আমার তো বুধবারে ছাড়া বাজার যাওয়ার সময় হয় না, উভমণি থাকে না, রবিবারে-টারে তুই নিজেই একবার চলে যাস না বাবা ?

নিজে ? বাজারে গিয়ে মাংস এনে ? কাঁচা মাংস ?

গৌতম বলেছিল, সাতজীবন মাংস না থাই ! বাজারে ঝোলানো কাঁচা মাংসের দিকে হঠাত চোখ পড়লে আমার গা বরি করে।

দ্বিজোন্তম বলেছিলেন, তাহলে আর কৌ করা ? তোদের মা তো আর কখনো মানুষ হলো না। এখন তো দেখি মহিলারাই বাজার-টাজার করে থাকে।...

এ কাঠামোয় আর হবে না।

বলে অমিতা কথায় যবনিকা টেনেছিলেন। তবু মনে ঠিক করে ফেলে-ছিলেন, পরদিন বাসনমাজা মেয়েটাকেই পয়সা দিয়ে বুঝিয়ে-তুঝিয়ে আনিয়ে নেবেন। রবিবার আছে। যদিও অমিতার সংসারে রবিবারটা পূর্ণাঙ্গ নয়, বাড়ির কর্তা অফিস যান, বড় ছেলে শশুরবাড়ি, শুধু রুবি আর গৌতম। তবু তারা তুঁজনেই ছুশো। খেতে বসে যত হাসি গল্প।

সেই উৎস হঠাত যেন কোথায় কোনো বালির চড়ায় হারিয়ে গেছে আজক-দিন। বুধবার দিন তো আনলেন দিজোত্তম ছোট ছেলের প্রিয় বস্ত, অমিতা বড় যত্নে র'খলেনও, কিন্তু ছেলে খেল যেন লাউকুমড়া থাক্কে ।...

শেষ অবধি অমিতা নিজে থেকেই বলে উঠলেন, কিরে মাংস ভালো হয় নি ?

ছেলে বলল, কেন ? কে বললে ? ভালো হয়েছে তো !

অর্থক ক'দিন আগে হলেও, ওই প্রশ্নটা নিয়ে ঠাট্টার চোটে মাকে কোণঠাসা করে ছাড়ত সে। রুবিকে, দাদাকে, বাপকে, ডেকে ডেকে বলতো, প্রশংসা শোনার জন্যেই মা এমন নেতৃত্বাচক প্রশ্ন করে। অতএব আমাদের উচিত, খেতে বসেই সকলে এক একখানি ঢালাও প্রশংসাপত্র পেশ করা।...

অতঃপর হয়তো বলতে শুরু করতো, ‘উঃ তুধটা আজ কৌ দারুণ রাখা হয়েছে দেখছিস রুবি ?... জলটা ও দেখ কৌ টেস্টফুল !’

সেই সদা আনন্দময় ছেলের মুখ থেকে যেন আনন্দ আঙ্গুলাদের চিঙ্গ মুছে গেছে ।... ঘেটুকু দেখায়, সেটা যে নেহাত দেখানোই তা বোঝা যায় ।...

অমিতা ভেবে ঠিক করেছিলেন, হয়তো ছেলেটার বিয়ের মনটা বেশী হওয়াতেই ! কনে বাছাই করে করে অমিতা দেরীও করে ফেলেছেন সত্তা। না : আর বেশী বাছাবাছি করবেন না, এবার যে সম্বন্ধটি এসেছে, শুনেছেন না কি মেঘে সুন্দর, সেখানেই ঠিক করে ফেলবেন ।... সেই সংকলন নিয়েই আজকের কনে দেখতে যাওয়ার তোড়জোড় ।

বিনা মেঘে বজ্রাঘাত হঠাত ছেলের আদেশ হলো এসব কনে দেখা-টেখা বস্ত কবে দেওয়া হোক ।

এখন অমিতা মাধা খুঁড়বেন, না পা ছড়িয়ে কান্দতে বসবেন ? আজ না-হয় বলে পাঠানো হলো ছেলের মা'র হঠাতে শরীর থারাপ—কিন্তু পরে ?

বড় ছেলের বৌ কথা কম কয়, কিন্তু দামী কথা কয়। হঠাতে একটি রক্ত হিম করা দামী কথা বলে বসল সে। সেও তো কনে দেখতে যাবার প্রস্তুতি করছিল, সে প্রস্তুতি থামিয়ে ফেলে বলল, আচমকা এমন উল্টো পাণ্ট।

কথা বলবার মতো ছেলে তো নয় ছোড়না, ( ছোড়নাই বলে সে আঞ্চি-  
কালের মতো ঠাকুরপো বলতে পারে না। ) ‘কারণ’ কিছু একটা  
আছেই। এমনও হতে পারে হঠাতে ভিতরে কোনো অসুখ-চসুখ টের  
পেয়েছে—

অমিতা বৌকে প্রায় মারতেই উঠেছিলেন, অসুখ মানে ?  
বৌ বলল, অসুখ মানে অসুখই। আর কি মানে হবে মা ?... বড় হয়েছে,  
হয়তো শরীরের মধ্যে কোনো অসুবিধে ফৈল করে নিজেই ডাক্তার-টাক্তার  
দেখিয়েছে—

অমিতা আরো ক্রুক্র হলেন, তুমি কী ভেবে কী বলছ বলো তো শোভা ?  
অমন নৌরোগ শরীর আমার গৌতমের।

শোভা শান্ত গলায় বলল, কিছু ভেবেই বলি নি মা। মনে হচ্ছে এমন  
হঠাতে বিয়ের আপত্তি, কারণ তো একটা থাকবেই। অসুখের কথা কি বলা  
যায় ? কত সুন্দর স্বাস্থ্যাবান শরীরের মধ্যেও কত সময়—তলায় তলায়  
রোগ বাসা বাঁধে।

ক্রবি বলল, তুমি ধামো বৌদি। দেখছ মা মরছে।

বৌদি বলল, ঠিক আছে, থামছি। তোমাদের বাড়িতে তো খেমেই আছি  
ভাই।...

চলে গেল নিজের ঘরে। কিন্তু অমিতার রক্ত তো ঠাণ্ডা করে দিয়ে গেল।...  
হে ভগবান, সত্যিই তেমন কিছু নয়তো ? তাই ছেলে অমন মনমরা, চিন্তা-  
যুক্ত ! হে ঠাকুর শুই সববিষয়ে পাকা চোকা বৌটার কথা যেন সত্য না  
হয়।... যেন মিথ্যে হয় মিথ্যে হয়, মিথ্যে হয়।

ঠুক ঠুক ঠুক।

সেই একটানা শব্দ।

নিত্যদিনের আরতির ঘটাধ্বনি !

ঠুক দাওয়ায় বসে চিন্তুর একটা জামার বোতাম বসাচ্ছিল, উঠে এলো  
এদিকে। বলল, আর কতকাল এসব চালাবি পঞ্চ ? এবার ছাড়। আর

তো তোর ওই ‘অঙ্গ’ হাওয়া যাচ্ছে না। শিলের মতো একটুকরো বড় পাথর, আর একটুখানি ডেলা পাথর এই পঞ্চুর কবিরাজী পাঁচন প্রস্তরের উপকরণ। পঞ্চ সেইটার ওপর হাত রেখেই, বিরক্ত গলায় বলল, কেন? এটুকুতে তোমার জিবে কী ফোস্কা পড়তেছে শুনি? দু খিলুক অস, ঘপ করে গলার মধ্যে দেলে নেওয়া, এই তো !

টুমু হেসে ফেলে বলল, হ্যাঁ, এই তো ! যা বিচ্ছিরি খেতে নিজে খেতে হলে বুঝতিস !

কিন্তু সত্যিই কি আর টুমু স্বাদের প্রশংস জিনিসটা ত্যাগ করতে চাইছে? এ কি আসানমোলের টুমু?...তা নয় আসলে ছেলেটার এই প্রতিদিনকার বৃথাশ্রম, পীড়িত করছে টুমুকে। তবে সেই আসল কথাটা বলে তো আর নিরুত্ত করা যাবে না শুকে। তাই বিশ্বাদের ছুতো দেখানো।

কিন্তু পঞ্চ শক্ত ছেলে ।

শক্ত ছেলে না হলে, হাওয়ায় উড়ে বেড়ানো শুকনো পাতার জীবন থেকে, এমনভাবে পায়ের তলায় একটা শক্ত বেদৌ গড়ে নিতে পারে? এখন তো ও টুমুর কাছে অ আ ক খ শিখতে শুরু করেছে। টুমু বলে বই পেলে শুকে দুদিনেই ‘প্রথমভাগ’ শেষ করিয়ে ফেলা যেত।

যদিও টুমু যখন প্রথম শেখাতে ডেকেছিল, তখন পঞ্চ বলেছিল, এবার মাটি থেকে ছাগলটা বাচুরটা টেনে এনে পড়া শেকাও। সেও যা এও তা ! যান্ত্রোসব পাঞ্জলে কতা ।

কিন্তু টুমু বোবে শেখার ইচ্ছে পঞ্চুর ঘোলো আনা। মনে হয়, বুঝিবা ওই অক্ষরগুলোর মধ্যেই পঞ্চ তার পশ্চাদপ্তর্তহীন ধূসর জীবনের রহস্য আবিষ্কারের পথ খুঁজে পাবার আশা রাখে ।

তা আশা অনেকেই রাখে পঞ্চ, আশা রাখে একটু একটু করে মাটি ছেলে পঞ্চ এই ঘর ছ'খানা আচ্ছা করে মজবুত করে ফেলবে, আশা রাখে, যে-টুকু উঠোন আছে, তাতে শাকপাতা লাউ-কুমড়ো উচ্ছে-বেগুন ফলিয়ে রান্নাঘরে সমৃদ্ধি আনবে, আশা রাখে কোনো চাষীবাসীর ঘর থেকে তুতিয়ে পাতিয়ে সামান্য দামে একটা ‘নঙ্গ বাচুর’ কিনে এনে, তাকে ‘পেলে পুষে

‘মারুষটি’ করে দিদিকে ঝাঁটি দুধ খাওয়াবে, আর আশা রাখে এই ডুমুরের  
রস খাইয়ে খাইয়ে দিদির গায়ে তাজারকের সঞ্চার করবে।

এখনই অলঙ্কা থেকে দেখে, আর ভাবে, কাজ হয়েচে বৈকি ! কিছু কাজ  
হয়েছে। আগের মতো আর আদো-ঘূমস্ত ভাব নাই দিদির। চলনে বলমৈ  
জেল্লা এয়েচে। আরো কিছুকাল খেলেই আর চেরকাল মেয়ম করে খেলেইবা  
দোষটা কৌ ?

এই বিশ্বাস আর আশার মূলে কুঠারাঘাত করে দিদি বলে কিনা আর পারা  
যায় না, ছেড়ে দে ! তোকে খেতে হলে বুজতিস !

পঞ্চ আবার পাথরটা হাতে তুলে নিয়ে বেজারগলায় বলল, বুজতে আবার  
বাকি আচে না কি পঞ্চার ? আগে না খেয়ে তোমায় দেচে না কি ? কেমন  
খেতে, বিষ না কি বুজে দেকে নি ?

টুঁমু কয়েক সেকেণ্ট ওর দিকে নিষ্পালক চোখে তাকিয়ে থেকে আস্তে বলে,  
বুঝলাম। তাহলে আর আমার পরিত্রাণ নেই কী বলিস ?

না নাই ! অ্যাখোন যাও তো তুমি ? কাজের সোমায় দিক করতে এসো  
নি।

টুঁমু সরে আসে। ছুঁচ্মুতো বোতাম জামা সব টেলে সরিয়ে রেখে চুপচাপ  
বসে থাকে।

বেলা ঠিক কত জানা যাচ্ছে না।

ঘড়ি বলতে চিন্তর হাতঘড়ি, সেটা চিন্তর কজিতে বাঁধা হয়ে এখন ‘নজর-  
পুর’ স্টেশনে বেড়াচ্ছে।

এই এক রোগ হয়েছে চিন্তর, প্রায় প্রায় নজরপুর বেল স্টেশনে গিয়ে  
নজর বুলিয়ে আসা। বলে, ‘এমনি যাই ?’ কিন্তু টুঁমু জানে কিসের আশায়  
যায়। চিন্ত আশা করে সেই গৌতম নামের ছেলেটা হঠাত একদিন এসে  
পড়বে। সেই এসে পড়ার পিছনে আর কোনো আশা লুকোনো আছে তা  
অবশ্য টুঁমু জানেনা, জানবার কথা ও নয়। টুঁমু তবু চিন্তর বুথা আশা দেখে  
হতাশ হয়, দৃঢ়িত হয়। ভাবে—দৈবাং তুমি একবার টেনে নিয়ে এসে-  
ছিলে বলেই, লোকটা এই এত ক্রেশ স্বীকার করে আবার এখানে আসতে

যাবে ? কিসের টানে ? কিসের দায়ে ? তোমার মতো পাগল তো সবাই নয়। তুমি একটা পুরো পাগল !

কিন্তু চিন্তকে শুধু ‘পাগল’ বলে নিশ্চিন্ত হয়ে থাকাই কি টুন্দুর পক্ষে সন্তুষ্ট ? অহরহ একটা কাঁটার যন্ত্রণাটুন্দুকে যে তিষ্ঠেতে দেয় না। চিন্তকে মুক্তি দেবার কোনো উপায় টুন্দুর হাতে আছে ?

যদি শুধু দয়া, শুধু করুণা, শুধু সম্পর্কের বন্ধনের একটা দায়িত্ব চিন্তকে এখানে বেঁধে রাখতো—হয়তো মুক্তি দেবার প্রশ্ন উঠতো না। ধৌরে ধারে এ-বাবস্থা করে দিতে বলতো চিন্ত টাকা ব্যতীত তো কিছুই হবার উপায় নেই, তাই লজ্জার মাথা খেয়ে বলছি, আর আমায় নিয়ে ভুগো না তুমি, শুধু মাসে মাসে নিয়মিত কিছু করে টাকা আমায় পাঠিয়ে দিও।...পঞ্চ বেশ ম্যানেজ করতে পারবে।...কানপুরের চাকরিটা নিয়ে চলে যাও তাড়াতাড়ি।...‘ভালো চাকরি’ তো তোমার উঠোনের গাছের কঢ়ালঙ্কা নয় যে যখন ইচ্ছে হবে পেড়ে নেবে।

কিন্তু চিন্তকে বেঁধে রেখেছে কি শুধু মায়াদয়া করুণা ? শুধু খসে পড়া সম্পর্ক বন্ধনের দায়িত্বের জের ? সে সম্পর্কের জের তো টুন্দু নিজেই মিটিয়ে দিয়েছে ‘বৌদ্ধি’ ডাকটা বাতিল করে দিয়ে।

তবু চিন্ত এখানে পড়ে আছে।

চলে যাবার ক্ষমতা নেই বলেই পড়ে আছে।

মৃত বাস্তি কি চলে যেতে পারে ?

চিন্ত ভালবাসায় মরে আছে।...সে নিজে সেটা বোবো কিনা জানে না টুন্দু, কিন্তু টুন্দু জানে—সেই ‘মায়াদয়া করুণা, আস্তীয় বন্ধনের দায়িত্ব’ এগুলো এখন বাক্য পড়ে থাক। একটা উইধরে যাওয়া দলিল। তাকিয়ে দেখলে মনে হবে আস্ত, কিন্তু হাতে তুলে দেখতে গেলেই ঝুরঝুরিয়ে ঝরে পড়বে গুঁড়ো গুঁড়ো হয়ে।

টুন্দু জানে, অনেকদিন ধরেই জানে।

টুন্দু বোবো, গোড়া থেকেই বোবো।

তবু যখন একদিন চিন্ত কথার কথার মতো ভাবে বলে উঠেছিল, ‘ছুরশালা,

দোষ না করেও মিথ্যে বদনাম। তবে আর বদনামটা সত্যি করে তুললেই  
বা লোকসান কৌ ? সবাই যখন ধরেই নিয়েছে চিত্তশালা পরের বৌ নিয়ে  
ভেগে বসে আছে, তখন চল তোমায় নিয়ে সত্যিই ভেগে পড়ি। কানপুরে  
ভালো চাকরির অফার পাচ্ছি, কোয়ার্টার্স মিলবে, কেন বোকার মতো এখানে  
পড়ে থাকা ? সেখানে কে চিনবে আমাদের ? ... তখন যেন টুন্ডু একটা  
চাবুক খেয়েছিল। কাঁটার চাবুক !

তার মানে শেষবেশ সেই চিরাচরিত পন্থা ?

নারী-পুরুষে স্থ্য সম্পর্কের সেই আদি অন্তকালের অমোঘ পরিণতি ?  
জগতের আর কাউকে মুখ দেখাক না দেখাক নিজের কাছে নিজে মুখ  
দেখাবে কৌ করে ?

লজ্জায় আর বেদনায় টুন্ডুর মুখটা বিকৃত হয়ে গেলেও তার মঙ্গে একটা  
তিক্ত বিজ্ঞপের হাসির আভাস ও ফুটে উঠলো। বলপ, তার মানে শেষ পর্যন্ত  
সেই হার স্বীকার ?

চিত্ত বলল, জিংলেই বা বুঝছে কোন্ শালা ?

নিজের চুলের মুঠিটা চেপে ধরে নিজেই জোরে জোরে ঝাকাল চিত্ত যেন  
আর কারো চুল ধরে মাথাটা দেয়ালে ঠুকে দিচ্ছে।

টুন্ডু সেদিকে চেয়ে একটু হেসে ফেলে, আস্তে বলল, নিজের মনের মধ্যে  
যে এক ‘শালা’ বসে আছে, সে তো বুঝবে ?

চিত্ত যেন একটু নিভে গেল।

উঠেনে নেমে খানিকটা পায়চারী করে নিল, তারপর বলল, বেশ তাহলে  
এইভাবেই চলুক।

টুন্ডু বলল, আমার তো বেশ চলেই যাচ্ছে, তোমার পক্ষে যে অচল অবস্থা।  
এবার তুমি আমার দায় থেকে মুক্ত হও চিত্ত।

চিত্ত প্রায় খিঁচিয়ে উঠে বলল, তোমার সৌভাগ্য আর স্ববিবেচনার জন্যে  
ধন্যবাদ।

এটা বেশ কিছুদিন আগের কথা।

তারপরে এ নিয়ে আর কোনো কথা হয় নি। শুধু দেখা যাচ্ছিল ক্রমেই

যেন অবসাদগ্রস্ত হয়ে যাচ্ছে টুম্বু, যা ছিল তার থেকেও বেশী। টুম্বু যেন  
শুধু চোখ বুজে পড়ে থাকতে পেলেই বেঁচে যায়, টুম্বুর জীবনে এছাড়া আর  
কোনো কাম্য নেই।

তারপর একদিন অবসরতার চরম অবস্থায় পৌঁছে চৈতন্য হারিয়ে বসল  
টুম্বু। ডাঙ্কারের প্রশ্ন নেই, শুধুধের বিলাসিতা নেই, সারাবাত মৃত্যুর  
প্রতীক্ষা করে বসে রইল চিন্ত, আর অনুধাবন করতে চেষ্টা করল, এইসব  
গভীর গণ্ডগ্রামের লক্ষ লক্ষ মাসুম কেমনভাবে তাদের মৃত্যু ব্যাধি কবলিত  
প্রিয়জনেদের দেহ কোলে নিয়ে বসে থাকে মৃত্যুর প্রতীক্ষা করে।

কিন্তু মারা গেল না টুম্বু নামের চৰ্ভাগিনী মেয়েটা। পরদিন চোখ মেলে  
ধিক্কারের হাসি হেসে বলল, তুঁথীরা মরে, এ তুমি কোথাও দেখেছ চিন্ত?  
বৃথাই তুমি রাত জেগে বসে কষ্ট পেলে ! নিশ্চিন্ত হয়ে ঘুমোলেও ঘুম  
থেকে উঠে ঠিক দেখতে উঠে বসে আছি।

তার কদিন পরেই গৌতম এসে।

রোদে বলসে ঘেমে মাঠ পার হয়ে এসে চিন্ত হাতের থলিটা দাওয়ায়  
নামিয়ে ক্লান্ত গলায় ডেকে বলল, পঞ্চ, এগুলো তুলে রাখ।

পঞ্চ বেরিয়ে এলো রান্নার চালার পিছন থেকে। এর মধ্যে কি আছে তার  
অজানা নেই। দৈনন্দিন জীবনযাত্রার ন্যূনতম কিছু রসদ।

টুম্বু ঘরের মধ্যে বসে পঞ্চের জন্যে কিছু ‘টাঙ্ক’ তৈরী করছিল। একটা  
শ্লেটপেনসিল কিনে আনা হয়েছে পঞ্চের জন্যে, সেটাতেই লিখে আর মুছে,  
মুছে আর লিখে, চালানো হচ্ছে।

চিন্ত সাড়া পেয়ে বেরিয়ে এসে আর কোনো কথা না বলে, খুব সহজভাবে  
বলল, আমি বলি কি, তুমি এবার একটা হালবলদ কিনে ফেল।

চিন্ত চমকাল, কৌ কিনে ফেলব ?

হালবলদ ! এখন তোমায় যা মানাবে।

চিন্ত একবার ক্রুদ্ধ দৃষ্টিতে তাকিয়ে গায়ের জামাটা খুলে ফেলে সেইটা  
ঘুরিয়েই হাওয়া থেতে লাগল।...হাওয়া বইছে, কিন্তু আগুনের হলকা বাহু।

পঞ্চ এসে দাঢ়াল ।

পঞ্চৰ মুখে রাগের রেখা ।

পঞ্চ কথা বলল, অভিযোগের গলায়, আজও তো দেকতেচি মাচ আনো  
নাই । নিত্যদিন বলে বলে মুক ব্যাতা হয়ে গেল । একদিন হৃটো আনতে  
নাই ? হাট ছেল তো আজ !

মাচ !

চিন্ত তার ভিতরের জ্বালাটা এই ছেলেটার উপরই ঢাললো, শথ কত ! মাছ  
থাবে । মাছ খেতে হলে, স্বপ্নে থাস ।

পঞ্চৰ চোখে একটুকরো আগুন ঝিলিক দিয়ে উঠলো, পঞ্চার খাবার জন্যে  
বলা হতেচে, কেমন ?...একটা উগীমানুষ নিত্যদিন ছাইপাশ খেয়ে মুখে  
অঙ্গুচি—

পঞ্চ !

টুমুর তৌৰ কঠের শাসনসূচক সহোধনে পঞ্চ পত্রপাঠ অদৃশ্য হয়ে গেল ।  
টুমু জানেও এখন অলঙ্ক্ষে বসে চোখ মুছবে । কিন্তু ওর ভালবাসাৰ এমন  
তৌৰ প্ৰকাশকে প্ৰশংস দেবে কেমন করে টুমু ?

টুমু আস্তে চিন্তৰ কাছাকাছি এসে দাঢ়ায় । বলে, ক্ৰমশ বুঝছি, মল্লিক  
সাহেবেৰ পৱামৰ্শটাই ঠিক ছিল । তুমি আমাৰ জন্যে একটা ওই ‘হোম  
ফোম’ যোগাড় করে ফেল ।

চিন্তৰ মুখে একটু বিজ্ঞপেৰ হাসি ফুটে উঠলো ।

বলল, হোম ? হ্যাঁ সেই যোগাড়ই হচ্ছে ।

টুমু বলল, উড়িয়ে দিয়ে লাভ নেই । তুমি যে ক্ৰমশই ‘ছোট’ হয়ে যাবে ।  
এ আমি সহ কৱতে রাজী নই ।

চিন্ত তেমনি বাজেৰ গলায় বলল, আধখানা বাদ দিয়ে বলাৰ দৱকাৰ নেই,  
বল যে ‘ছোটলোক হয়ে যাচ্ছ ।’ কিন্তু নতুন কৱে হয়ে যাবার কথা তো  
ওঠে না । চিন্ততোৰ চৌধুৱী তো চিৰকালেৰ ছোটলোক ।

টুমু একটু হাসল, বলল, ও নিয়ে তৰ্ক কৱতে যাব না, বেশী কথা আমাৰ  
আসে না । বলতে চাইছি তোমাৰ সেই কানপুৱেৰ চাকৱিটার কি এখনো

আৱ আদায় আছে ?

চিন্তৰ কপালটা কুঁচকে গেল, কেন ? সে খবৰে তোমার কী দৰকাৰ ?  
আছে দৰকাৰ। শুনি একবাৰ।

চিন্ত অগ্রাহেৰ গলায় বলল, চাকৱি তোৱা স্থায় পড়ে থাকা। ঢিল পাটকেল  
নয় যে, যেমন ছিল তেমনি—পড়েই থাকবে !

সেই আশঙ্কাই কৱছিলাম ! টুমু বলল ঠিক আছে : এখন আমাৰ—অনু-  
ৰোধ বলো অনুৰোধ, আদেশ বলো আদেশ, উঠেপড়ে লেগে আবাৰ  
খোজো কলকাতাৰ বাইৱেকোনো চাকৱি। যত তাড়াতাড়ি পাৱো।

চিন্তৰ মুখেৰ উপৰ দিয়ে যেন একটা আলোছায়াৰ খেলা খেলে যায়।  
টুমু ওদিকে তাকিয়ে থাকতে পাৱে না, চোখ ফেৱায়।

চিন্ত বলল, বেগম সাহেবাৰ আদেশ ! যো হকুম। কিন্তু কলকাতাৰ বাইৱে  
কেন ?

আমি তাই চাই।

চিন্তৰ মুখেৰ ওপৰ কে যেন একটা নানারঙ্গে আলোক সম্পাদ কৱে  
চলেছে। চিন্তৰ গলাৰ স্বরেও তাৱ রেশ।

বলল, বেশ, খুঁজলাম। পেলামও। তাৱপৰ ?

তাৱপৰ আবাৰ কী ? সুটকেস গুছিয়ে নিয়ে, ভালো জামা জুতো পৱে  
ৱুণো।

তাৱপৰ ?

তাৱপৰ ? তাৱপৰ নিজেকে ঘানিতে জুড়ে ফেলে ঘূৱে চলা।

চিন্ত বলল, বেশ ধৰে নাও জুড়ে নিয়েছি, ঘূৱছি। ঘূৱে চলছি। কিন্তু  
তাৱপৰ ?

টুমু একটুক্ষণ ওৱ মুখেৰ দিকে তাকিয়ে থেকে বলল, যত চেষ্টাই কৱ,  
আমায় তুমি রাগিয়ে দিতে পাৱবে না। একটা পেঞ্জীৰ দায় যখন ঘাড়ে  
নিয়েছ, তখন চিৰদিনই তাকে বয়ে চলতে হবে। জ্যান্ত পেঞ্জী তবু কখনো  
কোনোদিন মৱে রেহাই দেয়। মড়া পেঞ্জী তো সে রেহাইও দেয় না।

অত এব—

কৌ হলো ? থামলে কেন ? রাগিয়ে দিতে আমাকেও পারবে না । যা  
বলতে চাও বলে যাও ।

টুম্ভ বলল, কিন্তু এখন না হয় থাক । অনেক বেলা হয়ে গেছে, চান হয়  
নি !

ঠিক আছে, ঠিক আছে । চান করিয়ে মাথা ঠাণ্ডা করিয়ে বলতে হবে, এমন  
কোনো কারণ নেই । যা বলছিলে শেষ করে ফেল ।

টুম্ভ হাসলো ।

বলল, বললাম তো, শেষ নেই । এ দায় অশেষ । যাক বলছি—‘হোম’ বলো  
আশ্রম বলো’, যেখানেই রাখো টাকার দরকার । নিয়মিত কিছু পাঠাত্তেই  
হবে নিশ্চয় । অতএব তোমার একটা নিয়মিত আয়ের দরকার । …আর  
কলকাতার বাইরে কেন জানো ? …এদিকটা ছাড়া হয়ে গেলে সর্বদা আর  
চোখের সামনে পেঁজ্বীর ছায়া ঝুলে থাকবে না ।

হঁ । সবদিকেই বেশ পাকা হয়ে উঠেছে দেখছি ।

চিন্তর মুখের রেখায় অসহিষ্ণুতা ।

টুম্ভ বলল, তা হচ্ছি হয়তো । সংসারের সার সত্য কথাটা জেনে ফেললে  
এই রকমই হয় । দেখছি সার সত্য হচ্ছে টাকা । যেখান থেকে হোক  
ওইটা সাপ্তাহ করতে পারলেই দেখবে ঠিক টিঁকে আছি ।

চিন্ত হাতের জামাটাকে ছুঁড়ে একদিকে ফেলে দিয়ে, বলে শৰ্টে, খঁ: শুধু  
টাকা ? আর কিছু না হলেও চলে ?

টুম্ভ অন্তুভুত একটা শান্মানে গলায় বলে, বলতে গেলে তাই । টাকাটি সবের  
তো চালক । সবকিছু, সকল কিছুই চালিয়ে নেওয়া যায়, ওটা থাকলে ।  
তোমার এই পঞ্চুর ‘হোমে’ও যদি আমায় রেখে যাও, আর মাসে মাসে  
ভালোমতো টাকা পাঠাও দেখবে দিব্য চালিয়ে চলেছি ।

টুম্ভ মনে মনে আউড়ে যায়, বড় বেশী নিষ্ঠুরতা হয়ে যাচ্ছে না কি টুম্ভ ?  
কিন্তু উপায় কৌ ? লোকটাকে তো বাঁচাতে হবে ? …ছেলেবেলায় ছোট-  
কাকা একটা গান গাইত, ঘুরে ফিরে একটা লাইন গেয়ে চলত, ‘বাঁচাও  
তাহারে মরিয়া ।’ …টুম্ভ রেগে রেগে বলত, ছোটকা এমন ভুল ভুল গান

গাইছ কেন ? ‘মারা’ মানে তো মেরে ফেলা । মেরে ফেলা আবার বাঁচানো  
যায় ? ছেটকা বলত, ‘মেরে ফেলে বাঁচানোৰ কথা তো বলা হয় নি, বলছি  
—বাঁচাবাৰ জন্তে মারা যায় !’

সেই শিক্ষাটাকে এখন কাজে লাগাচ্ছে টুমু ।

কিন্তু কাজে কি লাগল ?

চিন্ত বলে উঠলো, অন্ত কোনো হোম-টোমের দৱকাৰ হবে না, পঞ্চুৱ—  
হোমেৱও না । পাকা হোমেৱ ব্যবস্থা হয়ে যাচ্ছে । এই যে—  
বলে প্যাটেৰ পকেটে হাত ঢুকিয়ে একখানা খামেৱ চিঠি টেনে বাব কৱে  
ফেলল । প্যাটেৰ পকেটে ঢুকিয়ে রাখাৰ জন্তেই বোধহয় এমন দুমড়ে  
মৃচড়ে গেছে চিঠিটা ।

সেই মোচড়ানো চিঠিখানা টুমুৱ পায়েৱ কাছে ছুঁড়ে ফেলে দিয়ে বলল  
চিন্ত, পড়তে পাৱো ।

খামেৱ উপৱে চিন্তৰ নাম । অচেনা হাতেৰ লেখা ।

টুমু কুড়িয়ে নিল না, বলল, পৱেৱ চিঠি আমি পড়ি না ।

চিন্ত বলল, উপলক্ষ্টা আমি, লক্ষ্যটা তুমি !

মানে ?

টুমুৱ মুখটা লাল দেখাল ।

চিন্ত বলল,

পড়ে দেখলেই মানে বুঝতে পাৰবে ।

আমাৰ দৱকাৰ নেই । অচেনা লোকেৰ লেখা চিঠি পড়তে যাৰ কেন ?

টুমু ঘৱেৱ দিকে পা বাড়ায় ।

চিন্ত তাৰ পিছনে উত্তৰটা যেন ছুঁড়ে দেয়, হাতেৰ লেখাটা অচেনা, লোকটা  
নয় । চেনা, খুব চেনা, আৱো চেনা হয়ে যাবে ।...

অমিতা স্তৰ হয়ে বসে আছেন । পাথৱেৱ মতো ।

অমিতাৰ এ এক অপৰিচিত রূপ ।

নাগ দুঃখ আহ্লাদ আনন্দ, যা কিছুই মনেৱ মধ্যে চেউ তুলুক, অৱৰ্গল

কথা কয়ে যাওয়াই স্বতাব অমিতার। অমিতা কি সহসা হংসহ কোনো  
শোকের আঘাতে এমন পাথর হয়ে গেছেন?

কিন্তু না, তেমন কোনো ঘটনা ঘটে নি অমিতার জীবনে। তবু অমিতাকে  
দেখে মনে হচ্ছে পরাজিত সর্বস্বাস্ত নিঃস্ব।

অমিতা ‘মনে মনে’ কথা বলতেও ভুলে গেছেন। সামনে শ্রোতা নাপেলে  
অমিতা তো মনে মনেও কথার চাষ চালিয়ে যান আর ক্রমশ সেটা আর  
মনে মনে থাকে না। যার জগ্নে তার বড় বউ শোভা আড়ালে বরকে বলে,  
পরে দেখে নিঃও আমার কথা! নিশ্চয়ই তোমার মার মাথার কিছু গুণ-  
গোল হয়েছে।...তা নইলে কখনো মানুষ একা একা কথা কয়?

কিন্তু এখন অমিতার বুঝি বাইরের মুখের মতো মনের মুখটাও মুক হয়ে  
গেছে।

একদিন অমিতা তাঁর বড় বৌমার রক্তহিম করা একটি মন্তব্যে রেগে আগুন  
হয়ে গিয়েছিলেন, এবং স্বামীপুত্র কাঙ্গুর কাছেই সেই আগুনের জ্বালা  
প্রকাশ করার উপায় নেই বলে সরবে স্বগতোক্তি চালিয়ে গিয়েছিলেন,  
যতক্ষণ না রুবি কাছে এসে বলেছিল, দোহাই তোমার মা, এইবার একটু  
ক্ষামা দেবে? যাকে শুনিয়ে শুনিয়ে বলছো সে তো মুখে বই আড়াল  
দিয়ে হাসছে—ততক্ষণ চুপ করেন নি।

রুবির কথায় হঠাৎ চুপ করে গিয়েছিলেন।

কিন্তু আজ তো পরের মেয়ের ধৃষ্টি মন্তব্য মাত্র নয়। আজ অমিতাকে যে  
আঘাত পাথর করে দিয়েছে, সেটা এসেছে তাঁরই প্রাণতুল্য কাছ  
থেকে।...অকস্মাত অতর্কিতে মার বুকে একখানা পাথরে ঢাঁই ছুঁড়ে মেরেছে  
অমিতার ছোট ছেলে।

অমিতার তিলতিল করে গড়ে তোলা আশাৰ প্রাসাদখনা যেন এক-  
ফুঁইয়ে ধূলিসাঁ করে দিলো গৌতম। অমিতার বিশ্বাস দৃঢ় ছিল, এই ছেলে  
তার দাদার মতো স্ত্রী বশমুদ হবে না, অমিতা ওপক্ষকে বুঝিয়ে ছাড়বেন  
কাকে বলে, সভ্যতা, শাস্তীনতা, নতুনতা বাধ্যতা। আৱ কাকে বলে পারি-  
বারিক বন্ধন।

মা বাপকে মাথায় রেখেও যে বৌকে ভালবাসা যায়, সংসারে আনন্দ  
আহঙ্কারের হাতয়া বহানো যায়, ‘মায়ের ছেলেটি’ খেকেও স্তুর ‘স্বামী’  
হওয়া যায়, এসব গৌতম তার দাদাকে বুঝিয়ে দেবে, দেখিয়ে দেবে।  
কে ভেবেছিল সেই গৌতম তার মায়ের প্রত্যাশাভরা বুকের গভীরে বসিয়ে  
দেবার জন্যে বিষের ছুরি শাগাচ্ছে।

মা, বাবা অফিস থেকে ফিরেছেন।

রুবি বলল এসে।

অমিতা ঢোখ তুলে তাকালেন। নিলিঙ্গ গলায় বললেন, এসেছেন, চা-টা  
দাওগে।

এটাও অমিতার পক্ষে স্বাভাবিক নয়। যেখানে যত কাজেই থাকুন, দ্বিজো-  
ন্তম ফিরলেই ঠিক চায়ের ব্যবস্থাটির মধ্যে এসে ঢুকে পড়েন।...আড়ালে  
বৌ হাসে, মেয়েও হাসে। আবার কথনো কথনো রেগে উঠে বলে, আমি-  
তো দিচ্ছিলাম। তুমি আবার কেন রাঁধতে রাঁধতে, হাঁপাতে হাঁপাতে  
এলে ?

অমিতা কৃষ্ণিত হাসি হাসেন, না, এই আর কি—সেই কোন্তোরে বেরিয়ে  
যাওয়া, সারাদিনের পর তেতেপুড়ে আসা—

দ্বিজোন্তম কৌতুকের হাসি হেসে বলেন, ওরে ! আসলে তোদের মা হিন্দু-  
নারীর কর্তব্যের পরাকার্ষা দেখাতে চায়।

অমিতা রেগে ওঠেন, কিন্তু অভ্যাসটি ত্যাগ করতে চান না। আজ  
ব্যক্তিক্রম।

আর আজই রুবি বলে উঠলো, না বাপু তুমিই যাও। ছোড়দার কথাটাও  
তো বলতে হবে।

অমিতার অনভ্যন্ত স্তুতার বাঁধ ভাঙে। তৌর তৌক্ষ গলায় বলে ওঠেন,  
কেন ? আমায় বলতে হবে কেন ? যার কথা সেই বলবে। যদি মায়ের  
বুকে হাতুড়ি বসাতে পেরেছে, তো বাপের বুকেই বাপারবেনা কেন ?  
রুবি টেঁট কামড়াল।

রুবি মায়ের ওই আশাভঙ্গে ক্ষিপ্ত উদ্বেজিত মুর্তির দিকে তাকিয়ে দেখে

শান্তগলায় বলল, পাগলামী করে লাভ কী ? দেখোগে পরামর্শ করে, কী  
ভাবে আটকানো যায় ব্যাপারটা ।

আটকানো ।

অমিতা চমকে তাকালেন ।

এ সন্তানবানও এখনো আছে তাহলে ?

ছেলের ঘোষণা শুনেই তো একেবারে হাত পা ছেড়ে দিয়ে পাথর হয়ে  
বসে পড়েছিলেন । আটকানোর কথা উঠতে পারে তাহলে এখনো ?

তবু বললেন, আটকানো আর গেছে ।

রুবি ঝঙ্কার দিয়ে বলল, যাবে না তো কি একেবারে একঘায়ে বলিদান  
হয়ে যেতে হবে ? বাবার বুদ্ধি বিবেচনা পারসোগ্যালিটি, ভালো মন্দ  
বুঝিয়ে দেবার ক্ষমতা, এগুলো কি কোনো কাজে লাগবে না ?

অমিতা বললেন, ভগবান জানেন ।

তবু উঠলেন ।

রুবি, বলল, হঠাৎ হৈচৈ করে বোসো না বাপু, ধৌরে স্মৃষ্টে গুহিয়ে বোলো ।  
জানো তো সেদিন বাবার ‘প্রেসার’ ধরা পড়েছে । তোমার তো জ্ঞান থাকে  
না এসব ।

দুঃখে অভিমানে এ তক্ষণকার শুকনো চোখে জল এলো অমিতার । ভগবান  
এমন খঁচা করেই অমিতাকে গড়েছিলেন ! তাঁর জন্মে কারুর কোনো ভয়  
করার নেই ।...অন্যায়ে অবলীলায় মাথায় হাতুড়ী বসিয়ে দেওয়া যায়,  
বুকে পাথর ছুঁড়ে মারা যায় ।...বড় ছেলে আলাদা ফ্র্যাট কিনছে, সেটা  
বাপকে বলতে পারে নি, মাকে জানিয়ে রেখেছে, সময় বুঝে বাবাকে  
জানাতে ।...কারণ ? কারণ হঠাৎ শুনতে পেলে বাবা শক্ত থেতে  
পারেন ।...

অমিতাও সেই ভেবে স্বামীকে চটকরে জানাতে বসতে যান নি ।...অথচ  
ভিতরে ভিতরে স্বামীর প্রতি অন্তুত একটা দীর্ঘ বোধ করেছেন । আর  
এখন ছোট ছেলের বেলায়—

হ্যাঁ, মেয়ের সাবধানবাণীতে সেই ঈর্ষাটাই তৌক্ষৰ্দ্দাত বসিয়ে দিলে । অমি-

তার কিছুই হয় না ? অমিতার স্বাস্থ্যের ইস্পাত দিয়ে তৈরী ? অমিতার হৃদযন্ত্র বজ্র দিয়ে গড়া ?

রাগে ক্ষেত্রে দুঃখে আক্রোশে সাবধানবাণীতে পরোয়া করলেন না অমিতা। স্বামীর কাছে গিয়ে ফেটে পড়লেন, ‘তোমার ছোট ছেলের বিয়ের আপত্তির কারণ এবার জানা গেছে ।’

দ্বিজোত্তম থতমত খেলেন ।

কৌ হলো ? ব্যাপারটা কৌ ?

অমিতা অনেক কথা বলে গেলেন, উথলে উথলে কাঁদলেন, এলো-মেলো ভঙ্গিতে বক্তব্য পেশ করলেন, তবু তার মধ্যে থেকে একটুকু আবিষ্কার করতে সমর্থ হলেন দ্বিজোত্তম, গৌতম ঔষ্ঠাকুড় থেকে পাওয়া একটা মেয়েকে বিয়ে করবে বলে ঘোষণা করেছে ।

ঔষ্ঠাকুড় ?

তা তাছাড়া আবার কৌ, ঔষ্ঠাকুড়ের জঙ্গাল কুড়িয়ে এনে ঘরে তোলার বায়না ।

যে মেয়েকে গুণ্ডা ধরে নিয়ে গিয়ে দু'চারদিন পরে আধমরা অবস্থায় ফেরত দিয়ে গিয়েছিল, আর তাই দেখে স্বামী ঘৰায় তার ঘরে উঠতে দেয়নি, পরিভ্যাগ করেছে, এবং অতঃপর কতদিন যাৎক্ষণ কলকাতার বাইরে কোন্ চুলোয় যেন গৌতমের সেই লঞ্জীছাড়া বন্ধুটার সঙ্গে ঘর করছে, সে মেয়েকে ঔষ্ঠাকুড়ের জঙ্গাল না বলে কি দেবমন্দিরে পুজোর ফুল বলবেন অমিতা ?

লঞ্জীছাড়া বন্ধুটা এখন বোধহয় শুই বোঝাকে ঘাড় থেকে নামাতে চায়, তাই দ্বিজোত্তমের নির্বোধ ছেলেটাকে ভুলিয়ে ভালিয়ে নিয়ে গিয়ে, তার গলায় গেঁথে দেবার ব্যবস্থা করছে ।

কানাকাটির মধ্যেই আবার অমিতা তেজালো গলায় বললেন, দ্বিজোত্তম তাঁর পরিত্র বংশমর্যাদার কথা স্মরণ করুন, ভাবুন ছেলেরাখেয়ালকে প্রশ্ন দিলে দ্বিজোত্তমের কুলগৌরব কোন্ ধূলোয়লুটোবে ! ভেবে দেখুন বংশের মর্যাদা দ্বিজোত্তমেরই পিতৃবংশের না অমিতার ?

আচ্ছা অকস্মাত এই ভয়াবহ খবরে, অথবা ‘ভালো করে’ ভেবে, বুঝে আর তলিয়ে দেখে, দ্বিজোন্তম কি হার্টফেল করে বসলেন ? না কি প্রেসার বাড়িয়ে ফেলে জান চৈতন্য হারিয়ে ফেললেন ? না কি মাথা ঘূরছে বলে শুয়ে পড়লেন ?

মা কই ?

সেসবের কিছুই করলেন না দ্বিজোন্তম ! বরং অমিতাকে বিস্থিত আর বিচলিত করে, অমিতার এই উদ্বেজিত কুকুর মূর্তির সামনে বসেই শান্তভাবে মেয়ের নিয়ে আসা চা খেলেন, (বড় কড়া হয়ে গেছেরে—বলেও সবটাই খেলেন।) কিছু খাবারও খেলেন এবং অমিতা যখন সমাপ্তি ঘোষণার ভঙ্গিতে বললেন, দ্বিজোন্তম যদি এই অনাচারের প্রতিকার না করতে পারেন, তবে অনিতা হয় গলায় দড়ি দেবেন, নয় বিষ থাবেন, তখন একটু হেসে বললেন, ও তোমার ছটোতেই অনেক ঝামেলা এ বয়েসে কেন আর এসব ঝামেলায় যাওয়া ।

অমিতা ছিটকে উঠে গেলেন, আর তখনই শুনতে পেলেন কর্তা রুবিকে বলছেন, তোর ছোড়া এলে—একবার ডেকে দিস তো !

সেই নিজস্ব শান্তভঙ্গি। নির্ধারণ এখন বই নিয়ে ইজিচেয়ার লস্ব। হবেন।

রাগে কাঁপতে কাঁপতে পাশের ঘরে গিয়ে শুয়ে পড়লেন অমিতা ! উঃ এখন যদি তিনি হার্টফেল করে পড়ে থাকতে পারতেন ! দেখতো সবাই অমিতাও বিধাতার সৃষ্টি জীব ! লোহা পাথরে তৈরী নয় তার বুক ।... দেখতো—সবাই দেখতো ।... কিন্তু ? অমিতা সেই দেখাটা দেখতে পেতেন কি ? তবে ?

আবার আজ সেই ভদ্রলোকের সঙ্গে দেখা !

সুব্রত এসে মিলিদির বিছানার ধারে বসে পড়ে বলল, লোকটা একেবারে পটকে গেছে ।

কিন্তু এই বিছানাটা কি নাসিং হোমের সেই কৌশলী বিছানা ? যার হাতল ঘোরালেই ‘শ্যাগত’ ব্যক্তি গুঠে বসে শোয় । নিজেকে খাটতে

হয় না । কোনো এক সময় যাতে শুয়ে থাকতে থাকতে মিলি ভেবেছে এই  
বা মন্দ কৌ ? এইভাবে নিজেকে ছেড়ে দিয়ে চুপ করে পড়ে থাকা ! নিজের  
সামান্যতম কাঞ্জটুকুও নিজেকে করে নিতে হয় না তার জন্যে রয়েছে সদা  
সতর্ক পরিচারিকা ।

নাঃ, এ সে বিছানা নয় ।

এ হচ্ছে সরস্বতী দেবীর । তিনতলার ঘরের মাঝখানে পাতা বৃহৎ বিছানা ।  
সাবেক কালের এই বৃহৎ পালঙ্ক জায়গার অভাবে অনেকদিন যাবৎ স্কু  
খলে খুলে জড় করে রাখা হয়েছিল সিংড়ির চৌতারায় ।

মিলির জন্য তাকে ঘেড়ে রুড়ে এককোটি পালিশ লাগিয়ে তিনতলার এই  
সঢ়নির্মিত ঘরে স্থাপনা করা হয়েছে ।

অতঃপর শৌখিন বেড়াকভার, ঝালর দেওয়া বালিশ, রঙিন নাইলনের  
মশারি । সরস্বতী দেবীর নিজের অস্মৃত মেয়ের জন্যে যে রাজকীয় ব্যবস্থা  
হতো, আয়োজন তার থেকে বেশী বৈ কম নয় । কারণ এই ব্যবস্থাটা যেন  
সরস্বতীর মহিমার পরিচয়পত্র । সরস্বতীর আত্মাতৃপ্তির উপকরণ !

যে মানুষটা সরস্বতীর একান্ত নিজজন, যার সম্পর্কে সংসারের আর কারো  
হৃদয়গত দায়-দায়িত্বের দায় বিশেষ নেই, তার জন্যে পক্ষীমাতার ভাব তো  
থাকবেই, তা ছাড়াও—যাকে ভালবাসি তার জন্য কর্তৃত করতে পারা  
যায় সেটা শুধু অন্তকে দেখালেই সবটা হয় না । বুঝি নিজেকেও দেখান  
দরকার । তার মধ্যে আত্মোহের পরিত্বপ্তি । আতিশয়ের মধ্যেই তো  
ভালবাসার ওজনের হিসাব ।

অতএব ভাইঝির স্বীকৃতি নিয়ে সরস্বতীর খুঁৎখুঁতুনি আর বাড়া-  
বাড়ি দেখে আড়ালে কেউ বিস্তু সমালোচনা করছে জানতে পারলে সর-  
স্বতীর বাড়াবাড়ির লৌলাটা যেন আরো বেড়ে যায় ।

বিশেষ করে মিলির স্বাস্থ্যের জ্রুতি উন্নতি সরস্বতীর পক্ষে যেন বাড়তি  
একটা ডিপ্লোমা । এতে সরস্বতীর যে শুধুই আনন্দ তা নয়, রৌতিমত গর্বও !  
এবং সে গর্ব প্রকাশ করতেও ছাড়েন না । সুযোগ পেলেই কথার ছলে  
বলে শুঠেন, যত্নই হচ্ছে আসল ! দেখছ তো মিলির ছিরিঁদ খানি । ...

ভাই ভাজের কাছে থাকলে এমনটি হতো ? ... জানি তো ভাজের গতর !

‘গতরই বলেন, ‘গুণটা আর বলেন না ।’ ...

হ্যাঁ, ‘ভাই ভাজের’ কাছে থাকার প্রশ্ন উঠেছিল প্রথমে ।

কিন্তু স্বাস্থ্যের অকস্মাত দ্রুত উন্নতি, মিলির নার্সিংহোমে থাকতেই লক্ষ্য-  
ণীয় ভাবে শুরু হয়েছিল । ... তাই ধারণামত সময়ের বেশীকিছু আগেই  
হঠাতে ছাড়পত্রের আদেশ এসে গিয়েছিল মিলির । সর্বশেষ একবারে রিপোর্ট-  
টাই না কি এই ছাড়পত্রের বাহক, মুক্তির দৃত ।

হঠাতে অগ্রতাণিত রকমের উন্নতি দেখা গিয়েছিল মিলির ঘুণধরা হাতে ।

অর্থাৎ ‘অপারেশন সক্ষমসূল ।’

টেলিফোন মারফত খবরটা শুনেই কিন্তু নৌরেন চলে এসেছিল । ... বোধহয়  
সেই আটমাস আগে ভর্তি করে দিয়ে যাবার পর এই আসা ! মিলি অবশ্য  
সেকথা তুলে কিছু বলে নি । বরং হেসে হেসেই বলেছিল, দেশে রাজ্যে  
ভৌষণ জোরালো কোনো ঘটনা ঘটলে কি রাজ্যপদের বদল হলে যেমন  
অনেক সময় জেলখানার বন্দীরা মেয়াদের আগেই ছাড়া পেয়ে যায় এও  
প্রায় সেই রকমই, তাই না দাদা ?

দাদা বলেছিল, ও-হ্যাঁ ! তা সতি, প্রায় তাই ।

ঘরে যা বাংলা কথা বেশী গুছিয়ে বলতে পারে না দাদা । কর্মজগত অহরহই  
অবাঞ্ছালী, তাদের সঙ্গে হয় হিন্দুতে নয় ইংরেজিতে কথা আর বাড়িতেও  
ইংলিশ মিডিয়ামে পড়া মেয়েকে আরো বেশী তালিম দিতে শুরা স্বামী-  
স্ত্রী নিজেদের মধ্যে বাংলা তুলে দিয়ে ইংরিজির চাষ চালিয়ে চলেছে ।  
তাই দাদার কথার ভঙ্গই আড়ষ্ট !

কিন্তু খবর পেয়ে একাঁ নৌরেনই তো আসে নি, পিসিও এসেছিলেন । এবং  
নৌরেন নিয়ে যাবে ভেবেই এসেছে শুনে তার সেই ভাবনাকে নস্তাৎ করে  
দিয়ে বলেছিলেন, শোনো কথা, আমি বলে ঘরে বিছানাটি পর্যন্ত পেতে  
রেখে ‘মেজর’ গেলাসটি পর্যন্ত ঠিক করে রেখে তবে এসেছি ! মিলি আমার  
হাসপাতালে পড়ে, আমার কি আহার নিজু আছে বাবা ? দিন গুনছি  
রাত গুনছি । তুমি বাপু জোরাজুরি করতে বোসো না ।

সরস্বতীর সঙ্গে এসেছিল মেজ ছেলেদেবু ! দেবতা ! বড় অশুভত তো বন্ধে-  
বাসী, কদাচ আসে । এই মেজ আর ছোট ছেলে নিয়েই সরস্বতীর সংসার !  
মেয়ে হয় নি । মিলিই মেয়ে ।

মিলিই ‘মেয়ে’ একথা ঠিক তবু দেবুর মনে হচ্ছিল, মার কথায় বড় বেশী  
আতিশয় । যতই হোক আসলে তো নৌরূদ্দা হচ্ছে ওর নিজের দাদা, আর  
আমরা হচ্ছি পিসতুতো দাদা ! সে তাই বলতে যাচ্ছিল, ‘মা, তুমি জোর  
করছ বটে, কিন্তু নৌরূদ্দারও তো একটা প্রেসটিজ আছে । …নৌরূদ্দা যদি—  
কিন্তু কথাটা তার গলার মধ্যে সম্পূর্ণ তৈরী হয়ে উঠবার আগেই নৌরূদ্দার  
গলা কথা কয়ে উঠলো—জোরাজুরির কথা উঠছে কী করে পিসি ? তুমি  
যখন তোমার কাছে নিয়ে যেতে চাইছ, তার উপর আবার কথা কী আছে ?  
তার চাইতে ভালই বা কী আছে ? মিলি তো তোমারই । …আর ওর যত্ন-  
আত্ম ? …( বৌ এখানে উপস্থিত নেই তবু নৌরেন গলাটাকে একটু খাটো  
করল ! ) সে তোমাদের বৌ তোমার সিকির সিকিও পারবে না কি ?

দাদা একটানা এতগুলো নির্ভেজাল বাংলা কথা বলতে পারল দেখে  
বেশ অবাক হচ্ছিল মিলি । তবু চুপচাপ বসেছিল আয়ার হাতে মাথাটা  
সমর্পণ করে দিয়ে । মিলি এক্ষুনি বাড়ি চলে যাবে ভেবে সে পরিপাণি  
করে তার চুল বেঁধে দিচ্ছিল । জানে অবশ্য ‘ছাড়পত্র’ পেলেও ছাড়া পেতে  
অনেক সময় লাগে । অনেক কাঠখড় পোড়াতে হয়, অনেক লেখা-লেখি  
করতে হয়, তবু তার ডিউটি সে তাড়াতাড়ি পালন করে ফেলছে । এখন  
আবার কোনো পেশেন্টের সেবা করতে হবে, কতদিনে জুটবে ! এখনই  
খোঁজ নিতে যেতে হয় ।

কিন্তু সরস্বতী তাকে নিশ্চিন্ত করলেন । বলে উঠলেন চুলটুল বাড়ি গিয়েই  
বাঁধা হবে বাছা । তুমি তো আমাদের সঙ্গেই যাচ্ছ, এই নার্সিং হোমের  
গিল্লাকে আমি বলে এসেছি । তোমার সেবা যত্নের হাতটি ভালো । থাকবে  
কিছুদিন ।

একথার পর দেবুর মনে হলো, আতিশয়রও একটা সৌমা থাকা উচিত ।  
হতে পারে টাকাকড়ি আছে সরস্বতীর । নিজেরই আছে । বাবা তাঁর স্ত্রীর

জগ্যে অনেক কিছু ব্যবস্থা করে রেখে গিয়েছিলেন। নানা কোম্পানীর শেয়ার, নানা রকমের সাইফ ইনসিওর, তা বলে সেগুলোকে অগ্নায়ভাবে ছড়িয়ে নষ্ট করতে হবে ? কেন এই অধিক মূল্যের মহিলাটি ছাড়া, আর লোক জুটবে না ?

তখনই দেবু শেষ চেষ্টা করবার চেষ্টা করল। বলে উঠলো, তোমরা তো বেশ একতরফা ডিক্রি দিয়ে ফেললে। আসামীরও তো ইচ্ছে অনিচ্ছে থাকতে পারে ? কিছু বক্তব্য থাকতে পারে। মিলির মতামতটা তো জানতেই চাইলে না।

সরস্বতী ছেলের মুখের দিকে তাকিয়ে দেখেছিলেন। সরস্বতী কি সেই মুখের রেখায় ফুটে ওঠা ভাষাটি বুঝতে পারেন নি ?...

পেরেছেন খুবই।

তবু সরস্বতী অবোধ সেজেছিলেন।

শ্যাঙ্গলায় পা না ঢেকিয়ে তার উপর দিয়ে জল গড়িয়ে ঘেতে দিয়েছিলেন, ওমা, কেন রে ? মিলি তো এই স্থপা না কি যেন নাম এর, একে বেশ পছন্দই করে। অনিচ্ছের কী আছে ?

মিলি মনে মনে হাসল।

মিলি এটাও বুঝল তাকে নিয়ে পিসির এই মেজ ছেলের সঙ্গে কিছু অদৃশ্য যুদ্ধ চলবে। যাক এটা নতুন নয়। সমীরণের সঙ্গে বিচ্ছেদের কালে, এ অমুভূতির অভিজ্ঞতা তার হয়েছে।...পিসি দশহাত বাড়িয়ে ভাইবিকে সমর্থন করেছেন, এবং অলঙ্ক্র্য থেকেও সেই পাঞ্জী সঙ্গীছাড়া বদমাইস জামাইটাকে নতুন ভবিষ্যতি গাল পেড়েছেন, কিন্তু তার নিজের দাদার মতো এই পিসতুতো দাদারাও অনুরূপ ঘোষণায় জানিয়েছে, মিলির অসহিষ্ণুতাই এর কারণ। একটা চেষ্টা করলে, একটু ধৈর্য ধরলে হয়তো মিলি এই সম্পর্কটা ভেঙে গুঁড়িয়ে পড়াটা রক্ষা করতে পারতো।...পুরুষ মানুষ, অনেক কাঁচাটাকার মালিক, মতিগতি একটু বিগড়েতেই পারে। জ্ঞান তো উচিত তাকে রক্ষা করা। তা নয়—তেসেই ঘেতে দিলে তুমি অসহিষ্ণু মেয়ে।...এই অসহিষ্ণুতার কারণটি যে পৃষ্ঠবল, এ সন্দেহও অনুস্তু থেকেও

উক্ত হয়েছে ।

সরস্বতীর বড় ছেলে অমুত্রত তখন কলকাতাতেই পোষ্টেড ছিল । তার মন্তব্য আরো মধুর ছিল । ‘ছেলেবেলা থেকেই আদর দিয়ে মাতো ওর মাথাটি খেয়ে রেখেছেন ।’

মিলিকে কি ওরা একেবারই ভালবাসে না ?

তা নিশ্চয় নয় । ছেলেবেলা থেকেই মিলি সকলের কাছে আকর্ষণীয় । মিলির রূপ, মিলির ব্যবহারের মাধুর্য, মিলির প্রাণোচ্ছল স্বভাব, সকলকেই আকৃষ্ট করেছে । কিন্তু মায়ের ওই ভালবাসার বাড়াবাড়ি, এটা অসহ । এটা ঈর্ষাউদ্দেককারী যেটা যার যথার্থ প্রাপ্য নয় সেটা তাকে দিতে বসা মানেই তো গ্রায় অধিকারীদের ভাগ থেকে খানিকটা কমে যাওয়া ।

মিলির এসব বুঝতে অসুবিধে হয় নি ।

তাই মিলি তখন দাদাকে উৎখাত করে একটা চাকরি যোগাড় করেছিল, আর একটা থাকার আস্থান । ...

কিন্তু এখন মিলি একেবারে পিসির মুঠোর মধ্যে চালান হয়ে যেতে বাধা হচ্ছে । অতএব কিছু রঙিন নাটকের দৃশ্য দেখতে হবে মিলিকে ।

হোক । দেখা যাক ভাগ্য কোথায় নিয়ে যায় ।

নৌরেন ওদের গাড়িতে উঠিয়ে দিয়ে ফিরে এলো নার্সিং হোমের বিল-টিল মিটিয়ে দিয়ে যাবে । ...কি করেই বা তবে বলা যায় মিলির দাদা মিলি সম্পর্কে উদাসীন ! একমাত্র বোনটা সম্পর্কে তার দায়িত্ববোধ নেই !

এরা অবশ্য সন্দেহ করে, এসবের অনেক কিছুই নৌরবৌদ্ধির অজ্ঞাত থাকে । ...কিন্তু তাই যদি থাকে, তাতেই বা কি ? শুধু কি মেয়েদেরই সংসার জীবনে অভিনেত্রীর ভূমিকা গ্রহণ করতে হয় ? পুরুষের হয় না ? পুরুষের জীবনেও অনেক ম্যানেজ করতে হয় । সেটা করছে নৌরেন ।

গাড়িতে যেতে যেতে দেবু আবার বলে উঠলো, দেখ মা, তোমার ওপর কথা বলতে পারল না নৌরদা, তবে ভেতরে একট ‘ইয়ে’ হয়েছে নিশ্চয়ই । সেহে ভালোবাসায় না হয় তোমায় ছাড়িয়ে উঠবে না, তবে প্রেসটিজেরও অশ্ব আছে তো একটা । ...নিজের দাদার বাড়িতে না গিয়ে মিলি ‘কাজিন’

দাদার বাড়িতে—

সরস্বতী ওর কথাটা শেষ হতে দেন নি। গন্তৌরভাবে প্রফটা কারেকশান করে দিয়েছিলেন, ‘কাজিম’ দাদার বাড়ি নয় দেবু। নিজের পিসির বাড়ি।

এরপর আর কথা বলার ক্ষমতা থাকে না দেবুর। রচিও না। তাদের স্তুর বশংবদ পিতাঠাকুরটি বাড়িখানিও তো স্তুর নামেই রেখে দিয়ে গেছেন। অতএব বাড়ি সরস্বতী দেবীর। অর্থাৎ মিলির নিজের পিসির।

দেবত্বতর ভাগ্যটি আবার অন্তুত।

লোকে বৌকে লুকিয়ে বোনটোনের শুপর কর্তব্য করছে, আর দেবু? দেবু বৌয়ের কর্তব্যজ্ঞানের বহরেই দিশেহারা। মহিলাটি যেন কর্তব্য-জ্ঞানের জাহাজ।...শুধু তাই? বাংলা ভাষায় যতগুলি মহৎ মহৎ শব্দ আছে, ‘সুরলতা, উদারতা, শ্রায়পরতা, স্পষ্টবাদিতা, ভদ্রতা, সভ্যতা ইত্যাদি করে, সবগুলিই দেবুর বৌয়ের মধ্যে বর্তমান।...

দেবু যদি মায়ের এই আতিশয়ের আধিক্য নিয়ে বৌয়ের কাছে সমালোচনায় মুখ্য হতে চায়, বৌ নির্ধারণ প্রথম কথাতেই কোপ দিয়ে বলবে, তা এতে তোমার এত গাত্রদাহর কৌ আছে? তোমাদের নিজের বোনও তো থাকতে পারতো একটা? একটা কেন, ছট্টো-চারটেও থাকতে পারতো, কৌ করতে? একটাও অন্তু থাকতেই তো পারতো। ধরে নাও না তাই!

ভেবেই রাগে হাড় জলে গিয়েছে দেবুর। তবু পরে বৌয়ের কাছে এ প্রসঙ্গ উত্থাপন না-করে পারে নি। বলা বাহ্য সেই উত্তরই পেয়েছে, মিলিদিকে মায়ের নিজের মেয়ে ভাবলেই তো জ্বালা মিটে যায় বাবু। ধরে নাও না তাই।

ধরে নাও না। ‘ধরে নিতে’ গেলে তো কোনো কিছুরই সৌমাথাকে না।

সুজ্ঞাতা অনায়াসে বলে বসে, তা মার জিনিস মার টাকাকড়ি মা যেভাবে ইচ্ছে খরচা করবেন, যাকে ইচ্ছে দেবেন, তোমার এত মাথাব্যথা কেন? তোমার কাছে তো চাইতে আসছেন না?..আর তোমার টাকা তুমি

সব ব্যাকে তুলছ না খরচ করছ তাও জিগ্যেস করতে আসছেন না ?  
ছটফটানি কমাও তো । শাস্তিতে থাকবে ।

বৌয়ের মুখ থেকে একথা শুনতে হলে কার মেজাজ ঠিক থাকে ? দেবুরও  
থাকে না । কিন্তু জবাবও তো জোগায় না । বড়জোর হয়তো বলে আমি  
কোনো বাড়াবাড়ি করতে যাই না ।

সুজাতা মুখ টিপে হাসে ।

বলে, আহা, একটু যদি শিখতে সেটা আমার একটু স্মৃবিধে হতো । ... দেবুর  
কৃপণতার প্রতি এই কটাক্ষপাতে আরো হাড় জলে যায় । ... কিন্তু, বলার  
কিছু নেই ।

অতএব মিলির এ-বাড়িতে রাজকীয় ব্যবস্থা চালু হলো । ... সরস্বতীর মধ্যে  
উৎসাহের জোয়ার ।

হয়তো মিলির এই অপ্রত্যাশিত স্বাস্থ্যান্তিও এর কারণ । যে জিনিসটা  
হাত থেকে ছেড়ে গিয়ে জলের তলায় তলিয়ে গেছে ভেবে আশা ছেড়ে  
বসে দুঃখের নিশাস ফেলেছ, হঠাত যদি দেখা যায়, সেটা ভেসে উঠেছে  
তখন তাকে টেনে তুলবার জন্যে প্রাণপণ চেষ্টার উৎসাহ ব্যাকুলতা আসে  
বৈ কি । মিলির দৌর্ঘ্যালী ব্যাধি সরস্বতীকে প্রায় হতাশ করেই রেখেছিল ।  
হঠাতে আশা সঞ্চারে, সরস্বতী যেন ‘সর্বস্ব দিতে পারার’ পণ ধরেছেন । ...  
না-হলে, নিজের বিয়ের সাবেকী পালক, যা না কি কর্তার বিয়োগের পরই  
ক্ষু খুলে খুলে সরিয়ে রাখা হয়েছিল, সেই পালক ফের জোড়া দিয়ে পাতা  
হলো । কিনা মিলির জন্যে ।

দেখে মেজাজ ঠিক রাখা যায় ?

দেবু সরাসরি মাকে না বলে মায়ের কাজের সাপোর্টার বৌকেই বলে,  
এটাকেও তুমি বাড়াবাড়ি বলবে না ?

বৌ বলল, কি জানি, আমার তো কই বাড়াবাড়ি মনে হচ্ছে না । একটা  
খাট বিছানা দরকার পড়েছে, বাড়িতে থাকতে কি আবার নতুন কিনতে  
যাবেন ? সেটাও তো বাড়াবাড়ি মনে হতে পারতো ।

ওঁঃ

দেবু মাথা বাঁকিয়ে বলেছে, আর এই যে শুনছিলাম, মার ঘরের পাশের  
ছোট ঘরটায় ওর ব্যবস্থা হচ্ছে—

বৌ বলল, মা নিজের সিঁড়ি ভাঙা বাঁচাতে তাই বলেছিলেন, আমিই  
বললাম, ওরে আয়াটায়া নিয়ে থাকা সন্তুষ্ণ না কি ? এটা এমনি পড়ে  
রয়েছে—

এমনি পড়ে রয়েছে ! চমৎকার !

দেবু জানে বৌয়ের কাছে সে তার সঙ্কীর্ণতার সমর্থন পাবে না, তবু মনের  
জালা প্রকাশ না করেও তো পারে না। অথবা হয়তো সঙ্কীর্ণতা ভাবে  
না। ভাবে আমিই শ্যায় বলছি। তাই বলে ফেলে, দাদার নাম করে  
তৈরী নতুন ঘরটা, এত চমৎকার আমারই ইচ্ছে হয়েছে এসে শুই, বলতে  
পারি নি—

ওমা !

বৌ অবাক হয়, কই এমন ইচ্ছের খবর তো পাই নি কোনোদিন। পড়েই  
তো রয়েছিল —বললেই পারতে।

বলতে পারি নি লজ্জায়। জানি তো দাদার পাঠানো টাকা থেকে তৈরী  
হয়েছে—

সুজাতা এতক্ষণে হাঙ্কা ভাব ত্যাগ করে গম্ভীর হয়েছে। বলেছে, দাদার  
পাঠানো টাকায় ঘরটা তৈরী হয়েছে বলে তুমি ইচ্ছে হলেও শুভে পার নি ?  
আশচর্য ! দাদারা কি পরশুই কানাড়া থেকে এসে পড়ছেন ?

তা না হোক, মানে হচ্ছে—

থাক। তোমার কথার মানে বোঝবার ক্ষমতা আমার নেই। বাবার টাকায়  
তৈরী বাড়িতে বাস করা যায় আর দাদার টাকায় হলেই অচ্ছ্যৎ ? আমার  
বুদ্ধির বাইরে।

এই বৌকে নিয়ে ঘর করতে হয় বলেই দেবু মাকে কায়দা করতে পারল না  
আজ পর্যন্ত।

হয়তো সরস্বতীরও এটি একটি পৃষ্ঠবল, তিনিও এই বলেই ছেলেকে নশ্শাৎ  
করতে পারেন। বড় ছেলে বৌ বিদেশবাসী হয়েছে, তাতে তিনি দংখিত

নয়। নাতিটুকুর জন্যে মন কেমন করে, কৌ আর করা? সুখের থেকে  
স্বস্তি ভালো।

সুজাতা অন্য ধরনের মেয়ে।

স্বার্থবুদ্ধির ছাচে তৈরী নয় সে।

কথা যা বলে, তাতে ভাবাবেগের স্পর্শ না থাক, যুক্তি আছে। সুজাতাই  
বলেছে, আপনি তো মা দু'বেলা ওঠেনই ওপরে ঠাকুর ঘরে যেতে। দু-ঘণ্টা  
দু-ঘণ্টা চার-ঘণ্টা থাকেনও। মিলিদির জন্যে না-হয় আর দু'বার উঠলেনই।  
না হয়তো ওপরে থাকার সময়টাই বাড়িয়ে নেবেন। চারঘণ্টা চারঘণ্টা  
আটঘণ্টায় পৌছবেন।

হেসেছিল ?

সরস্বতীও হেসেছিলেন তবে অনুধাবন করেছিলেন কথাটা ভালোই বলেছে।  
নিজের গায়ের কাছে একটা আয়া ঘুরবে ফিরবে, বসবে শোবে, সুবিধের  
নয়। তাছাড়া চুঝৎ বাঁচিয়ে মেজেয় পা ছড়িয়ে বসবারই বাজায়গা কোথায়  
ওবরে ? এখানে ছাদে আলাদা জলের কল, কাপড় শুকাতে দেবার জায়গা,  
সুবিধে অনেক।

মনে মনে ঠিক করলেন, এরপর বড় ছেলে এলে অন্য ব্যবস্থা ঠিক করে  
নিলেই হবে। মিলি যে এ-জীবনে আর চাকরি-ফাকরি করতে পারবে, তা  
মনে হয় না। তবে যদি ‘ভালো আছি’ বলে জেদ করে করেও, অন্যত্র  
থাকতে তো দেবেনই না তাকে সরস্বতী ! এই তার চিরস্থায়ী জায়গা হয়ে  
গেল।... তখন ওই সরস্বতীর পাশটিতে। তিনিও তো ক্রমশ বুড়ো হবেন ?  
আপন বলতে, বুকের কাছে থাকতে কে আছে আর ? এই যে পাশের  
বাড়ির রামেশবাবুর মা, আজ দু'বছর বিছানায় পড়ে। যাই ভাগিস একটা  
মেয়ে বিধবা হয়ে কাছে এসে পড়েছিল, তাই না রক্ষে ? নইলে কৌ হাড়ির  
হাল হতো ? পয়সার জোর নেই যে লোক রাখতেন। চিরদিনই বিধবা  
মেয়ে, স্বামী পরিত্যক্ত মেয়ে, সংসারের একটা লাভের খাতা।... মিলির  
ছর্ভাগ্য সরস্বতীর কি শ্রোগ ফেটে যায় না ? তবু মিলির যে অন্য কোথাও  
আশ্রয় নেই, এটা মন্দের ভালো। মেজ বৌটা ভালো, ভবিষ্যতে সংঘর্ষের

আশঙ্কা নেই।

এখন সরস্বতী যখন পুজো সেবে এসে মিলির মুখে ঠাকুরের চরণামৃত দেন আর মস্ত ঘরখানার মেজেয় পা ছড়িয়ে বসে পড়েন বিছানার ছোওয়া বাঁচিয়ে তখন মনে মনে বৌয়ের বুদ্ধির প্রশংসা না করে পারেন না।

আর যাই এসে বসে, খাটের ধারে বিছানার উপরই বসে, বসবার যথৰ্থ জায়গার একটু অভাব আছে। অবশ্য তাঁতে কিছু এসে যায় না। বহুৎ পালঙ্ক। মোফা চেয়ার ঘরে না থেকেও চলছে।

মিলি বলে রূপোর কাঠি ছোওয়ানো রাজকন্তের মতো পেলায় পালঙ্কে পড়ে আছি।

তবে এখন আর পড়ে থাকে না। বসে, হাসে, গল্ল করে, মাঝে মাঝে টুকটাক গানও গায়। এখন মিলির ঘরটাই সন্ধ্যায় পারিবারিক আড়ার জায়গা হয়েছে। সুজাতা আসে সুব্রত আসে, বড় ছেলের শ্শশ্শুরবাড়ি কাছে, তার শালা আর শালার বৌ মাঝেমাঝেই আসে। হাসি গল্লের সাড়ায় সরস্বতীর পুজো থেকে মন সরে আসে, তাড়াতাড়ি সেবে এসে রঞ্জমধ্যে হাজির হন। আর বলে গুঠেন, সব গল্ল আড়াগুলো শেষ হয়ে গেল ? মিলি বলে, গল্ল আড়া কি ‘শেষ’ হবার জিনিস পিসিমা ? এ হচ্ছে অশেষ বস্তু।...

কিন্তু দেখা যায়, সরস্বতী এলেই সভা স্থিমিত হয়ে পড়ে, হাসির সেই প্রাবল্য থাকে না।...

এটা দুঃখের। কিন্তু আর একটা কারণেও সরস্বতীর মনে স্বৰ্থ নেই। লক্ষ্য করছেন, তাঁর ছোটছেলেটির যেন বড় বেশী ‘মিলিদি মিলিদি’। এত কেন ? হয়তো এ চিন্তা মনের কোণেও আসতো না সরস্বতীর, যদি না নাসিংহোমের ব্যাপারটা ঘটতো। সরস্বতী না বলতে সুব্রত যেত এটা সন্দেহজনক, আবার সে খবরটা বাড়িতে গিয়ে বলতো না সেটা আরো সন্দেহজনক।

সেই সন্দেহ বিষের বৌজ থেকে যেন চারা জন্মে গেছে, এবং হঠাত হঠাত নতুন পাতার স্ফটি করছে।

অথচ সন্দেহটা যে নিতান্তই নীচ তা বোবেন সরস্বতী। আর বোবেন বলেই তার বাপ্পও মুখে আনতে পারেন না।— শুধু মনে মনেই আওড়ান সারাক্ষণ খালি মিলিদি, আর মিলিদি ! বাড়ি চুকেই অমনি ছুটছেন মিলিদির মন্দিরে। হড়ে পড়ে পড়ে থাকতে হবে সেখানে। আগের মতন আর বাইরের আজ্ঞা বাতিকও নেই।

আর মুখে হেসে হেসে বলেন, মিলি তুই আসায় আমার এক মস্ত উপকার হয়েছে, স্বরোকে দেখতে পাচ্ছি সব সময়। নইলে ছেলের তো টিকি দেখার জো ছিল না। স্বরো তোর সঙ্গে বসে লুড়ো খেলছে। দেখে তাজ্জব।

মিলি হেসে হেসে বলে আমরা হঠাত হঠাত আবার ছোটবেলায় ফিরে যাবার চেষ্টা করি পিসি। চোখ বুজে ভাবি ফ্রক পরা মিলি, আর হাফপ্যান্ট শার্ট পরা স্বু ছাতে উঠে পিং পং খেলছে, ব্যাড্মিন্টন খেলছে, ঘরে বসে লুড়ো খেলছে। দেবুদাও তো ভিড়ে যেত তাতে। এখনই ভারী বিজ্ঞ হয়ে উঠেছে।

এ আবহাওয়ায় মনের পাপের কথা ভেবে হঠাত লজ্জা হয়। সরস্বতীর উপস্থিতিতে তো সবই নির্মল লাগে, উজ্জল লাগে।...কিন্তু তিনি অন্ত জায়গায় থাকলেই অন্তরকম। যেই দেখেন ছেলে বাইরে থেকে এসেই ওপর তলায় ছুটছে, রাগে মাথা জলে যায়। আরো রাগ হয়, মেজ বৌয়ের বৃক্ষিহনতায়। দিবি গা ভাসিয়ে বলে কিনা, চলে যান ছোড়না ওপরে; আমাদের তিনজনের চা নিয়েই ওপরে গিয়ে হাজির হচ্ছি।

কিন্তু দোষই বা দেবেন কী করে ?

নিজেই তো বলেছিলেন, অভাগা মেয়েটা তোমাদের কাছে এসে পড়েছে, ওর যাতে মন ভালো থাকে, সে চেষ্টাটুকু তোমরা কোরো বাপু।

তাই করছে শ্রো সে চেষ্টা।

সুব্রত নীচে থেকে উঠে এসেই হৈ তৈ করে ওঠে। আজ রাস্তায় যা একখানা দৃশ্য দেখলাম মিলিদি...আজ বাসে যা একটি মারকাটারি ষটনা ষটল।...

ষটনা হয়তো এক বিন্দু, কিন্তু বিন্দুকে সিন্ধু করে তুলতে না পারলে আর

আড়া কি ?

মিলি যতটা না উৎসাহ বোধ করে, উল্লাস পায় তার দশগুণ । অতএব জমে  
উঠতে দেরী হয় না ।

তবে আজ তো সত্যই একটা খবর ।

আবার আজকে সেই ভদ্রলোকের সঙ্গে দেখা ! লোকটা একেবারে পটকে  
গেছে ।

মিলি কি বুঝতে পারল না ?

অবশ্য পারল । তবু উৎসাহ দেখিয়ে বলল, কে রে ? কোন্ ভদ্রলোক  
আবার পটকাতে বসল ?

সুব্রত ওর মুখের দিকে তাকিয়ে বলল, বুঝতে পারলে না ?

মিলি আকাশ থেকে পড়ল, ও মা ! কী করে বুঝবো ? শুধু ‘সেই ভদ্রলোক’  
বললে বোঝা যায় ? নাম বলবি তো ! আমি চিনি ?

চেনো, খুব চেনো ।

মিলি ভাববার ভান করল । তারপর হতাশভাব দেখিয়ে বলল, নাঃ বাপু !  
নাম না জানলে বোঝা শক্ত ।

নাম সমীরণ মেন ।

এই মরেছে !

এবার আরো উচু আকাশ থেকে পড়ল মিলি । ভুক উচিয়ে বলল, তবে  
যে বললি সেই ‘ভদ্রলোক’ ।

সুব্রত তাক্ষ হলো, সভালোকেরা ‘হই ভাবেই কথা বলে ।

হ্যাঁ ! তাও বটে !... মিলি যেন এককণে বুঝতে পেরেছে এই ভাবে বলল,  
যে যা তাকে তা বললে সভ্যতায় বাধে বটে ! সভ্যতার প্রথম পাঠ,  
'কানাকে 'কানা' বলিও না, খোড়াকে 'খোড়া' বলিও না । তাই না ?... হি  
হি হি ! তা আজ ও গাড়ি চড়ালো বোধহয় ?

না !

তবে কোথায় দেখলি পটকা হয়ে যাওয়া ?

কফি হাউসে । আজ ড্রাইভার ছিল, তাকে গাড়ি নিয়ে চলে যেতে বলে

আমায় একটা কফি হাউসে টেনে নিয়ে গেল।

তাই বল! মিলি যেন একটা স্বস্তির নিশাস ফেলল, সেদিন গাড়ি চড়ানো, আজ পান ভোজন, উকিলের ফৈজটা ভালোই দিছে তাহলে।

সুত্রত তাকিয়ে দেখে।

সবটাই সত্যি অনোভাব? না কৃত্রিম? মেয়েরা তো অভিনয়ে চিরপটু। আমারই তো লোকটাকে দেখে মনটা ক্রমশ বদলে যাচ্ছে। আর মিলিদি একটুও—

বলল, আমায় রাগিয়ে তুলতে পারবে না মিলিদি! আমি স্বীকার করছি, এখন আর ওকে দেখে রাগ চড়ে শুঠে না আমার।

তার মানে মহাপুরুষ হয়ে উঠচিস, যাক! চোখের সামনে একটা জলজ্যান্ত মহাপুরুষ দেখতে পাচ্ছি, কম ভাগ্যের কথা নয়। তো খুব কেঁদে কেটে পটকাবার হেতুটা বলল না?

সুত্রত মনে মনে হাসল।

বলল পথে এসো।

মুখে বলল, কাঁদাকাটার কথা নয়, তবে ভাগ্যটা খুব অদ্ভুতই লোকটার।

মিলি সকৌতুক ভাব মুখে ফুটিয়ে কথা বলছিল, সে ভাবটা হঠাৎ মুখ থেকে মুছে গেল। দৃঢ়ভাবে বলল, বুদ্ধিকে আর ভাগ্যকে গুলিয়ে ফেলিসনি স্বৰূ।

সে তুমি যা ইচ্ছে বলতে পারো। তবে আমি বলব ভাগ্যই। শুনলে বিশ্বাস করবে? সেই যে ঠিক করেছিল এবার একটা নিরক্ষর গ্রাম্য মেয়ে বিয়ে করবো। তাও আর হচ্ছে না।... ঠিক ইচ্ছে অনুযায়ী একটা মেয়ে জুটেও ছিল, কিন্তু শুনলে অবাক হবে, গ্রামের মেয়ে, বাপের সঙ্গে এই প্রথম কলকাতায় এসেছে, বাপ মেয়েকে সমীরণবাবুর বাড়িতে নিয়ে এসেছে ‘দেখাতে’, সেই মেয়ে না কি ফিরে গিয়ে বলেছে, অতবড় বাড়ি, অত বাহার, অত ফর্সা বর, সে বিয়ে করতে পারবে না। কেটে ফেললেও না।

মিলি মুখে হাত চাপা দিয়ে হেসে শুঠে।

বেশ কিছুক্ষণ পর বলে, মালটি কোথা থেকে জোটানো হয়েছিল?

কান দিইনি। বোধহয় কোথায় যেন ওর দিদি আছেন, তারই গ্রামের।  
বেচারা!

মিলি অন্ত আর এক দিনের স্মরেই বলল কথাটা।

তারপর বলল, সেই দুঃখেই বুঝি পটকে গেছে? আহা ‘রিজেক্ট’ মাল-  
হাওয়া! বড় দাগা পেয়েছে।

সুব্রত একবার উঠে ঘরের সামনের খোলা দরজাটার সামনে দাঢ়াল,  
সেখান থেকেই বলল, তোমার হইল চেয়ারটা নিয়ে এখানে চলে আসবে?  
খুব শুন্দর হাওয়া।

মিলি বলল, আরে। কথনো আমি হইল চেয়ারের পোষা আছি না কি?  
বেরোই তো ছাতে।

এমনি হেঁটে?

এমনি হেঁটে।

সুব্রত বলল, তাহঙ্গে আমার একটু বলা ভুল হয়ে গেছে। তোমার কথা  
জিগ্যেস করায়—বললাম।

মিলি এখন হঠাৎ রেগে উঠলো।

বলল, আমার কথা জিগ্যেস করার ওর কৌ দরকার?  
হয়তো আছে দরকার।

কক্ষনো বলবি না তুই। খবরদার না।

কথা দিতে পারছি না।

তোর কি কোনো মান-মর্যাদা নেই শুবু?

লোকটার বুলে পড়া চেহারা দেখে গুটা আর মনে আসে না মিলিদি।

সংসারে অনেক ‘বুলে পড়া’ লোক আছে শুবু, দেখলেই গলে গেলে চলে  
না।

সুব্রতও রাগরাগ ভাব দেখাল। ছাত থেকে চলে এসে আবার বসে পড়ে  
বলল, গলে যাওয়ার কথা হচ্ছে না। সুব্রত এত ইয়ে নয়। তবে—  
থাক বাবা, ‘তবেটা রাখ। বরং উঠে পড়েলেগে ঘটকালি কর। যে অস্ত  
ওকে হি হি ‘অতো ফর্সা’ বলে রিজেক্ট করবে না।

সুত্রতও হেসে উঠল, হাসছ তুমি। আমি কিন্তু সেই গ্রাম্য মেয়েটার মনো-  
ভাব বুঝতে পারছি।

পারবি বৈ কি। কবিতা-টবিতা লিখিস। হ্যারে তোর সেই প্রথম কাব্য-  
গ্রন্থ ‘বালি কাঁকর’ ছাপার কতদূর ?  
পাবলিশারই জানে।

নামটা সুবিধের হয় নি। একদম সেকেলে।

তাই মনে হচ্ছে। আচ্ছা ‘শক্রমাছের চাবুক’ নাম দিলে কেমন হয় ?  
মার্ভেলস !

মিলি হাততালি দিয়ে হেসে ওঠে।

ঠিক এই সময় সরস্বতী ঢুকলেন।

পুজোর ঘর থেকেই চলে এসেছেন। পরনে গরদধান, কপালে চন্দন টিপ,  
হাতে হরিনামের মালা।

এসে পরিষ্ঠিতির উপর একটি চাপা বিরক্তির কুটিল দৃষ্টি বুলিয়ে নিয়ে  
বলে উঠলেন, কী এত হাসির ঘটনা ঘটলো ? ভাইবোন একেবারে হেসে  
কুটি কুটি।

মিলি খুব অমায়িক গলায় বলল, ও এক বোকা বুদ্ধু লোকের কথা হচ্ছে  
পিসি ! সুবুর কাণ্ডো তাকে একটু আহা উহু করে তার পয়সায় রেষ্টুরেন্টে  
খেয়ে-টেয়ে হি হি...শুধু কফি কাজু না আরো কিছুও রে সুবু, আইস-  
ক্রীমও বাগিয়েছিস মনে হচ্ছে ! ও তোর কনে যোগাড় করে দেবে আশা  
দিয়ে হি হি !

কিন্তু সরস্বতী কি বোকা বুদ্ধু ?

সুজাতা উঠে এসো।

তার পিছনে চায়ের ট্রে হাতে ‘সুবালার মা’।

মিলি বলে উঠলো, এই সুজাতা, এতক্ষণে এলি ? আমাদের যত মজার মজার  
কথাগুলো হয়ে গেল।

সরস্বতী তাঁক্ষে চোখে ভাইঝির মুখের দিকে তাকিয়ে দেখলেন।...এমন  
অস্বাভাবিক লালচে কেন মুখটা ? স্বভাবের অতিরিক্ত এমন প্রগল্ভতা।

কেন ? .. এ আবার কী বিপদ ! নাঃ । শক্ত হতে হবে । মস্তান্টার একটা বিয়ে দিতে পারলে হয় তাড়াতাড়ি । ... ‘এখন নয়’ বলে স্থাকামি করতে এলে ধুক্ক ডিঃ নেড়ে দেবে ।

সরস্বতী সম্ভাব্য কনে খুঁজতে থাকেন মনে মনে ।

অমিতা আবার পাথর হয়ে গেলেন ।

প্রায় ভাবশূল্য মুখে স্বামীর মুখের দিকে তাকিয়ে বললেন, তুমি মত দিলে ? দ্বিজোন্তম শাস্ত মুখে বললেন, অ্যাডাণ্ট ছেলে মেয়ের বিয়েতে ‘মত দেওয়া-দিই’ তো একটা বোকা কথা ।

ওঃ ! তাই তুমি চালাক হলে ? .. পাথর উত্তপ্ত হয়, ঘটা করে ছেলেকে ডেকে, তাকে বোঝাবার বদলে এই করলে তুমি ?

ঘটা করার কী হলো ? ডাকলাম জিগ্যেস-টিগ্যেস করলাম, ওর মনের । মহৎ ভাবের পরিচয় পেয়ে শ্রদ্ধাই এলো !

পাথরে চিড় খায়, ওঃ ! শ্রদ্ধা এলো । তাই বলো ! মহৎ বাপের মহৎ ছেলে, তাই তার তালে তাল দিয়ে বাহবা নিলে ! ... অমিতা বিদীর্ঘ কঠে বললেন, ছেলেটার আখেরের কথা ভাবলে না তুমি ? এখন বৌঁকের মাথায় মহস্ত করতে বসছে । কিন্তু শুই ছোটলোকের উচ্চিষ্ট হতভাগা মেয়েটাকে বৌঁকরে ও স্তুথী হবে মনে করছ তুমি ?

আহা সেই কথাই তো জিগ্যেস করলাম ! দ্বিজোন্তম বলে উঠলেন, বললাম নিজের মনকে ভালো করে ভেবে দেখ । হয়তো এ জন্মে তোমায় অনেক কিছু ত্যাগ করতে হবে । কুড়োতে হবে লোকনিন্দে, অবজ্ঞা, অবহেলা । বলতে গেলে সমাজের বাইরে গিয়েই পড়তে হবে, পারবে তো ? .. বলল, পারার চেষ্টা করব ।

ওঃ এইভাবে গায়ে মাথন বুলিয়ে বুলিয়ে কথা বলা হলো ? যাচ্ছেতাই করে জানিয়ে দিতে পারলে না, লক্ষ্মাছাড়া ছেলে, এ-বিয়ে করলে তোকে আমি ত্যাজ্যপুতুর করবো ।

দ্বিজোন্তম একটু হেসে অমিতার প্রায় ফাটস্ট ভঙ্গির দিকে তাকিয়ে বললেন,

‘যাচ্ছতাই’ করতে তো তুমিই রয়েছ, আমি আর বৃথা খাটি কেন ? আর  
‘আমি তোকে ত্যাজ্যপুনুর করব’, এ-কথাই বা বলতে যাব কেন ? করব,  
এমন কথা তো ভাবি নি !

ভাবো নি ?

পাথর ফেটে চৌচির হয়ে গেল ! ছিটকে ছিটকে পড়ছে তার খোঁচা খোঁচা  
টুকরো !

ভাবো নি তবে কী ভেবেছ ? ওই বৌকে ‘দুধে আলতার’ পাথরে দাঢ়ি  
করিয়ে আদরে বরণ করে ঘরে তুলে ছেলে বৌনিয়ে সুখে ঘর করবে ?

দ্বিজোন্তম বেশ ভালভাবেই হেসে ফেলে বললেন, ‘দুধ আলতা’ এসব ঠিক  
ভাবি নি, জানতামনাও তবে গৌতম যাকে বিয়ে করে আনবে, তাকে নিয়ে  
সুখে ঘর করতে চেষ্টা করবো এটা ভেবেছি ।

আরো টুকরো ছিটকোচ্ছে পাথরের ।

ঘরে আনবে ! গৌতম যাকে ঘরে আনবে ! কি ভেবেছ কৌ তুমি ? আমি  
ওই বৌকে বাড়ি ঢুকতে দেবো ?

দ্বিজোন্তম এখন গভীর হলেন ।

বললেন, বৌকে ঢুকতে নাদেওয়া মানেই তো ছেলেকে ঢুকতে নাদেওয়া ।

তা মা-বাপ সমাজ সংসার সব ত্যাগ করে যদি ওই বিয়েটাই লক্ষ্মীছাড়াকে  
করতে হয়, তো এ-বাড়ির দরজা ওর কাছে বন্ধ ! মনে জানবো গৌতম  
বলে আমার কোনো ছেলে ছিল না ।

শেষের দিকটা গলাটা কেঁপে যাচ্ছিল বোধহয়, সামলে নিলেন ।

দ্বিজোন্তমের চোখে এই সামলানোটা এড়ালো না । আস্তে বললেন, পারবে ?  
পারব না মানে ? আমাকে তুমি ভাবো কৌ ? মায়ায় গলে পড়া হ্যালা  
মা কত শক্ত হতে পারি সময়ে দেখো । যে ছেলে আমার মুখে চুনকালি  
দিতে পারে তার উপর আবার কিসের মায়া ?

দ্বিজোন্তম গভীর শব্দের কথা বলতে অভ্যন্তর নয়, তবে গলার স্বরটা গভীর  
শোনালো । বললেন, আমার অবশ্য ওই একটা চিরকেলে কথা শোনা  
ছিল, ‘কুপুত্র যত্পিহয়’ নাকি ! তা সেটা তুমি তাহলে মিথ্যে করে দিচ্ছ ?

মাতৃস্নেহের থেকে বড় হয়ে উঠছে তোমার অহঙ্কার !

অহঙ্কার ? অহঙ্কার মানে ?

অহঙ্কারই অমিতা !... দিজোত্তম একটা নিশাস ফেললেন।

বহুদিন পরে ‘অমিতা’ বলে সম্মোধন করলেন দিজোত্তম। কে জানে কতদিন  
পরে। বললেন, নিজের ইচ্ছে অনিচ্ছকেই প্রাধান্য দিছে সেটাই অহমিকা,  
অহঙ্কার। অথচ এ-কথা ও তো ভাবতে পারতে, ‘বিনাদোয়ে দুঃখ অপমান  
পাওয়া একটা মেয়েকে তোমার ছেলে মান সশ্রান্ত দিয়ে বাঁচিয়ে তুলতে  
চেষ্টা করছে, এটা আমারই গৌরব।’

থামো থামো রাখো তোমার বড় বড় কথা !

অনিতা রুদ্ধ গলায় বললেন, চিরটাকাল নিজে ‘মহৎ’ হবার স্বীকৃতি নিয়ে,  
আমার জীবন মহানিশা করে রেখেছে। ছেলে মেয়ে জানে, বাবা ভালো,  
মা মন্দ। বাবা উচুমন মা নৌচুমন। ঠিক আছে, তাই জামুক। গৌতম যদি  
তোমার প্রশ্নায় ওই বো নিয়ে এবাড়ির চৌকাঠ ডিঙোতে আসে, সঙ্গে  
সঙ্গে আমি বিদেয় হয়ে যাবো। ব্যস। আর এবাড়িতে দরকার কৌ ? এতই  
যখন আসপদ্মা বো নিয়ে চৌরঙ্গীতে বাড়ি ভাড়া করে থাকুকগে না !

রুবি এই নাটকের নৌরব দর্শক হয়ে বসেছিল একধারে দেয়ালে পিঠ দিয়ে,  
দিজোত্তম তার দিকে তাকিয়ে প্রায় হাসির গলায় বললেন, এবাড়িতে—  
চুকতে মা পেলে চৌরঙ্গীতে না-হোক, বাসা একটা করে নেবার ক্ষমতা  
তোর ছোড়দার হবেই, কৌ বলিস রুবি ?... তাতে আমারই লাভ। তুই  
যখন শশুরবাড়ি চলে যাবি, তখন আমি গৌতমের বাড়ি চা খেতে  
যাবো।...

আমার জন্মে কৌ ? চা তো তোমায় মা খাওয়ান।

তখন কি আর খাওয়াবেন ? হয়তো মুখই দেখবেন না।

বলে হেসে ঘুঠেন দিজোত্তম।

সুব্রত অমুভব করছে, বাড়িতে কিসের যেন একটা গুঞ্জন চলছে। মেজ-  
বৌদ্ধির মুখে চাপা হাসির আভাস, মার মুখে আহ্লাদের আর দৃঢ় সংকলনের

একটা আশ্চর্য সমষ্টি ! ...বাড়িতে কিছু অচেনা লোক আসছে চা মিষ্টি  
খেয়ে যাচ্ছে, আবার মা হঠাত হঠাত দু'দিন মেজহেলে আর বৌকে নিয়ে  
কোথায় যেন ঘুরে এলেন ।

‘কোথায়’ জিগ্যেস করায় মা যথার্থ উত্তরটা এড়িয়ে বললেন, এই এখানে  
কাছেই ।

ব্যাপারটা সন্দেহজনক ।

একদিন মিলিদিকে ধরে বসল, বাড়িতে যেন একটা ষড়যন্ত্রের চাষ চলছে  
মনে হচ্ছে মিলিদি ! ব্যাপারটা কী বলতো ?

মিলিদি হাসি চাপা মুখে বলে, ক্রমশ্চ প্রকাশ ।

ঃঃ ছাড়ো । তুমি নিশ্চয় জানো ।

জানিই তো ।

বল শৈগগির !

ইস ! বয়েই গেছে ।

বুড়ো বয়েসে চুলটানা খেতে চাও ?

ভাবী সাহস যে দেখছি । টান না একবার ।

সুত্রত ওই খাটের ধারে বসে পড়ে বলল, দেখো মিলিদি, তুমি অন্তত আমার  
পক্ষে থাকো । মনে হচ্ছে ষড়যন্ত্রটা যেন আমারই বিরুদ্ধে ।

তবে তো ধরেই ফেলেছিস । পিসিমা স্বর্গ-মর্ত্ত-পাতাল খুঁজে তোর জন্যে  
একটি সুন্দরী সুলক্ষণা, সুশিক্ষিতা সুগায়িকা কন্তা জোগাড় করে ফেলে-  
ছেন, এখন শুধু একদিন তোর টোপৰ পরে যাত্রা করার অপেক্ষা ।

ইয়াকি না কি ?

সুত্রত তেড়ে উঠে বলে শুঠে, এতো সন্তা ?

সন্তা কি রে ? বললাম না যতদূর সন্তব মহার্থ কন্তা ! মানে দারুণ দামী  
মেয়ে ।

রেখে দাও তোমার দামী ! রোজগারের বালাই নেই এখন শেব ফালতু  
কথা শুনতে চাই না ।

কেন রে বাপু ? যাদবপুর ইউনিভার্সিটিতে তো একটা লেকচারারের পোস্ট

পেয়েছিস ?

থামো । তাত্তেই সব হবে ?

বাঃ । তা আমায় ধর্মকাঞ্চিস্ কেন ? দূত অবধ্য জানিস না ? এই নে ছবি  
দেখ । দেখলেই বদলে যাবে মতটা !

মিলি নিজের বালিশের তলা থেকে টেনে বার কবল একটা স্টুডিওর  
খাম তার থেকে বার করল একটি মেয়ের ছবি ঢাখ ।

তোমরা ঢাখো ! বিয়েটা যখন তোমরাই করবে ।

আমরা ? হি হি হি ।

মিলি হেসে গড়িয়ে পড়ে, আমাদের মধ্যে কে ? পিসিমা ? আমি ? দেবুদা ?  
সুজাতা ?

সে তোমরা বুঝবে । আমার দ্বারা এখন শুধু হবে টবে না ।

স্বুরে ! তোর কবিতার বইয়ের নাম ‘শঙ্খরমাছের চাবুকই’ দে । যামেজাজ  
দেখছি ।

এতে কারুরই মেজাজ মাখন বুলানো হয় না ।

সুত্রত কড়াগলায় বলল, নৌচে তো কাউকে দেখলাম না, এ’রা সব গেছেন  
কোথায় বলতে পারো ?

পারি—

বলে ঘাড় হেলায় মিলি ।

পারো তো একেবারেই বলে ফেলো না ! আস্তে আস্তে ভাঙছো কেন ?

আচ্ছা বাবা আচ্ছা, জোরে জোরেই ভাঙছি । গেছেন মাকেটিংয়ে—বিয়ের  
শাড়ীটাড়ী কিনতে ।

ওঃ । এতদূর গড়িয়েছে ? গড়াক । আমার কি ? আমি কেটে পড়ব ।

পিছন থেকে হঠাত সরস্বতীর কণ্ঠ বেজে শুঠে ।

কেটে পড়বে ? তার মানে লোকসমাজে যাতে মায়ের মাথাটা কাটা যায়  
তার ব্যবস্থা করবে কেমন ?

সরস্বতী কখন এসেছেন কোন কোন কথা শুনেছেন তা’কে জানে । এরা  
তো নিজেরাই গল্পে মস্তুল ছিল ।

সুব্রত সেটা বুঝতে না পেরে এই মোক্ষম সময় মাকে পেয়ে ‘একহাত  
নেবার তালে বলে শুঠে ইচ্ছে করে যদি মাথাকাটা ঘাবার অবস্থা স্থিতি  
কর তো আমি কা করব ?

সরস্বতী দৃঢ়ব্রহ্মে বলেন, কেন ? তোমার আপন্তিটা কিসের ? এমন মেয়ে  
জোগাড় করেছি, হাজারে একটা মেলে না । দেখলে তো ছবি ! শুনলে তো  
মিলির মুখে সব ? বংশও তেমনি উচু ! সেটা তো তবু বলিস নি মিলি ?

তার মানে বহুক্ষণই নিঃশব্দে আড়ি পেতেছেন সরস্বতী !

হঠাতে যেন কানছটো জালা করে শুঠে মিলির ।

অথচ কারণ তো কিছু নেই । বিয়ে সম্পর্কে ছেলের মতামতটা যদি শুন-  
তেই চান সরস্বতী আড়াল থেকে মিলির কী ? তবু কেন কে জানে মিলির  
কান ছটোয় একটা দাহ ছড়িয়ে পড়ল । তবু মিলি সহজভাবেই বলল,  
বলব কী ? যা করছে পাজোটা ! কথা বলতেই দিছে না ।

সরস্বতী মিলির গায়ে মাখন বুলিয়ে বললেন, তা' তুই যে বাছা এলো-  
মেলো করে বললি । তুই দিদি, ভালো করে বোঝাবি তো—

হ্যাঁ এই পরিকল্পনা নিয়েই পাত্রীর ফটোটা ভাইবির কাছে রেখে গিয়ে-  
ছিলেন পিসি ! ভাইবি তেমন কুশলতা দেখাতে পারল না । দেখা যাচ্ছে ।  
অতএব নিজেই হাল ধরলেন, বললেন, ত্রীখণ্ডের মল্লিকদের ঘর, তার-  
ওপর ঝাপে গুণে, বিত্তেয় বুদ্ধিতে—যাকে বলে একখানা দামী মেয়ে !

মা যে অনেকক্ষণ থেকেই উইংসের আড়ালে দাঁড়িয়ে মঞ্চের পাত্রপাত্রীর  
সংলাপ শুনছিলেন, নিজে মঞ্চে অবতীর্ণ হন নি, এটা বুঝে সুব্রত একটু  
গন্তৌর হয়ে গিয়েছিল, তবু সেও সহজভাবে অভিনয় করেই বলল, ভালই  
তো, দামী মেয়ে রাণীটানী হোন গে যান না । আমায় টানা কেন ?

সরস্বতীও গন্তৌর হলেন ।

বললেন, তোমায় টানব না তো কি পাড়ার লোকের ছেলেকে টানতে  
যাব ? তোমার ভালমন্দ দেখার দায়, আমি ছাড়া আর কার হবে ? আমি  
বলছি এমেয়ে হাতছাড়া করব না । বিয়েতো তোমায় করতেই হবে । তা'  
বিয়ের বয়েসে বিয়ে করাটাই শ্রায় ! যেমন মধ্যাহ্নকালে অন্ধব্যঙ্গন । না

হলেই অপথি কুপথিয়তে মন যায়।...মিলি, বাকি ফর্দটা করে রাখিস  
মা!...

নিচে নেমে গেলেন সরষ্টো, ছুটো মাঝুবকে নিথর করে রেখে দিয়ে।

আরে এখুনি ছ-মাস হয়ে গেল? এইতো সেদিন—

তা'হল? দিন যায় না বড় যায়, বলেই জগদৌশ চোখ কুঁচকে বলে উঠলো,  
এই, শুনেছিস চিন্তার শয়তানী?

বন্ধুমহলে ছেলের অন্নপ্রাশনের নেমতন্ত্র করতে এসে জগদৌশ অপর এক  
বন্ধুর 'শয়তানী' কাহিনী ফেঁদে বসল।...সেই যে শালা হঠাত একদিন  
হাত্তয়া হয়ে গিয়েছিল মনে আছেতো? আমরা ওর বাড়িতে গেলাম? এখন  
বুঝছি কেন বাড়ির লোক আমাদের অত হানশু! করেছিল। রাস্বেল্টা  
তার এক কাজিমদাদাৰ বৌকে নিয়ে ভেগে পড়েছিল: অ্যাতোদিন—  
ঁয়া! চিন্ত? অসন্তুষ্টি।

জগতে সবই সন্তুষ্টি হে।—তো এমন আচরণে কি আৱ বাড়ির লোক  
ছেলেকে খুঁজে বেড়াবে? না কাগজে বিজ্ঞাপন দেবে, বাবা চিন্তাতোষ,  
তোমার মা মৃত্যুশয়্যায়। শেষ দেখা দেখিয়া যাও। তাতো সন্তুষ্টি নয়?  
তাই শালা কলকাতার বাইরে কোন একটা গণগ্রামে তাকে নিয়ে দিব্যি  
গাঁড়াকা দিয়ে থেকেছিল অ্যাতোদিন। এখন সেই 'মাল'টিকে আমাদের  
গৌতমের ঘাড়ে চাপাতে—

ধ্যাং! কী গুল বাড়িছিস? নেশা ফেশা করেছিস না কি?

ঢাখ জগদৌশ কখনো! বাজে গুল বাড়ে না।

তাহলে কি সত্ত্বিই মেমে নিতে হবে আমাদের সোনার গৌতম চিন্তার  
ছেড়াচ্ছি কুড়িয়ে নিয়ে পৰতে বসেছে।

বসেছে, বিশ্বস্তমূল্যে না জেনে বলতে আসতাম না।

সেই সূত্রটি কী?

জিগ্যেস কৱল শুন্বত।

'শুন্বত' নয় চাঁদ, একেবারে কাছি। গৌতমের নিজের দাদার স্তু আমার

গিন্নীর বুজুম ফ্রেঙ ! একসঙ্গে পড়েছে । তার কাছেই—

ওঁ ! তোর গিন্নী !

ঢাখ সুত্রত মেজাজ থচে দিস নি । ভালো কাজে এসেছি । আমার গিন্নী  
বাজে কথা বলার মেয়ে নয় । ... যাক বিশ্বাস না করলি তো বয়ে গেল ।  
দেখিস পরে ।

দৌপক, মৌহার সবিতাৰত, এৱা হৈ চৈ করেউঠলো, অবিশ্বাস কে করছে ?  
তই-ইতো বললি, জগতে সবই সন্তুষ । তা আৱ একটু ক্লায়াৱ কৰ ? গৌত-  
মেৰ তো জলজ্যান্ত একটা বাড়ি আছে । মা বাপ দাদা বোদি—  
চিন্তৰও আছে ! ... যাকগে ! পৱে সবাই টেৱ পাৰি । যাস কিন্তু নিশ্চয় ।  
ৱিবিবাৰ ছপুৱে, মনে থাকবে তো, আৱে এইতো—ভুলেই গিয়েছিলাম ! ...  
ব্যাটা আমাৱ নিজেই মনে কৱিয়ে দেবে—

ফ্যাক্ ফ্যাক্ কৰে হেসে হাতেৱ ব্যাগ থেকে নিমন্ত্ৰণপত্ৰ বাবৰ কৰে জগদীশ ।  
সেই চিৱাচৱিত শ্বাকামি । চিঠিৰ ওপৱ একটা ‘গোপাল হেন’ ছেলেৰ ছবি  
( আসলে কাৰ্ডে ছাপাই থাকে এৱকম ) । আৱ তাৱ তলায় আধো আধো  
ভাবায় লেখা ‘লোববাৰ ছপুৱে আমিনোতুন বাত থাবো । তোমলা ছবাই  
আমাল সঙ্গে থাবো । এথো কিন্তু ! তোমাদেল থোতা ’ !

চিঠিখানা হাতে নিয়ে ঘূৱিয়ে ফিৰিয়ে দেখল সবাই । দামী কার্ড ! খাণ্ডয়াবেণু  
নিশ্চয় ভালো । ঠাঁদা জগদৌশটাই দিবিয় এগিয়ে গেল । এগোনো ঢাড়া  
আৱ কী ? ... এইতো মানব জন্মেৰ পৱম সাৰ্থকতা ।

সুত্রত মুচকি হেসে বলেই ফেলল কথাটা ! যাক জগদীশ, নৱজন্মেৰ পৱম  
সাৰ্থকতাৰ সুখ পাচ্ছিস তাহলে ?

জগদীশ একগাল হেসে বলল, তা' মিথো বলিস নি ভাই । ব্যাটা আবাৱ  
দু-দিন থেকে ‘বাব্বা বাব্বা’ কৱতে শুৱ কৱেছে । ... শেষ রাত থেকে  
যুমোতে দেয় না ।

চলে যায় আহলাদে ভাসতে ভাসতে ।

সুত্রত হাঁসুক আৱ যাই কৱক, এই জগদীশৱাই চিৱামৱ চিৱামৱ  
যুগে যুগে কালে কালে এৱা আছে, থাকবে । বিশ্বচক্ৰেৰ চাকাথানা চালু

ରାଥାରଦାୟ ଏଦେଇ ।...ଏବା ମାଯେର ବାତ, ବାପେରହାଁପାନି, ଗିଲ୍ଲୀର ଅସନଶୂଳ, ନିଜେର ବ୍ଲାଡ୍‌ସୁଗାର, ଛେଲେମେଷେଦେର ହାଁଚି କାସି ସର୍ଦି, ବାଜାରେ ଦେନା, ପଡ଼ଶୀର ଶକ୍ତତା ସବକିଛୁ ନିଯେଇ ମେହି ଚାକାଖାନା ଘୁରିଯେ ଚଲବେ । ଚଲବେ ଅବଶ୍ୟ ସାନିର ଗରୁର ମତୋ ଚିମେତାଲେ । ମେହି ସୌରାନୋର ତାଲେଇ ଚାକରି କରବେ, ମାଷ୍ଟାରି କରବେ, ବାଜାର କରବେ, ସେଭିଂସ ବ୍ୟାଙ୍କେ ଖାତା ଖୁଲବେ, ଛେଲେମେଯେର ଦଲକେ ଟେନେ ଟେନେ ଦୀଢ଼ କରିଯେ ତୁଳବେ, ମେଯେର ବିଯେ ଦିତେ ପାତ୍ର ପକ୍ଷେର, ଆର ଛେଲେ ଚାକରି ଜୋଟାତେ କର୍ତ୍ତପକ୍ଷେର ପାଯେ ତେଲ ଦେବେ, ତାଦେର ବିଯେ ମାଦୀତେ ସଟା କରତେ ଧାର କରବେ, ଏବଂ ମେ ଧାର ଶୋଧବାର ଆଗେଇ ହଠାତ୍ ଏକଦିନ ଚଞ୍ଚବିନ୍ଦୁ ହୁୟେ ଯାବେ ।

ଆର ଆଡ଼ା ମାଥା ଛେଲେର ହାତେର ପିଣ୍ଡି ଖେତେ ଖେତେ । ଏବଂ ‘ଓଂ ମଧୁବାତା ଝତାୟତେ’ ଶୁଣତେ ଶୁଣତେ ସ୍ଵର୍ଗ ଯାବେ ।

ଏକେବାରେ ଛକେ ବାଁଧା ଜୀବନ ।

ଓହି ଛକେର ଥାଁଜେ ଥାଁଜେ ନିଜେକେ ଫିଟ କରେ ଫେଲବାର ଜନ୍ମେ, ଚିରକାଳଇ ଜଗଦୀଶରା ଜନ୍ମେ ଚଲବେ ।...ଶୁଭ୍ରତ ଦୁ'ଏକଟା ମୁଢ଼ି ହେସେ ଓଦେର ସାଯେଲ କରତେ ପାରବେ ନା ।

କୌ କରେ କରବେ ?

ଶୁଭ୍ରତଦେରଓ ତୋ ଓଦେର ‘ଥୋତା’ର ‘ନୋତନ ବାତ ଥାବାର’ ନେମନ୍ତରେ ଯୋଗ ଦିତେ ଯେତେ ହୟ ରଙ୍ଗିନ ବଲ, ତୁଲୋର ହାତି, ଆର ପଶମେର କୁକୁର ହାତେ ନିଯେ । ଯେତେ ହୟ ମେୟେର ବିଯେତେ ଶାଢ଼ି, ଛେଲେର ବୌଭାତେ ଟେବଲ ଲ୍ୟାମ୍ପ ଆର ମା-ବାପେର ଶ୍ରାନ୍ତ ଶୋନାର ପ୍ଯାଲା ହାତେ ନିଯେ ।

ତବେ ?

ତବେ କୌ କରେ ଜଗଦୀଶଦେର ନିଯେ ହାସା ଚଲେ ଶୁଭ୍ରତଦେର ? ଆମଲ କଥା ଓଦେର ଶୁଦ୍ଧୀ ଶୁଦ୍ଧୀ ମୁଖ ଦେଖେ ହିଂସେ ହୟ ତାଇ ବ୍ୟଙ୍ଗହାସି ହାସେ ।

ଜଗଦୀଶର ଓହି ଆହ୍ଲାଦେ ଭାସତେ ଭାସତେ ଚଲେ ଯାଓୟା ଦେଖେ ଶୁଭ୍ରତର ବୋଧ-ହୟ ହିଂସେଇ ହଲୋ, ତବୁ ବ୍ୟଙ୍ଗହାସି ହେସେ ଓକେ ପ୍ରାୟ ନୟାଃ କରେ ନିଯେ ଅନ୍ଧ-ବଞ୍ଚଦେର ଦିକେ ତାକାଳ ।

ଦୀପକ ଆର ସବିତାତ୍ର ଆବାର ଚିତ୍ତର ପ୍ରସଙ୍ଗେ ଫିରେ ଏମେ ବଲଲ, ଚିତ୍ତ

সম্পর্কে একথা বিশ্বাস হয় তোর ?

সুত্রত বলে উঠলো, ওরে বাবা, বিশ্বাস না করে উপায় আছে ? একে জগ-  
দৌশের গিরী, তাতে আবার তার বুজুম্ ফ্রেণ্ড !

কিন্তু হঠাৎ এমন একটা অন্তুত কথা পাবে কোথা থেকে ? বলবেই বা  
কেন ?... বলল মৌহার !

দৌপক বলল, সেটা একটা কথা ।

চিন্ত সম্পর্কে কিন্তু একটা রহস্যের ধৌঁয়া ছিলই আমাদের । তবে এ-  
ধরনের নোংরা নাটকের নায়ক হবে—ভাবি নি ।

কিন্তু গৌতমটা ?

ওটা তো একটা ম্যাড়া । দেখিস নি চিন্তুর আঙুলের ইসারায় উঠত বসতো !  
আরে সে তো স্টুডেন্ট লাইফে । ও বয়েসে প্রকম অনেকেই কাউকে  
কাউকে হাঁরো করে বসে । তাই বলে এখন ? ভালো! মাইনের চাকরি-বাকরী  
করছিস ।... কনে-টনেও খোঁজা চলছিল—

তাই বুঝি ?

হ্যাঁ তা । আমাদেরই বাড়িগুলোর মেয়েকে দেখতে এসেছিল একবার ওর  
বাড়ি থেকে । ফর্সা নয় বলে পছন্দ হয় নি ।

এই সেকেণ্ঠাণু মালটি ফর্সা ?

সেকেণ্ঠাণু কৌ রে ? বল থার্ডহাণু ।

অনুপস্থিত বন্ধু সম্পর্কে এ হেন উক্তি করে থা থা করে হাসতে থাকে  
দৌপক মৌহার সবিতাব্রত ।

তা ‘বন্ধুই’ তো বলা হয়ে থাকে এইরকম মেত্রে । চিরকালই একে অন্ত-  
জনকে ‘বন্ধু’ বলেষ্ঠ পরিচয় দেয় ।

আজও আড়ডা থেকে বেরিয়েই সামনে সমীরণ !

গাড়ির মধ্যে বসে আছে ।

থামা গাড়ি ।

তার মানে শুত্রতকে চুকতে দেখেছিল, বেরোবার অপেক্ষায় অনস্তুকাল

বসে আছে ।

কৌ মুঞ্চিল ! সুত্রত ভাবল, না দেখার ভান করে পালাই । কিন্তু না দেখার ভান যদিবা করা যায় না শোনার ভান করা যায় কি ছ মিটার দূরথেকে ? উঠতেই হলো গাড়িতে ।

আর স্টীয়ারিঙে হাত দিয়েই বলে উঠলো সমীরণ, বলে ছিলে আমার কথা ?

হ্যাঁ সমীরণের ‘একটা কথা’ রাজদরবারে পৌছে দেবার আজি করে চলেছে সমীরণ সুত্রতর কাছে ।

‘কথা’ আর কৌ আবেদন ।

একটিবার শুধু দেখা করবার অনুমতি ।

না । ক্ষমাটমা চেয়ে ধৃষ্টিক করতে চায় না সমীরণ, শুধু একটিবার দেখতে চায় মিলিকে । এতোবড় অসুখ থেকে উঠলো, কেমন আছে, কিরকম দেখতে হয়ে গেছে এখন, ভৌষণভাবে দেখতে ইচ্ছে করছে ।

সুত্রতকে ধরবার জন্যে এইভাবে ঘুরে বেড়ায়, বসে থাকে, চলন্ত গাড়ি থেকে নেমে পড়ে ।...সুত্রত অবশ্য একটুও উৎসাহ দেয় নি কোনোদিন, দেয় না । আজও দিলো না । বলল, কবরের ওপর বাতিজ্বালাতে এসে আর কৌ হবে সমীরণবাবু ? বল্লেছ তো, কৰ্ণা রঙ আর বড় বাড়ি দেশে ভয় পাবে না, এমন একটি কনে আপনাকে আমি খুঁজে দেবো ।

সমীরণ বলল, থাক । ও পাগলামী আর নেই এখন সুত্রত । ভাবছি সব বিক্রি-টিক্রি করে দিয়ে বাইরে চলে যাব । সেখানেই সেটাল করব । শুধু তার আগে একবার—

সুত্রত কৌতুকের গলায় বলল, শঃ । তার মানে, নিরক্ষর গাইয়া মেয়ের বদলে মেমসাহেব মেমসাহেব ?

নাঃ । তেমন কোনো সংকল্প নেই ।

তা একবার দেখে আর কৌ হবে আপনার ?

সমীরণ আস্তে চাকাটা ঘোরাতে ঘোরাতে আস্তেই বলল, কৌ ‘হবে’ তা জানিনা । কিন্তু ইচ্ছেটা যেন আমায় ভূতের মতো ভর করে বসে আছে । কিছুতেই ঘাড় থেকে নামছে না । তোমার দিদিতো তোমার ফ্রেণ্ড, সাহস

করে একবার বলে ফেলতে পারছ না ?

সুত্রত একটু চুপ করে থেকে বলল, একবার কেন, অনেকবারই বলেছি ।

সমীরণ একটু নিশ্চাস ফেলে বলল বলেছিলে ! রাজী করাতে পার নি ?

না মানে তা ঠিক নয় । সিরিয়াসলি নেয়েই না কথাটা । হেসে উড়িয়ে দেয় ?  
বলে, ‘চিত্তাভস্ম হাতড়ে কৌ হবে ? মড়ার খুলি ছাড়া আর কি মিলবে ?’

সমীরণ ব্যগ্রভাবে বলল, আমি তো তোমায় বলেছি সুত্রত, কিছু পেতে  
চাইব এমন বোকামী নেই আমার । শুধু একবার দেখবার ইচ্ছে —

তাও বলেছি ।

সুত্রত একটু হেসে বলে ঠাট্টা করে উড়িয়ে দেয় । গান গেয়ে গুঠে, ‘আজ  
তোমারে দেখতে এলাম অনেক দিনের পরে—’

গান !

সমীরণ উত্তেজিত গলায় বলে, এখনো গান গায় ? গাইতে পারে ?

আগের মতো কৌ আর ? এমনি একটু আধটু । ওই ঠাট্টা কাট্টা করেই আর  
কি ।... তবে কাল বলছিল —

কৌ হলো ? থেমে গেলে যে ? কৌ বলছিল কাল ?

কাল হঠাৎ বলে উঠল, হেসে হেসেই অবশ্য ‘লোকটাকে বলিস দেবৌদৰ্শন  
করতে হলে মন্দিরের পাণ্ডার পারমিশান লাগে সেটা খেয়াল রাখা উচিত ।  
.. বাড়িটা পিসিমার ।

সমীরণের বোধহয় কথাটা বুঝতে একটু দেরী হলো, পরে বুঝল অবশ্য ;  
বুঝেই ব্যাকুলভাবে সুত্রতর ডান হাতটা চেপে ধবে বলে উঠলো, তবে আমায়  
একবার পিসিমার কাছে নিয়ে চল সুত্রত ।

সুত্রত হেসে ফেলে বলল, মন্দিরের দেবতার থেকে পাণ্ডাকে সদয় করা  
অনেক শক্ত সমীরণদা, তা জানেন তো ?

সমীরণদা !

অনেকদিনের অব্যবহৃত সঙ্ঘোধন ।

বিবাহবিচ্ছেদের পর মিলি বলেছিল, এই খবরদার আর ‘দাদা দাদা’  
করবি না !

বাঃ তাহলে কৌ বলব ?

বলবি আবার কৌ ? দরকারই বা কো ? আর যাবি না কি ওর বাড়ি ? দেখা ফ্যাকা হলে রাস্তার লোকের মতো ‘বাবু’ বলবি । ব্যস !

আজ আবার বলল ‘দাদা’ ।

সুব্রত মধ্যে যে একটা মায়া প্রমতা করণা সঞ্চিত ছিল, তা সুব্রত নিজেই জানত না । অথচ বলতে হবে সেটার বাজে খরচই হচ্ছে । বিশ্বসংসারে কেউ কি বলবে ওই লোকটা করণাৰ ঘোগা !

সুব্রত ! তুমি আমায় সমীরণদা ভাকলে ।

ভাকলাম বুঝি ? আরে খেয়াল করি নিতো । সুব্রত একট তষ্টু হাসি হেসে বলল, মিলিদিৱ বারণ ছিল, শুনলে আস্ত রাখবে না ।

বারণ ছিল । ঠিক । এটাই আমাৰ উপযুক্ত । কিন্তু পিসিমাকে মানেজ কৰতেই হবে তোমায় ।

সুব্রত অবশ্য বলেছিল ‘কঠিন ব্যাপার’ তবে এটাই কঠিন তা বোধহয় অনুমান কৰেনি । জেলের আঁজি পেশ-এর ভঙ্গিকে ধমকেৱ চোটে উড়িয়ে দিয়ে সরস্বতীদেবী প্ৰায় দাত কিড়মিড়িয়ে বলে উঠলেন, কো বললি ? এ বাড়িৰ চোকাঠ ডিঙোতে চায় ? সেই পাঁজী লঞ্চীছাড়া হারামজাদা শয়তান ।

সুব্রত বলল, মা তোমাৰ কথাগুলো কিন্তু দুষ্ট, সরস্বতীৰ ভাষাৰ কাছ ঘৰে থাচ্ছে ।

‘থাম ! সবসময় আৰুৱা ভালো লাগে না । দেখতে চায় । একবাৰ শুধু দেখতে চায়, আৱ কোনো অভিসন্ধি নেই !’ এই কথা বিশ্বাস কৰব আমি ? সঙ্গে ছুরিছোৱা আনবে কি অ্যাসিডেৱ বাল্ব নিয়ে আসবে গারান্টি আছে ? কৈ সাংঘাতিক । এতো সব মনে এসে গেল তোমাৰ ?

এতে তাৰ লাভ ?

বদমাইসদেৱ কিসে লাভ, জানিস তুই ?

আৱো কিছুক্ষণ চেষ্টা চালাল সুব্রত তাৰ পৰ রণে ভঙ্গ দিলো ।

সরস্বতীদেবী ঘোষণা কৱলেন, ‘আমাৰ বাড়িৰ ত্ৰিমামানায় যেন আসবাৰ

চেষ্টা না করে সে, এই কথা বলে দিস।'

তারপর ছেলেকে যাচ্ছেতাই করলেন, সেই লক্ষ্মীছাড়িটার সঙ্গে আবার দেখা সাক্ষাৎ করেছে বলে। বললেন খবরদার আর পাজীটার ছায়া মাড়াবি না।

সুব্রত বলল, তোমার ছকুমটা জানাবার জন্যেও তো একবার অস্তুত মাড়াক্টে হবে।

ঠিক আছে, ঠিক আছে। মাকে হানস্তা করতে পারলেই তো তোর যত আহ্লাদ !

সুব্রত দেখে একটু অবাক হচ্ছে, সেদিন থেকে সরস্বতী আর বিয়ের নাম উত্থাপন মাত্র করছেন না। বাড়ির মধ্যের সেই গুঞ্জনধর্মিণ যেন থেমে গেছে মনে হচ্ছে।.. যদিও মেজবৌদির মৃখের চাপা হাসির ভাবটা অক্ষুণ্ণ রয়েছে। ঠিক বোৰা যাচ্ছে না। একটা কটু কথা বলে ফেলে কি মাছেলেকে ভয় করছেন ? তাই আর তাকে ঘাঁটাতে চান না ?...এইটাই সন্তুষ্য ভেবেছে সুব্রত।

তা হলে বলতেই হবে সুব্রত নিজেকে যত বুদ্ধিমানই ভাবুক মাকে পড়ে ফেলতে তার অনেক বাকি আছে।

সরস্বতী পঞ্জিকার পৃষ্ঠার দিকে তাকিয়ে দেখছেন, সবে এখন ভাদ্র মাস পড়েছে। তার মানে মাস তিনেকের মতো নিশ্চিন্দি। ভাদ্র আশ্চর্য কার্তিক তিনি মাস ‘বিয়ে’ নেই। অতএব এখন আর ও আলোচনা নিয়ে বাড়িতে আলোড়ন করার দরকার নেই। তলে তলে আয়োজন চালিয়ে যাওয়া হোক, অগ্রহায়ণ পড়লেই বাটাকে একেবারে ক্যাক করে চেপে ফেলা হবে। ভাব দেখাবেন, যেন ছেলে তো জানেই, সরস্বতী বিয়ে দিতে দৃঢ় সংকল্প। এই ‘হাজারে এক’ মেয়েকে তিনি কিছুতেই হাতছাড়া করতে রাজি নন।...গোছগাছ তো চলছে, টের পাছ না ? কই পালিয়ে তো যাওনি। এখন যদি তুমিসেই মতলব কর, লোকলজ্জায় গলায় দড়ি দেওয়া ছাড়া উপায় থাকবে না সরস্বতীর।

সুব্রত তার মায়ের মনের অতল গভীরের খবর রাখে না অতএব আগাতত

নিশ্চিন্ত। কিন্তু সমীরণ তার মাথায় এক বোঝা চাপিয়ে রেখেছে। মা যে সহজে রাজী হবেন এমন আশা ছিল না, তবু একটি ধারণা করে নি। ভেবেছিল মা তর্ক করবেন সমীরণ নামের লোকটা তাঁর প্রাণ-প্রতিমা মিলিকে কো পরিমাণ হানঙ্গা করেছে, সেইসব কথা তুলবেন, আরো বক্র-বুঝি করবেন। সে সব দিক দিয়ে গেলেন না তিনি। ভৌষণ মৃগিতে একটি অমোঘ বাণী উচ্চারণ করলেন, বাস।

এখন উপায়টা কী?

মিলির শরণাপন্ন হলো শুভ্রত। বলল, একটা উপায় বাংলাও তো। কিভাবে দেবী সরস্বতীকে প্রসন্ন করা যায়।

মিলি বলল, এতোর দরকার কি? হাঁলা লোকটাকে বলে আয়না মন্দিরের দ্বারা দারুণ খেপচুরিয়াস।

দেখো মিলিদি, আমার নিজের মাকে আমি একটা বাপারে কাঁয়দা করতে পারলাম না, বলতে প্রেস্টিজ পাংচার হবে না?

ও! সেও তো একটা কথা বটে।

মিলি যেন বাপারটার গুরুত্ব বুঝে চিহ্নিত, এই ভাবে বলে, তা হলে তুটো দিন ভাবতে দে। দেখি কৌ উপায় বাংলাতে পারি।

কিন্তু শুভ্রতৰ কী ধারণা মাত্র ছিল উপায়টা মিলি নিজের হাতে তুলে নেবে?

শুভ্রতৰ দীর্ঘ অনুপশ্চিতিৰ সময়ে সরস্বতী ভাবীবন্ধুৰ জন্ম কেনা শাড়ি সন্তোষ নিয়ে নাড়াচাড়া কৰছিলেন। কতগুলো দেওয়া হবে সেটি নিভৃত চিন্তার মধ্যে থাকলেই ভালো। কারণ সুজাতা যা সংসার অর্নত মেয়ে এ হয়তো বলে বসবে, ‘ওমা, ওর থেকে আবার রেখে দেবেন কি? পছন্দ করে কিনলেন নতুন বৌঝের নাম করে। সবই দিয়ে দিন তত্ত্ব সাজিয়ে।

কথাটা ঠিক, সবই সরস্বতীৰ পছন্দেই কেনা। মেজবৈমাটিকে সব সমষ্টি নিয়ে গেছেন বটে, ‘তোমাদের একেলে পছন্দ তুমিই ভালো বুবাবে?’ বলে কিন্তু কেনার সময় তাঁৰ নিজেৰ মতটাই প্রাধান্ত পেয়েছে। পছন্দ হয়ে

যাওয়ার খাতিরে অনেকই কেনা হয়ে গেছে। এখন বিবেচনার প্রশ্ন। দেবেন বৈকি, বৌকেই দেবেন, তবে একসঙ্গে নাই দিলেন। কত উপলক্ষ আসবে, তখন বার করবেন।... সেই বিবেচনায় একা আলমারী খুলে খাটের উপর নামিয়েছেন সব।

হঠাতে সামনের দরজায় কার ছায়া পড়ল।

থমকে তাকিয়ে দেখেই হাঁ হাঁ করে উঠলেন, ও-মা এ কি! তুই। তুই নেমে এসেছিস? এইজন্মেই আমি আয়াকে আরো কিছু দিন—আয় মা আয় বোস। ধরে থাবার জল রাখা নেই বুঝি?

একযোগে হড়মুড়িয়ে এতগুলো কথা বলে নিয়ে সরস্বতী তাড়াতাড়ি ভাই-ঝিকে ধরে ধরে নিয়ে এসে শাড়ির গোছা সরিয়ে খাটের ওপর বসালেন। বললেন, বোস জল আনি।

মিলি হেসে উঠলো, কী মুস্কিল! কে বলল আমি জল খেতে এসেছি। কেন বাপু ডাক্তার তো নিজেই বলেছে, সিঁড়ি গঠানামা অভ্যাস করতে। কাল বিকেলেও তো—

আহা সেতো মেজবৌমা সঙ্গে ছিল। একা একা সাহস করাটা ঠিক নয়।

রেলিং ধরে ধরে কচ্ছপের গতিতে এসেছি বাবা।

শাড়ির বাঞ্চগুলোর দিকে তাকিয়ে—মিলি বলল, এগুলো আবার নতুন কিমলে?

না রে বাছা! আবার কেন? এ সেই আগের কেনাগুলোই। ওপরে গিয়ে তোকে দেখিয়ে দেখিয়ে এনেছি। আর একবার দেখবিভালো করে?

এ মা, আর একবার দেখতে বসবো কেন? দেখেছি তো। তা তুমি বুঝি আরও একবাব দেখছ ভালো করে? হেসে গঠে মিলি।

সরস্বতী অবশ্য হাসেন না। বাঞ্চগুলো ফের আশেপাশে তুলতে তুলতে বলেন, বিকিস না বাছা! আমার তো দশবার দেখা। ক'থানা কি কেনা হয়েছে তাই গুণে দেখছিলাম।... স্মৰো বাড়ি থাকতে তো এসব বার করার জো নেই!

হঁয়া ওই এক পাগলা!

বলেই মিলি এই সুতোটাতেই নিজের বক্তব্যটা গেঁথে নেয়। পাগলটা তো  
আমায় এক জালায় ফেলেছে—।

সরস্বতী চমকে ওঠেন !

কৌ আবার জালায় ফেলল সুবো ।...গাটা কেঁপে উঠলো যে !...মিলির উপর  
তাঁর কোনো বিকল্পতা নেই, মিলি খাঁটি মেয়ে, সৎ মেয়ে ভালো মেয়ে ।  
সুবোকে নিজের ছোট ভাইয়ের মতোই কিন্তু নিজের ছেলেকেই বিশ্বাস  
নেই । সর্বদা মিলিদি মিলিদি করে হেদিয়ে পড়া ; দেখলে গা জলে যায়  
সরস্বতীর । এখনকার সব ছেলেদের এই তো রৌতি ! ধাড়ি বয়েস অবধি  
বিয়ে করবে না, আর কোথায় অমুক বৌদি, অমুক দিদি, এই ‘পিসিমা’  
সেই ‘মাসীমা’ করে হত্তে দিয়ে পড়ে থাকবে তাঁর চরণে ।...বলবো কি  
সরস্বতীর এক প্রিয় বান্ধবীর ছেলেই তো জম্মে আর বিয়ে থাওয়াই করল  
না । আপন বৌদির চরণেই মাথা মুড়িয়ে বসে আছে ।.. কৌ না দাদা কম  
রোজগেরে ছেলেমেয়ে গোটা কতক হয়ে বসে আছে বেচারী বৌদির হাড়ির  
হাল, তাই তিনি তাঁর সর্বপ্র শুঙ্গোড় করে দাদার সংসার পুষ্টেছেন । বলে  
একি আর দাদার মুখ চেয়ে ? না ভাইপো ভাইবিগুলোর মুখ চেয়ে ? ছঁঁঁঁঁ !  
বুঝতে আর বাকি নেই সরস্বতীর । এই সব দেখে শুনেই না ছোট ছেলের  
বিয়ের জন্য এতো ব্যস্ত হয়েছেন । যার জিনিস সে এসে বুঝে নিলে সর-  
স্বতীর আর দুশ্চিন্তা থাকবে না । সরস্বতী ওই দুর্ভাগ্য ভাইবিটাকে বুকে  
করে বাকি জাবনটা শাস্তিতে কাটিয়ে দেবেন ।

এই নিশ্চিন্দ্র বুদ্ধুনির মধ্যে আবার কিসের জট ? সুবো আবার মিলিকে  
কৌ জালায় ফেলল ? শক্তি চোখে তাকিয়ে এললেন, কেন ? কা করেছে  
সুবো ?

মিলি হেসে উঠে বলে, আহা এমন শাদা হয়ে যাবার কোনো কারণ নেই ।  
জালা এই ও নাকি তোমার কাছে কৌ আর্জি জানিয়েছিল, তুমি রাজা  
হওনি হিবার কথাও নয় অবশ্য । যাকগে এখন আমায় ধরেছে তোমায় রাজা  
করাতে ।

সরস্বতী প্রথমটায় ভাবেন এটা তা হলে বিয়ে বক্ষ করানোর আর্জি । তবু

গন্তীরভাবে বললেন, কথন কী আজি করল ? মনে পড়ছে না তো । কী  
ব্যাপার ?

আর বল কেন ? ওর দুণের অবতার প্রাক্তন জামাইবাবু নাকি ওর কাছে  
বায়না ধরেছেন একবার এ বাড়িতে ঢোকবার পারমিশান জোগাড় করে  
দিতে— ।

ওঁ !

সরস্বতী তৌকু দৃষ্টিতে ভাইঝির মুখের দিকে তাকিয়ে দেখলেন । ভাবটা  
ঠিক বোধগম্য হচ্ছে না ! তাই নৌরসকঠে বললেন, তা জবাবটা তোকে  
বলে নি ?

আহা বলেছে বলেই তো তোমার দরবারে আসা ।

সরস্বতী তৌকু গলায় বলে শুঠেন, তোকে দিয়েছে এই কাজের ভার ? সেই  
বায়না রাখতে হবে ? সেই নচ্ছারের বংশের নচ্ছারের আবার কী হতলব  
চাগছে ভগবানই জানেন । ভাইয়ের আবদারে পড়ে তুই আবার তার নাম  
মুখে আনতে বসেছিস মিলি ?

মিলি সমানভাবেই হেসে হেসে বলে নাম তো মুখে আনি নি । তোমার  
জামাই'ও বলি নি বাঢ়া, ওই শুবো গাধাটাৰ সঙ্গে যখন আবার এতো ভাব,  
তখন ওর সম্পর্কটাই ধৱলাম । নইলে চেনাব কী করে ?

সেই পাজার সঙ্গে শুবোরই বা আবার কিসের সপ্তক ? মুখুটাকে বলে দিস  
পিসি বলেছে সে যদি এ বাড়ির ত্রিদীমানায় আসতে চায় তো পুলিশে  
ধরিয়ে দেবো ।

মিলি অঘ্যান মুখে বলে আমিও তো বলেছি পিসি ! গুণ্ডা লাগিয়ে মার  
লাগাবার কথাও বলেছি । কিন্তু শুবোগাধাটা একেবারে নাছোড়েন্দা !  
তাই বলছে—আমি তো এখন নৌচে নামতে পারছি, একেবারে গেটের মুখ  
থেকে গাড়িতে চেপে যদি—

তুই ? তুই গাড়িতে চেপে কোথায় ?

সরস্বতীকে যেন কে ধবে ছুঁড়ে অকুল পাথারে ফেলে দিয়েছে । হতচকিত  
গলায় বলে শুঠেন কোথায় যাবি ?

মিলি একেবারে সমস্যা উড়িয়ে দেওয়া সহজ গলায় উত্তর দেয়, যাব আবার  
কোথায় বাড়ির মধ্যে যখন নাক গলাতে আসতে পারছি না, বাড়ির বাইরে  
গিয়ে কোথায় একবার দেখা দিয়ে ধন্ত করে আসা, এই আর কি !

সরস্বতী এই সহজ ভঙ্গিটার মধ্যে যেন নিজের সর্বনাশের ছায়াকে উকি  
মারতে দেখেন ।...এও কি সন্তুষ্য যে মিলি সেই লক্ষ্মীছাড়াকে—ভয়ঙ্কর  
একটা কুচিল সন্দেহ মনের মধ্যে পাক দিয়ে গুঠে, এসবই বানানো কথা  
নয়তো ? সরস্বতীর ছেলেই আগুন নিয়ে খেলতে বসছে না তো ? বাড়ির  
মধ্যে মাঘের চোখের সামনে ‘মিলিদি মিলিদি’ করে আর তেমন গড়াতে  
পারছে না বলে, ছলচুতে। করে বাড়ির বাইরে গিয়ে—কিন্তু তাই বা অঙ্গে  
মিলছে কই ? আগে তো সেই বদমাসটাকেই আনতে চেয়েছিল । নাঃ !  
ব্যাপার সেইটাকে নিয়েই সুবোর আদিথোতায় পড়ে তার ‘মিলিদি’ একে-  
বারে আঝাদশ্মান জ্ঞানও ভুলে বসেছেন ।

তিক্ত গলায় বলে উঠলেন সরস্বতী, সেই বদমাসটা আবদার করেছে বলেই,  
তুই যাবি তার সঙ্গে দেখা করতে ? মুখে আনতে পারলি কথাটা ?

মিলি বলল, ওমা ! ‘দেখা করতে’ কে বলেছে ? বলতে পারো দেখা দিতে ।  
ফুটপাদের ধারেটারে কোথাও দাঢ়িয়ে থাকবে হা করে, আমি হি হি হি  
গাড়ি চড়ে নাকের সামনে দিয়ে শ্রেফ একটা চক্র মেরে হি হি হি । সুবু  
থাকবে সঙ্গে ।

সুবু থেকে কৌ করতে পারবে শুনি ! সরস্বতাদেবী হঠাৎ চঙ্গী মৃত্তিতে  
পরিণত হন, যদি ফস্ক করে মুখে একটা অ্যাসিডের বাল্ব ছুঁড়ে মারে ?  
যদি ছুরি বার করে ?

মিলি কিছ এই চঙ্গীর সামনেও হেসে ফেলে বলে পিসিগো তুনিয়ে লোক-  
টাকে একেবারে হিন্দি সিনেমার ভিলেন বানিয়ে ছাড়ছ । ওসব এতো  
সোজা ? ওসব কিছু না, সুবুকে নাকি বলেছে প্রায় মরে গিয়ে আবার বেঁচে  
উঠে কেবল একখান দ্রষ্টব্য হয়েছি আমি সেটাটি দেখতে ইচ্ছে-- এখন  
সুবুর অবস্থা সঙ্গীন । প্রেস্টিজ পাংচারের জোগাড় !

ওঃ ! সুবোর প্রেস্টিজ যাবার ভয়ে তুমি নিজের প্রেস্টিজ খুইয়ে ? মিলি !

পাগলামী করিসমে !

আহা এ আর পাগলামী কি ? এমনিতেও তো আমি এবার গাড়ি চেপে চেপে একটু একটু বেরোবো । বলেছে না ডাঙ্কার ? মনে কর তেমনি বেরোলাম ।

সরস্বতী বজ্রগর্ভস্বরে বলেন তার মানে তুমি দেই বেহায়া ছেটলোকটার আবদার রাখতে যাবেই ঠিক করেছ ?

কৌ করবো গো পিসি, মার্কি এমন হ্যাংলামো দেখিয়েছে—যে—এড়ামোটা অসন্তুষ্ট ।

উঠে দাঢ়িয়া মিলি ।

যেন বক্রব্যের সমাপ্তি ঘোষণা অন্তে মাইক সরিয়ে রাখা ।

কিন্তু সরস্বতী কি এতেই পরাজয় স্বীকার করবেন ?

যা মুখে আসে বলে বসবেন না ?

বলবেন না সেই লোকটার সঙ্গে আর এখন কথা রাখার দায় কিসের ?  
সম্পর্কটা কৌ ? বিয়েটাই যখন ভাঙ্গভাঙ্গি হয়ে গেছে, আইনের চোখে তো সে মিলির কাছে পরপুরুষ । মিলি এতো বুদ্ধিধরে, আর এটা বুঝতে পারছে না কোনো ছুরভিসকি নিয়েই সে এই একবার দেখা করার জন্যে হেদোচ্ছে । বলতে বলতে রেগে কেঁপে হাঁপাতে থাকেন সরস্বতী ।

মিলি ঘর থেকে বেরিয়ে যাচ্ছিল, দাঢ়িয়ে পড়ল । একটু ফিরে দাঢ়িয়ে বলল, বুঝতে আবার পারছি না ? খুব পারছি পিসি । নির্ধাৎ সেই ভাঙ্গা বিয়েটা আবার জোড়া লাগাতে হাতে পায়ে ধরতে চায় । বেহায়া নির্লজ্জ, হ্যাংলা চক্ষুলজ্জাহামেরা কৌ না পারে ?

সরস্বতীকে স্তুতি করে দিয়ে স্বচ্ছন্দভাবে একটা হাই তুলে ঘর থেকে বেরিয়ে গেল মিলি । যেন পিসিকে ধরে শানের উঠোনে একটা আছাড় দিয়ে ।

এখন সরস্বতীর বুকের মধ্যেটায় যেন কে করাত চালিয়ে চিরতে বসেছে ।

সরস্বতী দেখতে পাচ্ছেন মিলির ওই ঘর থেকে চলে যাওয়াই সরস্বতীর জৌবন থেকে চলে যাওয়া । তার মানে সরস্বতীর ভবিষ্যতের ছবিটার সব

রং মুছে যাওয়া ! সরস্বতীকে আর তাঁর নিজের ঘরের পাশে কাঠো জন্মে চিরস্থায়ী বন্দোবস্ত করতে হবে না । সরস্বতীর শেষ জীবনে একখানি চির-প্রিয় স্নেহকোমল মুখ তাঁর রোগশয্যা পাশে অহিনিশ উৎকণ্ঠ দৃষ্টি মেলে জেগে বসে থাকবে না ।...আর...আর বাধকে শক্তি ফুরিয়ে যাওয়া সর-স্বতীর ‘নিজের’ বলতে একটু পায়ের তলার মাটি থাকবে না । পৃষ্ঠবল বলে কিছু থাকবে না ।...শেষ পর্যন্ত সরস্বতীকেও সেই পাঁচটা গিঙ্গোর মতোই কর্তৃত হারিয়ে পরের মেয়ের দ্বারা গুপরই নির্ভর করতে হবে ।

করাতটা যেন দ্রুত চালিয়ে চলেছে । তীক্ষ্ণধার করাতটা ।...সেই যদ্রুণায় সরস্বতী চেঁচিয়ে বলে উঠতে চাইলেন কৌ নিয়ন্ত্রে ! কৌ নিয়ন্ত্রে ! কুকুরের মতো একবার ‘তু’ করে ডাকতেই ছুটে যাচ্ছিস তুই ? সে হ্যাঁলা, না তুই হ্যাঁলা ?

কিন্তু বলে উঠতে পারলেন না । ডুকরে কেঁদে উঠে বললেন, কৌ নিয়ন্ত্র ! কৌ নিয়ন্ত্র ।

অথচ সরস্বতীর তো কিছুটা নির্ণিত হওয়ারই কথা । তাঁর ছেলেটাকে আগলে বেড়াবার দায়টা তো থাকবে না । নাঃসেই অবাস্তুর অলৌক কথাটা আর মনে পড়ছে না সরস্বতীর । তাঁর শুধু মনে হচ্ছে তিল তিল করে গড়ে তোলা তাঁর আশার প্রাসাদটা কে যেন ধূলিসাং করে দিলো ।

আশাভঙ্গ বড় ভয়ঙ্কর জিনিস ।

চিরস্নেহয়া পিসি তাঁর চির আদরের ভাইয়ির উদ্দেশে মনে মনে বলে চলেন, নির্বোধ লক্ষ্মাহাঁড়া মেয়ে তুই কি ভাবছিস ভাঙা গেলাশ জোড়া লাগিয়ে আবার তুই জল থাবি ? সুখী হবি না, কঙ্কনেং সুখী হবি না । ...এই বলে রাখছি আমি ।

কিন্তু মিলি নামের মেয়েটা কি একটা ভাঙা ঘর আবার জোড়াতালি দিয়ে জুড়ে নিয়ে সুখী হবার বাসনাতেই এমন নিয়ন্ত্র হতে পারল ? না—একটা আস্ত সুস্থ সুখের ঘর ভেঙে পড়বার ভয়েই কন্টকিত হচ্ছিল নাসে ? অথচ আশঙ্কার সত্যই কিছু ছিল না, তবু হমনামনের ল্যাজের আগুনেই তো সোনার লক্ষা ধূংস হয় ।...নিজেকে যারা ভাবী বুদ্ধিমান ভাবে, তাদের

মতো নির্বাধ আৱ কে আছে ? পিসিকে দুঃখ থেকে মুক্তি দেবাৰ উপায় মিলিৱ হাতে ছিল না, তাই অন্ত একটা দুঃখ চাপিয়ে সেটা চাপা দিলো। তবে সেই লোকটাকে নাকি আৱ দেখলে চেনা যায় না। নাকি একেবাৰে ঝুলে পড়েছে। ভাবা যায় না।

টুনুকে বিয়ে কৱিবাৰ অনুৱোধ কৱে চিন্তই একান্ত আগ্রহে আৱ চেষ্টায় গৌতমেৰ দ্বিধা ভাঙিয়েছে, গৌতমেৰ মনেৰ মধ্যেকাৰ সঙ্কোচেৰ জড়ত্বাকে দূৰ কৱে সেখানে একটা যুক্ত পুৰুষেৰ চেতনা এনে দিতে সক্ৰম হয়েছে, গৌতম যথন শিথিলভাৱে বলেছে, ‘আমাৰ মা আছে, বাপ আছে, সমাজ সংসাৰ আছে—।

তখন চিন্ত তাৰ সেই দুর্বলতাকে ঘেড়ে ফেলে অনুমিক জগতেৰ দিকে চোখ ফেলতে বলেছে।

তবুও গৌতম আৱিব যথন বলেছে, মুক্ষিল এই—মা সাংঘাতিক অবুৰ্ব—। চিন্ত সে কথাকে উড়িয়ে দিয়ে বলেছে, ওৱে শালা মায়েৱা তাই হয়। ‘মা’ শব্দটাৰ আৱ একটা অৰ্থই হচ্ছে ‘অবুৰ্ব’। বিশেষ কৱে ছেলেমেয়ে খুঁদৰে অনুমতি না নিয়ে প্ৰেমটৈম কৱতে বসলে। তেমন খবৱ পেলেই বলে, ‘বিষ দাবো গলায় দড়ি দেবো, মুখ দৰ্শন কৱবো না’ হানো ত্যানো। তাৱ-পৱ সব ঠিক। যেমন বিয়েই কৱক, বাগ যদি বা কঠোৱ কঠিনেৰ ভাব দেখোয়, মা সেই স্নেহবিহীন কৱণা হলছল। প্ৰথম প্ৰথম ভালোমন্দ কিছু রাখলেই চুৰ্পচুৰ্পি সাপাই কৱবে, তাৱপৱ একে ওকে দিয়ে পুজোৱ কাপড় পাঠাবে, ওপন্তমক্রেট আৱ কি। ধেন কঠা জানতে পাচ্ছেন না। তাৱপৱ যেই অপৱাধী পক্ষে একটি ‘ইন্দু’ হলো ব্যস একেবাৰে বাঁধ ভাঙা নদৈ ! কৰ্ত্তাৰ তখন নাতি নিয়ে বিগলিত। কাজেই ও নিয়ে মাথা ঘামাসনে।

অৰ্থচ আশ্চৰ্য গৌতম যথন আমায় ভাবতে দুদিন সময় দে বলেই দুদিন নাহতেই সংকলে স্থিৱ হলো, আৱ টুনু সেই স্থিৱতা শুনে স্থিৱ গলায় বলল, ‘ঠিক আছে’। তখন চিন্তৰ মধ্যে এক অস্থিৱ সমুজ্জ গৰ্জন কৱে উঠলো। সে সমুদ্ৰ রাগেৱ, অপমানেৱ, জ্বালাৱ।

চিন্ত বুঝতে পারছে না কিসের এই জ্ঞালা তবু অসহ লাগছে। চৌকার  
করে উঠে আকাশে বাতাসে থুতু ছুঁড়তে ইচ্ছে করছে, মুঠো মুঠো ধূলো  
নিয়ে ছড়িয়ে দিতে ইচ্ছে হচ্ছে যার তার গায়ে, পৃথিবীকে ধিক্কার দিয়ে  
বলতে ইচ্ছে হচ্ছে ধিক্ ধিক্।

কিন্তু এসবের কিছুই করা যায় না। যায় শুধু নিজের চুলের মুঠিটা চেপে  
ধরে নাড়া দিতে। যেটা তার অভ্যাস। অসহিষ্ণুতা প্রকাশের এই ভঙ্গিই  
চিন্ত। শুধু অসহিষ্ণুতার তারতম্যে ভঙ্গিটার প্রাবল্য অথবা মৃত্যু।

আজকের ভঙ্গিটা প্রাবল্যের।

পঞ্চ উঠোনের বেড়া শক্ত করছিল।

পঞ্চুর পায়ের কাছে কতকগুলো কচার ডাল, আর বেশ কিছু পুকানো  
মতো শুকনো বুনোলতা। এগুলো দিয়ে দড়ির কাজ করা সন্তুষ। পঞ্চ  
আবিষ্কারের খাতায় তালিকা ক্রমশই দৌর্য হয়ে চলেছে। ডুমুরের রসের  
কার্যকারিতাও যেমন টুমু জানত না, তেমনি জানত না টুমু ডুমুর কাঠ  
উল্লনে জালতে নেই, কারণ ওতে ‘হোময়জি’ হয়।

পঞ্চ তাই নিত্যদিনের ডুমুরের ডালগুলোকে শুকিয়ে উঠোনের একধারে  
পুঁতে পুঁতে নৌচুমতো দিব্যি একখানা মাচা বানিয়ে পাতালতা দিয়ে ছেঁয়ে  
তার উপর তুলে দিয়েছে তার সাধের শশাগাছটি। যেন আরামে খাটে  
শুয়ে লালিত হচ্ছে শিশু শশাগুলি। বাইরে থেকে যাতে কোনো আত-  
তায়ি এসে এই শিশুগুলিকে খৎস না করে বসে। তাই পঞ্চুর এই বেড়া  
শক্ত করা। কাজ করতে করতেই পঞ্চ চিন্তর এই চিন্তচাঞ্চল্যের প্রকাশ  
দেখতে পাচ্ছিল, হঠাত বিরক্ত গলায় বলে উঠলো, ওটা কৌ হচ্ছে ? চুল-  
গুলান উবড়ে আসবে যে।

চুল দাওয়ায় পা ঝুলিয়ে বসে বোধকরি পঞ্চুর কেরামতি দেখছিল। ওর  
কথায় বলে উঠলো, ওমা, তুই জানিস না, দাদাবাবুর সেই দিল্লী বেস্থাটি  
না কোথাকার আপিসে শাড়ামাথা অফিসার সাহেব চেয়েছে। তাই তো  
চুল উপড়েতে লেগেছে দাদাবাবু।

চিন্ত দাওয়ার সামনে নৌচের মেটে জমিটুকুতে পায়চারি করছিল, একবার

শুধু দাড়িয়ে পড়ে তীব্র তীক্ষ্ণ দৃষ্টিতে তাকিয়ে দেখল টুমুর অতাপ ভঙ্গী,  
তারপর আবার যা করছিল তাই করতে লাগল ।

টুমু বলল, পঞ্চ তোকে কি একটু সাহায্য করব ?

পঞ্চ অবজ্ঞার গলায় বলল, থাক, পঞ্চেরে আর কারো সায়াজা করতি হবে  
না । আপন আপন দেহোশৱীল ঠিক রাকলেই পঞ্চকে অনেক সায়াজা  
করা হবে ।

তবে আর কী করা । ‘দেহো শরীল’ ঠিক রাকতে তাহলে শুয়েই পড়িগে  
কী বল ?

পঞ্চ হাতের কাজ থামিয়ে বলে গুঠে, ক্যানো শুয়েই পড়তে যাবে ক্যানো ?  
এই ভরতুরেভেজামাতায় শুলে বুজি শরীল স্বাস্ত্যোর উপকার হয় ? এই  
যে দাদাবাবু আকোনো অব্দি চান করচে না, অকারণ ঘূরতেচে, এড়  
ভালো ?

তোর দাদাবাবু বিদ্বান বুদ্ধিমান লোক, যা করছে তা ভালো না তো কি  
মন্দ হবে রে ?

তোমরা যা বলবে তাই ।

বলে পঞ্চ আবার নিজের কাজে মনোনিবেশ করে ।

চিন্ত হঠাৎ দাঢ়িয়ায় বসে পড়ে, কেমন যেন একটা হিংস্রগলায় বলে উঠল,  
পঞ্চকে বলেছ ?

ওমা বলব না ? তো বহু না দিল্লী সেটা তো আমি নিজেই জানি না ।

তুমি বললে, হেড অফিস বস্থেয়—আবার বলছ, থামো ! ওকথা হচ্ছে না ।

তবে ?

শ্বাকামি রাখো । বলা হচ্ছে বিয়ের কথা !

টুমু এখন গন্তীর হয়ে গেল । বলল, সামাই বাজলেই জানতে পারবে ।

চিন্ত আবার একবার আহত জ্বলন্ত দৃষ্টিতে তাকাল । তারপর খাপছাড়া ভাবে  
বলে উঠলো, আমায় সামনের সোমবারেই জয়েন করতে হবে ।

ও মা ! তা হলে তো কালই বেরোতে হয় । টিকিট ফিকিট হয়েছে ?

তোমার সে চিন্তার দম্ভকার নেই । কথা হচ্ছে তোমাদের বিয়ের রেজিস্ট্রি

ব্যাপারটা—।

তার জগ্নেই বা তোমার এতো চিন্তার কৌ আছে ? তোমার বন্ধু তো খোকা  
নয় ?

ওতে সাক্ষীর দরকার হয় সেটা নিশ্চয় জানো ?

জানি বৈকি । মে জোগাড় হয়েই যাবে । আরো তো বন্ধু টুকু আছে ।

ওঁ । তাই তো । এখন কত বন্ধু জুটবে ।

চিন্ত উঠে পড়ে দড়িতে ঝোলানো তোয়ালেটা টেনে নেয় ।

টুকু ও উঠে পড়ে, চিন্তর খুব কাছে সরে এসে মৃহু দৃঢ় গলায় বলে, একটি  
অনুরোধ, পঞ্চকে তুমি কিছু বলতে বোসো না ।

ঠিক এই মুহূর্তে শুই কথাটাই ভাবছিল চিন্ত । মনে মনে কথাটা তৈরীও  
করে নিচ্ছিল, ‘তোর দিদির যে বিয়ে রে পঞ্চা ! বরটিকে জানিস তো ?  
গৌতম দাদাবাবু ! তা তোর চিন্তা নেই তোকে কলকাতায় নিয়ে যাবে  
ওরা—’

এই সময় টুকুর নিয়েধবাণী !

চিন্ত একটু থত্মত খেয়ে গেল ।

টুকু কি তার মুখ দেখে মনের মধ্যে উচ্চারিত কথাগুলো শুনতে পেল ?

তবু সামনে নিয়ে প্রায় ব্যাঙের গলায় বলল, ওকে না বলে হবে ?

সে আমি বুঝবো ।

ওঁঁ । তা বটে ! চিন্তশালা তো এখন স্টেজ থেকে আউট !

টুকু আরো দৃঢ় স্বরে বলল, চান করবে !

চিন্তর অস্তর্দাহের খবর কি টের পায় না টুকু ? টুকুর কি এ আশঙ্কা ছিল  
না ? ছিল বলেই তো, টুকু দ্বিধামাত্র না করে এককথায় বলেছিল ঠিক  
আছে । না বলে কৌ করবে ? লোকটাকে বাঁচাতে হবে তো ? · সারা  
জীবন মরা-বাঁচার মাঝখানে ঝুলিয়ে রাখলে তো চলবে না ।

‘ঠিক আছে’ শুনেই চিন্তর মুখটা কৌ অসন্তুষ্ট লাল হয়ে উঠেছিল । মনে  
হচ্ছিল চোখ দিয়ে রক্ত ফেটে বেরিয়ে আসবে । মিনিটখানেক তেমনি থেকে  
চিন্ত বলে উঠেছিল বাঁঁ । এইতো বুদ্ধিমানের কথা । এক কথায় রাজি ।

নৌরেট শালাকে রাজ্ঞী করাতে বিস্তর খাটতে হয়েছে ।

টুম্ব নিজেকে পাথর করে ফেলেছিল, প্রায় হেসে বলেছিল, গুটা লোক  
দেখানো চক্ষুলজ্জা !

চিন্ত হঠাতে চটিটা পায়ে গলিয়ে বেরিয়ে গিয়েছিল ।

তারপর এই ক-দিন কৌ অস্থিরতাই করছে । টুম্ব ভাবল, চোখে দেখা কষ্ট।  
ও রেলগাড়িতে চড়ে বসলে আমি বাঁচি ।

চিন্ত খেতে বসলে কথাটা বলেই বসল টুম্ব । তুমি রেলগাড়িতে চড়লে,  
গাড়ি ছাড়ল । দেখে আমি বাঁচব ।

চিন্ত আধ খাওয়া অবস্থায় জলের ফাশে হাত ডুবিয়েছিল, উঠে দাঢ়িয়ে  
বলল, ওঃ ! সি অফ করতে হাওড়ায় যাবে বুঝি ?

ওমা ! তা যাব না ? তুমি সত্যি দিল্লী গেলে, না বিবাগী হয়ে বনে চলে  
গেলে, দেখতে হবে না ?

বিবাগী ! তার মানে ? হঠাতে বিবাগী হওয়ার কথা উঠছে যে ? কেন কেন  
উঠছে ?

টুম্ব হেসে বলল, এখনো আমার কথায় কারণ খোঁজো তুমি ? পঞ্চ বলে  
শোন না, ছাগলে কৌ না খায়, আর পাগলে কৌ না কয় ।

পরদিন সকালে চিন্ত যখন চলে যাবার জন্যে প্রস্তুত হচ্ছে, টুম্ব ডাক দিলো,  
পঞ্চ দোরটায় তালা লাগিয়ে বেরিয়ে আয়রে ।

চিন্ত দাঢ়িয়ে পড়ে বলল, তালা লাগিয়ে মানে ?

মানে আবার কৌ ? আজ তো আর ফেরা হবে না, ঘর খোলা পড়ে থাকবে ?

কুকুর-বেড়াল চুকবে হয়তো ! আয়রে পঞ্চ !

পঞ্চ বেরিয়ে এলো ।

পরশে মেলাতলায় কেনা নতুন শাট প্যান্ট, পকেটে কটা ফুল গোজা, চুলে  
টেরি, মুখে একমুখ হাসি ।

টুম্ব বলে গুঠে আরে বাস ! আর তো পঞ্চ বলা চলবে না । এ যে একেবারে  
পঞ্চাননবাবু ।

ধাৎ ! নিজেই বলা হলো পঞ্চ সাজগোজ কর । তামাসা করলে খুলে ফেলে

থোবো বলচি !

আরে বাবা হয়েচে হয়েচে, আর রাগে কাজ নেই। চল। দুর্গা! দুর্গা!

চিত্ত বলল, তোমারা কোথায় যাচ্ছ ?

টুমু বলল, যেদিকে তু চক্ষু যায়।

চিত্ত বিজ্ঞপের গলায় বলল, দরজায় তালাচাবি লাগিয়ে ?

পঞ্চ বিরক্ত গলায় বলল, দাদাবাবু যেন আকাশ থেকে পড়ল। তোমাকে টেরেনে তুলে দিতে যাচ্ছি না আমরা ?

পাগলামী রাখো টুমু। ফরনাথিং এতখানি হাঁটার কোনো মানে হয় ?  
ফরনাথিং না হতেও পারে।

নজরপুর থেকে একা ফিরতে তোমাদের—

এই দেখো ! নজরপুর থেকে ফিরতে যাব কেন ? বললাম না রাতে ফেরা হবে না।

কৌ আশ্চর্য ! কৌ করতে চাও তাহলে ?

তোমায় দিল্লীর গাড়িতে চাড়িয়ে দিয়ে নজরছাড়া না করা পর্যন্ত তোমার ঘাড়ে চেপে থাকতে চাই।

পাগলামী কোরো নাটুমু। আমার ট্রেন তো সেই রাত্রে, ফিরবে কৌ করে ?  
সে যা হয় হবে। ও নিয়ে ভেবো না।

ও তাওতো বটে, তোমার জন্ত আর ভাববার দরকার নেই আমার। চিত্ত মাথাটা ঝাঁকিয়ে বিপন্ন গলায় বলল, সারাটা দিন আমি কোথায় না কোথায় ঘুরবো, কি করব না করব, তোমাদের নিয়ে কৌ করব বল তো ?  
এ যে এক অস্তুত খেয়াল তোমার।

টুমু একটু বিচির হাসি হাসল।

অদূরবর্তী অসহিষ্ণুর্ভূতি ছেলেটার দিকে তাকাল। তবু একটু কাছাকাছি সরে এসে বলল, সারাটা জীবন ধরে আমায় নিয়ে কৌ করবে, ভেবে ভেবে আর ভেবে না পেয়ে পেয়ে শেষ অবধি পাগলা হয়ে যেতে, তার হাত থেকে তো রেহাই পেলে ? সেই বাবদ না হয় মাত্র আর একটা দিন আমার বোকা বয়ে বেড়াও চিত্ত।

কেটে গেল সারাটাদিন ।

এসে গেল স্টেশন যাবার সময় ।

কলকাতায় এসে পৌছেই ট্ৰু চিন্তকে দোকান দোকান ঘুরিয়ে মেরেছে ।...  
বলেছে, বাঃ কতদিনের জগ্নে চলে যাচ্ছ, আমার যা কিছু দৱকার কিনে  
দিয়ে যাবে না ?

আর দোকানে গিয়ে জোৱ করে কিনিয়েছে চিন্তৰ প্ৰয়োজনীয় জিনিসপত্র ।

এইসব তোমার ‘দৱকারের জিনিস’ ? চিন্ত রেগে রেগে বলেছে এই শার্ট  
গেঞ্জি, কুমাল তোয়ালে, মোজা টাই সাবান তেল স্টুকেস আমায় বোকা  
বানানো !

টুম্ভ ওৱ মুখের দিকে একটু গভীৰ দৃষ্টি ফেলে বলেছে, বোকা আবার  
'বানাতে' হয় নাকি তোমায় ? না হলে বলে বলে বোঝাতে হয় হ্যাঁ এগুলো  
আমারই দৱকারের !

তোমার বিয়ের জৱিৰ শাড়িটা আমার কিনে দিয়ে যাওয়া উচিত ছিল ।  
সব টাকা ফুরিয়ে দিলে ।

ওটা না হয় এ জঘেৰ মতো পাণনা থাকল ।

তাৰ মানে ?

আঃ ! আবার তুমি আমার কথাৰ মানে খুঁজতে বসছ ? যাক এবাৰ কিন্তু  
কিন্তু আৱ ঘোৱা নয় । তুমি আৱ পঞ্চ কিছু খেয়ে নাও । তাৰপৰই মোজা  
হাণ্ডা স্টেশন !

আৱ তুমি ? ~~X~~

আমি ! আমার তো তোমার ওই আইসক্রীমটা খেয়েই পেট ভৱে আছে ।  
সেটা আমৱাও খেয়েছি ।

কী মুক্কিল ! তোমাদেৱ সঙ্গে আমার তুলনা ? কী ৱে পঞ্চ খিদে পায় নি ?

পঞ্চ গন্ধীৱভাবে বলল দাদাৰাবুৱ পেলে পঞ্চৱও পেয়েছে, নচেৎ নয় ।

পঞ্চৱে তুই মৱা মানুষকেও হাসাতে পাৱিস ।

স্টেশনে এসে পৌছে চিন্ত ভয়ানক একটা অস্থিৱতা অনুভব কৱে । সারা-  
দিন যেন একটা ছায়াছায়া ঘোৱে ছিল, এখন রোদেৱ মুখোমুখি হলো ।

বেশ ! টুমু এখন ?

এখন ? এখন ট্রেন দিলে উঠে পড়া ।

হঁ ! তারপর ?

তারপর জানলা দিয়ে মুখ বাড়িয়ে ঝুমাল নাড়া ।

ওঁ ! তারপর ?

তারপর কু ঝিকঝিক কু ঝিকঝিক শুনতে শুনতে ঘুমিয়ে পড়া ।

ঘুমিয়ে পড়া ! অবশ্য তোমার মুখেই মানায় এ কথা ।...কিন্তু আমার তো  
যাওয়া হতে পারে না ।

যাওয়া হতে পারে না !

না ! কিছুতেই না । এভাবে, এই রাত্তিরে তোমাকে এই প্লাটফর্মে একা  
দাঢ় করিয়ে রেখে—না না ! অসম্ভব ।

একা কৌ গো ? পঞ্চ রয়েছে না ? ওকে বুঝি দেখতে পাচ্ছো না ?

পঞ্চ ! ওঁ তাইতো ।

ওভাবে বলছ যে ? পঞ্চ বুঝি একটা মানুষ নয় ? ও আমায় ঠিক ফিরিয়ে  
নিয়ে যাবে ।

পঞ্চুর ভরসায় তোমায় এই রাত্তিরে হাওড়া স্টেশনে ! সন্তব নয়, সন্তব  
নয় ।

টুমু কিছু বলতে যাচ্ছিল, এই সময় হাঁপাতে হাঁপাতে প্রায় ঢুটতে ঢুটতে  
গৌত্র এসে পৌছল । বলে উঠলো, গুড গড । দেখতে পেলাম তোকে ।  
যা দেরী হয়ে গেল ! শালার বাসগুলো আজকাল—আরে পঞ্চ ? টুমুও ।  
তোমরা এসে গেছ । অন্তুত তো । চিন্ত তোর জিনিসপত্র ? এই স্লটকেস্টা ?  
এই ভয়ঙ্কর অস্থির মুহূর্তে গোতমকে দেখে কি হাতে চাঁদ পেল না চিন্ত ?  
তবু—সঙ্গে সঙ্গেই ভিতরে একটা প্রবল আলোড়ন উঠলো চিন্তৰ । অনুভব  
করল মনের মধ্যে এক দুরস্ত উল্টো হাওয়া । ভয়ানক একটা অপমান  
বোধে জলে উঠলো যেন । কে যেন হঠাৎ ওর গালে ঠাশ করে একটা চড়  
বসিয়ে দিয়েছে ।

ওঁ তাই ! তাই মহারাণীর এত সাহস । আগে থেকে ঠিক করে রাখা হয়ে-

ছিল। নিশ্চয় লুকিয়ে চিঠি ফিটি লিখে—না কি টেলিগ্রাম করে।  
চিন্তাটা যে অবাস্তব, চিন্তার অজানতে চিঠি লেখা, (অথবা আরো এক-  
কাঠি এগিয়ে) কি টেলিগ্রাম করাটুমুর পক্ষে সন্তুষ্টি কি না, সেটা খেয়ালে  
এলো না। টুমুর দিকে একটা বাঁকাহাসির সঙ্গে একটা বিষবাণ ছুঁড়ে দিলো,  
ওঁ তাই ! তাই এত সাহসিকার ভান। কত শ্বাকামিহ করলে সারাদিন।  
তবে ব্যাপারটা আমায় জানালে এমন কিছু ক্ষতি হতো না। বরং নিশ্চিন্তাই  
হতাম। কিন্তু যাক, খুবই দৃঢ়খের বিষয় গৌতমবাবু, আপনি একটু আগে  
আগে এসে পড়লেন।

গৌতম বিমৃঢ় হলো।

চিন্তার ব্যঙ্গবাণীর অর্থটিক ধরতে পারল না। বলল, আগে কৌরে ? দেরীইতো  
হয়ে গেল। ট্রেনতো ছাড়ল বলে। হতচ্ছাড়া বাসটার জন্য—  
তেতো গলায় বলে উঠলো চিন্ত, আহা। আসলে কথা তো ছিল ট্রেন ছাড়ার  
পরে আসার ! তাই না ?

কৌ আবেল তাবোল বকচিস ? ট্রেন ছাড়ার পরে আসার কথা ?...ওঁ  
রাগ ! অভিমান ! বললামতো শালার বাসটাকে এমন ‘জাম’-এ ধরল। তার-  
ওপর আবার প্লাটফরম টিকিট কিনতে—

ওঁ ! তার মানে বোঝাতে চাইছ তুমি আমায় ‘সি অফ্’ করতেই এসেছ  
যাতু ?

গৌতম হতবুদ্ধি গলায় বলে, তোকে না তো কাকে ?

থাক থাক যথেষ্ট হয়েছে। বেশী ছলাচাতুরীতে দরকার নেই।...যাক কালই  
বোধহয় ম্যারেজ রেজিস্ট্রারের অফিসে মোটিশ দিতে যাচ্ছিস ?

টুমু এতক্ষণ চুপ করে দাঢ়িয়ে ছিল। এখন বলে উঠলো, চিন্ত, আর বেশী  
জালিও না, শেষে নিজেই অমুতাপের জালায় দঞ্চাবে।

জালাব না ? আর বেশী জালাব না ? অমুতাপে দঞ্চাব ? তার মানে ধরে  
নিতে হবে গৌতম শালা হাত গুণে জেনে ফেলেছে চিন্তা আজ এই ট্রেনে  
বিদেয় হচ্ছে।

কৌ আশচর্য ! হাত গুনবার কৌ হলো ? তুই সেদিন বললি না ঘোল গোরিধে

জয়েনিং ডেট, চোদ্দ তারিখের জন্মে ‘রাজধানী’র টিকিট কাটতে দিয়ে-  
ছিলাম, ব্যাটা টিকিট কেটেছে ‘কালকা’র ।

চিন্তও অপ্রতিভ হলো । কারণ মনে পড়ল কথাটা ।

বলল, ঠিক আছে, ঠিক আছে, আচ্ছা আমি উঠে পড়ছি । তুই তাহলে  
এদের সঙ্গে রইলি ? ও কে । টুন্ডু তোমার নতুন জীবন স্থখের হোক ।...  
গৌতম থ্যাঙ্ক !...

উঠে পড়ল কামরায় । যার দরজায় এক নারকীয় চেলাঠেলি ছড়োভড়ি  
চেঁচামেচি । বুবতে পারা যায় না পরিচিত মাঝুষটা । ওই জনারণ্যের মধ্যে  
কোথায় কোর্খানে ঢুকে পড়ল আশ্রয় পেল ।

ওই চেলাঠেলির মধ্যেই গাড়ি ছেড়ে দিলো ।

কুলিরা ছন্দাড় করে নেমে পড়ল ।

মাটিতে দাঁড়িয়ে থাকা মাঝুয় তিনটে ব্যাকুল চোখে জানলাণ্ডলোর দিকে  
চোখ ফেলতে চেষ্টা করতে থাকে, দেখতে পায় না সেই পরিচিত শ্রিয়  
মুখখানা । দেখতে পায় না ঝুমাল নাড়া । হয় তো কোনো জানলার কাছে  
আসতেই পায় নি ।

ট্রেনের দীর্ঘ অজগর দেহটার চলে যাবার পরও তিনজনেই একটু যেন  
বিশ্বল দৃষ্টি মেলে তাকিয়ে থেকে প্রথম কথা বলল গৌতম । বলল, ওর  
মনটা দারুণ থারাপ হয়ে রয়েছে দেখছি ।

পঞ্চুর গালের উপর দিয়ে অনেকক্ষণ থেকেই জল গড়িয়ে চলেছিল, পাছে  
মুছতে গেলে অঙ্গের চোখে পড়ে যায়, তাই হাত তুলে মোছে নি । এখন  
মুখটা ঘুরিয়ে কাঁধে ঘসে সেই চিহ্নটা কিছুটা কমিয়ে আস্তে বলল, মুকটাই  
ফটফটে প্রাণটাতো মারায় ভরা ।

আস্তে আস্তে বেরিয়ে আসছে ওরা প্লাটফরম থেকে, টুন্ডু বলল পঞ্চ,  
বোতলের শরবৎ খাবি ?

পঞ্চ জোরে মাথা নাড়ল ।

টুন্ডু !

গৌতম গন্তীর গলায় বলল, চিহ্নটাতো কী এক ভুল ধারণা করে যা তা

বকে গেল, আসলে কৌ ঠিক ছিল তোমার বলতো ?

টুমু যেন হঠাং আবার অন্য জগতে চলে গিয়েছিল । চমকে, বলল, কিসের ঠিক ?

মানে, এখন রাতটা কোথায়—

টুমুর আগে পঞ্চই বলে উঠলো, সে ব্যাবোন্ত হয়ে আচে । রেতে দিদি আর আমি ওই ‘ওয়েট ঘরে’র মধ্যে সেঁদিয়ে জেগে জেগে বোস করে থাকবো, ভোরের বেলা তেঙ্গুটির যাতো বেপারিই আসবে অনেকে চেনা-চেনাতো, তাদের সাতে সেঁটে যাব । তা’পরগে, তাদের সাতেই বসে গাড়িতে চেপে —চলে যাব সাজা তেঙ্গুটি ! তা’পরগে হেঁটেহেঁটে জলটুভি ।

বাঃ । একেবারে পরিষ্কার সফরমুচি । কিন্তু টুমু ‘ওটেং ঘরে’ জেগে ফেগে বোস করে থাকার তো কোনো মানে হয় না । চল, বেরিয়ে পড়ে দেখা যাক, কৌ করা যায় ।

টুমু বলল, না না, ও নিয়ে আর তোমায় ভাবতে হবে না । পঞ্চ ঠিক ম্যানেজ করে নেবে ।

গৌতম হাঁটিতে হাঁটিতেই একটু কাছাকাছি সরে এলো, পঞ্চুর কান বাঁচিয়ে বলল, দয়া করে যখন তোমার বাকি সারাজীবনের ভাবনার ভার্টা দিয়েছ এই ভাগ্যাকে, তখন সেটা এখন থেকেই হোক না ?

টুমু একথার উত্তর না দিয়ে হঠাং বলে উঠলো, পঞ্চ তোর খিদে পায়নি ।

ক্যানো ! এই তো খানিক আগে দাদাবাবুর সাতে হোটেলে থাওয়া হলো ।

তা’ হোক । সারারাত তো থাকতে হবে ?

আহা ! পঞ্চার যানো ঘড়ি ঘড়ি থাওয়ার অবোস !

তা’ না হোক । এখানে যখন চারদিকে এতো খাবার । আরে আরে গৌতম, ওই টফি কেনো তো চারটি ।

পঞ্চুর বিভ্রান্তদৃষ্টি ওই লোভনীয় ‘ঠ্যালাগাড়ি’র দোকানগুলোর ওপর বার-বারই আছড়ে গিয়ে পড়েছে, আসার সময় । এখন পড়েছে কৌ অলৌকিক সুন্দর দৃশ্য ।

গৌতম একরাশ টকি লজেন্স আর বাদাম তক্কি এনে বলে এধারে এই  
বেঞ্ছিটায় বোসো পঞ্চ, ধীরে ধীরে থাও। আর তো এখন তাড়া নেই  
কিছু ?

আপনি বাড়ি ফিরবেন না ?

গৌতম হেসে বলল, নাই বা ফিরলাম। তোমাদের সঙ্গে নয় জেগে জেগেই  
বোস করে কাটিয়ে দেবো। এখন ওই বইয়ের দোকানটা দেখি একটু।

এগিয়ে গেল। যেতে যেতে বলল, টুমু ছ একটা বই বেছে নেবে তো  
নাও। পঞ্চ উঠো না এখান থেকে। আসছি।

বইয়ের স্টলটার সামনে দাঢ়িয়ে গৌতম গাঢ় গভীর গলায় বলল, এবার  
তো আমার আবেদনের জবাবটা দিতে পারো টুমু।

জবাব ?

টুমুর মুখে একটু করুণ কোমল অথচ কৌতুকের হাসি ফুটে উঠলো। বলল  
'জবাব' কথাটার আরও একটা মানে আছে জানো তো ?

গৌতম চকিত হয়ে তাকিয়ে দেখল।

টুমু বলল, জানো না ? লোকে বলে আজ থেকে ওর চাকরিতে 'জবাব'  
হয়ে গেল।

গৌতম বলল, সেই 'জবাবটা'ই কি দিতে চাইছ ?

টুমুর স্বরও গাঢ় হলো। বলল বলতে কষ্ট হচ্ছে, তবু বলি ঠিক তাই। চিন্ত  
তোমায় যে চাকরিটার আশ্বাস দিয়ে রেখেছে, তার অ্যাপয়েন্টমেন্ট লেটারটা  
আর তুমি পাচ্ছ না।

এটাই শেষ জবাব ?

'জবাব' মানেই তো শেষ গৌতম।

গৌতম অকারণ একখানা হিন্দি বই গুলটাতে গুলটাতে বলল, জানতাম !  
আমি জানতাম।

গলাটা কেঁপে গেল ওর। আবার বলল, চিন্টার সঙ্গে ওই ট্রেনে উঠে  
যাওয়াই উচিত ছিল তোমার।

টুমু ওর বইধরা হাতটার ওপর আলতো করে একটা হাত রেখে ঘৃত গলায়

বলল, শুটা তোমার ভুল ধারণা গৌতম। চিন্তকে বাঁচাতে এই ছলনাটকু  
করতে হলো আমার। তার বেশী নয়। শুকে না তাড়ালে পাগলা হয়ে ফেত।  
আর তাড়াবার আর কৌ উপায় ছিল বল? অকারণ তোমায় খানিকটা  
কষ্ট দিলাম।...একটু হাসল। বলল, তোমার বাড়িতে কৌ পরিমাণ ষড়  
উঠেছে, কৌ পরিমাণ গঞ্জনা খেতে হয়েছে তোমায়, অনুমান করছি, তবে  
জানতাম তো সব ঠিক হয়ে যাবে।

সব ঠিক হয়ে যাবে?

গৌতম শ্লেষের গলায় বলে উঠলো, জীবনটা তোমার পঞ্চম সফরসূচি নয়  
টুন্দু। সব কি ঠিক হয়ে যায়?

যায় গৌতম, টুন্দু ব্যাগ্রভাবে বলে উঠে, যায়। যাবে। আমি বলছি গৌতম,  
আমার একটু বোকায়িতে তোমার খানিক কষ্ট হলো। কিন্তু কৌ করব  
বল, একবারও তো চিন্তার অসাক্ষাতে তোমার সঙ্গে দেখাই হলো না যে  
তোমাকেও আমার ষড়যন্ত্রের সঙ্গী করে নেব। তোমার যা ক্ষতি করবার  
করেছি, ক্ষমা করে দাও গৌতম। চিন্ত তো তোমারও বদ্ধু!

গৌতম হঠাতে যেন ফস্ত করে জলে ঝর্ঠে। চাপা আক্রোশের গলায় বলে,  
যদি না করি? যদি দাবি না ছাড়ি? তুমি আমার স্থির শান্ত জীবনটাকে  
তচনচ করে দিয়েছ। আমাকে আমার পরিবারথেকে বিচ্ছিন্ন করে দিয়েছ,  
সবাই জেনে গেছে, সবাই ছি ছি করছে, এখন ‘জবাব’ বললেই জবাব  
হয় না।

টুন্দুর মনের নিভৃতে একটু হাসির ছায়া উকি মারল।... অসর্ক উকি!  
'সবাই ছি ছি করছে'। ছি ছি করবে করছে এ কথা তো জানতোই টুন্দু।  
তবু নিশ্চিন্ত ছিল। জানতো এ আঘাত যাত্রা পালার টিনের তলওয়ারের  
বই তো নয়।

যেই টুন্দু অভিনয়ের মধ্যে যবনিক। টেনে দেবে সেই সব ঠিক হয়ে যাবে।

আস্তে হেসে বলল, সারাজীবন সেই ছিছির ভারে তুর্বহ ভারাক্রান্ত জীবনটা  
থেকে মুক্তি পাচ্ছো, এতো তোমার ভালই হবে গৌতম।

থাক! আমার 'ভালর' চিন্তা তোমায় করতে হবে না। শুধু জানতে চাই

অতঃপর তোমার ব্যবস্থাটা কী ? স্মৃতিটুকু বুকে ধরে জীবন কাটানো শুরুতে  
যতই কাব্যিক হোক প্র্যাকটিক্যাল নয়।

আবার তুমি সেই ভুল ধারণাটা আৰকড়ে ধরে বসে আছ গৌতম। তাই  
যদি হতো, স্মৃতিটুকু আৰকড়ে পড়ে থাকবাৰ কী দৰকাৰ ছিল আমাৰ ?  
মানুষটাকে আৰকড়েই ট্ৰেনে চড়ে বসতে পাৰতাম। আমাৰ কোথায় কৈ  
লোকসান হতো ? কে বাধা দিতে আসত আমায় ? ‘ছি ছি’ কৱবাৰ মতোই  
কি আছে কেউ আমাৰ ?

অকাৱণ বই ওলটানো দেখে সঁলেৱ মালিক চঞ্চল হচ্ছিল। মনে হচ্ছে  
টফিৰ প্যাকেট হাতে পঞ্চও চঞ্চল হচ্ছে। গৌতম ছটে ইংৰিজি বই কিনে  
নিল। হাতে নিয়ে একটু সৱে এলো, টুমুৰ হাতে দিলো একটা।

টুমুৰ কথাটা প্ৰণিধানযোগ্য। কে বাধা দিত শুকে ?

কিন্তু চিন্তকে বঁচাতে টুমু, গৌতম নামেৱ বাঁদৱটাকে একটু নাচিয়ে নিল,  
এটা ভেবে খুব খোপ লাগছে। খুব অপমান হচ্ছে। সেই আহত অভি-  
মানেৱ গলায় বলে উঠলো গৌতম, লোকে যথন একটা ডিসিশান নেয়,  
নিজেৱ ‘ওৱে থেকেই দেখতে পায়, তাই দেখে।…আমাৰ ক্ষতিৰ হিসেব  
কৱবাৰ ক্ষমতা তোমাৰ নেই টুমু। থাকলে হয়তো একবাৰ—

গৌতম, আমি বুৰাতে পাৱছি। তবু বলছি, এতে তোমাৰ ভালই হবে।  
আৱ যদি তা নাও হয়, মনে কোৱো একটা ছঃঝী মেয়েকে দয়া কৱতে,  
নিজেৱ অনেকটা ক্ষতি সয়ে নিয়েছ। তাকে তাৱ নিজেৱ জীবনটা নিজেৱ  
মতো ধাকতে সহায়তা কৱেছ। তুমি আমাৰ মন্ত বন্ধু গৌতম।

ঠিক আছে। ধৃঢ়বাদ। কিন্তু নিজেৱ মতোৱ নজ্বাটি কেমন, জানতে চাইবাৰ  
অধিকাৰ পেতে পাৱি কি ?

ওৱা ! এতো পোষাকী কৱে বলছ কেন ? বললাম না বন্ধু। নজ্বা ? নজ্বাতো  
দেখেই এসেছ। সেই আমাৰ ‘জলটুভি’, ওই পঞ্চ, আৱ তাৱ তেতো শশাৱ  
চাষ, এবং ডুমুৱেৱ পাঁচন।

একটা নৈৰ্ঘ্যাস বাতাসে হাৰিয়ে গেল।

আৱ একটা ট্ৰেন ছাড়বাৰ সময় হয়ে এসেছে, আবাৰ চলছে ছড়োভড়ি

ঠেলাঠেলি, চেঁচামেচি লোকে ধাকা দিয়ে চলে যাচ্ছে। কুলিরা লোকেদের বিশাল বিশাল ট্রাঙ্ক স্লুটকেসগুলো অন্তলোকেদের মাথায় কপাল ঠুকে দেবার জন্মেই যেন বন্ধপরিকর হয়ে ছুটছে।... শব্দ যে ‘ব্রহ্ম’ সেটা এই হাওড়া স্টেশনে এলে যেমন টের পাওয়া যায়, তেমনটি বোধকরি আর কোথায়ও নয়। আলাদা আলাদা করে কারো কোনো কথা শোনা যাচ্ছে না, শুধু যেন একটা ওঙ্কারের হস্তার ধ্বনি।

খুব কাছাকাছি সরে আসা ছাড়া কথা বলার কোনো উপায় নেই। তাই আসতে হলো।

এই জীবনটাই তোমার ইচ্ছের মস্তা ? এই নজ্বাটাই বেছে নিছ তুমি ?  
নিছিতো ...

জনারণোর প্রাচীর ভেদ করে পপুওকে আর দেখা যাচ্ছে না।

গৌতম পাণি থেকে টুন্দুর একটা কাঁধ চেপে ধরে বলে, মিনতি করছি টুন্দু  
একটা খেয়ালের খেলায় জীবনটাকে পণ ধরো না। জলটুভির মেই জীবন ?  
মেইটাই চিরদিনের আশ্রয় ? এ জীবনের কোনো মানে হয় ?

টুন্দু আস্তে নিজের কাঁধটা ছাড়িয়ে নিয়ে বলল, জীবনের মানে কি শুধু  
একই বকম গৌতম ? তার তো অনেক দিক, অনেক স্বাদ !... জলটুভির  
মেই খোলা আকাশ, অন্তু শূন্দর বাতাস, মাটির কুঁড়ে, দৈন্ত দারিদ্র্য—  
অভ্যন্ত সব কিছুর অভাব, আর একটা অবোধ ছেলের নিপাট বোকামির  
অকপট খাঁটিষ্ঠ, জীবনের এক আশ্চর্য মানের সন্ধান এমে দিয়েছে আমায়।  
গুখান থেকে চলে আসা আর এখন ভাবতেই পারি না আমি।...

হাসল একটু।

বলল, আমার বাড়িগুলা গার্জেন আশ্বাস দিয়েছে, এবার ও শুর উঠোনে  
ফুল ফোটাবে। ফলের লতাগাছ দিয়ে বেড়ার ‘বিছিরিটা’ ঢেকে দেবে।  
মাঝে মাঝে যেতে হবে কিন্তু গৌতম। নাহলে হয়তো হঠাত হঠাত প্রাণ  
হাপিয়ে উঠবে। আর বিয়ের পর বৌকে নিয়ে এসে দেখিয়ে যাবে তো  
নিশ্চয়।

হঁ ! আর কি কি হকুম আছে ?

আৱ ?

টুন্মু ক্ৰক্তলতে চলতে একটি দৃষ্টি হেসে বলে, আৱ ? চিৰদিন যা ইচ্ছে  
হকুম কাৱ অধিকাৰটা বজায় রাখতে হবে। বাস ! আৱ কিছু না।  
কীৱে পঃ ? আৱ পাৱলি না ? উঠে আসছিস ?... চল চল এবাৰ তোৱ  
ওটেংঘঞ্জেছুইগে। গৌতম এবাৰ কেটে পড়। এৱপৰ আব বাস পাৰে  
না।

---